পাথর কর্তৃক রাসূল ﷺ -কে সালাম প্রদান : অরণ্যের নালা নর্দমার প্রস্তররাজি তাঁকে দেখেই একবার সালাম করলো। তারা ডেকে ডেকে বলতে লাগলো ইয়া নাবিয়্যাল্লাহ, 'ওহে আল্লাহর নবী' ঘটনাটি ইবনে সা'আদ ও আবূ নাঈম বারাহ্ বিনতে আবী হাজরাহ (রা.) -এর বর্ণনাক্রমে উল্লেখ করেছেন। আল্লাহ তা'আলা যখন রাসূল ﷺ -কে নবুয়তের পোশাক দ্বারা সম্মানিত করার ইচ্ছে পোষণ করলেন, তখন তিনি নিজ স্বভাবজাত প্রয়োজন পরিপূরণের নিমিত্ত জনবসতি থেকে একেবারে দূরে চলে যেতেন। তিনি চলে যেতেন পর্বতের গিরি-গুহা ও খানাখন্দকের কাছাকাছি। সে সময় তিনি যে পাথর বা গাছের নিকট দিয়ে পথ চলতেন, সেই পাথর বা গাছ-গাছালি আসসালামু আলাইকুম ইয়া রাসূলাল্লাহ, 'ওহে আল্লাহর দূত! আপনার প্রতি শান্তি বর্ষিত হোক' বলতো। তিনি ডানে বামে ফিরে তাকাতেন, কিন্তু কোনো লোক তাঁর দৃষ্টিগোচর হতো না। আবূ নাঈমের এক বর্ণনায় আরো উল্লেখ রয়েছে যে, রাসূল ﷺ তাদেরকে ওয়া আলাইকুমুস্ সালাম, 'তোমাদের উপর শান্তি বর্ষিত হোক' বলতেন। সুবহানাল্লাহ কতইনা আশ্চর্য ঘটনা।

وَكَذَا يَعْنُوا لِأَمْرٍ وَجْهُهَا ※ بِسُجُوْدٍ أَوْ هُبُوْطٍ مِنْ قُلَلْ

অনুবাদ : ৭১. তেমনিভাবে অত্যধিক সম্মান প্রদর্শনের নিমিত্তে পাথরমালা সিজদায় অবনত হয়ে কিংবা পর্বত গাত্র হতে পতিত হয়ে আনুগত্যতা পেশ করতো।

تَحْقِيْقَاتُ الْأَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

يَعْنُوا : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে نصر মাসদার عَنَاءً، عُنُوًّا মূলবর্ণ (ع ـ ن ـ و) জিনসে ناقص واوى অর্থ : (بص له) বিনয় করা, অনুগত হওয়া, অপমানিত হওয়া। يَعْنُوا - আনুগত্য পেশ করে।

أَمْر : অর্থ– খুবই বড় জিনিস। তন্মধ্যকার তানবীনটি تنوين تعظيمى অর্থাৎ অত্যধিক সম্মান। বহুবচন أُمُوْرٌ।

وَجْهُهَا : পর্বতের চেহারা, (পর্বতমালা)। বহুবচন وُجُوْهٌ أَوْجُهٌ।

هُبُوْط : এটি مصدر বাবে نصر অর্থ– পর্বত থেকে পতিত হওয়া, স্থানান্তরিত হওয়া। কুরআনে আছে–
اِهْبِطُوْا مِصْرًا فَإِنَّ لَكُمْ مَا سَأَلْتُمْ

قُلَلْ : এটি جمع تكسير একবচনে قُلَّةٌ অর্থ– পর্বতের চূড়া, পর্বতগাত্র।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : يَعْنُوْ ফে'ল, وَجْهُهَا ফায়েল, لِأَمْرٍ মুতা'আল্লিক, بِسُجُوْدٍ দ্বিতীয় মুতা'আল্লিক। بِسُجُوْدٍ - هُبُوْطٍ مِنْ قُلَلْ -এর উপর আতফ।

পাথরসমূহ কর্তৃক তাঁকে সম্মানার্থে সিজদা করা এবং পর্বত-গাত্র থেকে পতিত হওয়া : আবূ নাঈম (র.) মু'তামির ইবনে সুলাইমান সূত্রে বর্ণনা করেন যে, হযরত জিবরাঈল (আ.) রাসূল ﷺ -কে হাত ধরে কার্পেট সাদৃশ্য বিছানায় বসালেন,

যাতে মনিমুক্তা গাঁথা ছিল। এরপর বললেন, পড়ুন اِقْرَأْ بِسْمِ رَبِّكَ الَّذِىْ خَلَقَ (আপনার প্রভুর নামে পড়ুন যিনি সৃষ্টি করেছেন)। এরপন বললেন, হে মুহাম্মদ! তুমি ভয় পেয়ো না। 'তুমি আল্লাহ মহানের প্রেরিত পুরুষ।' তিনি সেখান থেকে ফিরে আসা কালে যে গাছ বা পাথরের নিকট দিয়ে যেতেন, সেটিই তাঁকে 'আস্‌সালামু আলাইকুম ইয়া রাসূলাল্লাহ" সিজদায় অবনত হয়ে বলতো। এটা দেখে রাসূল ﷺ নিশ্চিত হলেন এবং বুঝে নিলেন আমি প্রেরিতত্যের তথা রিসালাতের পোশাক দ্বারা সম্মানিত হয়েছি।

وَالطَّعَامُ حِيْنَ يُؤْتٰى عِنْدَهٗ * سَبَّحَ اللّٰهَ فَمَا عَنْهُ غَفَلْ

অনুবাদ : ৭২. রাসূল ﷺ -এর সম্মুখে যখন খাবার উপস্থিত করা হয়েছে, তখন তা আল্লাহর তাসবীহ পড়তেছে অতঃপর তাসবীহ থেকে আর বিরত থাকেনি।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

اَلطَّعَامُ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَطْعِمَةٌ বহুবচনের বহু اَطْعِمَاتٌ । অর্থ– খাদ্য, খাবার। কুরআনে আছে– كُلُّ الطَّعَامِ كَانَ حِلًّا لِّبَنِىْٓ اِسْرَائِيْلَ

غَفَلَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার غَفْلًا غَفْلَةً غُفُوْلًا মূলবর্ণ (غ ـ ف ـ ل) জিনসে صحيح অর্থ– (بص عن) উদাসীন হওয়া, বিরত থাকা। مَا غَفَلَ - বিরত হয়নি।

تَرْكِيْبُ الْجُمَلِ **(বাক্যসমূহের বিশ্লেষণ) :** اَلطَّعَامُ মুবতাদা حِيْنَ মুযাফ يُؤْتٰى ফে'লে মাজহুল ও নায়েবে ফায়েল عِنْدَ তার যরফ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে حِيْنَ -এর মুযাফ ইলাইহ। অতঃপর মুরাক্কাবে ইযাফীটি سَبَّحَ ফে'লের যরফে যমান, আর اَللّٰهَ তার মাফঊল এবং তন্মধ্যকার উহ্য যমীর যা اَلطَّعَامُ -এর দিকে প্রত্যাবর্তিত তার ফায়েল। عَنْهُ টা مَاغَفَلَ ফে'লের সাথে মুতা'আল্লিক।

মহানবী ﷺ -এর সম্মুখে খাদ্য-বস্তু প্রভৃতির তাসবীহ পড়ার কাহিনী : হযরত আবূ শায়খ (র.) 'কিতাবুল আজমত' গ্রন্থে হযরত আনাস ইবনে মালিক (রা.) -এর বর্ণনায় উল্লেখ করেন যে, একবার রাসূল ﷺ -এর সমীপে 'ছারীদ' (অর্থাৎ এক প্রকারের গোশতের ঝোল বিশিষ্ট সুস্বাদ খাদ্য যার মধ্যে রুটির টুকরা ফেলা হয়) আনা হলো। তিনি তখন বললেন, এ খাদ্য দ্রব্যটি 'সুবহানাল্লাহ' বলে যাচ্ছে। সাহাবীগণ আরজ করলেন, ইয়া রাসুলাল্লাহ ﷺ! আপনি কি তাদের সুবহানাল্লাহ বলাকে বুঝে নিচ্ছেন ? তিনি বললেন, হ্যাঁ। অতঃপর এক ব্যক্তিকে নির্দেশ দিলেন পাত্রটিকে অপর ব্যক্তির নিকট নিয়ে যাওয়ার। উক্ত পাত্রটি লোকটির নিকট রাখতেই সে বলে উঠল, ইয়া রাসূলাল্লাহ ﷺ! নিঃসন্দেহে এর কাছ থেকে সুবহানালাল্লাহু ধ্বনি ভেসে আসছে। তিনি তাকে অপর ব্যক্তির নিকট নিয়ে যেতে বললেন সেও বলল, হ্যাঁ ঘটনা তা-ই। এক ব্যক্তি বলে উঠল, ইয়া রাসূলাল্লাহ ! যদি আপনি পাত্রটি উপস্থিত সকল ব্যক্তির কাছে পৌছানোর নির্দেশ দিতেন, তাহলে কতই না ভাল হতো ! রাসূল ﷺ বললেন, "যদি কারো কাছে গিয়ে এর আওয়াজ বন্ধ হয়ে যেতো, তাহলে তার ব্যাপারে এ কথাটি ছড়িয়ে পড়তো যে, সে পাপী। সুতরাং পাত্রটি আমার কাছে নিয়ে এসো।" অতএব সেটা তাঁরই কাছে নিয়ে আসা হলো। সুবহানালাল্লাহ!

وَاَبُو الدَّرْدَاءِ لَمَّا اَنْ هَوَتْ * قِدْرُهٗ دَارَتْ تُهَلِّلُ لَاتَكِلْ

অনুবাদ : ৭৩. সাহাবী আবুদ দরদা (রা.) -এর পাতিলটি চুলো থেকে পড়ে ঘুরপাক খাচ্ছিল এবং চেঁচামেচি করে বিরামহীন আল্লাহর পবিত্রতা বয়ান করে যাচ্ছে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

هَوَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب মাসদার هَوِيًّا هَوْيَانًا মূলবর্ণ (ه ـ و ـ ى) জিনসে لفيف مقرون অর্থ– ওপর হতে নিচে পড়া। هَوَتْ – নিচে পড়ে গেছে। কুরআনে আছে– وَالنَّجْمِ اِذَا هَوٰى

قِدْرٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে قدور অর্থ– পাতিল, হা। কুরআনে আছে– وَجِفَانٍ كَالْجَوَابِ وَقُدُوْرٍ رَّاسِيَاتٍ

دَارَتْ : সীগাহ বহছ واحد مؤنث غائب اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার دَوْرًا دَوَرَانًا মূলবর্ণ (د ـ و ـ ر) জিনসে اجوف واوى অর্থ– ঘুরপাক করা, চক্কর খাওয়া। دَارَتْ- ঘুরপাক খাচ্ছে।

تُهِلُّ : সীগাহ বহছ واحد مؤنث غائب اثبات فعل مضارع معروف বাবে افعال মাসদার إِهْلَالًا মূলবর্ণ (ه ـ ل ـ ل) জিনসে مضاعف ثلاثى অর্থ– তাসবীহ পড়ছে, পবিত্রতা বয়ান করছে।

لَاتَكِلُّ : সীগাহ বহছ واحد مؤنث غائب نفى فعل مضارع معروف বাবে ضرب মাসদার كَلًّا كَلَّةً كَلَالَةً মূলবর্ণ (ك ـ ل ـ ل) জিনসে مضاعف ثلاثى অর্থ– ক্লান্ত হওয়া। لَاتَكِلُّ- অক্লান্তভাবে, বিরামহীন।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : أَبُو الدَّرْدَاءِ মুবতাদা, أَنْ অতিরিক্ত, هَوَتْ قِدْرُهُ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত دَارَتْ تُهِلُّ لَاتَكِلُّ জওয়াবে শর্ত, উভয়টি মিলে খবর।

পতিত পাতিলের 'সুবহানাল্লাহ' পঠন : হযরত আবূশ্ শাইখ (র.) খুসাইমার ভাষ্যে বর্ণনা করেন যে, রাসূল ﷺ-এর উপস্থিতিতে সাহাবী হযরত আবুদ দরদা (রা.) কিছু খাদ্যবস্তু পাকাচ্ছিলেন। হঠাৎ পাতিলটি চুলো থেকে পড়ে গেল (উলটে গেল) এবং ঘুরপাক খাচ্ছিল ও চেঁচামেচি করে অক্লেশে মু'জিযা রূপে আল্লাহর পবিত্রতা বর্ণনা করে যাচ্ছিল। অর্থাৎ পাতিলের কাছ থেকে সুবহানাল্লাহর ধ্বনি ভেসে আসছিল।

كَانَ فِىْ تُرْسٍ لِكَبْشٍ صُوْرَةٌ ⁕ فَانْمَحَتْ مِنْ غَيْرِ صُنْعٍ وَعَمَلٍ

অনুবাদ : ৭৪. তাঁর নিকট ভেড়ার ছবিযুক্ত একটি ঢাল ছিল। কোনো হস্তচালনা ছাড়াই ছবিটি নিশ্চিহ্ন হয়ে যায়।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

تُرْسٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে تُرُوْسٌ تِرَاسٌ اَتْرَاسٌ অর্থ : ঢাল, বর্ম।

كَبْشٌ : এটি اسم جامد এক বচন, বহুবচনে اَكْبُشٌ اَكْبَاشٌ كِبَاشٌ অর্থ–দুই কিংবা মতান্তরে চার বৎসরের ভেড়া।

صُوْرَةٌ : একবচন, বহুবচনে صُوَرٌ صِوَرٌ অর্থ– ফটো, ছবি।

اِنْمَحَتْ : মিটিয়ে গেছে, নিশ্চিহ্ন হয়ে গেছে। (প্রাগুক্ত)

غَيْرِ صُنْعٍ وَعَمَلٍ : হস্ত চালনা ছাড়াই, কোনো মাধ্যম ব্যতীত।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : كَانَ ফে'লে নাকিস, صُوْرَةٌ ইসমে কানা মুয়াখ্খার, فِىْ تُرْسٍ এটা ثابت -এর সাথে মুতা'আল্লিক হয়ে খবরে মুকাদ্দাম। اِنْمَحَتْ ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, مِنْ غَيْرِ صُنْعٍ وَعَمَلٍ মুতা'আল্লিক সহ মিলে জুমলা ফে'লিয়্যাহ।

রাসূল ﷺ-এর ঢাল থেকে ভেড়ার ছবি এমনিতেই মুছে যাওয়া : হযরত ইবনে সা'আদ, আবী শাইবা এবং ইবনে আসাকির (র.) মাকহুলের রিওয়ায়াত সূত্রে বর্ণনা করেন যে, দোজাহানের শিরোমণি রাসূল ﷺ-এর কাছে ছবিযুক্ত একটি ঢাল ছিল। তাঁর কাছে এ ছবিটি ঝামেলা বোধ হচ্ছিল, এমতাবস্থায় মহান আল্লাহর নির্দেশে কোনো হস্ত চালনা ছাড়াই মু'জিযা রূপে অত্র ছবিটা নিশ্চিহ্ন হয়ে যায়। এ ধরনের বিষয়বস্তু সম্বলিত বর্ণনা হযরত আয়েশা (রা.) সূত্রে বায়হাকী (র.)ও তদীয় গ্রন্থে বর্ণনা করেছেন।

تَبْتَغِي الْمَرْضَاةَ اَشْجَارُ الْفَلَا * فَتُحَيِّ كَسَلَامِ الْمُبْتَهِلْ

অনুবাদ : ৭৫. বনের গাছ-গাছালিও রাসূল ﷺ-এর সন্তুষ্টির প্রার্থী ছিল। এ জন্য তারা অত্যন্ত বিনয় ও বিনম্র হয়ে তাঁকে সালাম করতো।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

تَبْتَغِيْ : অন্বেষণ করতো, প্রার্থী ছিল। (প্রাগুক্ত)

اَلْمَرْضَاةُ : এটি مصدر বাবে سمع মাসদার رِضًى رِضْوَانًا ও আসে। মূলবর্ণ (ر ـ ض ـ ى) জিনসে ناقص يائى অর্থ– খুশি হওয়া, সন্তুষ্টি হওয়া। কুরআনে আছে–تَبْتَغِيْ مَرْضَاتِ اَزْوَاجِكَ

اَشْجَارٌ : এটি جمع تكسير একবচনে شَجَرَةٌ বহুবচনে شُجَرَاءُ ও আসে। অর্থ– বৃক্ষ, গাছ-গাছালি। কুরআনে আছে–وَشَجَرَةً تَخْرُجُ مِنْ طُوْرِ سِيْنَاءَ

اَلْفَلَا : এটি اسم جامد বহুবচন, একবচনে فَلَاةٌ বহুবচনে فَلَوَاتٌ ও আসে। অর্থ– প্রশস্ত বন।

تُحَيِّ : সীগাহ واحد مونث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে تفعيل মাসদার تَحِيَّةً মূলবর্ণ (ح ـ ى ـ ى) জিনসে لفيف مقرون অর্থ– সালাম করা, حَيَّاكَ اللّٰهُ বলা। تُحَيِّ - সালাম করতো। কুরআনে আছে– اِذَا حُيِّيْتُمْ بِتَحِيَّةٍ فَحَيُّوْا بِاَحْسَنَ مِنْهَا

اَلْمُبْتَهِلُ : সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাবে افتعال মাসদার اِبْتِهَالًا মূলবর্ণ (ب ـ ه ـ ل) জিনসে صحيح অর্থ– ঘড়ঘড়িয়ে ক্রন্দন করা। اَلْمُبْتَهِلُ - বিনয়ী, বিনম্রকারী।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : تَبْتَغِيْ ফে'ল اَلْمَرْضَاةَ মাফউল اَشْجَارُ الْفَلَا ফায়েলের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। تُحَيِّ ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল كَسَلَامِ الْمُبْتَهِلْ ফে'লের সাথে মুতা'আল্লিক।

বৃক্ষ কর্তৃক রাসূলুল্লাহ ﷺ-কে সালাম প্রদান : বনের গাছ-গাছালিও রাসূল ﷺ-এর সন্তুষ্টির প্রার্থী ছিল। ইবনে সা'আদ, আবূ ইয়া'লা, বায্যার, বায়হাকী ও আবূ নাঈম 'হাসান' সূত্রে ওমর ইবনুল খাত্তাব (রা.) -এর রিওয়ায়াত বর্ণনা করেছেন যে, মক্কার অংশীবাদীদের জালাতনের কারণে রাসূল ﷺ 'হুজন' নামক স্থানে চিন্তিত হয়ে আগমন করলেন। কিছুক্ষণ পর তিনি বললেন, হে আল্লাহ ! তুমি আজ আমাকে এমন একটা মু'জিযা দেখিয়ে দাও যে, সেটা দেখার পর আমি ঐ মিথ্যা হতে নির্বিঘ্ন হয়ে যেতে পারি। কাজেই আল্লাহর হুকুমে তিনি বাগানের এক প্রান্তে মাটির উপর অবস্থিত একটি গাছকে ডাকলে সে গাছটি দ্রুততার সাথে চলল। পবিত্র ব্যক্তি সত্তার কাছে এসে সালাম জানাল। রাসূল ﷺ তাকে ফিরে যেতে আদেশ করলে সে আপন জায়গায় ফিরে যায়। আল্লাহ পবিত্র মহান সত্তাই বটে। কতই না আর্শ্চযজনক ঘটনা। তিনি বললেন, এখন আমার জাতি-গোষ্ঠির কারো মিথ্যা প্রতিপন্ন করার ফলে কোনো পরোয়া নেই। এ জাতীয় বর্ণনা ইবনে আবী শাইবা, আবূ ইয়া'লা, দারেমী, বায়হাকী ও আবূ নাঈম আ'মাশ সূত্রেও আনাস (রা.) -এর রিওয়ায়াতে বর্ণনা করেছেন।

ثُمَّ تَنْقَادُ لِمَا تُوْمِي بِهِ * مِنْ مَسِيْرِ الْاَرْضِ تَعْدُوْا كَالذُّلُلْ

অনুবাদ : ৭৬. বাগানের গাছগুলো যেন আদেশ প্রতি-পালনে মাটি চিরে মাটির ওপর চলাচল করার ব্যাপারে সরল সহজ অনুগত প্রাণীর মতো দৌড়ে যায়।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

تَنْقَادُ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে انفعال মাসদার اِنْقِيَادًا মূলবর্ণ (ق ـ و ـ د) জিনসে اجوف واوى অর্থ– অনুগত করা। تَنْقَادُ - অনুগত করে।

تُوْمِى : সীগাহ واحد مونث غائب বহছ اثبات فعل مضارع مجهول বাবে افعال মাসদার اِيْمَاءً মূলবর্ণ (و ـ م ـ ى) জিনসে لفيف مفروق অর্থ– ইঙ্গিত করা। تُوْمِى - (আদেশ পালনের) ইঙ্গিত করা হয়।

مَسِيْرٌ : এটি مصدر ميمى অথবা বাবে ضرب -এর মাসদার سَيْرًا مَسِيْرًا مَسِيْرَةً মূলবর্ণ (س ـ ى ـ ر) জিনসে اجوف يائى অর্থ– চলা, ভ্রমণ করা, চলাচল করা। হাদীসে আছে – وان ريحها توجد مسيرة كذا وكذ

اَلْاَرْضُ : এটি اسم جامد একবচন, বহুবচনে اراض। অর্থ– ভূমি, মাটি। কুরআনে আছে– ان الارض يرثها من عبادى الصالحون

تَعْدُوْ :সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে نصر মাসদার عدوا عدوانا মূলবর্ণ (ع ـ د ـ و) জিনসে ناقص واوى অর্থ– দৌড়ানো। تعدو - দৌড়ে যাচ্ছে।

اَلذُّلَلُ : এটি ذَلُوْلٌ -এর সিফাত - অর্থ– অনুগত। কুরআনে আছে– فَاسْلُكِىْ سُبُلَ رَبِّكَ ذُلُلًا

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : تَنْقَادُ ফে'ল তন্মধ্যকার উহ্য যমীর যুলহাল تَعْدُوْ كَالذُّلَلِ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে হাল, হাল ও যুলহাল মিলে ফায়েল, لِمَا تُوْمِى بِهِ প্রথম মুতা'আল্লিক مِنْ مَسِيْرِ الْاَرْضِ দ্বিতীয় মুতা'আল্লিক। ফে'ল, ফায়েল ও দুই মুতা'আল্লিক সহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়েছে।

রাসূল ﷺ -এর আদেশে গাছ-গাছালির মাটির উপর চলাচল : উপরোক্ত ঘটনায় এর উল্লেখ হয়েছে যে, তিনি আল্লাহর নির্দেশ অনুযায়ী বৃক্ষকে ডাকলে বৃক্ষটি মাটির উপর দ্রুতবেগে চলল। প্রাচুর্য ও কল্যাণময় ব্যক্তির কাছে উপস্থিত হলো। রাসূল ﷺ তাকে নিজ স্থানে ফিরে যেতে বললেন। সে নিজ স্থানে ফিরে গেল। বাগানের এ গাছগুলো যেন আদেশ প্রতিপালনে মাটি চিরে মাটির উপর দৌড়ে যাচ্ছিল। সুবহানাল্লাহ!

ثُمَّ تَهْوِىْ سُجَّدًا حِيْنَ تَرٰى * لَيْسَ يَثْنِيْهَا كَلَالٌ اَوْ فَشَلْ

অনুবাদ : ৭৭. অতঃপর তাঁকে দেখে সিজদায় পড়ে গেল। কোনো প্রকার ক্লান্ত কিংবা শ্রান্ত তাতে অন্তরায় হয়নি।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

تَهْوِىْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف অর্থ– পড়ে গেল। (প্রাগুক্ত)

سُجَّدًا : এটি جمع تكسير একবচনে سَاجِدٌ অর্থ– ইবাদতের উদ্দেশে মাটিতে ললাট রাখা, সিজদায় পড়া। কুরআনে আছে–وَالَّذِيْنَ يَبِيْتُوْنَ لِرَبِّهِمْ سُجَّدًا وَّقِيَامًا

حِيْنَ تَرٰى : যখন দেখল।

يَثْنِىْ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে ضرب মাসদার ثَنْيًا মূলবর্ণ (ث ـ ن ـ ى) জিনসে ناقص يائى অর্থ– বাধা প্রদান করা, অন্তরায় হওয়া। لَيْسَ يَثْنِىْ - অন্তরায় হয়নি।

كَلَالٌ : এটি مصدر বাবে ضرب অর্থ– ক্লান্ত, অবসাদ।

فَشَلٌ : এটি مصدر বাবে سمع অর্থ–দুর্বল হওয়া, শ্রান্ত হওয়া।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : تَهْوِىْ ফেল ضمير ফায়েল, تَهْوِىْ- سُجَّدًا-এর যমীর হতে হাল। حِيْنَ تَرٰى ফে'লের সাথে মুতা'আল্লিক। ليس ফে'লে তাম্মাহ يَثْنِىْ ফে'ল ها মাফউল كَلَالٌ ফায়েল فَشَلٌ এটা كَلَالٌ -এর উপর আতফ।

রাসূল ﷺ -এর ইশারায় খেজুর গুচ্ছের মাটিতে পতিত হওয়া এবং সিজদা করা : ইবনে সা'আাদ ইবনে আব্বাস (রা.) -এর বর্ননা সূত্রে লিখেন যে, বনী আমের ইবনে সা'সা'আহ গোত্রের এক বেদুঈন রাসূল ﷺ-এর সমীপে উপস্থিত হয়ে আরজ করল যে, আমি কিভাবে বুঝব যে, আপনি আল্লাহ তা'আলার প্রেরিত পুরুষ। রাসূল ﷺ বললেন, তুমি বলো আমি যদি তোমার সামনের অত্র খেজুর গাছের খেজুর গুচ্ছটিকে ডাকলে গুচ্ছটি আমার কাছে এসে যায়, তবে কি তুমি তৎক্ষণাৎ পবিত্র

সাক্ষ্যবাণী পড়ে নিবে ? বেদুঈন বলল, নিঃসন্দেহে। তিনি গুচ্ছটিকে ডাকলে গুচ্ছটি গাছ থেকে সরাসরি মাটিতে নেমে এসে লাফালাফি করতে লাগল। সুবহানাল্লাহ!

আবূ নাঈমের বর্ণনায় এ শব্দটিও এসছে যে, গুচ্ছটি এসে তাঁকে সিজদা করল। তখন রাসূল ﷺ সেটাকে নিজ স্থানে ফিরে যেতে বললে সে নিজ জায়গায় ফিরে যায়। বেদুঈন এটা দেখে তৎক্ষণাৎ কালিমায়ে শাহাদাত পড়ে ইসলাম ধর্মে দীক্ষিত হলো। এ ঘটনাটি ইমাম আহ্‌মদ ইবনে হাম্বল এবং ইমাম বুখারী তাঁর ইতিহাসের মধ্যে ইমাম তিরমিযী দারেমী, হাকিম, বায়হাকী, আবূ নাঈম, আবূ ইয়ালাও বর্ণনা করেছেন।

ثُمَّ جَاءَتْ إِذْ دَعَاهَا طَالِبٌ * شَهِدَتْ بِالْحَقِّ تُعْلِيْ وَتُهِلْ

অনুবাদ : ৭৮. অতঃপর যখন আহ্‌বানকারী তাকে ডাকল। সুউচ্চ বজ্রধ্বনিতে সত্যের সাক্ষী দিতে উপস্থিত হলো।

تَحْقِيْقَاتُ الْأَلْفَاظِ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

جَاءَتْ : সে আসল, (উপস্থিত হলো)।

إِذْ دَعَاهَا : যখন তাকে ডাকল।

طَالِبٌ : সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাবে نصر মাসদার طَلَبًا অর্থ– তালাশ করা, অন্বেষণ করা। طَالِبٌ - প্রার্থী, আহ্‌বানকারী।

شَهِدَتْ : সীগাহ واحد مونث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে سمع মাসদার شَهَادَةٌ মূলবর্ণ (ش ـ ه ـ د) জিনসে صحيح - অর্থ– সাক্ষী দেওয়া। شَهِدَتْ - সাক্ষ্য দিল। কুরআনে আছে– شَهِدَ اللّٰهُ أَنَّهُ لَا إِلٰهَ إِلَّا هُوَ

اَلْحَقِّ : অর্থাৎ دِيْنُ الْحَقِّ - সত্য ধর্ম। কুরআনে আছে– لَهُ دَعْوَةُ الْحَقِّ

تُعْلِيْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افعال মাসদার إِعْلَاءٌ মূলবর্ণ (ع ـ ل ـ و) জিনসে ناقص واوى অর্থ–সে উঁচু করছে বা করবে।

تُهِلْ : বজ্রধ্বনিতে। (প্রাগুক্ত)।

تَرْكِيْبُ الْجُمَلِ **(বাক্যসমূহের বিশ্লেষণ) :** جَاءَتْ ফে'ল তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল إِذْ دَعَا هَا طَالِبٌ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে جَاءَتْ-এর সাথে মুতা'আল্লিক। شَهِدَتْ ফে'ল, যমীর যুলহাল بِالْحَقِّ মুতা'আল্লিক। تُعْلِيْ وَتُهِلْ হাল ও যুলহাল মিলে شَهِدَتْ -এর ফায়েল। ফে'ল, ফায়েল ও মুতা'আল্লিক সহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে شَهِدَتْ -এর যমীর থেকে হাল হয়েছে।

রাসূল ﷺ-এর নবুয়তের উপর গাছপালার সাক্ষ্য : ইমাম বায়হাকী ও আবূ নাঈম বিশুদ্ধ সূত্রে হযরত ওমর ইবনে খাত্তাব (রা.) -এর ভাষ্যে বর্ণনা করেছেন যে, আমরা একদা রাসূলে খোদা ﷺ-এর সফর সঙ্গী ছিলাম। হঠাৎ এক গ্রাম্য লোক তাঁর কাছে আসল। তিনি বললেন, তুমি কোথায় যাচ্ছ? সে বলল, বাড়ি যাচ্ছি। তিনি বললেন, তুমি সাক্ষ্য বাণী পড়ে নাও তো দেখি। সে বলল, খোদার একত্ববাদীত্বতার আর আপনার প্রেরিত্বের প্রমাণ কি? তিনি বললেন, তোমার সম্মুখস্থ এই গাছটিই তার সে কথার প্রমাণ। এরপর মহানবী ﷺ সে গাছটিকে ডাকতেই তাঁর কাছে দৌড়ে এল বাগানের এক প্রান্ত থেকে। মহানবী ﷺ তার কাছ থেকে তিন তিনবার সাক্ষী তলব করলে সে প্রত্যেকবার এ কথাই বলল যে, আপনি যা বলছেন সে কথাই সঠিক, (এতে বিন্দুমাত্র সন্দেহ নেই)। এ কথা বলে গাছটি নিজ জায়গাতে চলে গেল, সুবহানাল্লাহ্। কতই নির্বাক করে দেওয়ার মতো ঘটনা। গ্রাম্য লোকটি এ ঘটনা প্রত্যক্ষ করে নিজ সমাজে প্রত্যাবর্তন করার আবেদন করে বলল, আমার সমাজের লোকজন আমার কথা মেনে নিলে আমি তাদের সকলের সমষ্টিহারে আপনার সমীপে উপস্থিত হব। অন্যথা আমি একাকীই আপনার সেবায় জীবন কাটিয়ে দেব।

اَلْقِسْمُ الرَّابِعُ
চতুর্থ পরিচ্ছেদ

مُعْجِزَاتُهٗ ﷺ فِى الْحَيَوَانَاتِ-

تُسْرِعُ الْبُدْنُ تُحِبُّ كُلُّهَا * اَنْ يُّضَحّٰى اَوَّلًا اَوْ يُعْتَقَلْ

অনুবাদ : ——— প্রাণীকুলের সাথে সম্পর্কিত রাসূল ﷺ-এর মু'জিযাসমূহ ।

৭৯. এ প্রত্যাশায় কুরবানির উট তাঁর ঘনীভূত হতে লাগল, যেন সর্বাগ্রে তার কুরবানি হোক। কিংবা (কুরবানির উদ্দেশ্যে) হাত পা বাধা হোক।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ)

تُسْرِعُ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افعال মাসদার اِسْرَاعًا মূলবর্ণ (س ـ ر ـ ع) জিনসে صحيح অর্থ– দ্রুত চলা, ঘনীভূত হওয়া। تُسْرِعُ - ঘনীভূত হতে লাগল।

اَلْبُدْنُ : এটি اسم جامد বহুবচন, একবচনে بُدْنَةٌ, বহুবচনে بُدْنٌ بُدْنَاتٌও আসে। অর্থ– যে গাভী কিংবা উট হজের মওসুমে মক্কায় জবাই হয়, (উট)। কুরআনে আছে– وَالْبُدْنُ جَعَلْنَاهَا لَكُمْ مِّنْ شَعَائِرِ اللّٰهِ

تُحِبُّ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افعال মাসদার اِحْبَابًا মূলবর্ণ (ح ـ ب ـ ب) জিনসে مضاعف ثلاثى অর্থ– পছন্দ করা, ভালবাসা। تُحِبُّ - পছন্দ করে (প্রত্যাশায়)

يُضَحّٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع مجهول বাবে تفعيل মাসদার تَضْحِيَةٌ মূলবর্ণ (ض ـ ح ـ ى) জিনসে ناقص يائى অর্থ– জবাই করা। يُضَحّٰى - কুরবানি করা হোক, জবাই করা হোক।

يُعْتَقَلُ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع مجهول বাবে افتعال মাসদার اِعْتِقَالًا মূলবর্ণ (ع ـ ق ـ ل) জিনসে صحيح অর্থ– উটের দুই হাঁটুসহ বাঁধা। يعتقل - হাত পা বাঁধা হোক।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : تُسْرِعُ ফে'ল اَلْبُدْنُ ফায়েল। تُحِبُّ ফে'ল كُلُّهَا ফায়েল اَنْ يُّضَحّٰى মাফউল। يُعْتَقَلُ - يُضَحّٰى -এর উপর আতফ।

রাসূল ﷺ-এর সামনে কুরবান হয়ে যাওয়ার উদ্দেশ্যে পশুদের সেচ্ছায় অবনত হওয়া : হাকিম (র.) তদ্বীয় গ্রন্থে হযরত আবদুল্লাহ ইবনে কুরত (র.) -এর বর্ণনা উল্লেখ করেন যে, কুরবানির দ্বিতীয় দিন রাসূল ﷺ-এর সমীপে পাঁচ অথবা ছয়টি উট আনা হলো, সেগুলো অবিলম্বে সহসা তাঁর কাছে ঘনীভূত হতে লাগল। যেন তাদের প্রত্যেকেই একে অপরের আগেই রাসূল ﷺ-এর পবিত্র হাতে কুরবানিতে প্রাথম হওয়ার মর্যাদা লাভে ধন্য হতে পারে। অত্র হাদীসটিকে তাব্‌রানী, আবূ নাঈম এবং হাকিম (র.)ও বর্ণনা করেছে, আর সহীহ আখ্যা দিয়েছেন।

وَشَكَوْا فَحْلًا لَهُمْ فِيْ حَائِطٍ * هَاجَ وَاسْتَعْصَى عَلَيْهِمْ وَافْتَحَلْ

فَأَتَاهُ فَاتِحًا مِنْ بَابِهِ * دَاخِلًا فِيهِ نَشِيطًا لَا وَجَلْ

إِذْ رَاهُ الْفَحْلُ خَرَّ وَانْهَوٰى * بَيْنَ يَدَيْهِ سَجُوْدًا وَابْتَهَلْ

অনুবাদ : ৮০. একদা লোক সকল তাঁদের বাগানের একটি উটের ব্যাপারে অভিযোগ করেছে যে, তা মাতাল হয়ে ষাঁড়ের ন্যায় অবাধ্য হয়ে গেছে।

৮১. অতঃপর তিনি দরজা খুলে ভিতরে প্রবেশ করলেন এবং রাসূল ﷺ তখন হাস্যোজ্জ্বল ও নির্ভীক ছিলেন।

৮২. উট টি রাসূল ﷺ -কে আসতে দেখে মাথা অবনত করে তাঁর সমীপে সিজদায় পড়ে গেল, এবং বিনয় প্রকাশ করলো।

تَحْقِيقَاتُ الْأَلْفَاظِ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

شَكَوْا : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার شِكَايَةً شِكْوَانًا মূলবর্ণ (ش ـ ك ـ و) জিনসে ناقص واوى অর্থ–অভিযোগ করেছে। কুরআনে আছে– أَشْكُوْا بَثِّيْ وَحُزْنِيْ إِلَى اللّٰهِ

فَحْلًا : এটি اسم جامد একবচন, বহুবচনে أَفْحَالٌ فُحُولٌ অর্থ– নর ষাঁড়।

حَائِطٌ : এটি একবচন, বহুবচনে حِيَاطٌ حِيْطَانٌ অর্থ– প্রাচীর, বাগানে।

هَاجَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب মাসদার هَيَجَانًا মূলবর্ণ (ه ـ ى ـ ج) জিনসে اجوف يائى অর্থ– উত্তেজিত হওয়া, মাতাল হওয়া। هَاجَ - মাতাল হয়ে গেছে।

إِسْتَعْصَى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে استفعال মাসদার إِسْتِعْصَاءً মূলবর্ণ (ع ـ ص ـ ى) জিনসে ناقص يائى অর্থ– অবাধ্য হওয়া। إِسْتَعْصَى - অবাধ্য হয়ে গেছে।

إِفْتَحَلَ : অর্থাৎ – صَارَ كَالْفَحْلِ – ষাঁড়ের ন্যায় হয়ে গেছে।

فَأَتَاهُ : অতঃপর তিনি আসলেন।

فَاتِحًا : খুলে।

بَابٌ : দরজা।

دَاخِلًا : প্রবেশ করলেন।

نَشِيطًا : এটি صيغه صفت বাবে سمع অর্থ– হাস্যোজ্জ্বল।

وَجَلٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে أَوْجَالٌ অর্থ– ভয়। لَاوَجَلْ - নির্ভীকভাবে।

خَرَّ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر ضرب মাসদার خُرُوْرًا خَرًّا মূলবর্ণ (خ ـ ر ـ ر) জিনসে مضاعف ثلاثى অর্থ–উপর হতে নিচে পড়ল। কুরআনে আছে–وَخَرَّ مُوْسٰى صَعِقًا

إِنْهَوٰى : পড়ে গেল।

بَيْنَ يَدَيْهِ : তাঁর সম্মুখে, সমীপে।

سُجُوْدٌ : এটি مصدر অর্থ– সিজদা করা।

إِبْتَهَلَ : বিনয় প্রকাশ করেছে, ঘড়ঘড়িয়ে ক্রন্দন করল।

تَرْكِيْبُ الْجُمَلِ **(বাক্যসমূহের বিশ্লেষণ) :** وَشَكَوْا ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, فَحْلًا মাফঊল, لَهُمْ মুতা'আল্লিক, فِيْ حَائِطٍ দ্বিতীয় মুতা'আল্লিক, সব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। هَاجَ ফে'ল তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। পরবর্তী জুমলাগুলো তার উপর আতফ হয়ে فَحْلًا হতে হাল।

قَوْلُهُ فَاَتَاهُ فَاتِحًا الخ : اَتٰى ফে'ল, যমীর যুলহাল, ه মাফঊল, فَاتِحًا مِنْ بَابِهِ হালে আউওয়াল, دَاخِلًا فِيْهِ হালে ছানী, نَشِيْطًا لَا وَجَلْ এটা دَاخِلًا যমীর থেকে হাল। যুলহাল তার দুই হাল মিলে اتى। ফে'লের ফায়েল।

قَوْلُهُ اِذْ رَاهُ الْفَحْلُ الخ : اِذْ হরফে শর্ত, رَاهُ الْفَحْلُ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত, خَرَّ জাযা। اِنْهَوٰى এটা خَرَّ -এর আতফ। بَيْنَ يَدَيْهِ এটা اِنْهَوٰى -এর সাথে মুতা'আল্লিক। سجود এটা انهوى -এর যমীর থেকে হাল, اِبْتَهَلْ টা خَرَّ -এর উপর আতফ।

একটি বেয়াড়া উট রাসূল ﷺ -কে মু'জিযা রূপে সিজদা করা : ইমাম বায়হাকী (র.) জাবির ইবনে আবদুল্লাহ (রা.)-এর বর্ণনায় উল্লেখ করেন যে, বনী সালমা গোত্রের একটি উট মাতাল হয়ে গেল। কেউ তার কাছেও ঘেষতে পারতো না। তাকে ব্যবহার করে বাগানের পানি সিঞ্চন করা হতো। এ জন্য বাগানটি শুকনা হয়ে যাচ্ছিল। লোকটি রাসূল ﷺ -এর কাছে একথার অভিযোগ করল। তাই তিনি সেখানে পদার্পণ করে বাগানের দরজা পর্যন্ত পৌছলে লোকেরা আরজ করল, ইয়া রাসূলাল্লাহ ! দোহাই আপনি ভিতরে প্রবেশ করবেন না। আমরা আশংকা করছি যে উটটি আপনাকে ব্যথা দিবে। রাসূল ﷺ তাঁদেরকে বললেন, তোমরা সকলেও ভিতরে এসো ; কোনো অসুবিধা নেই। উটটি রাসূল ﷺ -কে আসতে দেখে মাথানত করে সম্মুখে এল আর সিজদা করল। সুবহানাল্লাহ! এরপর তিনি উষ্ট্রটির শিরোপরি তাঁর কল্যাণময় হাত দিলেন। আরো বললেন, উষ্ট্রটির নাকের রশি নিয়ে আসো। রশি আনা হলে তিনি রশি লাগালেন আর বললেন, উটের মালিককে ডেকে আনো। তাকে ডেকে পাঠানো হলে রাসূল ﷺ তাকে বললেন যে, তাকে পানাহারে যাতনা দেবে না। সাধ্যের বাইরে তার কাছ থেকে কাজ উদ্ধার করো না। আবূ নাঈম ও বায়হাকী আবদুল্লাহ ইবনে আবী আওফা (রা.) -এর রিওয়ায়াতে এবং ইবনে আসাকির গাইলান ইবনে সালমা সাকাফী (রা.) -এর বর্ণনায়ও অনুরূপ ঘটনা উল্লেখ করেছেন।

وَالْبَعِيْرُ اِذْ اَرَادُوْا نَحْرَهٗ ＊ جَاءَ وَالْتَجَا بِعَيْنٍ تَنْهَمِلْ

ثُمَّ فِيْ اُذْنَيْهِ نَاجٰى مُفْصِحًا ＊ مَابِهٖ مِنْ اَزْمَةِ الْبَلْوٰى نَزَلْ

فَاشْتَرَاهُ ثُمَّ خَلَّاهُ سُدًى ＊ لَايُعَنّٰى فَهُوَ مِنْ حُرِّ الْجَمَلْ

অনুবাদ : ৮৩. উটের মালিকগণ যখন তাকে জবাই করার ইচ্ছে করছে, অশ্রুসিক্ত চক্ষে রাসূল ﷺ -এর নিকট এসে আশ্রয় নিয়েছে তখন।

৮৪. অতঃপর স্পষ্ট ভাষায় কানে কানে তার উপর অবতীর্ণ কষ্টের কথা রাসূল ﷺ -কে বলল।

৮৫. রাসূল ﷺ ঐ উটকে ক্রয় করে লাগামহীন ও কষ্টহীন ছেড়ে দিলেন, তখন উটটি স্বাধীনভাবে ঘোরাফেরা করতে লাগল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

اَلْبَعِيْرُ : এটি اسم جامد একবচন, বহুবচনে بُعْرَانٌ অর্থ– চার কিংবা নয় বৎসরে উপনীত উষ্ট্র বা উষ্ট্রী।

اَرَادُوْا : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِرَادَةٌ মূলবর্ণ (ر. و. د) জিনসে اجوف واوى অর্থ– ইচ্ছে করা, চাওয়া, অনুরাগী হওয়া। ارادوا - তারা ইচ্ছে করেছে।

نَحْرٌ : এটি مصدر বাবে فتح অর্থ– জবাই করা, বক্ষে আঘাত করা। কুরআনে আছে– فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ

اِلْتَجَاءٌ : আশ্রয় নিয়েছে। (প্রাগুক্ত)

عَيْنٌ : অর্থ– চক্ষু।

تَنْهَمِلُ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে انفعال মাসদার اِنْهِمَالاً মূলবর্ণ (ه ـ م ـ ل) জিনসে صحيح অর্থ– অশ্রু প্রবাহিত করা। تنهمل - অশ্রুসিক্ত।

اُذْنَي : এটি اسم جامد দ্বিবচন, একবচনে اذن, বহুবচনে اذان অর্থ–কর্ণ, কান। কুরআনে আছে– وَتَعِيَهَا اُذُنٌ وَّاعِيَةٌ

نَاجٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে مفاعله মাসদার مُنَاجَاةً মূলবর্ণ (ن ـ ج ـ ى) জিনসে ناقص يائى অর্থ– কানাঘুষা করা, কানে কানে বলা। نَاجِي - কানে কানে বলেছে।

مُفْصِحًا : সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাবে افعال মাসদার اِفْصَاحًا মূলবর্ণ (ف ـ ص ـ ح) জিনসে صحيح অর্থ– বগ্নি হওয়া, স্পষ্টভাষী হওয়া। مُفْصِحًا - স্পষ্ট ভাষায়।

اَزْمَةً : এটি اسم جامد একবচন, বহুবচনে اَوَازِمُ اَزَمَاتٌ অর্থ– দুর্ভিক্ষ, কঠোরতা, বিপদ।

اَلْبَلْوٰى : এটি اسم جامد একবচন, বহুবচনে بَلَايَا অর্থ– দুঃখ, কষ্ট, বিপদ।

نَزَلَ : অবতীর্ণ হয়েছে।

خَلّٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে تفعيل মাসদার تَخْلِيَةً মূলবর্ণ (خ ـ ل ـ ى) জিনসে ناقص يائى অর্থ– ছেড়ে দিল।

سُدًّى : س বর্ণ পেশ ও যবর সহকারে اسم جامد অর্থ– বেকার ফেলে রাখা জিনিস, অনর্থক কথা।

لَايُعَنّٰى : সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع مجهول বাবে تفعيل অর্থ– কষ্টহীন।

حُرٌّ : একবচন, বহুবচনে حِرَارٌ اَحْرَارٌ অর্থ– স্বাধীন।

اَلْجَمَلُ : একবচন, বহুবচনে جِمَالَةٌ جِمَالٌ اَجْمَالٌ جُمْلٌ বহুবচনের বহুবচন جِمَالَاتٌ جَمَائِلُ অর্থ– উট।

تَرْكِيْبُ الْجُمَلِ (**বাক্যসমূহের বিশ্লেষণ**) : اَلْبَعِيْرُ মুবতাদা, اَرَادُوْا نَحْرَهٗ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত, جَاءَ الخ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা, এখন শর্ত জাযা মিলে খবর।

قَوْلُهٗ ثُمَّ فِىْ اُذْنَيْهِ الخ : نَاجٰى ফে'ল, فِىْ اُذْنَيْهِ তার মুতা'আল্লিক, উহ্য যমীর তার ফায়েল, مُفْصِحًا এটা نَاجٰى-এর যমীর থেকে হাল। مَا ইসমে মাওসূল بِهٖ اَزْمَةِ الْبَلْوٰى نَزَلَ পূর্ণ বাক্যটি সেলাহ, মাওসূল ও সেলাহ মিলে مُفْصِحًا-এর মাফঊল।

قَوْلُهٗ فَاشْتَرَاهُ ثُمَّ خَلَّاهُ الخ : ثُمَّ خَلَّاهُ এটা فَاشْتَرَاهُ-এর উপর আতফ, আর سُدًّى এটা ه যমীরে মাফঊল হতে প্রথম হাল, لَايُعَنّٰى ফে'লে মাজহুল, তন্মধ্যকার উহ্য যমীর যা اَلْبَعِيْرُ -এর দিকে প্রত্যাবর্তনকারী নায়েবে ফায়েল উভয়টি জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে ه যমীরে মাফঊল হতে দ্বিতীয় হাল। فَهُوَ مِنْ حُرِّ الْجَمَلِ উহ্য জুমলায়ে ইসমিয়্যাহ শর্তিয়্যাহ -এর জাযা তথা اِذَا كَانَ الْاَمْرُ كَذَالِكَ।

রাসূল ﷺ -এর কাছে উটের অভিযোগ : তাব্‌রানী ও আবূ নাঈম গ্রন্থদ্বয় ইয়ানা ইবনে আবী মুররাহ্ -এর ঘটনায় উল্লেখ করেন যে, একবার রাসূল ﷺ বাইরে পদচারণা করছিলেন, এমতাবস্থায় তিনি একটি উটকে দেখলেন যে, সে উচ্চৈঃস্বরে চিৎকার দিচ্ছে। উটটি এসে রাসূল ﷺ -কে সিজদা দিল। সাহাবীগণ আরজ করলেন, ওহে আল্লাহর রাসূল ﷺ ! উটের তুলনায় আমরাই তো আপনাকে সিজদা করার বেশি অধিকার রাখি। তিনি বললেন, আমি যদি আল্লাহ ছাড়া অন্য কাউকে সিজদা করার আদেশ দিতাম, তাহলে স্ত্রীদেরকে আদেশ দিতাম তারা যেন তাদের স্বামীদেরকে সিজদা করে। এ উটটি কি বলেছে তোমরা কি তা জান ? সে বলছে যে, আমি আমার কর্তার চল্লিশ বছর পর্যন্ত সেবা করলাম, এখন আমি বৃদ্ধ হয়ে গেলে সে আমার খাদ্য হ্রাস করে দিল; কিন্তু কাজ নিচ্ছে আগের চাইতে বেশি। এখন এদের এখানে একটা অনুষ্ঠান আছে। এ উপলক্ষে এরা ছুরি দিয়ে আমাকে জবাই করার ইচ্ছে করছে। রাসূল ﷺ উটের মালিকের কাছে এ ঘটনাটি তুলে ধরলেন। সে বলল, হে আল্লাহর রাসূল ﷺ ! আল্লাহর শপথ সে একেবারে সত্য কথাই বলেছে। তিনি বললেন, আমার অন্তর চায় যে, তুমি তাকে ছেড়ে দিবে। তখন সে ছেড়ে দিল। তিনি ওকে নিয়ে রশিমুক্ত করে দিলেন। সে তৎক্ষণাৎ স্বাধীনভাবে বিচরণ করতে লাগল।

طَارَ بِالْخُفِّ غُرَابٌ فَرَمٰى * اَسْوَدَ الْحَيَّاتِ مِنْهُ اِذْ دَخَلْ

অনুবাদ : ৮৬. (অজুর উদ্দেশ্যে রাসূল ﷺ মোজা খুললেই) ইতোমধ্যে একটি কাক এসে মোজাটি নিয়ে উড্ডয়ন করল এবং উপর হতে উল্টো করে নিক্ষেপ করল। তা থেকে একটি কাল সাপ বের হয়েছে, যা মোজার অভ্যন্তরে ঢুকেছিল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

طَارَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب মাসদার طَيْرًا- طَيْرَانًا মূলবর্ণ (ط ـ ى ـ ر) জিনসে اجوف يائى অর্থ– উড্ডয়ন করা। কুরআনে আছে– فَخُذْ اَرْبَعَةً مِّنَ الطَّيْرِ

خُفٌّ : এটি اسم جامد একবচন, বহুবচনে خِفَافٌ اَخْفَافٌ অর্থ– মোজা, চামড়ার মোজা।

غُرَابٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে غِرْبَانٌ اَغْرُبٌ অর্থ– কাক। কুরআনে আছে– فَبَعَثَ اللّٰهُ غُرَابًا

رَمٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب মাসদার رَمْيًا মূলবর্ণ (ر ـ م ـ ى) জিনসে ناقص يائى অর্থ– নিক্ষেপ করা। رَمٰى - নিক্ষেপ করেছে। কুরআনে আছে– وَمَا رَمَيْتَ اِذْ رَمَيْتَ وَلٰكِنَّ اللّٰهَ رَمٰى

اَسْوَدُ الْحَيَّاتِ : অর্থ– কালো সাপ, حَيَّةٌ-حَيَّاتٌ -এর বহুবচন।

دَخَلَ : (অভ্যন্তরে) প্রবেশ করল।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : طَارَ ফে'ল, بِالْخُفِّ মুতা'আল্লিক, غُرَابٌ ফায়েল, সব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। فَرَمٰى مِنْهُ জাযায়ে মুকাদ্দাম اِذْ دَخَلَ শর্ত। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ।

রাসূল ﷺ-এর মোজা থেকে একটি কাক এসে সাপকে তাড়াল : বায়হাকী ও আবূ নাঈম আবদুল্লাহ ইবনে আব্বাস (রা.) -এর সূত্রে বর্ণনা করেন যে, একবার রাসূল ﷺ প্রয়োজন পূরণের জন্য বাইরে গেলেন। আমিও তাঁর পিছনে পিছনে গেলাম। তিনি একটা গাছ তলায় বসলেন। মোজা দু'টি খুলে ফেলে একটি পরলেন। ইতোমধ্যে একটি কাক এসে অপর মোজাটি উঠিয়ে নিয়ে উড্ডয়ন করল। সে উপরে গিয়ে উল্টো করে নিক্ষেপ করল। হঠাৎ সেটা থেকে একটি কালো সাপ বের হলো যা এতক্ষণ পর্যন্ত মোজার অভ্যন্তরে ঢুকে ছিল । তখন রাসূল ﷺ বললেন, আল্লাহ তা'আলা আমার বিরাট উপকার করলেন। তখন রাসূল ﷺ একটি আদর্শবাণী প্রদান করলেন, যে ব্যক্তি আল্লাহ তা'আলা ও কিয়ামতের প্রতি বিশ্বাস রাখে, সে যেন সে সময় পর্যন্ত মোজা না পরে, যে পর্যন্ত সে তা ঝেড়ে না নেয়।

وَافِدُ الذِّئْبِ اَتٰى كَىْ يَمْتَرِىْ * مِنْ قَطِيْعِ الشَّاءِ سِخْلًا اَوْ حَمَلْ

وَانْثَنٰى اِذْ قَالَ خَالِسْهُمْ اِذَنْ * فِىْ هَنَاءٍ وَسُرُوْرٍ وَعَسَلْ

অনুবাদ : ৮৭. নেকড়ে বাঘের দূত রাসূল ﷺ -এর খিদমতে এ জন্যে উপস্থিত হলো যে, যেন ছাগলের পাল থেকে ছোট কিংবা বড় একটি তার জন্য নির্ধারিত করে দেয়।

৮৮. রাসূল ﷺ যখন বললেন তাকে (বরং) তুমি নিজেই থাবা মেরে নিয়ে যেও। (এ কথা শুনতেই) সে লেজ নাড়াতে নাড়াতে সন্তুষ্টিচিত্তে চলে গেল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

وَافِدٌ : সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বহুবচনে وِفَادٌ وُفُوْدٌ আসে। অর্থ– দূত। وَفْدٌ - যারা সংবদ্ধভাবে কোনো দেশে যায়

اَلذِّئْبُ : এটি اسم جامد একবচন, বহুবচনে ذِئَابٌ اَذْؤُبٌ অর্থ– নেকড়ে বাঘ। কুরআনে আছে– وَاَخَافُ اَنْ يَّاْكُلَهُ الذِّئْبُ

يَمْتَرِىْ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افتعال মাসদার اِمْتِرَاءً মূলবর্ণ (م ـ ر ـ ى) জিনসে ناقص يائى অর্থ– দুধ দোহন করা, বাহির করা। يَمْتَرِىْ - বাহির করে দেয়, নির্ধারিত করে দেয়।

قَطِيْعٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে قِطَاعٌ قُطْعَانٌ اَقْطَاعٌ বহুবচনের বহুবচন اَقَاطِيْعُ অর্থ– ছাগল, ভেড়ার যথ, পাল।
اَلشَّاءُ : ছাগল। (প্রাগুক্ত)
سِخْلًا : এটি বহুবচন, একবচনে سِخْلَةٌ। বহুবচনে سُخْلَانٌ سِخَالٌও আসে। অর্থ– ছাগলের ছোট বাচ্চা।
حَمَلٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে, حُمْلَانٌ اَحْمَالٌ অর্থ– ছাগলের (বড়) বাচ্চা।
اِنْثَنٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে انفعال মাসদার اِنْثِنَاءً মূলবর্ণ (ث ـ ن ـ ى) জিনসে ناقص يائى অর্থ– বাহির হওয়া, চলে যাওয়া। اِنْثَنٰى - চলে গেল, প্রস্থান করল।
خَالِسْ : সীগাহ واحد مذكر حاضر বহছ امرحاضر معروف বাবে مفاعله মাসদার مُخَالَسَةٌ মূলবর্ণ (خ ـ ل ـ س) জিনসে صحيح অর্থ– থাবা মারা। خَالِسْ- তুমি থাবা মেরো।
هَنَاءٌ : খুশি, আনন্দ।
سُرُوْرٌ : এটি اسم مصدر বাবে نصر অর্থ– খুশি হওয়া, আনন্দিত হওয়া। কুরআনে আছে– وَلَقَّاهُمْ نَضْرَةً وَّسُرُوْرًا
عَسَلٌ : এটি مصدر বাবে ضرب অর্থ– (اَلرُّمْحُ) অধিক নাড়াচাড়া করা, এখানে অর্থ– লেজ নাড়ানো।
تَرْكِيْبُ الْجُمَلِ (**বাক্যসমূহের বিশ্লেষণ**) : وَافِدُ الذِّئْبِ মুবতাদা, اَتٰى ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, اَنّٰى كَىْ يَمْتَرِيْ মাফউলে বিহী মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। مِنْ قَطِيْعِ الشَّاءِ يَمْتَرِيْ -এর সাথে মুতা'আল্লিক। اَلشَّاءِ سِخْلًا اَوْ حَمَلْ - থেকে তামঈয।
قَوْلُهٗ وَانْثَنٰى اِذْ قَالَ الخ : মূল ইবারত এভাবে– اِذْقَالَ خَالِسْهُمْ اِذَنْ فَانْثَنٰى فِىْ هَنَاءٍ وَسُرُوْرٍ وَعَسَلٍ। اذ হরফে শর্ত, قَالَ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে কাওল, আর خَالِسْهُمْ اِذَنْ জুমলায়ে ইনশাইয়্যাহ হয়ে মাকূলাহ, অতঃপর কাওল ও মাকূলাহ মিলে শর্ত। اِنْثَنٰى فِىْ هَنَاءٍ الخ জাযা। শর্ত ও জাযা মিলে জুমলায়ে শর্তিয়্যাহ।

اَلْقِسْمُ الْخَامِسُ

পঞ্চম পরিচ্ছেদ

مُعْجِزَاتُهٗ ﷺ فِىْ تَكَلُّمِ الْحَيَوَانَاتِ وَشَهَادَتِهَا بِالرِّسَالَةِ وَالتَّبْلِيْغِ-

وَاسْتَغَاثَتْ ظَبْيَةٌ قَدْ شَدَّهَا ❊ حَابِلٌ رَامَ اقْتِنَاصًا فَاحْتَبَلْ

يَانَبِىَّ اللّٰهِ اَطْلِقْنِىْ اَعُدْ ❊ بَعْدَ اِرْضَاعِىْ لِخَشْفٍ مُّنْخَزِلْ

حَلَّهَا تَعْدُوْ وَتَتْلُوْ اَنَّهٗ ❊ خَاتَمُ الرُّسُلِ وَحَلَّالُ الْعُضَلْ

ثُمَّ عَادَتْ تَقْتَفِىْ اٰثَارَهَا ❊ لِلْاِسَارِ مَا اَخَلَّتْ بِالْاَجَلْ

ثُمَّ خَلَّاهَا تَصِيْحُ فِى الْفَلَا ❊ تُعْلِنُ التَّوْحِيْدَ جَهْرًا لَاتَمَلْ

অনুবাদ : রাসূল ﷺ রিসালাত ও তাবলীগের উপর প্রাণীকুলের সাক্ষ্যদান ও তাদের কথাবার্তা সম্পর্কীয় মু'জিযাসমূহ।

৮৯. এক বন্দী হরিণী রাসূল ﷺ -এর নিকট সাহায্যের প্রার্থনা করল। যাকে শিকারের উদ্দেশ্য জালে আবদ্ধ করলে সে ফাঁদে পড়ে যায়।

৯০. (রাসূল ﷺ-এর নিকট আবেদন করল) হে আল্লাহর নবী ! আমাকে খুলে দিন (ক্ষণিকের জন্য)। আমার দুর্বল তিরোহিত বাচ্চাদেরকে দুধ পান করিয়ে (অতিদ্রুত) ফিরে আসব।

৯১. রাসূল ﷺ তাকে মুক্ত করে দিতেই অমনি সে দৌঁড়ে আর বলে, নিশ্চয় তিনি সর্বশেষ রাসূল, বিপদ মুক্তকারী।

৯২. (কিছুক্ষণ পর) পদাঙ্ক অনুসরণ করত বন্দীর উদ্দেশ্যে প্রতিশ্রুতি মোতাবেক অসতর্কতাবিহীন নির্ধারিত সময় প্রত্যাবর্তন করল।

৯৩. অতঃপর (পুনরায়) ছেড়ে দিলেই মরু প্রান্তরে চিৎকার করে তাওহীদের শ্লোগান দিচ্ছিল বিরতিহীনভাবে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اِسْتَغَاثَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে استفعال মাসদার اِسْتِغَاثَةً মূলবর্ণ (غ ـ و ـ ث) জিনসে اجوف واوى অর্থ– সাহায্য প্রার্থনা করা, অভিযোগ করা। اِسْتَغَاثَتْ - সাহায্য প্রার্থনা করল। কুরআনে আছে– فَاسْتَغَاثَهُ الَّذِىْ مِنْ شِيْعَتِهٖ عَلَى الَّذِىْ مِنْ عَدُوِّهٖ

ظَبْيَةً : এটি اسم جامد একবচন, বহুবচনে ظِبَاءٌ ظَبْيَاتٌ কবিতায়–

بِاللّٰهِ يَاظَبْيَاتِ الْقَاعِ قُلْنَ لَنَا * اَلَيْلِىْ مِنْكُنَّ اَمْ لَيْلِىْ مِنَ الْبَشَرِ

قَدْ شَدَّ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب نصر মাসদার شَدًّا জিনসে مضاعف ثلاثى অর্থ– বাঁধা, শক্ত করা।

شَدَّ : বন্দী, আবদ্ধ করা হয়েছে।

حَابِلً : এটি صيغه صفت অর্থ– শিকারি, মাসদার حَبْلًا অর্থ– জাল দিয়ে ধরা।

رَامَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার رَوْمًا مَرَامًا মূলবর্ণ (ر ـ و ـ م) জিনসে اجوف واوى অর্থ– ইচ্ছা করা, উদ্দেশ্য করা। رام - উদ্দেশ্যে, ইচ্ছায়।

اِقْتِنَاصًا : এটি مصدر বাবে افتعال মূলবর্ণ (ق ـ ن ـ ص) জিনসে صحيح অর্থ– শিকার করা।

اِحْتَبَلَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افتعال মাসদার اِحْتِبَالً মূলবর্ণ (ح ـ ب ـ ل) জিনসে صحيح অর্থ– ফাঁদে ধরা, ফাঁদে পড়া।

اَطْلِقْ : সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাবে افعال মাসদার اِطْلَاقًا মূলবর্ণ (ط ـ ل ـ ق) জিনসে صحيح অর্থ–খুলে দিন, ছেড়ে দিন, (الاسير) কয়েদীকে মুক্ত করা, (اَلْمَوَاشِىَ) ছেড়ে দেওয়া।

اَعُدْ : সীগাহ واحد বহছ اثبات فعل مضارع معروف বাবে نصر মাসদার عَوْدًا مَعَادًا মূলবর্ণ (ع ـ و ـ د) জিনসে اجوف واوى অর্থ– ফিরে আসা, প্রত্যাবর্তন করা। اَعُدْ - আমি ফিরে আসব।

اِرْضَاعً : এটি مصدر বাবে افعال অর্থ– দুধ পান করানো।

خِشْفٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে خِشَفَةٌ অর্থ– হরিণের নবজাত শিশু।

مُنْخَزِلً : এটি اسم فاعل একবচন, বাবে انفعال মাসদার اِنْخِزَالًا মূলবর্ণ (خ ـ ز ـ ل) জিনসে صحيح অর্থ– বিচ্ছিন্ন হওয়া, তিরোহিত হওয়া। مُنْخَزِلً - তিরোহিত।

حَلَّ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার حَلًّا মূলবর্ণ (ح ـ ل ـ ل) জিনসে مضاعف ثلاثى অর্থ–মুক্ত করে দিয়েছেন, খুলে দিলেন। (اَلْعَقْدَ) খোলা, মুক্ত করা।

تَعْدُوْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে نصر মাসদার عَدْوًا عَدْوَانًا মূলবর্ণ (ع ـ د ـ و) জিনসে ناقص واوى অর্থ– দৌঁড়ানো। تَعْدُوْ - সে দৌঁড়াল।

تَتْلُوْا : তিলাওয়াত করে, বলে। (প্রাগুক্ত)

حَلَّالُ : এটি اسم مبالغه ، خال থেকে। অর্থ– মুক্তিদানকারী। হাদীসে আছে– يَاحَلَّالَ الْمُشْكِلَاتِ

اَلْعُضَلُ : এটি جمع تكسير একবচনে عَضَلَةٌ অর্থ– কষ্ট, দুঃখ, বিপদ।

عَادَتْ : প্রত্যাবর্তন করল।

تَقْتَفِى : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افتعال মাসদার اِقْتِفَاءٌ মূলবর্ণ (ق ـ ف ـ ى) জিনসে ناقص يائى অর্থ– অনুকরণ করে, গ্রহণ করে। (تَقْتَفِى) অনুসরণ করতো।

اٰثَارٌ : এটি جمع تكسير একবচনে اَثَرٌ অর্থ– চিহ্ন, হাদীস, সুন্নত, (পদাঙ্ক)।

اِسَارٌ : এটি مصدر বাবে ضرب মূলবর্ণ (أ ـ س ـ ر) জিনসে مهموز فاء অর্থ– বন্দী করা।

مَاأَخَلَّتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ نفى فعل ماضى معروف বাবে افعال মাসদার اِخْلَالًا মূলবর্ণ (خ ـ ل ـ ل) জিনসে مضاعف ثلاثى অর্থ–অসর্তকতা করল না।

اَجَلٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে اٰجَالٌ অর্থ– সময়, মৃত্যু। কুরআনে আছে – فَاِذَا جَاءَ اَجَلُهَا

خَلَّاهَا : তাকে ছেড়ে দিল।

تَصِيْحُ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে ضرب মাসদার صَيْحًا صَيْحَانًا মূলবর্ণ (ص ـ ى ـ ح) জিনসে اجوف يائى অর্থ– চিৎকার করা, ডাকা। تَصِيْحُ - চিৎকার করে।

اَلْفَلَا : মরুভূমি, প্রান্তর। (প্রাগুক্ত)

تُعْلِنُ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افعال মাসদার اِعْلَانًا মূলবর্ণ (ع ـ ل ـ ن) জিনসে صحيح অর্থ– (الامر بالامر) প্রকাশ করা। تُعْلِنُ - প্রকাশ করছে, শ্লোগান দিচ্ছিল।

تَوْحِيْدُ : এক আল্লাহর উপর বিশ্বাস স্থাপন।

جَهْرًا : এটি مصدر বাবে فتح অর্থ– প্রচার করা, স্বর উঁচু করা।

لَاتَمَلُّ : সীগাহ واحد مؤنث غائب বহছ نفى فعل مضارع معروف বাবে سمع نصر মাসদার مَلًّا مَلَلًا মূলবর্ণ (م ـ ل ـ ل) জিনসে مضاعف ثلاثى অর্থ–অক্লান্ত, বিরামহীন, বিরক্তহীনভাবে।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : اِسْتَغَاثَتْ ফে'ল ظَبْيَةٌ ফায়েল قَدْ شَدَّهَا – ظَبْيَةٌ থেকে হাল, قَدْ شَدَّ –حَابِلٌ -এর ফায়েল, رَامَ اِقْتِنَاصًا জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে حَابِلٌ থেকে হাল।

قَوْلُهُ يَا نَبِيَّ اللّٰهِ الخ : يَا - ادعو ফে'লের স্থলাভিষিক্ত। اَدْعُوْ ফে'ল, যমীর ফায়েল نَبِيَّ اللّٰهِ মাফউলে বিহী। اَطْلِقْ ফে'ল, যমীর ফায়েল, نون وقايه يائے متكلم মাফউলে বিহী মিলে জুমলায়ে ইনশাইয়্যাহ। اَعُدْ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাওয়াবে আমর। بَعْدَ اِرْضَاعِى – اَعُدْ -এর সাথে মুতা'আল্লিক لِخَشْفٍ مُنْخَزِلٍ – اِرْضَاعٌ -এর সাথে মুতা'আল্লিক।

قَوْلُهُ حَلَّهَا تَعْدُوْ الخ : حَلَّ ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, هَا মাফউলে বিহী, تَعْدُوْ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে هَا যমীরে মানসূব থেকে হাল, تَتْلُوْ – تَعْدُوْ -এর উপর আতফ, اَنَّ হরফে মুশাব্বাহ বিল ফে'ল, যমীরে মানসূব তার ইসম خَاتَمُ الرُّسُلِ খবর, حَلَّالُ الْعُضَلِ – خَاتَمُ -এর উপর আতফ। اَنَّ তার ইসম ও খবর মিলে تَتْلُوْ ফে'লের মাফউলে বিহী।

قَوْلُهُ ثُمَّ عَادَتْ تَقْتَفِى الخ : عَادَتْ ফে'ল তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, تَقْتَفِى لِلْاِسَارِ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে عَادَتْ -এর যমীর থেকে হাল। مَاأَخَلَّتْ ফে'ল, যমীর ফায়েল, بِالْاَجَلِ মুতা'আল্লিক সহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

قَوْلُهُ ثُمَّ خَلَّهَا تَصِيْحُ الخ : خَلَّا ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, هَا – মাফউল, تَصِيْحُ فِى الْفَلَا জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে যমীরে মানসূব থেকে হাল, تُعْلِنُ التَّوْحِيْدَ দ্বিতীয় হাল, جَهْرًا – تُعْلِنُ থেকে হাল, – جَهْرًا لَاتَمَلُّ -এর সিফাত।

রাসূল ﷺ -এর রিসালাতের উপর হরিণীর সাক্ষ্যদান : ইমাম বায়হাকী ও আবূ নাঈম যায়িদ ইবনে আরকামের রিওয়ায়াতে বর্ণনা করেন যে, আমি মদীনার কোনো গলিতে রাসূল ﷺ -এর সঙ্গে এক বেদুঈনের তাঁবুর দিক থেকে অতিক্রম করলাম। সেখানে দেখলাম যে, একটি হরিণী তাঁবুর সাথে বাঁধা। সে রাসূল ﷺ -কে দেখা মাত্রই বলল, ওহে রাসূল ﷺ ! এই বেদুঈন আমাকে ধরে এনেছে। বাগানে আমার দু'টো বাচ্চা রয়েছে। আমার ওলান দুধে ভরা। এ ব্যক্তি আমাকে জবাইও করছে না, যাতে আমি এ বিপদ থেকে মুক্ত হতে পারতাম। আবার আমাকে মুক্তও করে দিচ্ছে না যে, বাগানে আমার বাচ্চাগুলোর কাছে চলে যেতাম। তখন তিনি হরিণীকে বললেন, আমি তোমার রশি খুলে দিলে তুমি তোমার বাচ্চাকে দুধ পান করিয়ে ফিরে আসবে কি ? সে আরজ করল, অবশ্যই এসে যাব, প্রতিশ্রুতি ভঙ্গ করব না। তিনি একথা শুনে তার রশি খুলে দিলেন। বেশিক্ষণ বিলম্ব হতে না হতেই সে তার জিহবা চুষতে চুষতে ফিরে এল। রাসূল ﷺ আবার তাকে তাঁবুর সাথে বেঁধে দিলেন। এরপর বেদুঈন তার পানির মশক নিয়ে এল। রাসূল ﷺ তাকে বললেন, ও মিয়া! তুমি হরিণীটাকে আমার কাছে বিক্রি করবে কি ? সে বলল, হে আল্লাহর রাসূল ﷺ ! এটা আমি আপনাকেই দিয়ে দিচ্ছি। তিনি তাকে ছেড়ে দিলেন। বর্ণনাকারী বলেন, আমি নিজেই দেখলাম যে, সে হরিণীটা সুব্হানাল্লাহ, সুব্হানাল্লাহ এবং লা-ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসূলুল্লাহ বলতে বলতে বাগানের অভ্যন্তরে ফিরে যাচ্ছিল।

وَاَبَانَ الْحَقَّ ضَبٌّ اِذْ بِهٖ * عُلِّقَ الْاِيْمَانُ مِنْ ذَاكَ الرَّجُلْ

অনুবাদ : ৯৪. এক গোসাপ সত্য প্রকাশ করছে (রাসূল ﷺ -এর নবুয়তের সত্যায়িত করেছে) যখন তার উপরে জনৈক ব্যক্তির পক্ষ হতে ঈমান গ্রহণ করা স্থগিত রাখা হয়েছে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَبَانَ : প্রকাশ করেছে। (প্রাগুক্ত)

حَقٌّ : অর্থ– সত্য, (রিসালাতের সত্যতা)।

ضَبٌّ : এটি اسم جامد একবচন, বহুবচনে ضُبَّانٌ اَضُبٌّ অর্থ– গোসাপ।

عُلِّقَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى مجهول বাবে تفعيل মাসদার تَعْلِيْقًا অর্থ– লটকানো, স্থগিত রাখা। عُلِّقَ - স্থগিত রাখা হয়েছে। হাদীসে আছে– وَقَلْبُهٗ مُعَلَّقٌ بِالْمَسَاجِدِ

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : اَبَانَ ফে'ল اَلْحَقَّ মাফউল বিহী, ضَبٌّ ফায়েল, اِذْ টা اَبَانَ-এর সাথে মুতা'আল্লিক। بِهٖ - عُلِّقَ -এর সাথে মুতা'আল্লিক, مِنْ ذَالِكَ الرَّجُلْ - عُلِّقَ -এর দ্বিতীয় মুতা'আল্লিক। সব মিলে اِذْ-এর মাযরূফ।

রাসূল ﷺ -এর রিসালাতের উপর গো-সাপের সাক্ষ্য : ইবনে আসাকির ওমর ইবনুল খাত্তাব (রা.) -এর বর্ণনায় উল্লেখ করেছেন যে, একদা রাসূল ﷺ সাহাবীদের মজলিশে আগমন করলেন। এ সময় বনী সলীম গোত্রের এক বেদুঈন একটি গো-সাপ শিকার করে তাঁর কাছে এল। আর বলতে লাগল, আমি লাত ও উয্যার শপথ করে বলছি যে, যতক্ষণ না এ গো-সাপটি আপনার রিসালাতের সাক্ষী দিবে ততক্ষণ পর্যন্ত আমি আপনার উপর ঈমান আনব না। রাসূল ﷺ গো-সাপ কে লক্ষ্য করে বললেন, ওহে গো-সাপ ! বলে দাও যে আমি কে ? সে তদুত্তরে অত্যন্ত বিশুদ্ধ বোধগম্য আরবি ভাষায় বলল, লাব্বাইকা ওয়া সা'দাইকা "হে বিশ্বপ্রতিপালকের রাসূল ! আমি আমার সৌভাগ্য কামনায় আপনার কাছে আমি সর্বান্তঃকরণে উপস্থিত। রাসূলে কারীম ﷺ বললেন, তুমি কার উপাসনা কর ? সে আরজ করল, শুধু সে সত্তার উপাসনা করি যার আরশ আকাশের উপর, পৃথিবীতে রয়েছে যাঁর রাজত্ব, যিনি হযরত মূসা (আ.) -এর জন্য নদীতে পথ সৃষ্টি করেছেন, জান্নাতে তাঁর দয়া আর দোজখে তাঁর শাস্তি রয়েছে। রাসূল ﷺ বললেন, আমি কে ? সে বলল, আপনি হচ্ছেন সমগ্র বিশ্বপ্রতিপালকের প্রেরিত পুরুষ বা দূত এবং সর্বশেষ নবী। যারা আপনার সত্যতা স্বীকার করছে, তারা পরকালের শাস্তি থেকে মুক্তি থেকে মুক্তি

পেয়ে গেল। যারা আপনার প্রতি মিথ্যা আরোপ করল, তারা হলো ব্যর্থ ও ক্ষতিগ্রস্ত। বেদুঈন লোকটি এ ঘটনা প্রত্যক্ষ করে মুসলমান হয়ে গেল। মহান আল্লাহ কতইনা পাক-পবিত্র। কতইনা মহান। এ ঘটনা টি তবরানী তাঁর আওসাত ও সগীর গ্রন্থদ্বয়ে এবং ইবনে আদী ও হাকীম 'আল-মুজিযাত' নামক গ্রন্থে এবং বায়হাকী ও আবূ নাঈম প্রমুখও তদীয় গ্রন্থরাজিতে উল্লেখ করেছেন।

وَشَكَا الرَّاعِىْ اُوَيْسٌ نَزْعَهٗ ✻ بِكَلَامٍ مُفْصِحٍ لَا كَالْحُكَلْ

ثُمَّ قَالَ اِذْ رَاٰى اِعْجَابَهٗ ✻ اَعْجَبُ مَنْ ذَاكَ مَنْ يَّهْدِى السُّبُلْ

অনুবাদ : ৯৫. এক নেকড়ে বাঘ রাখালের বিরুদ্ধে অভিযোগ করল যখন ছিনিয়ে নিল তার (মুখ) থেকে রিজিক। অভিযোগটিও করছে তোতলামী বর্জিত পরিষ্কার ভাষায়।

৯৬. রাখালের বিস্ময়তা দেখে (বাঘ) বলতে লাগল তার চেয়ে বিষ্ময়কর, যে লোক সকল কে দেখায় খোদার পথ।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

شَكَا : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার شِكَايَةٌ মূলবর্ণ (ش ـ ك ـ ى) জিনসে ناقص يائى অর্থ– অভিযোগ করা, সমালোচনা করা। شَكَا - অভিযোগ করেছে।

اَلرَّاعِىْ : এটি اسم فاعل একবচন, বহুবচনে رُعَاةٌ رُعْيَانٌ অর্থ– রাখাল শাসক, ছাগল মেষের রক্ষক। হাদীসে আছে– اَلَا كُلُّكُمْ رَاعٍ وَكُلُّكُمْ مَسْئُوْلٌ عَنْ رَعِيَّتِهٖ

اُوَيْسٌ : নেকড়ে বাঘ।

نَزْعَهٗ : এটি مصدر বাবে فتح অর্থ– ছিনিয়ে নেওয়া, টানা।

كَلَامٌ مُفْصِحٌ : পরিষ্কার ভাষায়। (প্রাগুক্ত)

حُكَلٌ : এটি جمع تكسير একবচনে حُكْلَةٌ অর্থ– তোত্‌লায়ে কথা বলা।

اِذْ رَاٰى : যখন দেখল।

اِعْجَابٌ : এটি مصدر বাবে افعال মূলবর্ণ (ع ـ ج ـ ب) জিনসে صحيح অর্থ– আশ্চর্য করা, বিষ্ময়ে নিক্ষিপ্ত করা।

مَنْ يَّهْدِىْ : যে পথ দেখায়।

اَلسُّبُلُ : পথ, রাস্তা। (প্রাগুক্ত)।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : شَكَا ফে'ল اَلرَّاعِىْ মাফউল اُوَيْسٌ ফায়েল اَلرَّاعِىْ - نَزْعَهٗ থেকে বদল। بِكَلَامٍ مُفْصِحٍ لَا كَالْحُكَلْ - شَكَا -এর সাথে মুতা'আল্লিক।

قَوْلُهٗ ثُمَّ قَالَ اِذْ رَاٰى الخ : ثُمَّ হরফে আতফ, قَالَ ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, اِذْ رَاٰى اِعْجَابَهٗ যরফে মুতা'আল্লিক। ফে'ল, ফায়েল ও যরফে মুতা'আল্লিক মিলে কাওল, اَعْجَبُ مِنْ ذَاكَ মুবতাদা, مَنْ يَّهْدِى السُّبُلْ খবর। মুবতাদা ও খবর মিলে মাকূলাহ।

রাসূল ﷺ-এর নবুয়তের উপর নেকড়ে বাঘ কর্তৃক একটি রাখালকে সংবাদ প্রদান : আবূ নাঈম কতিপয় সূত্রে হযরত আবূ সাঈদ খুদরী (রা.) -এর বর্ণনা দ্বারা উল্লেখ করেন যে, কোনো কঙ্করময় ভূমিতে একটি রাখাল একদা তার ছাগলের পাল চরাচ্ছিল। এমন সময় হঠাৎ একটি নেকড়ে বাঘ তার উক্ত পাল থেকে একটি ছাগল নিয়ে ছুটে যাচ্ছিল। বাঘের কাছ থেকে রাখাল ছেলেটি ছাগলটিকে ছিনিয়ে আনল। নেকড়ে বাঘ তখন নিরাশ হয়ে আপন লেজের সহায়তা নিয়ে বসে পড়ে পরিষ্কার ভাষায় বলতে লাগল যে, তুমি তো দেখছি আল্লাহর ভয় কর না। তুমি আমার কাছ থেকে আমার রিজিক ছিনিয়ে নিয়ে গেছ। অথচ সেটা আমাকে আমার একচ্ছত্র রিজিকদাতা আল্লাহ তা'আলাই দান করেছিলেন। রাখাল বলল, এটা তো বড় আশ্চর্যের কথা যে, নেকড়ে বাঘ মানুষের মতো কথা বলছে! নেকড়ে বাঘ বলল, আমি তোমাকে এর চেয়েও আশ্চর্য কথা

বলছি যে, তা হলো আল্লাহর একজন রাসূল ﷺ এসেছেন, যিনি দুই প্রস্তরময় ভূমির মধ্যবর্তী এলাকায় প্রেরিত হয়েছেন। যিনি মানুষকে অতীতের সংবাদসমূহ এবং বিগত দিনের ঘটনাবলির বৃত্তান্ত দিচ্ছেন। এ কথা শোনার পর রাখাল ছেলেটি ছাগলগুলোকে বাড়িতে পৌঁছে দিয়ে সোজা মদীনায় পৌঁছে রাসূল ﷺ -এর কাছে গিয়ে পুরো ঘটনাটি বর্ণনা করল। তিনি বললেন, হ্যাঁ নিঃসন্দেহে নেকড়ে বাঘটি সত্য কথাই বলেছে। ইমাম আহ্‌মদ ইবনে হাম্বল, ইবনে সা'আদ, বায্‌যার ও হাকিম এ ঘটনাটির বর্ণনা দিয়েছেন আর বায়হাকী এটাকে সহীহ্ বলে আখ্যা দিয়েছেন। বুখারী (র.) তাঁর ইতিহাস গ্রন্থে আর আবূ নাঈম ওহ্‌বান ইবনে আউস ও আনাস (রা.) -এর বর্ণনা সূত্রে এবং আহ্‌মদ প্রমুখ আবূ হুরায়রা (রা.) -এর বর্ণনা দ্বারা সহীহ্ সূত্রে নিজ নিজ গ্রন্থে ঘটনাটি সংকলন করেছেন।

اَلْقِسْمُ السَّادِسُ

ষষ্ঠ পরিচ্ছেদ

مُعْجِزَاتُهُ ﷺ فِيْ اِحْيَاءِ الْمَوْتٰى-

وَالِدَانِ اَخْبَرَا اِذْ اَسْلَمَا * اَنَّ بِنْتًا غَيَّبُوْهَا فِي الْجَرَلْ

فَاَجَابَتْ اِذْ دَعَاهَا حَيَّةً * وَهِيَ تَعْدُوْ لَا كَاِسْرَاعِ الْوُعَلْ

وَارْتَضَتْ رَوْحَ الْاِلٰهِ وَانْثَنَتْ * وَاَقَامَتْهُمْ عَلٰى وَجْدِ الثَّكَلْ

অনুবাদ : মৃতকে জীবিতকরণ সম্পর্কিত রাসূল ﷺ -এর মু'জিযাসমূহ।

৯৭. দুই মাতাপিতা ইসলাম গ্রহণ করত বলল, এই সফরে (আমাদের কন্যা সন্তানটি ইহলোক ত্যাগ করেছে) এবং আমরা তাকে প্রস্তর ভূমিতে দাফন করে দিয়েছি।

৯৮. অতঃপর রাসূল ﷺ সে বালিকাটিকে ডাক দিলে বালিকাটি পাহাড়ী ছাগলের ন্যায় দ্রুতবেগে দৌড়ে জীবন্ত উপস্থিত হলো।

৯৯. (পার্থিব জীবনের উপর) মহা প্রতি-পালকের সুখ শান্তিকে প্রাধান্য দিয়ে প্রত্যাবর্তন করল, এবং মাতাপিতাকে বিরহের রেখা এঁকে চিরতরে ফেলে গেল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

وَالِدَانِ : এটি اسم جامد দ্বি-বচন, একবচনে وَلَدٌ অর্থ– মাতাপিতা। কুরআনে আছে– لِلرِّجَالِ نَصِيْبٌ مِمَّا تَرَكَ الْوَالِدَانِ

اَخْبَرَا : সীগাহ تثنيه مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِخْبَارًا মূলবর্ণ (خ ـ ب ـ ر) জিনসে صحيح অর্থ– খবর দেওয়া, সংবাদ দেওয়া। اخبرا - তারা দু'জন সংবাদ দিয়েছে, বলল।

اَسْلَمَا : এটি সীগাহ تثنيه مذكر বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِسْلَامًا অর্থ– মুসলমান হওয়া, আনুগত্য স্বীকার করা। اَسْلَمَا - ইসলাম গ্রহণ করেছে।

بِنْتًا: এটি اسم جامد একবচন, বহুবচনে بنات অর্থ– কন্যাসন্তান, মেয়ে।

غَيَّبُوْا : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে تفعيل মাসদার تَغْيِيْبًا মূলবর্ণ (غ ـ ى ـ ب) জিনসে اجوف يائى অর্থ– বলা হয় غَيَّبَهُ غَيَابَةً - তাকে স্বীয় কবরে সমাধিত করা হয়েছে।

اَلْجَرَلُ : এটি اسم جامد একবচন, বহুবচনে اجرال অর্থ– কঙ্করময়, প্রস্তরভূমি।

اِذْ دَعَاهَا : যখন তাকে ডাকল।

اَجَابَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِجَابَةٌ মূলবর্ণ (ج ـ و ـ ب) জিনসে اجوف واوى অর্থ– প্রতিউত্তর দেওয়া। اَجَابَتْ - সাড়া দিয়েছে।

حَيَّةٌ : এটি صيغه صفت مؤنث অর্থ– জীবিত। কুরআনে আছে– فَاِذَا هِىَ حَيَّةٌ تَسْعٰى

تَعْدُوْ : সে দৌড়ছে।

اِسْرَاعٌ : এটি مصدر বাবে افعال অর্থ– দ্রুত চলা।

اَلْوَعِلُ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَوْعَالٌ وُعُوْلٌ অর্থ– পাহাড়ী ছাগল।

اِرْتَضَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِرْتِضَاءٌ মূলবর্ণ (ر ـ ض ـ ى) জিনসে ناقص يائى অর্থ– পছন্দ করা, اِرْتَضَتْ - পছন্দ করেছে, প্রাধান্য দিয়েছে।

رَوْحٌ : অর্থ– সুখ-শান্তি।

اِنْثَنَتْ : প্রত্যাবর্তন করল। (প্রাগুক্ত)

وَجْدٌ : এটি اسم مصدر বাবে ضرب سمع অর্থ– মহববত, খুশি, ব্যথা।

اَلثَّكَلُ: এটি مصدر বাবে سمع জিনসে صحيح অর্থ– সন্তান হারানো (বিরহ)।

تَرْكِيْبُ الْجُمَلِ **(বাক্যসমূহের বিশ্লেষণ)** : وَالِدَانِ মুবতাদা, اَخْبَرَا খবর, اِذْ اَسْلَمَا - اَخْبَرَا -এর সাথে মুতা'আল্লিক, اَنَّ بِنْتًا الخ - اَسْلَمَا -এর মাফউলে বিহী।

قَوْلُهٗ فَاَجَابَتْ اِذْ دَعَاهَاالخ : اِذْ ইসমে শর্ত,دَعَاهَا জুমলায়ে ফে'লিয়্যাহ শর্তে মুয়াখ্খার, فَاَجَابَتْ জাযায়ে মুকাদ্দাম, حِيَّةً এটা اَجَابَتْ -এর যমীর থেকে হাল, هِىَ মুবতাদা, تَعْدُوْ খবর। মুবতাদা ও খবর মিলে حَيَّةٌ কিংবা اَجَابَتْ -এর যমীর হতে হাল।

قَوْلُهٗ وَارْتَضَتْ رَوْحَ الخ : ارتضت ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, رَوْحَ الْاِلٰهِ মাফউল। اِنْثَنَتْ ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল। اَقَامَتْ ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, هُمْ মাফউল عَلٰى وُجْدِ الثَّكْلِ মুতা'আল্লিক।

তাঁর মু'জিযায় একটি বালিকার জীবন লাভ : উল্লিখিত পংক্তি তিনটি এই ঘটনার দিকে ইঙ্গিত যা আল্লামা কাজি আবুল ফজল আয়ায ইবনে ওমর (র.) হযরত হাসান (রা.) -এর বর্ণনা দ্বারা উল্লেখ করেন যে, এক ব্যক্তি রাসূল ﷺ -এর কাছে এসে নিবেদন করল, ইয়া রাসূলাল্লাহ! অমুক জঙ্গলে আমার কন্যাসন্তানটি মৃত্যুবরণ করেছে। আমি তাকে দাফন করে এলাম। সমগ্র বিশ্বের করুণায় আমার পেয়ারা রাসূল ﷺ সে লোকটি সহকারে সমাধি ক্ষেত্রে গেলেন। কবরে গিয়ে তিনি বালিকাটির নাম ধরে বললেন, তুমি আল্লাহর নির্দেশে আমার কথার উত্তর দাও। বালিকাটি তৎক্ষণাৎ লাব্বাইকা ওয়া সা'দাইকা-"জি হ্যাঁ আমি উপস্থিত" বলতে বলতে কবর থেকে বাইরে এল। তিনি তখন তাকে বললেন: তোমার পিতামাতা মুসলমান হয়েছেন। এখন তোমার মন চাইলে আমি আল্লাহ তা'আলার নিকট হতে অনুমতি নিয়ে আসব যেন তুমি তোমার পিতামাতার সাথে থাকতে পার। সে নিবেদন করল, "ওহে আল্লাহর রাসূল ! এখন না প্রয়োজন আছে মায়ের, আর না প্রয়োজন আমার পিতার। আমার জন্য তাদের চাইতে প্রিয় রূপে আছে আমরা মহান প্রতিপালক"। এরপর সে পৃথিবীর জীবনের উপর মহান প্রতিপালকের প্রদত্ত সুখ-শান্তিকে প্রাধান্য দিয়ে প্রত্যাবর্তন করল। পিতামাতাকে চিরতরে ফেলে গেল বিরহের রেখা এঁকে।

مَاتَ اِبْنٌ لِعَجُوْزٍ هَاجَرَتْ ⁂ وَاَضَرَّتْ ثُمَّ فَاجَئَهَا الْهَبَلْ

اَخْبَرُوْهَا ثُمَّ سَجُّوْا وَجْهَهَ ⁂ فَدَعَتْ لِلّٰهِ تَشْكُوْ مَانَزَلْ

وَاسْتَوٰى فِيْهِمْ سَوِيًّا نَاطِقًا ⁂ وَاَكَلَ الْقَوْمَ طَعَامًا وَابَلْ

অনুবাদ : ১০০. যে বৃদ্ধাটি (সফরের) কষ্টক্লেশ সহ্য করে রাসূলের খিদমতে উপস্থিত হয়েছিল। হঠাৎ করে সে সন্তান হারানোর দুঃসংবাদ পেয়েছে ।

১০১. বৃদ্ধাকে এই (বিপদের) সংবাদ দিল, অতঃপর তার চেহারাকে কাপড় দিয়ে ঢেকে দিল। (এই দুঃসংবাদ শ্রবণ করে) তার উপর অবতীর্ণ বিপদের অভিযোগ করত আল্লাহর নিকট দোয়া করল।

১০২. (দোয়ার ফলে) বালকটি সম্পূর্ণ সুস্থ হয়ে কথারত অবস্থায় উঠে পড়ল এবং সঙ্গীদেরকে নিয়ে আহার করল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

عَجُوْزٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে عَجَائِزُ عُجُزٌ অর্থ– বৃদ্ধা।

هَاجَرَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে مفاعلة মাসদার مهاجرة মূলবর্ণ (ه ـ ج ـ ر) জিনসে صحيح অর্থ– হিজরত করেছে, (উপস্থিত হয়েছিল)।

اَضَرَّتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِضْرَارًا মূলবর্ণ (ض ـ ر ـ ر) জিনসে مضاعف ثلاثى অর্থ– অন্ধ হওয়া, কষ্ট পাওয়া, اَضَرَّتْ - অন্ধ হয়ে গেছে , কষ্ট পেয়েছে।

فَاجَئَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে مفاعله মাসদার مُفَاجَاتٌ মূলবর্ণ (ف ـ ج ـ ء) জিনসে مهموز لام অর্থ– হঠাৎ আগমন করা, তাড়াহুড়া করা, । فَاجَئَ - হঠাৎ পেয়েছে।

اَلْهَبَلْ : এটি মাসদার هَبْلًا বাবে سمع অর্থ– হারিয়ে ফেলা, নিঃসন্তান হওয়া।

اَخْبَرُوْهَا : তাকে সংবাদ দিল।

سَجُّوْا : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে تفعيل মাসদার تَجِيَّةٌ মূলবর্ণ (س ـ ج ـ ج) জিনসে مضاعف ثلاثى অর্থ - মরদেহকে কাপড় দিয়ে ঢাকা। سَجَّوْا - কাপড় দিয়ে ঢেকে দিল।

تَشْكُوْا : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে نصر মাসদার شِكَايَةٌ - মূলবর্ণ (ش ـ ك ـ و) জিনসে ناقص واوى অর্থ– সমালোচনা করা, অভিযোগ করা। تَشْكُوْا – অভিযোগ করত।

مَانَزَلْ : যা অবতীর্ণ হয়েছে।

اِسْتَوٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افتعال মাসদার اِسْتِوَاءً মূলবর্ণ (س ـ و ـ ى) জিনসে لفيف مقرون অর্থ– সমপরিমিত হওয়া, সোজা হওয়া। اِسْتَوٰى - সোজা উঠে পড়ল। কুরআনে আছে– ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ

سَوِيًّا : এটি مصدر অর্থ– সমতল হওয়া, সোজা হওয়া।

اَبَلْ : অর্থ– (من مرضه) আরোগ্য লাভ করা, সোজা হওয়া।

تَرْكِيْبُ الْجُمَلْ **(বাক্যসমূহের বিশ্লেষণ) :** مَاتَ ফে'ল, اِبْنٌ ফায়েল, لام হরফে জার, عَجُوْزٍ মাওসূফ, هَاجَرَتْ সিফাত, اَضَرَّتْ – هَاجَرَتْ -এর উপর আতফ।

قَوْلُهٗ اَخْبَرُوْهَا ثُمَّ الخ : اَخْبَرُوْا ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, هَا মাফউল। সব মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। سَجُّوْا ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, وَجْهَهٗ মাফউল। دَعَتْ ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল لِلّٰهِ মুতা'আল্লিক, تَشْكُوْ مَانَزَلْ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মাফউল।

قوله وَاسْتَوَى فِيهِمْ الخ : اِسْتَوَى ফে'ল, তদ্ব্যকার উহ্য যমীর ফায়েল, فِيهِمْ মুতা'আল্লিক, سَوِيًّا মাফউলে মুতলাক, نَاطِقًا - اِسْتَوَى -এর যমীর হতে হাল। اَكَلَ ফে'ল, তদ্ব্যকার উহ্য যমীর ফায়েল اَلْقَوْمُ মাফউল, طَعَامًا মাফউলে ছানী। ফে'ল, ফায়েল, দুই মাফউল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। اِبل জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে اِسْتَوَى -এর উপর আতফ।

তাঁর অসিলা দিয়ে প্রার্থনা করার ফলে এক বৃদ্ধা মহিলার ছেলের পুনর্জীবন লাভ : আবূ নাঈম হযরত আনাস (রা.)-এর বর্ণনা সূত্রে উল্লেখ করেন যে, আমরা এক আনসারী যুবকের সেবা-যত্ন করতে গেলাম। তার কাছে ছিল তার বৃদ্ধা অন্ধ মা। আমরা সেখান থেকে ফিরে আসতে না আসতেই সেই যুবকটি মারা গেল। আমরা যথারীতি তার চোখ বন্ধ করে দিলাম, তার গায়ে চাদর পরালাম। তার মাকে বললাম, তুমি ধৈর্যধারণ করো, তাহলে পুণ্য লাভ করবে। সে জিজ্ঞেস করল, তবে কি আমার ছেলে মরে গেল? আমরা বললাম, হ্যাঁ, মরে গেল। একথা শুনেই সে আকাশের দিকে হাত উত্তোলন করে বলল, হে প্রভু! যদি তোমার অবগতিতে এটাই স্থিরকৃত আছে যে, আমি আমার সব কিছুকে ছিন্ন করে তোমার রাসূলের জন্য তোমারই পাশে এসে দাঁড়িয়েছি, আর এ আশা নিয়েই এসেছি যে, তুমি প্রতিটি বিপদে আমার ফরিয়াদ শুনবে, তাহলে তুমি আজ আমার উপর এ বিপদ পতিত করো না। হযরত আনাস (রা.) বলেন যে, আল্লাহর শপথ! আমরা তখনো সেখানে বসেছিলাম, এমতাবস্থায় দেখতে পেলাম যে, সে যুবকটি তার দেহোপরি চাদরখানি নামিয়ে ফেলল, আর আমাদের সাথে আহার করল।

বায়হাকী আনাস (রা.) থেকে এবং ইবনে আদী ও ইবনে আবিদ দুন্‌ইয়া এ ঘটনার বৃত্তান্ত এ রূপে দিয়েছেন।

حَنَّ جِذْعُ النَّخْلِ اِذْ حَلَّ بِهِ * مِنْ مُصَابِ الْهِجْرِ حُزْنٌ وَخَبَلْ

ضَمَّهُ بِالصَّدْرِ فَاسْتَسْلَى بِهِ * كَصَبِيٍّ بِلِبَانٍ يُشْتَغَلْ

وَاَسَرَّ بِكَلَامٍ فَارْتَضَى * كَوْنَهُ فِي الْخُلْدِ غَرْسًا وَامْتَثَلْ

অনুবাদ : ১০৩. খেজুরের খুঁটি চিৎকার করতে লাগছে যখন তার উপর নবীজির বিরহ ব্যথা ও উন্মাদনা আরোহণ করল।

১০৪. রাসূল ﷺ বক্ষের সাথে লাগালেন তাকে, এতে এমন শান্তি অনুভব করল সে যেমন দুধ পানে কোনো শিশু সন্তানকে ভুলানো হয়।

১০৫. রাসূল ﷺ তার সাথে সংগোপনে কিছু বললে সে বেহেশতের চারা-গাছে পরিণত হয়ে থাকতে পছন্দ করল এবং নবীর এরশাদ বাস্তবায়ন করল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

حَنَّ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب মাসদার حَنِيْنًا মূলবর্ণ (ح ـ ن ـ ن) জিনসে مضاعف ثلاثى অর্থ– সুখে কিংবা দুঃখে শব্দ বাহির করা।

جِذْعٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে جُذُوْعٌ اَجْذَاعٌ অর্থ– গাছের গুড়ি, খুঁটি।

اَلنَّخْلُ : অর্থ– খেজুর বৃক্ষ। কুরআনে আছে– وَلَاُصَلِّبَنَّكُمْ فِىْ جُذُوْعِ النَّخْلِ

حَلَّ : প্রবেশ করেছে, আরোহণ করল।

مُصَابٌ : এটি مصدر অর্থ– বিপদ।

اَلْهِجْرُ : এটি مصدر অর্থ– বিরহ, বিচ্ছেদ। (প্রাগুক্ত)

حُزْنٌ : ব্যথা।

خَبَلْ : এটি مصدر বাবে سمع অর্থ– উন্মাদ হওয়া, পাগল হওয়া।

ضَمَّ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার ضَمًّا মূলবর্ণ (ض ـ م ـ م) জিনসে مضاعف ثلاثى অর্থ– লাগানো, মিলানো। ضَمَّهُ - তাকে লাগালেন।

صَدْرٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে صدور অর্থ– বক্ষ কুরআনে আছে– رَبِّ اشْرَحْ لِىْ صَدْرِىْ

اِسْتَسْلٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে استفعال মাসদার اِسْتِسْلَاءٌ মূলবর্ণ (س ـ ل ـ ى) জিনসে ناقص يائى অর্থ– সান্তনা দেওয়া, ভুলে যাওয়া। اِسْتَسْلٰى - শান্তি অনুভব করল।

لَبَانٌ : লাম অক্ষরটিতে (যবর) বক্ষ, (যের) দুধ পান করানো।

يَشْتَغِلْ : সীগাহ واحد مذكرغائب বহছ اثبات فعل مضارع مجهول বাবে افتعال মাসদার اشتغالا মূলবর্ণ (ش ـ غ ـ ل) জিনসে صحيح অর্থ– মশগুল হওয়া, ভুলিয়ে দেওয়া। يشتغل - ভুলানো হয়।

اَسَرَّ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اَسْرَارًا মূলবর্ণ (س ـ ر ـ ر) জিনসে مضاعف ثلاثى অর্থ– গোপনে কথা বলা, ভেদ প্রকাশ করা। اَسَرَّ - সংগোপনে বলল। কুরআনে আছে– وَاَسِرُّوْا قَوْلَكُمْ اَوِ اجْهَرُوْا بِهٖ اِنَّهٗ عَلِيْمٌ بِذَاتِ الصُّدُوْرِ

اِرْتَضٰى : পছন্দ করছে।

اَلْخُلْدُ : অর্থ– সর্বদা, (বেহেশত)।

غَرْسًا : এটি اسم جامد একবচন, বহুবচনে اَغْرَاسٌ অর্থ– চারা-গাছ।

اِمْتَثَلْ : অনুগত করছে, বাস্তবায়ন করল।

تَرْكِيْبُ الْجُمَلْ (বাক্যসমূহের বিশ্লেষণ) : حَنَّ ফে'ল جِذْعُ النَّخْلِ মুরাক্কাবে ইযাফী হয়ে ফায়েল। ফে'ল ও ফায়েল মিলে খবরে মুকাদ্দাম, اِذْ হরফে শর্ত, حَلَّ ফে'ল, مِنْ مُصَابِ الْهَجْرِ মুতা'আল্লিক, بِهٖ দ্বিতীয় মুতা'আল্লিক, حُزْنٌ وَهَبَلْ জুমলায়ে মা'তূফাহ হয়ে ফায়েল। ফে'ল, ফায়েল দুই মুতা'আল্লিকের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা।

قوله ضَمَّهُ بِالصَّدْرِ الخ : ضَمَّ ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, ه মাফঊল بِالصَّدْرِ মুতা'আল্লিক। ف হরফে আতফ, اِسْتَسْلٰى ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, بـه প্রথম মুতা'আল্লিক, كَصَبِيٍّ দ্বিতীয় মুতা'আল্লিক صَبِيٍّ মাওসূফ, يَشْتَغِلْ সিফাত بِلَبَانٍ এটা يَشْتَغِلْ -এর সাথে মুতা'আল্লিক।

قَوْلُهٗ وَاَسَرَّ بِالْكَلَامِ الخ : اَسَرَّ ফে'ল, بِكَلَامٍ মুতা'আল্লিক, উহ্য যমীর ফায়েল। اِرْتَضٰى ফে'ল, উহ্য যমীর ফায়েল, كَوْنَهٗ فِى الْخُلْدِ غَرْسًا মাফঊল। ফে'ল, ফায়েল ও মাফঊল মলে জুমলায়ে ফে'লিয়্যাহ, اِمْتَثَلْ - اِرْتَضٰى -এর উপর আতফ।

নবীজির বিচ্ছিন্নতায় খেজুর গাছের খুঁটি চিৎকার দিয়ে কাঁদল : মুহাদ্দিস দারেমী আবদুল্লাহ ইবনে বুরাইদাহ (রা.) -এর বর্ণনা দ্বারা উৎকলন করেন যে, রাসূল ﷺ মসজিদের মিম্বর বানানোর পূর্বে খেজুর গাছের একটা খুঁটির সাথে কোমর লাগিয়ে খুত্‌বা পড়তেন। অতঃপর মিম্বর বানানোর পর নতুন মিম্বরের উপর তাশরীফ আনলেন। এমতাবস্থায় খেজুরের খুঁটিটা উটের মতো ক্রন্দন করতে লাগল। এটা শ্রবণ করে রাসূল ﷺ মিম্বর থেকে নেমে এলেন এবং তাঁর মুবারাক হাতখানা কাষ্ঠখণ্ডটির শিরোপরি রাখলেন। আর বললেন, তুমি দু'টো প্রস্তাবের যে কোনো একটাকে গ্রহণ করে নাও। তুমি কি পার্থিব বৃক্ষ রূপে থাকতে চাও, না বেহেশতের হয়ে? সে বেহেশতের হয়ে থাকতে পছন্দ করল। যেন সেখানে তাকে সবুজ শ্যামল চারা-গাছে পরিণত করে দেওয়া হয়। অতঃপর সে নীরব-নিথর হয়ে গেল। এ ঘটনাটি 'উস্তুনে হান্নানা' নামে মশহুর হয়ে রয়েছে।

اَلْقِسْمُ السَّابِعُ
সপ্তম পরিচ্ছেদ

مُعْجِزَاتُهُ ﷺ فِىْ عَدَمِ اِحْرَاقِ النَّارِ-

كَمْ اَتٰى مِنْ اَنَّ نَارًا اُجِّجَتْ * لِصَحَابَةٍ فَتُصْلٰى اَوْ تُمَلْ

لَمْ تُؤَثِّرْ بَلْ وَصَارَتْ رَوْضَةً * ذَاتَ بَرْدٍ وَسَلَامٍ وَاُكَلْ

অনুবাদ : অগ্নি নিঃক্রিয়া স্পর্শকৃত মুজিযাসমূহ।

১০৬. একধিকবার সাহাবীদের জন্য অগ্নি প্রজ্বলিত করা হয়েছিল, যেন তাদেরকে জ্বালিয়ে দেয় পুড়িয়ে দেয়।

১০৭. আগুন তাদের উপর কোনো ক্রিয়া তো করতে পারেনি; বরং তা শান্ত স্নিগ্ধ শীতল ফুলের বাগানে রূপান্তরিত হয়ে গেল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَتٰى : অর্থাৎ شَرَعَ - শুরু করে দিয়েছি।

اُجِّجَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى مجهول বাবে تفعيل মাসদার تَأْجِيْجًا মূলবর্ণ (أ ـ ج ـ ج) জিনসে মুরাক্কাব مهموز فاء ও مضاعف ثلاثى অর্থ– (اَلنَّارُ) অগ্নি প্রজ্বলিত করা। اُجِّجَتْ - প্রজ্বলিত করা হয়েছে।

تُصْلٰى : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে سمع মাসদার صلى صليا صلى মূলবর্ণ (ص ـ ل ـ ى) জিনসে ناقص يائى অর্থ– আগুনে জ্বলা। কুরআনে আছে– تَصْلٰى نَارًا حَامِيَةً

تُمَلْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে نصر মাসদার ملا মূলবর্ণ (م ـ ل ـ ل) জিনসে مضاعف ثلاثى অর্থ - আঙ্গারায় রাখা। تُمَلُّ - পুড়িয়ে দেয়।

لَمْ تُؤَثِّرْ : সীগাহ واحد مونث غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাবে تفعل মাসদার تَأْثِيْرًا মূলবর্ণ (أ ـ ث ـ ر) জিনসে مهموز فاء অর্থ– ক্রিয়া করা। لَمْ تُؤَثِّرْ - ক্রিয়া করে নাই।

رَوْضَةً : এটি اسم جامد একবচন, বহুবচনে رَوْض رِيَاض رَوْضَاتٌ অর্থ– বাগান।

بَرْدًا : অর্থ :-শীতল, কুরআনে আছে – يَا نَارُ كُوْنِىْ بَرْدًا وَسَلَامًا عَلٰى اِبْرَاهِيْمَ

اُكُلٌ : كاف তে পেশ কিংবা সাকিন অর্থ– ফল, খাদ্য, প্রশস্ত, রিজিক, (ফুলের বাগান)।

فَذُوَيْبُ حِيْنَ اَلْقَوْا فِى اللَّظٰى * كَالْخَلِيْلِ صَارَ فِىْ بَرْدٍ وَظِلْ

অনুবাদ : ১০৮. হযরত যুয়াইব (রা.) -কে যখন অগ্নিকুণ্ডতে নিক্ষিপ্ত করা হলো, (হযরত ইবরাহীম) খলীলুল্লাহ (আ.) -এর ন্যায় তা শীতল ও ছায়া বিশিষ্ট হয়ে গেল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَلْقَوْا : নিক্ষিপ্ত করা হলো।

اَللَّظٰى : এটি مصدر বাবে سمع অর্থ– অগ্নি প্রজ্বলিত হওয়া।

اَلْخَلِيْلُ : এটি হযরত ইবরাহীম (আ.) -এর উপাধি।

ظَلٌّ : এটি اسم جامد একবচন, বহুবচনে ظِلَالٌ অর্থ– ছায়া। কুরআনে আছে– اِنْطَلِقُوْا اِلٰى ظِلٍّ ذِىْ ثَلٰثِ شُعَبٍ

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : ذُوَيْبٌ মুবতাদা حِيْنَ তার যরফ, اُلْقُوْا فِى اللَّظٰى জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে حِيْنَ -এর মাজরুর, صَارَ খবর, كَالْخَلِيْلِ - صَارَ -এর খবর, فِىْ بَرْدٍ وَظِلٍّ - صَارَ-এর ইসম।

শেষ নবীর বদৌলতে সাহাবায়ে কেরামের জন্য প্রজ্বলিত অগ্নি শীতল হয়ে গেল : ইবনে ওহাব, ইবনে লাহিয়ার বর্ণনা দ্বারা সংকলন করেন যে, আসওয়াদ আনাসী নবুয়তের দাবি করত সান'আ শহরের উপর বিজয়ী হলো। সে রাসূলের সাহাবী হযরত যুয়াইব ইবনে কুলাইব (রা.) -কে গ্রেপ্তার করে প্রজ্বলিত অগ্নিকুণ্ডে নিক্ষেপ করল, কিন্তু আগুন তাঁকে কোনো ক্ষতি করেনি। ঠিক সে সময় রাসূল ﷺ এ ঘটনার বর্ণনা সাহাবীদের কাছে দিলেন মুজিযা রূপে। তখন ফারূকে আ'যম (রা.) বলে উঠলেন, আল্‌হামদুলিল্লাহ ! আল্লাহ তা'আলা আমাদের দলের মধ্যে এমন লোক সৃষ্টি করলেন যাদের উপর অগ্নিকুণ্ড হযরত ইবরাহীম (আ.)-এর ন্যায় শীতল হয়ে গেল।

وَابْنُ خَوْلَانَ رَمَوْا فِىْ جَمْرِهَا ✱ فَاسْتَعَاذَ الْجَمْرُ مِنْهُ وَانْفَتَلْ

অনুবাদ : ১০৯. হযরত আবূ মুসলিম খাওলানী (রা.) -কে অগ্নিকুণ্ডে নিক্ষেপ করলে, আঙ্গার তার থেকে আশ্রয় চাইল এবং তার জ্বালানী শক্তি পাল্টে গেল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

رَمَوْا : নিক্ষেপ করল। (প্রাগুক্ত)

جُمْرٌ : এটি اسم جامد বহুবচন, একবচনে جَمْرَةٌ অর্থ– আঙ্গার, (অগ্নিকুণ্ড)।

اِسْتَعَاذَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে استفعال মাসদার اِسْتِعَاذًا মূলবর্ণ (ع . و . ذ) জিনসে اجوف واوى অর্থ– আশ্রয় চাওয়া- اِسْتَعَاذَ - আশ্রয় চাইল।

اِنْفَتَلْ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে انفعال মাসদার انفتالا মূলবর্ণ (ف . ت . ل) জিনসে صحيح অর্থ– রশি ইত্যাদি পাকানো, বটা। اِنْفَتَلَ - পাল্টে গেল।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : اِبْنُ خَوْلَانَ মাফউল, رَمَوْا ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, فِىْ جَمْرِهَا মুতা'আল্লিক সহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। استعاذ ফে'ল, اَلْجَمَرَةُ ফায়েল مِنْهُ মুতা'আল্লিক সহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। اِنْتَفَلَ এটা اِسْتَعَاذَ -এর উপর আতফ।

হযরত আবূ মুসলিম খাওলানী (রা.) -এর উপর আগুনের নিষ্ক্রিয়তা : ইবনে আসাকির (র:) ইসমাঈল ইবনে আব্বাস (রা.) -এর সূত্রে শুরাহ্ ইবনে মুসলিম খাওলানী (রা.) -এর বর্ণনা দ্বারা বিবৃত করেন যে, ইয়ামনে আসওয়াদ ইবনে কাইস নবুয়তের দাবি করল। সে রাসূলের সাহাবী আবূ মুসলিম খাওলানী (রা.) -কে ডেকে পাঠাল। তিনি আগমন করলে সে বলল, তুমি কি আমার রিসালাতের সাক্ষ্য দিচ্ছ ? আবূ মুসলিম বললেন, আমি শুনতেই পাচ্ছি না। সে বলল, তুমি মুহাম্মদ ﷺ -এর স্বীকৃতি দিচ্ছ ? তিনি বললেন, হ্যাঁ । সে তক্ষুণি কর্মচারীদের আদেশ দিল যে, আগুন প্রজ্বলিত করো। আগুন জ্বালানো হলো। আবূ মুসলিম (রা.) -কে সেখানে নিক্ষেপ করা হলো । কিন্তু আগুন তাঁর কোনো ক্ষতিই করল না। লোকেরা আসওয়াদকে বলল, তুমি ওকে এখান থেকে বের না করলে সে তোমার দলীয় সবাইকে তার ভক্তে ও আস্থাবানে পরিণত করে ফেলবে। এর ভিত্তিতে সে সাহাবী মহোদয়কে সেখান থেকে বাহির হয়ে যাওয়ার আদেশ করল। হযরত আবূ বকর (রা.) -এর খেলাফত কালের এ ঘটনা। পরক্ষণে তিনি মদীনায় এসে পৌঁছে ছিলেন। সাহাবীর এ কারামতটি রাসূল ﷺ -এর মু'জিযার প্রতিফলন।

وَاحْتَمَى الْعَمَّارُ مِنْهَا سَالِمًا * لَمْ يَضُرَّ اللَّفْحُ مِنْهَا وَالشُّعَلْ

অনুবাদ : ১১০. হযরত আম্মার (রা.) তার (অগ্নি) থেকে এমন নিরাপদে বেঁচে গেলেন, তাঁর ক্ষতি করতে পারেনি অগ্নিদীপ্ত কিংবা অগ্নিশিখা।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اِحْتَمٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افتعال মাসদার اِحْتِمَاءٌ মূলবর্ণ (ح ـ م ـ ى) জিনসে ناقص يائى অর্থ– (بص عن) বেঁচে যাওয়া। اِحْتَمٰى – বেঁচে গেলেন।

لَمْ يَضُرَّ : ক্ষতি করতে পারেনি।

اَللَّفْحُ : অর্থ– অগ্নিদীপ্ত।

اَلشُّعَلْ : এটি جمع تكسير একবচনে شُعْلَةٌ অর্থ– অগ্নিশিখা।

تَرْكِيْبُ الْجُمَلْ (বাক্যসমূহের বিশ্লেষণ) : اِحْتَمٰى ফেল, اَلْعَمَّارُ ফায়েল, مِنْهَا মুতা'আল্লিক, سَالِمًا এটা عَمَّارُ থেকে হাল, لَمْ يَضُرَّ এটা سَالِمًا -এর সিফাত, اَللَّفْحُ – لَا يَضُرُّ -এর ফায়েল, اَلشُّعَلْ – اَللَّفْحُ -এর উপর আতফ।

হযরত আম্মার (রা.) -এর জন্য আগুন পুষ্প উদ্যানে পরিণত হওয়া : ইবনে সা'আদ আমর ইবনে মাইমূনের বর্ণনা দ্বারা ঘটনা বর্ণনা করেন যে, শত্রুরা হযরত আম্মার (রা.) -কে অগ্নিতে নিক্ষেপ করল। রাসূল ﷺ তখন তাঁর পাশ দিয়ে যাচ্ছিলেন। তিনি তাঁর মাথায় হাত বুলিয়ে দিয়ে বলেছিলেন, ওহে আগুন ! তুমি যেভাবে হযরত খালীলুল্লাহ ﷺ -এর জন্য শীতল হয়ে গিয়েছিলে– এমনিভাবে আম্মারের জন্যেও শীতল হয়ে যাও। আগুন তক্ষুণি শীতল হয়ে গেল।

وَتَمِيْمٌ رَدَّهَا فِيْ غَارِهَا * اِذْ بَدَتْ تَرْمِيْ ضِرَامًا كَالْجَبَلِ

অনুবাদ : ১১১. হযরত তামীমে দারী (রা.) আগুনের ফুলকিগুলো গিরি-কন্দরে ফিরিয়ে দিয়েছেন। যখন তা পর্বতের ন্যায় অগ্নি-উদগিরণে প্রকাশিত হয়েছে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

رَدَّهَا : অর্থ–তাকে ফিরিয়ে দিয়েছে।

غَارٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَغْوَارٌ غِيْرَانٌ অর্থ– গর্ত, গুহা, গিরি-কন্দর।

بَدَتْ : প্রকাশিত হয়েছে।

ضَرَامٌ : অর্থ–প্রজ্বলিত, দীপ্তি।

جَبَلٌ : অর্থ–পর্বত।

تَرْكِيْبُ الْجُمَلْ (বাক্যসমূহের বিশ্লেষণ) : تَمِيْمٌ মুবতাদা, رَدَّهَا فِيْ غَارِهَا জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জাযা। اذ ইসমে শর্ত, بَدَتْ تَرْمِيْ الخ শর্ত।

তামীমে দারী (রা.) কর্তৃক অগ্নিকে গুহায় প্রবিষ্টকরণ : আবূ নাঈম মুয়াবিয়া ইবনে হারমালের বর্ণনায় উল্লেখ করেন যে, একবার পর্বত থেকে অগ্নি উদগিরণ হলো। হযরত ওমর (রা.) তখন তামীমে দারী (রা.) -এর কাছে গিয়ে বললেন, এ আগুনের কাছে চলো। তিনি উঠলে আমিও তাঁর অনুসরণ করলাম। তাঁরা দু'জন আগুনের কাছে পৌঁছলেন। তামীমে দারী (রা.) নিজ হাত দ্বারা আগুনকে জড়ো করতে লাগলেন। তখন আগুনের ফুলকিগুলো পর্বত-গুহায় পালিয়ে যেতে শুরু করল। হযরত তামীমে দারীও সেগুলোর পিছনে পিছনে গিরি-কন্দরে গিয়ে পৌঁছলেন। বায়হাকীর বর্ণনাও এরূপ। সাহাবীর কারামাত প্রকৃতপক্ষে রাসূল ﷺ -এর মু'জিযা স্বরূপ।

كَانَ مِنْدِيْلٌ اِذْ يُصْلٰى بِهَا * صَارَ مُبْيَضًّا كَثَوْبٍ قَدْ غُسِلْ

অনুবাদ : ১১২. (হাত মুখ পরিষ্কার করার) রুমালটি যখন অগ্নিতে নিক্ষেপ করা হয়। ধোয়া কাপড়ের ন্যায় তা হয়ে যায় (ঝকঝকে) সাদা।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

مِنْدِيْلٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে مَنَادِيْلُ অর্থ– হাত মুখ মুছার রুমাল।

يُصْلٰى : অগ্নিতে নিক্ষেপ করা হয়।

مُبْيَضًّا : সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাবে افعلال মাসদার اِبْيِضَاضٌ মূলবর্ণ (ب ـ ى ـ ض) জিনসে اجوف يائى অর্থ– সাদা হওয়া। مُبْيَضٌّ - সাদা হয়ে যায়।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : كَانَ ফে'লে নাকিস, مِنْدِيْلٌ ইসমে 'কানা', اِذَا يُصْلٰى الخ খবরে 'কানা', يُصْلٰى بِهَا শর্ত, صَارَ জাযা। مُبْيَضًّا এটা صار -এর ইসম, كَثَوْبٍ তার খবর قَدْ غُسِلْ এটা ثَوْب -এর সিফাত।

রাসূল ﷺ-এর স্পর্শকৃত রুমাল অগ্নিতে না জ্বলা : আবূ নাঈম উব্বাদ ইবনে আবদুস সামাদের বর্ণনাক্রমে লিখেছেন যে, একদা আমরা হযরত আনাস (রা.) -এর সমীপে উপস্থিত হলে তিনি তাঁর দাসীকে বললেন, হে দাসী ! দস্তরখানাটা বিছিয়ে দাও, আমরা নাস্তা করব। সে দস্তরখানা নিয়ে আসল। হযরত আনাস বললেন, রুমাল নিয়ে এসো। সে একটি ময়লা রুমাল নিয়ে আসল। তিনি বললেন, চুলোয় আগুন জ্বালাও। সে চুলোয় আগুন জ্বেলে দিল। তিনি দাসীকে আদেশ দিলেন, রুমালটি চুলোয় ফেলে দাও। সে চুলোয় রুমালটি ফেলে দিল। এরপর সেটাকে সে বের করল। সেটা দুধের মতো সফেদ হয়ে বের হলো। আমরা নিবেদন করলাম যে, এ কাহিনীটার রহস্য কি ? তিনি বললেন, রাসূল ﷺ এ রুমাল দ্বারা তাঁর পবিত্র মুখ-মণ্ডল মুছতেন। বর্তমানে এ রুমালখানি যখনই ময়লা হয়ে যায়, তখনি আমরা এটাকে এভাবেই আগুনে ফেলে দেই। কেননা, যে জিনিস আম্বিয়া আলাইহি ওয়া সালামের মুখমণ্ডলের সাথে একবার লেগে যায়, আগুন সে জিনিসকে মোটেও জ্বালাতে পারে না।

اَلْقِسْمُ الثَّامِنُ

অষ্টম পরিচ্ছেদ

مُعْجِزَاتُهٗ ﷺ فِىْ اِضَاءَةِ السَّوْطِ وَالْعَصَا وَالْاَصَابِعِ وَاسْتِنَارَةِ الْوَجْهِ وَغَيْرِهَا–

وَاَضَاءَ سَوْطٌ عَصًا وَاَصَابِعُ * مِثْلَ مِصْبَاحٍ لِتَمْتَازَ السُّبُلْ

অনুবাদ : চাবুক, ছড়ি, লাঠি, আঙ্গুল ও চেহারা ইত্যাদি আলোকিত হয়ে যাওয়া সম্পর্কিত রাসূল ﷺ-এর মু'জিযাসমূহ।

১১৩. চাবুক, ছড়ি, লাঠি, আঙ্গুল প্রদীপের ন্যায় আলোকিত হয়ে গেছে । যাতে রাস্তা সুস্পষ্টরূপে দৃষ্টিগোচর হয়।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَضَاءَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِضَاءَةٌ মূলবর্ণ (ض ـ و ـ ء) জিনসে মুরাক্কাব اجوف واوى ও مهموز لام অর্থ– আলোকিত হওয়া, আলোকিত করা। কুরআনে আছে–

فَلَمَّا اَضَاءَتْ مَا حَوْلَهٗ ذَهَبَ اللّٰهُ بِنُوْرِهِمْ

سَوْطٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে سِيَاطٌ اَسْوَاطٌ অর্থ- চাবুক, কশা। কুরআনে আছে- فَصَبَّ عَلَيْهِمْ رَبُّكَ سَوْطَ عَذَابٍ
عَصًا : এটি اسم جامد একবচন, বহুবচনে عِصِىٌّ اَعْصَاءٌ অর্থ- লাঠি, কোনো বস্তুর উপর ভর দেওয়া। কুরআনে আছে- وَمَاتِلْكَ بِيَمِيْنِكَ يَا مُوْسٰى قَالَ هِىَ عَصَاىَ
اَصَابِعُ : جمع تكسير একবচনে اِصْبَعٌ অর্থ- আঙ্গুল। কুরআনে আছে- يَجْعَلُوْنَ اَصَابِعَهُمْ فِىْ اٰذَانِهِمْ
اِسْتِنَارَةٌ : এটি مصدر বাবে استفعال অর্থ- আলোকিত হওয়া।
لِتَمْتَازَ : যেন পৃথক হয়ে যায়, পরিষ্কার হয়ে যায়।

تَرْكِيْبُ الْجُمَلْ (বাক্যসমূহের বিশ্লেষণ) : اَضَاءَ ফে'ল, سَوْطٌ ফায়েল, عَصًا وَ اَصَابِعٌ উভয়টি سَوْطٌ -এর উপর আতফ। مِثْلُ مِصْبَاحٍ মাফউল لام হরফে জার, تَمْتَازُ اللَّيْلُ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মাজরূর। জার ও মাজরূর মুতা'আল্লিক হলো اَضَاءَ ফে'লের সাথে।

فَاُسَيْدٌ وَابْنُ بِشْرٍ اِذْ رَأَوْ * اَنْ يَّسِيْرُوْا فِىْ ظَلَامٍ مُنْسَدِلْ

صَارَ مِصْبَاحًا عَصًى لِوَاحِدٍ * يُبْصِرَانِ النَّهْجَ مَاءً وَ وَحَلْ

ثُمَّ لَمَّا اَنْ تَقَضّٰى جَمْعُهُمْ * صَارَ مِصْبَاحَيْنِ مِنْهُ كَالْبَدَلِ

অনুবাদ : ১১৪. হযরত উসাইদ এবং ইবনে বিশির (রা.) অন্ধকারাচ্ছন্ন (পথ) চলার সিদ্ধান্ত নিয়েছে যখন।

১১৫. তদুভয়ের একটি ছড়ি আলোকজ্জ্বল হয়ে গেল। তারা রাস্তার কাদা ও পানি দেখতে পায়।

১১৬. অতঃপর তাদের জমাত ছত্রভঙ্গ হয়ে গেলে, একটির স্থলে দু'টি প্রদীপ হয়ে যায়।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ (শব্দসমূহের বিশ্লেষণ) :

رَأَوْ : তারা সিদ্ধান্ত নিয়েছে।
يَسِيْرُوْا : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে ضرب জিনসে اجوف يائى অর্থ- চলা, সফর করা। اَنْ يَّسِيْرُوْا - চলা। কুরআনে আছে- اَفَلَمْ يَسِيْرُوْا فِى الْاَرْضِ
ظَلَامٌ : অন্ধকার। (প্রাগুক্ত)
مُنْسَدِلٌ : সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাবে انفعال মাসদার اِنْسِدَالٌ মূলবর্ণ (س ـ د ـ ل) অর্থ- আচ্ছন্ন।
يبصران : সীগাহ تثنيه مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افعال মাসদার اِبْصَارًا মূলবর্ণ (ب ـ ص ـ ر) জিনসে صحيح অর্থ- দেখা। يُبْصِرَانِ - দেখতে পায়।
اَلنَّهْجُ : এটি اسم جامد একবচন, বহুবচনে نهجات অর্থ- প্রশস্ত পথ, সড়ক।
وَحَلْ : এটি اسم جامد একবচন, বহুবচনে وُحُوْلٌ اَوْحَالٌ অর্থ- কাঁদা।
تقضى : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে تفعل মাসদার تَقَضِّيًا মূলবর্ণ (ق ـ ض ـ ى) জিনসে ناقص يائى অর্থ- ভেঙ্গে পড়া। تَقَضِّىْ - ছত্রভঙ্গ হয়ে গেল।
مِصْبَاحٌ : প্রদীপ। (প্রাগুক্ত)

تَرْكِيْبُ الْجُمَلْ (বাক্যসমূহের বিশ্লেষণ) : فا হরফে আতফ তরতীবের জন্য। اُسَيْدٌ মুবতাদা, اِبْنُ بِشْرٍ তার উপর আতফ , رأو ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল بتاويل مفرد হয়ে মাফউল। ফে'ল, ফায়েল, মাফউল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত। আগত শে'রটি জাযা হয়ে মুবতাদার খবর হবে।

يُبْصِرَانِ النَّهْجِ : قَوْلَهُ صَارَ مِصْبَاحًا الخ صَارَ ফে'লে নাকিস, مِصْبَاحًا ইসমে নাকিস, عَصَى খবরে 'সারা', জুমলায়ে ফে'লিয়্যাহ مِصْبَاحٌ -এর সিফাত, صَارَ ইসম ও খবর জাযা। শর্ত ও জাযা মিলে পূর্ববর্তী মুবতাদার খবর।

قوله ثُمَّ لَمَّا اَنْ تَقْضِىَ الخ : لَمَّا হরফে শর্ত, اَنْ تَقْضِىَ جَمْعُهُمْ শর্ত, صَارَ জাযা, مِصْبَاحَيْنِ এটা صَارَ -এর খবর, مِنْهُ كَالْبَدَلِ উহ্য মুতা'আল্লিকের সাথে মিলে صَارَ -এর ইসম।

রাসূল ﷺ-এর বিশিষ্ট সাহাবীদ্বয়ের ছড়ি প্রদীপের ন্যায় উজ্জ্বল হয়ে যাওয়া : বায়হাকী ও আবূ নাঈম (র.) হযরত আনাস (রা.) -এর বর্ণনা দ্বারা উল্লেখ করেন যে, হযরত উব্বাদ ইবনে বিশির (রা.) এবং উমাইদ ইবনে হুযাইর (রা.) রাসূল ﷺ-এর সমীপে কোনো প্রয়োজনে উপস্থিত ছিলেন। রাত্রি ছিল ভীষণ অন্ধকার। ইতোমধ্যে রাত্রির একটি প্রহর অতিবাহিত হলো। এরপর তাঁরা দু'জন রাসূল ﷺ-এর সম্মুখ থেকে বিদায় হয়ে গেলেন। তাঁদের দু'জনার হাতে এক একটি ছড়ি ছিল। তদুভয়ের একটি ছড়ি আলোকজ্জ্বল হয়ে গেল। তারা দু'জনেই সে ছড়ির আলোতে পথ চলতে লাগল। তাদের দু'জনার পথ পৃথক হয়ে গেলে দ্বিতীয় জনের ছড়িটাও আলোকজ্জ্বল হয়ে যায়। তারা উভয়ে নিজ নিজ ছড়ির আলোয় বাড়িতে পৌঁছে গেলেন। ইবনে সা'আদ (র.) বিভিন্ন সূত্রে পরম্পরায় অত্র ঘটনাটিকে এরূপেই বর্ণনা করেছেন। বলা বাহুল্য, সাহাবীর ছড়ি আলোকিত হয়ে যাওয়া প্রকৃতপক্ষে রাসূল ﷺ-এরই মু'জিযা বিশেষ।

وَقَتَادَةُ اَضَاءَ عُرْجُوْنَهُ ✻ فَمَضٰى حَتّٰى اِلَى الْمَثْوٰى وَصَلْ

অনুবাদ : ১১৭. হযরত কাতাদা (রা.) -এর জন্য লাকড়ি আলোকিত হয়ে গেল, সে আলোতে তিনি গন্তব্যস্থলে পৌঁছে গেলেন।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَضَاءَ : আলোকিত হয়ে গেল।

عُرْجُوْنَ : এটি اسم جامد একবচন, বহুবচনে عَرَاجِيْنُ অর্থ– খেজুরের গুচ্ছের গোড়া যা বাঁকা হয় এবং গুচ্ছ কর্তনের পর বৃক্ষে যা শুকনো হয়ে অবশিষ্ট থাকে। কুরআনে আছে– عُرْجُوْنِ الْقَدِيْمِ

مَضٰى : পৌঁছে গেল।

اَلْمَثْوٰى : এটি اسم ظرف একবচন, বহুবচনে مَثَاوٍ অর্থ– গন্তব্যস্থল, মঞ্জিল।

تَرْكِيْبُ الْجُمَلْ (বাক্যসমূহের বিশ্লেষণ) : قَتَادَةُ মুবতাদা, اَضَاءَ عُرْجُوْنَهُ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। দ্বিতীয় পংক্তি এরূপ ছিল– فَمَضٰى حَتّٰى وَصَلَ اِلَى الْمَثْوٰى ; مَضٰى ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, مَضٰى – حَتّٰى -এর সাথে মুতা'আল্লিক। وَصَلَ اِلَى الْمَثْوٰى জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে حَتّٰى -এর মাজরূর হয়েছে।

রাসূল ﷺ কর্তৃক হযরত কাতাদা (রা.) -কে আলোর জন্য ছড়ি প্রদান : আবূ নাঈম আবূ সাঈদ খুদরী (রা.) -এর বর্ণনা দানের মাধ্যমে সংকলন করেন যে, কোনো এক বৃষ্টির রাতে রাসূল ﷺ ইশার নামাজের উদ্দেশ্যে রওয়ানা দিলেন, তখন বিদ্যুৎ চমকে উঠলে কাতাদা ইবনে নু'মান (রা.) -কে দেখলেন। তাকে বললেন, ওহে কাতাদা ! নামাজের পর একটু অপেক্ষা করো। আমি বলার পর তুমি যেয়ো। নামাজ থেকে অবসর হয়ে তিনি তাকে একটা শাখা দিয়ে বললেন, এটা নিয়ে যাও। এটা আলোকিত হয়ে যাবে। এর আলোর প্রতিফলন দশ হাত সম্মুখে দশ হাত পশ্চাতে হবে। সুতরাং তদ্রূপই হলো।

وَطُفَيْلٌ اِذْ سَرٰى فِىْ ظُلْمَةٍ * صَارَ ذَا نُوْرٍ بِسَوْطٍ مُشْتَعِلْ

অনুবাদ : ১১৮. হযরত তোফাইল (রা.) অন্ধকার রজনীতে গমন করলে তাঁর ছড়ি আলোকজ্জ্বল হয়ে যায়। এ জন্য তাঁর পদবী যুন্নূর (আলো বিশিষ্ট) হয়ে যায়।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

سَرٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب মাসদার سَرْيًا سَرًى سَرْيَةً মূলবর্ণ (س . ر . ى) জিনসে ناقص يائى অর্থ– রাত্রে চলা, গমন করা। اِذْ سَرٰى - যখন গমন করল।

مُشْتَعِلْ : আলোকিত, প্রজ্বলিত।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : طُفَيْلٌ মুবতাদা, اِذْ سَرٰى الخ - طُفَيْلٌ -এর সাথে মুতা'আল্লিক صَارَ খবর, তন্মধ্যকার উহ্য যমীর তার ইসম, ذَا نُوْرٍ তার খবর بِسَوْطٍ - صَارَ -এর সাথে মুতা'আল্লিক ।

রাসূল ﷺ -এর বরকতে হযরত তুফাইল (রা.) -এর চাবুক অন্ধকারে চমকে উঠে : ইবনে জারীর কলবীর বর্ণনা দ্বারা উল্লেখ করেন যে, তিনি 'যিন্নূর' নামে খ্যাত সাহাবী হযরত তুফাইল (রা.) -এর ঘটনা উল্লেখ করেন। হযরত তুফাইল (রা.) রাসূল ﷺ -এর খেদমতে উপস্থিত হলে তিনি তাঁর সম্প্রদায়ের জন্য দোয়া করলেন। তিনি নিবেদন করলেন যে, আপনি আমাকে কোনো বিশেষ নির্দেশ দিয়ে আমার সম্প্রদায়ের কাছে পাঠান। রাসূল ﷺ তাঁর জন্য দোয়া করলেন, হে আল্লাহ ! তাঁকে উজ্জ্বল আলো দান করুন। এ দোয়া শেষ হতে না হতেই হযরত তুফাইল (রা.) -এর উভয় চক্ষের মধ্যবর্তী জায়গায় আলো বিকীর্ণ হতে লাগল, তখন রাসূল ﷺ বললেন, আয় আল্লাহ ! না হোক যদি লোকেরা বলে যে, এটাতো মু'জিযা নয়, এটা হলো কুষ্ঠরোগ। এ কথা শেষ হতে না হতে সে আলো সেখান থেকে স্থানান্তরিত হয়ে তাঁর চাবুকের প্রান্তভাগে চলে এলো। সেটা প্রতিটি নিশীথের অন্ধকারে আলোকজ্জ্বল হয়ে চমকে উঠতো।

وَمَضَى السِّبْطَانِ لَمَّا اَبْرَقَتْ * بَرْقَةً لِلْبَيْتِ وَاللَّيْلُ غَطِلْ

অনুবাদ : ১১৯. দুই সহোদর [হযরত হাসান, হুসাইন (রা.)] নবীগৃহ থেকে বিদায় নিতেই বিদ্যুতের ন্যায় আলো জ্বলে উঠল, অথচ রাত তখন অন্ধকারাচ্ছন্ন ছিল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

مَضٰى : গমন করতেই, বিদায় নিতেই।

اَلسِّبْطَانُ : এটি اسم جامد দ্বিবচন, একবচনে سِبْطٌ বহুবচনে اَسْبَاطٌ অর্থ– সন্তানের সন্তান পৌত্র। সাধারণত: তার ব্যবহার বিশিষ্ট ব্যক্তিবর্গের উপর হয়।

اَبْرَقَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِبْرَاقًا মূলবর্ণ (ب . ر . ق) জিনসে صحيح অর্থ– বজ্রপাত হওয়া, (اَلسَّمَاءُ) প্রজ্বলিত বজ্র হওয়া।

بَرْقَةً : এটি স্ত্রীলিঙ্গ, পুংলিঙ্গে بَرْقٌ অর্থ– বজ্র। কুরআনে আছে – فِيْهِ رَعْدٌ وَّبَرْقٌ

غَطِلْ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে سمع মাসদার غَطْلًا অর্থ–অন্ধকারাচ্ছন্ন।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : মূল ইবারত এভাবে– وَمَضَى السِّبْطَانُ لِلْبَيْتِ اَىْ مِنَ الْبَيْتِ لَمَّا اَبْرَقَتْ بَرْقَةً وَاللَّيْلُ غَطِلْ। مَضٰى ফে'ল, السِّبْطَان ফায়েল, لِلْبَيْتِ মুতা'আল্লিক, সব মিলে জাযা, اَبْرَقَتْ শর্তে মুয়াখ্খার, بَرْقَةً ফায়েল, اَللَّيْلُ غَطِلْ - بَرْقَةً থেকে হাল।

হযরত হাসান ও হুসাইন (র:) -এর জন্য অলৌকিক জ্যোতি প্রকাশিত হওয়া : বায়হাকী ও আবূ নাঈম হযরত আবূ হুরায়রা (রা.) -এর বর্ণনা সূত্রে উল্লেখ করেছেন যে, আমরা রাসূল ﷺ -এর সাথে এশার নামাজ আদায় করতাম। তিনি

সিজদায় গেলে হযরত হাসান-হুসাইন (রা.) ভ্রাতৃদ্বয় লাফিয়ে গিয়ে তাঁর পিঠের উপর চড়ে বসতো। তিনি সিজদা থেকে মাথা উঠালে তাঁদেরকে আস্তে ধরে মাটিতে নামিয়ে দিতেন। অতঃপর যখন পুনর্বার সিজদায় যেতেন, তখন তারা উভয়ে আবার এসে রাসূল ﷺ -এর পিঠে চড়ে বসতো। তিনি নামাজ শেষ করার পর তাদের একজনকে একদিকে আর অপরজনকে অন্যদিকে বসিয়ে দিলেন। আমি উপস্থিত হয়ে আরজ করলাম, ইয়া রাসূলাল্লাহ ﷺ! আমি কি তাদেরকে তাদের মায়ের কাছে পৌঁছে দিয়ে আসব ? তিনি বললেন, না। ইতোমধ্যে একটি আলো প্রকাশিত হলো, তখন তিনি তাদেরকে বললেন, এখন তোমরা চলে যাও। তারা দু'জন উক্ত আলোয় বাড়িতে পৌঁছে গেল। হাকীম উক্ত ঘটনাটিকে এভাবেই বর্ণনা করেছেন, আর এটাকে সহীহ আখ্যা দিয়েছেন।

اَنْمِلَاتُ اَسْلَمِيْ اَشْرَقَتْ * فَاَنَاخَ الْقَوْمُ فِي الضَّوْءِ الْاِبِلْ

অনুবাদ : ১২০. হযরত আসলামী (রা.) -এর আঙ্গুলগুলো চমকে উঠল। লোকজন সে আলোতেই নিজ নিজ উটগুলোকে বসিয়ে দিয়েছে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَنْمِلَاتُ : এটি اسم جامد বহুবচন, একবচনে اَنْمِلَةٌ অর্থ– আঙ্গুলের মাথা।

اَشْرَقَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِشْرَاقًا মূলবর্ণ (ش ـ ر ـ ق) জিনসে صحيح অর্থ– সূর্যের আলোতে আলোকিত হওয়া। اَشْرَقَتْ - চমকে উঠল।

اَنَاخَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِنَاخَةٌ মূলবর্ণ (ن ـ و ـ خ) জিনসে اجوف واوى অর্থ– উট বসান। اَنَاخَ- বসিয়ে দিয়েছে।

ضَوْءٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَضْوَاءٌ অর্থ– আলো।

اِبِلْ : একবচন, বহুবচনে اٰبَالٌ অর্থ– উট।

تَرْكِيْبُ الْجُمَلْ (বাক্যসমূহের বিশ্লেষণ) : اَنْمِلَاتُ اَسْلَمِيْ মুরাক্কাবে ইযাফী হয়ে মুবতাদা, اَشْرَقَتْ খবর। اَنَاخَ ফে'ল, اَلْقَوْمُ ফায়েল, فِي الضَّوْءِ মুতা'আল্লিক, اَلْاِبِلْ মাফউলে বিহী।

রাসূল ﷺ -এর সান্নিধ্যে **হযরত হামযা আসলামী (রা.) -এর আঙ্গুলসমূহ আলোকিত হয়ে যাওয়া :** ইমাম বায়হাকী ও আবূ নাঈম হযরত হামযা আসলামী (রা.) -এর বর্ণনা দ্বারা উল্লেখ করেছেন যে, আমি এক সময় রাসূল ﷺ-এর সাথে সফরে ছিলাম। অন্ধকার রাতে আমরা ইতস্তত বিক্ষিপ্ত হয়ে পড়লাম। এমতাবস্থায় আমার আঙ্গুলগুলো উজ্জ্বল আলোয় চমকে উঠল। লোকজন সে আলোতেই নিজ সওয়ারিগুলো একত্রিত করল। আর উটগুলোকে বসিয়ে দিল। ইমাম বুখারী তাঁর ইতিহাস গ্রন্থে এ ঘটনাটি এভাবেই বর্ণনা করেছেন।

وَقَتَادَةُ اَضَاءَ وَجْهُهٗ * تَنْظُرُ الْاَشْبَاحَ فِيْهَا وَالْمُثُلْ

অনুবাদ : ১২১. হযরত কাতাদা (রা.) -এর মুখমণ্ডল এমন উজ্জ্বল হয়ে গেল যে, বস্তুর প্রতিচ্ছবি ও আকৃতি (আয়নার ন্যায়) তাতে দেখা যায়।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَضَاءَ : আলোকিত হয়ে গেল।

وَجْهُهٗ : তার মুখমণ্ডল।

تَنْظُرُ : দেখা যায়।

اَلْاَشْبَاحُ : এটি جمع تكسير একবচনে شَبْحٌ অর্থ– আকৃতি, প্রতিচ্ছবি।

اَلْمُثُلُ : এটি جمع تكسير একবচনে مَثِيْلٌ অর্থ– আকৃতি, সাদৃশ্য।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : قَتَادَةُ মুবতাদা, اَضَاءَ খবর, وَجْهُهُ ফায়েল। تَنْظُرُ ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, اَلْاَشْبَاحُ মাফঊল, فِيْهَا মুতা'আল্লিক, اَلْمُثُلُ - اَلْاَشْبَاحُ -এর উপর আতফ।

রাসূল ﷺ -এর মুবারক স্পর্শে হযরত কাতাদা (রা.) -এর চেহারা আলোকিত হয়ে যাওয়া : বায়হাকী ইয়া'লা -এর প্রতিবেদনে বর্ণনা করেছেন যে, কাতাদা ইবনে মিলহাল অসুস্থ ছিল। আমি তাকে দেখতে গেলাম। এক ব্যক্তি ঘরের পিছনের অংশ থেকে হেঁটে গেল। তখন আমি তারই প্রতিচ্ছবি আয়নার ন্যায় হযরত কাতাদার চেহারায় দেখতে পেলাম। এর কারণ ছিল এটাই যে, হুযূর ﷺ একদা তার মুখমণ্ডলে তাঁর পবিত্র হাত ফিরিয়ে দিয়েছিলেন। আর আমি তাকে যখনই দেখতাম তখন আমার কাছে এটাই মনে হতো যে, তার চেহারায় যেন তেল মর্দন করে দেওয়া হয়েছে।

اَلْقِسْمُ التَّاسِعُ
নবম পরিচ্ছেদ

مُعْجِزَاتُهُ ﷺ فِىْ حِفْظِهٖ ﷺ عَنْ كَيْدِ الْكُفَّارِ وَاِيْذَائِهِمْ قَبْلَ الْهِجْرَةِ–

وَانْتَدَوْا لِلْمَكْرِ فَارْتَاءَتْ لَهُ ✻ ثُلَّةٌ مِنْ كُلِّ مِقْدَامٍ بَطَلْ

وَاَتَوْا لَيْلًا لِيَغْتَالُوْا بِهٖ ✻ فِىْ ظَلَامٍ لَيْسَ يُدْرٰى مَنْ قَتَلْ

فَمَضٰى مِنْ بَيْنِهِمْ لَمْ يَشْعُرُوْا ✻ وَحَثٰى التُّرْبَ عَلَيْهِمْ اِذْ رَحَلْ

فَاتَهُمْ مَا اَمَّلُوْا وَاَصْبَحُوْا ✻ يَمْسَحُوْنَ التُّرْبَ عَنْ وَجْهٍ خَجِلْ

অনুবাদ : হিজরতের পূর্বে কাফিরদের ষড়যন্ত্র ও কষ্টদান থেকে নিরাপদ থাকা সম্পর্কীয় মু'জিযাসমূহ।

১২২. কাফিররা তাঁর বিরোধিতায় একটি কমিটি গঠন করছে। বড় বড় বীর পুরুষদের একটি দল তাঁর ব্যাপারে পরামর্শ করছে।

১২৩. রাত্রে তাঁর গৃহে এ সংকল্প নিয়ে আসছে যে, যে কোনো কৌশলেই হোকনা কেন রাতের অন্ধকারে তাঁকে হত্যা করা হবে।

১২৪. তাদের সম্মুখ দিয়ে এমনভাবে প্রস্থান করল যে, তারা টেরই পায়নি কে চলে যাচ্ছে। গমনান্তে তাদের উপর মাটি নিক্ষেপ করলেন।

১২৫. তাদের সকল আশা-আকাঙ্ক্ষা ধূলিসাৎ হয়ে গেছে। প্রভাতে অপমানিত চেহারা থেকে বালুকারাশি ঝাড়তে লাগল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اِنْتَدَوْا : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افتعال মাসদার اِنْتِدَاءٌ মূলবর্ণ (ن ـ د ـ و) জিনসে ناقص واوى অর্থ– মজলিশে একত্রিত হওয়া। اِنْتَدَوْا- তারা কমিটি করেছে।

اَلْمَكْرُ : অর্থ– শাস্তি, প্রতারণা, বিরোধিতা। কুরআনে আছে– وَمَكَرُوْا وَمَكَرَ اللّٰهُ وَاللّٰهُ خَيْرُ الْمَاكِرِيْنَ

اِرْتَاءَتْ : সীগাহ واحد مونث غائب বহছ اثبات فعل ماضي معروف বাবে افتعال মাসদার اِرْتَاءً মূলবর্ণ (ر ء ى) জিনসে মুরাক্কাব مهموز عين ও ناقص يائى অর্থ–তারা পরামর্শ করেছে, গবেষণা করেছে।

ثُلَّةٌ : অর্থ– মানুষের জমাত, দল, জনগণ। কুরআনে আছে– ثُلَّةٌ مِّنَ الْاَوَّلِيْنَ وَثُلَّةٌ مِنَ الْاٰخِرِيْنَ

مِقْدَامٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে مَقَادِيْمُ অর্থ– অগ্রগামী, বড়, মডেল।

بَطَلٌ : এটি صيغه صفت একবচন, বহুবচনে اَبْطَالٌ অর্থ– বীর।

يَغْتَالُوْا : সীগাহ جمع مذكرغائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افتعال মাসদার اِغْتِيَالًا মূলবর্ণ (غ ى ل) জিনসে اجوف يائى অর্থ– ধ্বংস করা, পাকড়াও করা। لِيَغْتَالُوْا- হত্যা করবে, ধ্বংস করবে।

ظَلَامٌ : অর্থ– অন্ধকার।

يَدْرِىْ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع مجهول বাবে ضرب মাসদার دِرَايَةً মূলবর্ণ (د ر ى) জিনসে ناقص يائى অর্থ– অবগত হওয়া, জানা। ليدرى - কেউ যেন জানতে না পারে। কুরআনে আছে–
وَمَا تَدْرِىْ لَعَلَّ السَّاعَةَ تَكُوْنُ قَرِيْبًا

مَضٰى : প্রস্থান করল।

حَثٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضي معروف বাব ضرب মাসদার حَثْيًا মূলবর্ণ (ح ث ى) জিনসে ناقص يائى অর্থ– নিক্ষেপ করা। حَثٰى - নিক্ষেপ করলেন।

تُرَابٌ : মাটি।

لَمْ يَشْعُرُوْا : তারা টেরও পায়নি।

زَحَلْ : সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাবে فتح মাসদার زُحُوْلًا زَحْلًا জিনসে صحيح অর্থ– দূর হলো, বিদূরিত হলো।

فَاتَ : ধূলিসাৎ হয়ে গেল, নাগালের বাইরে চলে গেল।

اَمَّلُوْا : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل ماضي معروف বাবে تفعيل মাসদার تَامِيْلًا মূলবর্ণ (ء م ل) জিনসে مهموز فاء অর্থ– আশা করা, আকাঙ্ক্ষা করা। اَمَّلُوْا - তারা প্রত্যাশা করেছে।

اَصْبَحُوا : অর্থ– তারা প্রভাতে প্রবেশ করেছে।

تُرْبٌ : অর্থ– মাটি, বালুকারাশি।

خَجِلْ : এটি صيغه صفت অর্থ– লজ্জিত, অপমানিত।

تَرْكِيْبُ الْجُمَلْ (বাক্যসমূহের বিশ্লেষণ) : اِئْتَدَوْا ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, لِلْمَكْرِ মুতা'আল্লিক সহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। اِرْتَاءَتْ ফে'ল له মুতা'আল্লিক, ثُلَّةٌ ফায়েল। مِنْ كُلِّ مِقْدَامٍ بَطَلْ মুতা'আল্লিক-এর সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

قوله وَاَتَوْا لَيْلًا الخ : اَتَوْا ফে'ল, যমীর ফায়েল, لَيْلًا মাফঊলে ফীহ, اَتَوْ এটা لِيَغْتَالُوْا -এর সাথে মুতা'আল্লিক, يَغْتَالُوْا ফে'ল, যমীর ফায়েল, بِهِ মুতা'আল্লিক, ظَلَامٌ মাওসূফ, لَيْسَ يَدْرِىْ الخ বাক্য হয়ে সিফাত। মাওসূফ ও সিফাত মিলে মাজরূর। জার ও মাজরূর ফে'লের সাথে মুতা'আল্লিক।

قوله فَمَضٰى مِنْ بَيْنِهِمْ الخ : مَضٰى ফে'ল, যমীর ফায়েল, مِنْ - مَضٰى -এর সাথে মিলে মুতা'আল্লিক بَيْنَ মুযাফ, هُمْ মুবতাদা, لَمْ يَشْعُرُوْا খবর, মুবতাদা ও খবর মিলে মুযাফ ইলাইহ। মুযাফ ইলাইহ ও মুযাফ মিলে মাজরূর। حثى ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, اَلتُّرَابَ মাফঊলে বিহী, عَلَيْهِمْ মুতা'আল্লিক মিলে জাযায়ে মুকাদ্দাম, رحل জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্তে মুয়াখ্খার।

قوله فَاتَهُمْ مَا اَمَّلُوْا الخ : فَاتَ ফে'ল, ضَمِيْر هُمْ মাফঊল, مَا ইসমে মাওসূল ফায়েল, اَمَّلُوْا জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। اَصْبَحُوْا ফে'লে নাকিস, যমীর তার ইসম, يَمْسَحُوْنَ الخ তার খবর।

এক মুষ্টি ধূলি নিক্ষেপ ও রাসূল ﷺ -এর প্রস্থান : রাসূল ﷺ হিজরতের ইচ্ছায় গৃহে গমন করলেন। ওদিকে কাফিররা তাঁর বিরোধিতায় একটি কমিটি গঠন করল। এরপর বড় বড় বীর-পুরুষদের একটি দল তাঁর ব্যাপারে পরামর্শ করল যে, তারা রাত্রি বেলায় তাঁর গৃহে এই সংকল্প নিয়ে যাবে যে, যে কোনো কৌশলেই হোকনা কেন রাতের অন্ধকারে তাঁকে হত্যা করে ফেলতে হবে। তাহলে কেউ টেরও পাবে না যে, কে এমন ঘটনা ঘটাল। তিনি কিছু মাটির উপর ফুঁক মেরে সেগুলো তাদের চোখের উপর নিক্ষেপ করলেন। এরপর তিনি এমনভাবে বেরিয়ে পড়লেন যে, তারা টেরও পাইনি যে, কে চলে যাচ্ছে। যেরূপ সূরা ইয়াসীনের মধ্যে বর্ণিত হয়েছে– وَجَعَلْنَا مِنْ بَيْنِ اَيْدِيْهِمْ سَدًّا وَمِنْ خَلْفِهِمْ سَدًّا فَاَغْشَيْنٰهُمْ فَهُمْ لَا يُبْصِرُوْنَ "আমি তাদের সামনে ও পিছনে প্রাচীর স্থাপন করেছি, অতঃপর তাদেরকে আবৃত করে দিয়েছি, ফলে তারা দেখে না।"

এরপর কে যেন তাদেরকে বলল, তোমরা কার অপেক্ষায় আছ? তারা বলল, মুহাম্মদ ﷺ -এর ভাবনায় বসে আছি। সে বলল, খোদার শপথ! সে তো চলে গেছে। কাফিররা বলল, খোদার শপথ! আমরা তো তাকে দেখতে পাইনি। এ কথা বলেই তারা দাঁড়িয়ে নিজ নিজ মাথার উপর থেকে বালুকা রাশি ঝেড়ে ফেলতে লাগল। সুবহানাল্লাহ! কতইনা আশ্চর্য ঘটনা। ইবনে সা'আদ আবদুল্লাহ ইবনে আব্বাস (রা.) ও আয়েশা (রা.) প্রমুখের বর্ণনা সূত্রে ঘটনাটির উদ্ধৃতি দিয়েছেন।

وَاَبُوْ جَهْلٍ اَرَادَ وَطْئَهٗ ✻ اِذْ رَاٰهُ فِيْ سُجُوْدٍ مُبْتَهِلْ

فَرَاٰى نَارًا وَهَوْلًا دُوْنَهٗ ✻ وَمَضٰى نَكْصًا وَوَافَاهُ الْوَجَلْ

অনুবাদ : ১২৬. আবূ জাহল সংকল্প করছে যে, যদি তাকে বিনয়ীভাবে সিজদারত দেখতে পাই, তবে (পা দিয়ে তাঁর ঘাড়) মাড়িয়ে দিবে।

১২৭. অতঃপর সে তার ও রাসূল ﷺ -এর মধ্যস্থলে অগ্নিকুণ্ড ও ভয়ঙ্কর বস্তু দেখতে পেল এবং সে ভীত অবস্থায় পশ্চাৎবরণ করল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَرَادَ : ইচ্ছে করেছে, সংকল্প করছে।

وَطْئَه : এটি مصدر বাবে سمع মূলবর্ণ (و ـ ط ـ ى) জিনসে لفيف مقرون অর্থ– পদদলিত করা, মাড়িয়ে ফেলা।

مُبْتَهِلْ : সীগাহ واحد مذكر বহছ اسم فاعل মাসদার اِبْتِهَالًا বাবে افتعال মূলবর্ণ (ب ـ ه ـ ل) জিনসে صحيح অর্থ– (بص الى) গড়গড়িয়ে দোয়া করা। مُبْتَهِلْ - বিনয়ী।

رَاٰى : সে দেখতে পেল।

نَارًا : অগ্নিকুণ্ড।

هَوْلًا : এটি اسم جامد একবচন, বহুবচনে اَهْوَالٌ هُئُوْلٌ অর্থ– ভয়।

نَكْصًا : এটি مصدر বাবে ضرب অর্থ– পূর্বের কাজ থেকে সরে যাওয়া, পশ্চ্যাৎবরণ করা।

وَفَا : আসা, হঠাৎ আগমন করা।

وَجَلْ : অর্থ– ভয়। (প্রাগুক্ত)

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : اَبُوْ جَهْلٍ মুবতাদা اَرَادَ وَطْئَهٗ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। মুবতাদা ও খবর মিলে জাযা। رَاٰهُ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে শর্ত, مُبْتَهِلْ – ضمير منصوب থেকে হাল।

قَوْلُهٗ فَرَاٰى نَارًا الخ : رَاٰى ফে'ল, যমীর ফায়েল, نَارًا هَوْلًا মাফউল ও دونه দ্বিতীয় মাফউলসহ জুমলায়ে ফে'লিয়্যাহ। مضٰى نَكْصًا জুমমায়ে ফে'লিয়্যাহ, وَفَاهُ الْوَجَلْ জুমলায়ে ফে'লিয়্যাহ।

আবূ জাহল স্বীয় স্বার্থসীদ্ধিতে ব্যর্থতা : ইমাম মুসলিম (র.) আবূ হুরায়রা (র.) -এর বর্ণনা দ্বারা উল্লেখ করেন যে, একবার অভিশপ্ত আবূ জাহল বলল, মুহাম্মদ কি তোমাদের সম্মুখে তাঁর কপাল মাটিতে রেখে দেয় ? তারা বলল, হ্যাঁ। সে লাত ও উয্যা দেবীর শপথ করে বলল, আমি তাঁকে সেই অবস্থায় দেখতে পাওয়া মাত্রই তাঁর ঘাড়টা পা দিয়ে মাড়িয়ে দেব। এটা না পারলে তার মুখমণ্ডলে চাপা দেবই। অতঃপর সেই অভিশপ্ত ব্যক্তি রাসূলের কাছে এল। তখন তিনি নামাজে রত ছিলেন। সে রাসূল ﷺ-এর ঘাড় মাড়িয়ে দেওয়ার উদ্দেশ্যে একটু অগ্রসর হলো। কোনো কিছু করার পূর্বেই পালাতে লাগল। আর কোনো এক অদৃশ্য বস্তুকে তার হাত দ্বারা প্রতিহত করতে লাগল। লোকেরা জিজ্ঞাসা করল, কি হলো ? সে বলল, আমি দেখছিলাম যে, আমার এবং মুহাম্মদ ﷺ -এর মঝে আগুনের একটি বড় গর্ত। এছাড়াও আরো অনেক ভয়ঙ্কর জিনিস বিদ্যমান ছিল। রাসূল ﷺ শুনে বললেন, সে যদি আর একটু অগ্রসর হতো, ফেরেশতারা তাকে টুকরো টুকরো করে ফেলতো। এরপর অত্র আয়াতটি অবতীর্ণ হলো– كَلَّا اِنَّ الْاِنْسَانَ لَيَطْغٰى .... كَلَّا لَئِنْ لَّمْ يَنْتَهِ لَنَسْفَعًا بِالنَّاصِيَةِ "সত্যি সত্যি মানুষ সীমালঙ্ঘন করে" (শেষপর্যন্ত)।

بِنْتُ حَرْبٍ ذَاتَ يَوْمٍ اَقْبَلَتْ * بِلِسَانٍ فِىْ بَذَاءٍ تَهْتَمِلْ

وَاتَتْ بِالْفِهْرِ تَرْمِيْهِ بِهٖ * تَشْتَفِىْ غَيْظًا لِمَا فِيْهَا نَزَلْ

كَلَّمَتْ صِدِّيْقَهٗ وَاَصْبَحَتْ * لَا تَرَاهُ مِنْ حِجَابٍ قَدْ سُدِلْ

অনুবাদ : ১২৮. (আবূ লাহাবের স্ত্রী) আওরা বিনতে হরব একদা রাগান্বিত হয়ে মন্দ বকতে বকতে অগ্রসর হলো।

১২৯. রাসূল ﷺ-এর উপর নিক্ষেপের উদ্দেশ্যে পাথর নিয়ে আসল। যাতে করে তাঁর সম্পর্কে আয়াত অবতীর্ণ হওয়ায় যে রাগের সঞ্চার হয়েছে তা শীতল হয়।

১৩০. সে রাসূল ﷺ -এর বন্ধু সিদ্দীকের সাথে কথা বলেছে, সে তাঁকে (আল্লাহ তা'আলার পক্ষ হতে) আবরণের বারণে দেখতে পায়নি।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَقْبَلَتْ : সীগাহ واحد مونث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِقْبَالًا মূলবর্ণ (ق ـ ب ـ ل) জিনসে صحيح অর্থ– সম্মুখীন হওয়া, অগ্রসর হওয়া। اَقْبَلَتْ - অগ্রসর হলো।

بَذَاءٌ : এটি مصدر বাবে فتح سمع كرم মূলবর্ণ (ب ـ ذ ـ ى) জিনসে ناقص يائى অর্থ– মন্দ বকা, অশ্লীল কথা বলা।

تهتمل : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افتعال মাসদার اِهْتِمَالًا মূলবর্ণ (ه ـ م ـ ل) জিনসে صحيح অর্থ– রাগান্বিত হয়ে কথা বলা। تَهْتَمِلُ - রাগান্বিত হয়ে কথা বলল।

اَتَتْ : নিয়ে আসল।

اَلْفِهْرُ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَفْهَارٌ فُهُوْرٌ অর্থ– ঔষধ পিশার পাথর।

تَرْمِىْ : নিক্ষেপ করবে।

تَشْتَفِىْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افتعال মাসদার اِشْتِفَاءٌ মূলবর্ণ (ش ـ ف ـ ى) জিনসে ناقص يائى অর্থ– চিকিৎসা করা, সান্ত্বনা পাওয়া। تَشْتَفِىْ - (শান্তি পায়, শীতল হয়)।

غَيْضًا : অর্থ– রাগ, ক্রোধ।

كَلَّمَتْ :- সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে تفعيل মাসদার تَكْلِيْمًا মূলবর্ণ (ك ـ ل ـ م) জিনসে صحيح অর্থ– বলা। كَلَّمَتْ - সে বলেছে। কুরআনে আছে– وَكَلَّمَ اللّٰهُ مُوْسٰى تَكْلِيْمًا

صِدِّيْق : এটি হযরত আবূ বকর (রা:) -এর উপাধি।

حِجَابٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে حُجُبٌ অর্থ– পর্দা, আবরণ, দুই বস্তুর মধ্যস্থলের আড়াল।

قَدْ سَدَلَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى قريب معروف বাবে ضرب نصر মাসদার سَدْلًا মূলবর্ণ (س ـ د ـ ل) জিনসে صحيح অর্থ– লটকান, ঝুলানো। قد سدل - ঢেলে দেওয়া হয়েছে, ঝুলিয়ে দেয়া হয়েছে।

تَرْكِيْبُ الْجُمَلْ (বাক্যসমূহের বিশ্লেষণ) : بِنْتُ حَرْبٍ মুবতাদা, اَقْبَلَتْ খবর, ذَاتَ يَوْمٍ মাফউল, بِلِسَانٍ মুতা'আল্লিক تَهْتَمِلُ - لِسَانٌ -এর সিফাত।

قَوْلُهُ وَاَتَتْ بِالْفِهْرِ الخ : اَتَتْ ফে'ল, তদ্মধ্যকার উহ্য যমীর ফায়েল, بِالْفِهْرِ মুতা'আল্লিক-এর সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। تَرْمِيْهِ بِه জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে اَلْفِهْرُ -এর সিফাত। تَشْتَفِيْ -ফে'ল, যমীর ফায়েল, غَيْضًا মাফউল সহ জুমলায়ে ফে'লিয়্যাহ, لِمَا فِيْهَا نَزَلْ - غَيْضًا -এর সিফাত।

قَوْلُهُ كَلَّمَتْ صِدِّيْقُهُ الخ : كَلَّمَتْ ফে'ল, যমীর ফায়েল, صِدِّيْقَهُ মাফউল সহ জুমলায়ে ফে'লিয়্যাহ। اَصْبَحَتْ ফে'ল, যমীর তার ইসম, لاتراه জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে তার খবর। قَدْ سَدَلْ - حِجَابٌ -এর সিফাত।

রাসূল ﷺ-এর উপর অভিশপ্ত আবূ লাহাবের স্ত্রীর ব্যর্থ আক্রমণ : আবূ ইয়া'লা এবং ইবনে হাতিম প্রমুখ আসমা বিনতে আবূ বকর (রা.) -এর বর্ণনা দ্বারা উদ্ধৃত করেন যে, সূরায়ে তাব্বাত ইয়াদা আবী লাহাব অবতীর্ণ হলে আবূ লাহাবের স্ত্রী পাথর নিয়ে এসে রাসূল ﷺ -কে নিক্ষেপের উদ্দেশ্যেই হৈ হুল্লা শুরু করল। অপর দিকে রাসূল ﷺ এবং হযরত সিদ্দীক (রা.) সিজদারত ছিলেন। সিদ্দীকে আকবর (রা.) তাকে দেখেই আরজ করলেন, ইয়া রাসূলুল্লাহ ! সে এসে গেল। সে যদি আপনাকে দেখে আক্রমণে উদ্যত হয় ? রাসূল ﷺ বললেন, সে আমাকে মোটেও দেখতে পাবে না। একথা বলে কুরআনের কিছু আয়াত পাঠ করলেন। মহিলাটি হযরত আবূ বকর (রা.) -এর সামনে এসে থেমে গেল, কিন্তু রাসূল ﷺ -কে দেখতে পেল না। সে আবূ বকর সিদ্দীক (রা.) -কে বলতে লাগল, আমি জানতে পেরেছি যে, তোমাদের রাসূল ﷺ আমাকে ব্যঙ্গ করেছে। সিদ্দীকে আকবর (রা.) বললেন, আমি কা'বার প্রভুর শপথ করে বলছি যে, তিনি তোমার ব্যঙ্গ করেননি। সিদ্দীকে আকবর অত্র শপথে সম্পূর্ণ সত্য ছিলেন। কেননা উক্ত সূরায় যা কিছু নিন্দাবাদ করা হয়েছে সেগুলো আল্লাহ তা'আলা করেছেন, রাসূল ﷺ করেননি। ঐশী কালাম তাঁর কাছে আল্লাহর তা'আলার বাণী যেভাবে অবতারিত হয়েছে, তিনি সেভাবেই উম্মতের কাছে পৌঁছে দিয়েছেন। বায়হাকী ও আবূ নাঈম এ ঘটনাটিকে এভাবেই বর্ণনা করেছেন।

وَرَاٰهُ النَّضْرُ يَوْمًا خَالِيًا ❊ اِذْ اَتَى الْغَائِطَ فِيْ شَعْبِ الْجَبَلْ

فَدَنَا مِنْهُ لِيُرْدِىْ غَيْلَةً ❊ ثُمَّ عَادَ وَهُوَ مَرْعُوْبٌ وَّهِلْ

قَدْ رَاٰى مِنْ فَوْقِ رَاْسٍ اَسْوَدًا ❊ فَاغِرًا فَاهُ لِيَغْتَالَ الرَّجُلْ

অনুবাদ : ১৩১. একদা নযর রাসূল ﷺ -কে নির্জনে দেখতে পেল, যখন রাসূল ﷺ পাহাড়ের দিকে প্রয়োজন পূরণের উদ্দেশ্য গমন করলেন।

১৩২. অতর্কিত আক্রমণের লক্ষ্যে অতি নিকটে এগিয়ে আসল, (কিন্তু ব্যর্থ গেল তার পরিকল্পনা) আতঙ্ক ও ভীতগ্রস্ত (ঘরে) ফিরে গেল।

১৩৩. তার মাথার উপর একটি কালো সাপ দেখতে পেয়েছে, তাকে ধ্বংসের জন্য হাঁ করে আছে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

رَاٰهُ : অর্থ– তাঁকে দেখতে পেয়েছে।

يَوْمًا : অর্থ– একদা।

خَالِيًا : خَلَاءً خَلْوًا অর্থ– খালি হওয়া, শূন্য হওয়া। خَالِيًا - একাকী, নির্জনে।

اِذْاَتٰى : যখন এসেছে।

اَلْغَائِطُ : সীগাহ وَاحِدْ مُذَكَّرٌ বহছ اسم فاعل বাবে نصر মাসদার غَوْطًا মূলবর্ণ (غ ـ و ـ ط) জিনসে اجوف واوى অর্থ– নিচু জমিন। غَائِطٌ - পায়খানা, বাথরুম। কুরআনে আছে– اَوْ جَآءَ اَحَدٌ مِنْكُمْ مِنَ الْغَائِطِ

شَعْبٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে شِعَابٌ অর্থ– (اَلْجَبَلُ) পাহাড়ী রাস্তা, পানিপথ, উপত্যকা, বড় গোত্র।

دَنَا : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার دَنَاوَةً دُنُوًّا মূলবর্ণ (د ـ ن ـ و) জিনসে ناقص واوى অর্থ– নিকটবর্তী হওয়া। دَنَا -নিকটবর্তী হয়েছে।

يُرْدِىْ : সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাবে افعال মাসদার اِرْدَاءٌ মূলবর্ণ (ر ـ د ـ ى) জিনসে ناقص يائى অর্থ– ধ্বংস করা, আক্রমণ করা। لِيُرْدِىَ - যেন আক্রমণ করে।

غَيْلَةً : অর্থ– ধোঁকা, প্রতারণা, অচেতনে হত্যা করা, আকস্মিক অতর্কিত আক্রমণ কর্‌া।

عَادَ : প্রত্যাবর্তন করেছে।

مَرْعُوْبٌ : সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাবে فتح মাসদার رُعْبًا رَعْبًا অর্থ– ভীতগ্রস্ত।

وَهَلٌ : এটি مصدر বাবে سمع অর্থ– ভয় পাওয়া, আতঙ্কিত হওয়া।

قَدْ رَاٰى : দেখতে পেয়েছে।

اَسْوَدُ : কালো সাপ।

فَاغِرٌ : সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাবে فتح মাসদার فَغْرًا জিনসে صحيح অর্থ– হাঁ করে আছে।

لِيَغْتَالَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افتعال মাসদার اِغْتِيَالًا মূলবর্ণ (غ ـ ى ـ ل) জিনসে اجوف يائى অর্থ–আক্রমণ করবে, ছোবল মারবে।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : رَاٰى ফে'ল, যমীরে মানসূব মাফঊল, اَلنَّضْرُ ফায়েল, يَوْمًا মাফঊলে ফীহ্ সহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। خَالِيًا যমীরে মানসূব থেকে হাল, اِذْ اَتَى الْغَائِطَ الخ যরফে মুতা'আল্লিক।

قَوْلَهُ فَدَنَا مِنْهُ الخ : دَنٰى ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, مِنْهُ মুতা'আল্লিক, يُرْدِىْ غَيْلَةً জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে দ্বিতীয় মুতা'আলিক। ثُمَّ হরফে আতফ, عَادَ ফে'ল, ফায়েল, وَهُوَ مَرْعُوْبٌ الخ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে عاد -এর যমীর থেকে হাল।

قوله قَدْ رَاٰى من الخ : قَدْ رَاٰى ফে'ল, مِنْ فَوْقِ رَاْسِهِ মুতা'আল্লিক, اَسْوَدًا মাফঊল, فَاغِرًا فَاهُ শিবহে জুমলা হয়ে اَسْوَدًا -এর সিফাত, لِيَغْتَالَ الرَّجُلَ - قَدْ رَاٰى -এর সাথে মুতা'আল্লিক।

রাসূল ﷺ-এর উপর কুচক্রী নযর ইবনে হারিছের ব্যর্থ আক্রমণ : ওয়াকেদী ও আবূ নাঈম উরওয়া ইব্নুয যুবাইর -এর বর্ণনা ক্রমে উল্লেখ করেছেন যে, নযর ইবনে হারিস রাসূল ﷺ -কে কষ্ট দিতো এবং এ জন্য সর্বক্ষণ তাঁর পিছনে লেগে থাকতো। একবার প্রচণ্ড গরমের সময় দ্বিপ্রহরে তিনি স্বাভাবিকভাবে নিজের প্রয়োজন পূরণের জন্য দূরে চলে গেলেন। তিনি হুজন পাহাড়ের ঘাঁটিতে পৌঁছলেন। এ সময় নযর নামক পাপাত্মা রাসূল ﷺ-কে দেখতে পেয়ে মনে মনে ভাবলেন যে, এর চাইতে সুবর্ণ-সুযোগ আমার হাতে আর কখনো আসবে না। এই ভেবে সে এগিয়ে গেল। কিন্তু কিছুদূর অগ্রসর হয়েই ভীতগ্রস্ত হয়ে ঘরে ফিরল। পথিমধ্যে আবূ জাহলের সাথে সাক্ষাৎ হলে সে জিজ্ঞাসা করল, নযর ! কোথা থেকে আসছ ? সে বলল, আমি মুহাম্মদ ﷺ-কে অতর্কিতে আক্রমণ করার জন্য অগ্রসর হলাম। কিন্তু আমি দেখলাম কতিপয় কালো কালো সাপ আমার মাথার উপর হাঁ করে তাকিয়ে আছে। আমি তাদের দেখেই বিচলিত হয়ে পড়লাম এবং পিছনে ফিরে পালিয়ে আসলাম। আবূ জাহল বলল, এটাও হচ্ছে তার একটা ভেল্কিবাজির চমৎকারিত্ব।

وَالْوَلِيْدُ كَانَ فِيْ اَمْثَالِهِ * يَسْخَرُ مِنْهُ وَيُؤْذِىْ بِالْخَطَلْ

فَكَفَى الْمُسْتَهْزِئِيْنَ اٰيَةً * دَمَّرَتْهُمْ بِنَكَالٍ لَمْ يَزَلْ

অনুবাদ : ১৩৪. ওলীদ তার কতিপয় বন্ধু সহকারে রাসূল ﷺ -এর বিদ্রূপ করতো এবং কটুবাক্যের মাধ্যমে তাঁকে পীড়া দিতো।

১৩৫. বিদ্রূপকারীদের জন্য একটি আয়াতই যথেষ্ট। তাদেরকে ধ্বংস করে চিরকালের জন্য মানুষের শিক্ষার বস্তুতে পরিণত করে দিয়েছে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَمْثَالُ : এটা বহুবচন, একবচনে مِثْلٌ অর্থ– সাদৃশ্য, সমআকৃতি, (বন্ধুবর্গ)।

يَسْخَرُ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে سمع মাসদার سَخْرٌ অর্থ– উপহাস করা, বিদ্রূপ করা। يَسْخَرُ - বিদ্রূপ করতো।

يُؤْذِىْ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افعال মাসদার اِيْذَاءً মূলবর্ণ (و. ذ. ى) জিনসে لفيف مفروق অর্থ– কষ্ট দেওয়া, পীড়া দেওয়া। يُؤْذِىْ - পীড়া দিতো।

اَلْخَطَلْ : অর্থ– অশ্লীল কথাবার্তা, কটুবাক্য।

كَفٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب মাসদার كِفَايَةً মূলবর্ণ (ك ـ ف ـ ى) জিনসে ناقص يائى অর্থ– যথেষ্ট হওয়া। كَفٰى - যথেষ্ট হয়েছে। কুরআনে আছে– فَكَفٰى بِاللّٰهِ حَسِيْبًا

اَلْمُسْتَهْزِئِيْنَ : সীগাহ جمع مذكر বহছ اسم فاعل অর্থ– বিদ্রূপকারী, উপহাসকারী।

دَمَّرَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে تفعيل মাসদার تَدْمِيْرًا মূলবর্ণ (د ـ م ـ ر) জিনসে صحيح অর্থ– ধ্বংস করা। دَمَّرَتْ - ধ্বংস করে দিয়েছে।

نَكَالًا : শাস্তি, শিক্ষণীয় শাস্তি। কুরআনে আছে– فَجَعَلْنَاهَا نَكَالًا

لَمْ يَزَلْ : সর্বদা, চিরকাল।

تَرْكِيْبُ الْجُمَل (বাক্যসমূহের বিশ্লেষণ) : اَلْوَلِيْدُ মুবতাদা, كَانَ فِيْ اَمْثَالِهِ খবর, فِيْ اَمْثَالِهِ 'কানা' -এর ইসম, يَسْخَرُ مِنْهُ খবর, يُؤْذِىْ بِالْخَطَلْ - يَسْخَرُ -এর উপর আতফ।

قَوْلُهُ فَكَفَى الْمُسْتَهْزِئِيْنَ الخ : كَفٰى ফে'ল, اٰيَةً ফায়েল, اَلْمُسْتَهْزِئِيْنَ মাফউলসহ জুমলায়ে ফে'লিয়্যাহ। دَمَّرَتْ ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, ضمير منصوب মাফউল ও بِنَكَالٍ -এর সহিতমুতা'আল্লিকের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। لَمْ يَزَلْ – نَكَالٌ -এর সিফাত।

রাসূল ﷺ -কে ওলীদ ও তার সাথী-সঙ্গীদের বিদ্রূপ করার পরিণাম : ওলীদ ও তার কতিপয় বন্ধু যেমন– আসওয়াদ ইবনে আবদে ইয়াগুস, আসওয়াদ ইবনে আবদুল মুত্তালিব, হারিস ইবনে আইস আস্‌হামী এবং আস ইবনে ওয়াইল প্রমুখ রাসূল ﷺ -এর সাথে বিদ্রূপ করতো। এরা কটুবাক্যের মাধ্যমে রাসূল ﷺ -কে কষ্ট দিতো। এদের বিদ্রূপের শাস্তি প্রসঙ্গে আয়াত অবতীর্ণ হয়– اِنَّا كَفَيْنَا الْمُسْتَهْزِئِيْنَ। এটি হযরত জিব্‌রাঈলের মাধ্যমে তাদেরকে ধ্বংস করে চিরকালের জন্যে অপরাপর মানুষের জন্যে শিক্ষার বস্তুতে পরিণত করে দিয়েছে। অর্থাৎ বিদ্রূপকালে জিবরাঈল (আ.) উপস্থিত হলে রাসূল ﷺ তাঁর নিকট ঐ সকল লোকদের সম্বন্ধে অভিযোগ করলেন এবং চিহ্নিত করলেন যে, অমুক ব্যক্তি ওলীদ। হযরত জিবরাঈল (আ.) তার 'উকহুল' (এক রগের নাম যা হাতে বিদ্যমান এবং যার অপর নাম 'নহরে বদন' বা 'রগে হায়াত'ও) -এর দিকে ইঙ্গিত করলেন। রাসূল ﷺ জিবরাঈল (আ.) -কে জিজ্ঞেস করলেন, আপনি এটা কি করলেন? উত্তর দিলেন, আমি যা

করার ছিল করলাম। অতঃপর রাসূল ﷺ চিহ্নিত করলেন যে, অমুক ব্যক্তি আসওয়াদ ইবনে আব্দুল্লাহ। হযরত জিবরাঈল (আ.) তার উভয় চক্ষুর দিকে ইঙ্গিত করলেন। রাসূল ﷺ আবার জিবরাঈল (আ.) -কে জিজ্ঞেস করলেন, আপনি এটা কি করলেন? তিনি আবারও উত্তর দিলেন, আমি যা করার ছিল করলাম। অতঃপর রাসূল ﷺ চিহ্নিত করলেন যে, অমুক ব্যক্তি হারিস। হযরত জিবরাঈল (আ.) তার পেটের দিকে ইঙ্গিত করলেন। রাসূল ﷺ আবারও জিবরাঈল (আ.) -কে ঐ প্রশ্নই জিজ্ঞেস করলেন, আর জিবরাঈল (আ.) পূর্বোক্ত উত্তরই দিলেন। ঘটনাক্রমে এদিক দিয়ে আস ইবনে ওয়ায়েল অতিবাহিত করলে জিবরাঈল (আ.) তার পায়ের দিকে ইঙ্গিত করলেন। রাসূল ﷺ পুর্নবার ঐ প্রশ্নই করলেন, আর জিবরাঈল (আ.) ঐ উত্তরই দিলেন। এর পরিণামের ফল এভাবে রূপায়িত হয়েছিল যে, একবার খুয'আহ গোত্রের এক লোক তার তীর সোজা করতে করতে ওলীদের পাশ দিয়ে যাচ্ছিল। দুর্ভাগ্যবশত তীরের অগ্রভাগ ওলীদের শিরায় গিয়ে বিদ্ধ হলো আর তার শিরাগ্রন্থি কেটে গেল। ওদিকে আসওয়াদ ইবনে আবদুল মুত্তালিবের এই পরিণাম হলো, সে একদা বাবুল গাছের নিচে দাঁড়ানো ছিল। হঠাৎ সে হেঁচকি মারতে মারতে বলতে লাগল, আমার ছেলেরা আমাকে বাঁচাও। লোকেরা বলল, আরে ভাই ! হয়েছি কি বলো না ? আমরা তো কিছুই দেখতে পাচ্ছি না। কিন্তু সে হেচঁকি দিতে দিতে বলতেই থাকল যে, হায় হায়, কে যেন আমার চোখে বাঁকা তীরের ফলা বিঁধিয়ে চলে যাচ্ছে। এ কথা বলতেই দেখা গেল তার চোখ দু'টো উৎপাটিত হয়ে গেল। মোটকথা, প্রত্যেকেরই কিছু না কিছু বিপদ ঘটেই চলল। অবশেষে তাদের সকলেই বিপদে বিপন্ন হয়ে চির লাঞ্ছিত হয়ে মারা গেল। বায়হাকী, আবূ নাঈম ও ইবনে আব্বাস (রা.) এভাবেই ঘটনাটি বর্ণনা দিয়েছেন।

وَبَنُو الْمَخْزُوْمِ يَوْمًا اَجْمَعُوْا * اَنْ يُوَافُوْهُ لِقَتْلٍ اِذْ شَغَلْ

اُغْشِيَتْ اَبْصَارُهُمْ لَمْ يُبْصِرُوْا * يَسْمَعُوْنَ خَلْفَهُمْ صَوْتًا زَجِلْ

অনুবাদ : ১৩৬. একদা বনী মাখযূমের কিছু লোক সমবেত হলো যে, রাসূল ﷺ -কে (নামাজ) রত অবস্থায় সম্মিলিতভাবে হত্যা করবে।

১৩৭. (কিন্তু) তাদের চক্ষে আবরণ পড়ে গেল, তারা রাসূল ﷺ -কে দেখতে পায়নি। অথচ তারা পিছন থেকে (কুরআনের) আওয়াজ শুনতে পায়।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَجْمَعُوْا : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِجْمَاعًا মূলবর্ণ (ج ـ م ـ ع) জিনসে صحيح অর্থ— একত্রিত হওয়া, সমবেত হওয়া। اَجْمَعُوْا - তারা সমবেত হয়েছে।

يُوَافُوْا : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে مفاعله মাসদার مُوَافَاةٌ মূলবর্ণ (و ـ ف ـ ى) জিনসে لفيف مفروق অর্থ— পূর্ণ হক প্রদান করা। اَنْ يُوَافُوْا- সম্মিলিত ভাবে। কুরআনে আছে—

يُوْفُوْنَ بِالنَّذْرِ وَيَخَافُوْنَ يَوْمًا الخ

شَغَلَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف অর্থ— লিপ্ত হওয়া। اِذْ شَغَلَ - যখন তিনি লিপ্ত হবেন।

اُغْشِيَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى مجهول বাবে افعال মাসদার اِغْشَاءٌ মূলবর্ণ (غ ـ ش ـ ى) জিনসে ناقص يائى অর্থ— পর্দা পড়ে যাওয়া, আবরণ পড়া। اُغْشِيَتْ - আবরণ পড়ে গেল। কুরআনে আছে—

فَاَغْشَيْنَا هُمْ فَهُمْ لَا يُبْصِرُوْنَ

اَبْصَارٌ : এটি جمع تكسير একবচনে بصر অর্থ— চক্ষু। কুরআনে আছে— وَفِىْ اَبْصَارِهِمْ غِشَاوَةٌ

لَمْ يُبْصِرُوْا : তারা দেখতে পায়নি।

يَسْمَعُوْنَ : তারা শুনতে পায়।

زَجِل : এটি صيغه صفت অর্থ– চিৎকার, শব্দ।

تَرْكِيْبُ الْجُمَلْ (বাক্যসমূহের বিশ্লেষণ) : بَنُو الْمَخْزُوْمِ মুবতাদা, اَجْمَعُوْا খবর, يَوْمًا - اَجْمَعُوْا -এর মাফউল। بتاويل مفرد - اَنْ يُّوَافُوْهُ হতে দ্বিতীয় মাফউল।

قوله اُغْشِيَتْ اَبْصَارُهُمْ الخ : اُغْشِيَتْ ফে'ল, اَبْصَارُهُمْ নায়েবে ফায়েল, لَمْ يُبْصِرُوْا জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে اَبْصَارٌ -এর সিফাত। يَسْمَعُوْنَ ফে'ল; ضمير ফায়েল, خَلْفَهُمْ মাফউলে ফীহ। صَوْتًا زَجِلْ মুরাক্কাবে তাওসীফী হয়ে মাফউল।

বনী মাখযূম গোত্রের রাসূল ﷺ-কে হত্যার ব্যর্থ ষড়যন্ত্র : কালবী ও আবূ সালেহ বর্ণনা করেন যে, বনী মাখযূমের কিছু লোক রাসূল ﷺ-কে হত্যা করার জন্য পরস্পর অঙ্গীকারাবদ্ধ হলো। এদের মধ্যে আবূ জাহল এবং ওলীদ ইবনে মুগীরাও অন্তর্ভুক্ত ছিল। তারা একদিন রাসূল ﷺ-কে নামাজে লিপ্ত আছেন দেখে ওলীদ ইবনে মুগীরাকে হত্যার নিমিত্তে পাঠাল। তখন একটা মজার ঘটনা ঘটল যে, ওলীদ পবিত্র কুরআনের আয়াতের তেলাওয়াত ধ্বনি শুনছিল; কিন্তু নবীজিকে দেখছিল না। সে ব্যর্থ মনোরথ হয়ে ফিরে এল। সঙ্গীদের কাছে এসে এ ঘটনার বর্ণনা দিলে তারা সকলে প্রিয় নবীকে হত্যার সঙ্কল্পে একযোগে ধেয়ে আসল। তারা তাঁর কাছে এসে যেখানে কুরআনের আওয়াজ আসছিল, সেখানে যেমনি আঘাত করতে গেল অমনি পেছন থেকে কুরআনের তেলাওয়াতের ধ্বনি শুনতে পেল। তারা সামনে অগ্রসর হলে পিছনে আর পিছনে গেলে সামনে কুরআনের ধ্বনি শুনতে পায়। কিন্তু পাঠককে দেখতে পাচ্ছিল না। তারা এভাবে চরকার মতো ঘুরতে লাগল আর তাদের ইচ্ছা বাস্তবায়নে ব্যর্থ হলো। ফলে বাধ্য হয়ে তাদের ফিরে যেতে হলো। কুরআন মাজীদের নিম্নোক্ত আয়াতটি সে ঘটনাটির দিকেই ইঙ্গিত করছে। وَجَعَلْنَا مِنْ بَيْنِ اَيْدِيْهِمْ سَدًّا وَمِنْ خَلْفِهِمْ سَدًّا فَاَغْشَيْنٰهُمْ فَهُمْ لَا يُبْصِرُوْنَ

অর্থাৎ আমি তাদের সামনে ও পিছনে প্রাচীর স্থাপন করেছি ....।

اَلْقِسْمُ الْعَاشِرُ

দশম পরিচ্ছেদ

مُعْجِزَاتُهٗ عَلَيْهِ السَّلَامُ فِىْ طَرِيْقِ الْهِجْرَةِ فِى الْحِفْظِ عَنْ كَيْدِ الْكُفَّارِ وَمَكْرِهِمْ-

اُعْمِيَتْ اَبْصَارُهُمْ لَمَّا اَتَوْا * غَارَ ثَوْرٍ فِىْ شَقَاءٍ وَ دَغَلْ

وَ رَاَوْا زَوْجَ الْحَمَامِ قَائِمًا * فِىْ فَمِ الْغَارِ بُعَيْدَ اَنْ دَخَلْ

وَ رَاَوْا لِلْعَنْكَبُوْتِ نَسْجَهٗ * فَاسْتَكَانُوْا بِهَوَانٍ وَفَشَلْ

لَوْ رَاَوْا مَا تَحْتَ اَقْدَامٍ رَاَوْا * اَكْرَمَ الْخَلْقِ نَزِيْلًا مَا رَحَلْ

অনুবাদ : হিজরতকালে পথিমধ্যে কাফিরদের ষড়যন্ত্র ও প্রতারণা হতে নিরাপদ থাকা প্রসঙ্গে রাসূল ﷺ -এর মু'জিযাসমূহ।

১৩৮. কাফিরদের চক্ষু অন্ধ হয়ে গেল যখন তারা ছাওর গুহায় অশুভ ও ত্রাস সৃষ্টির নিমিত্তে এসেছে।

১৩৯. তারা কবুতর জোড়াকে গুহামুখে বিদ্যমান দেখতে পেল, তার পূর্বক্ষণে তিনি অন্দরে প্রবেশ করলেন।

১৪০. গুহার মুখে মাকড়সার জাল বুনানো অবস্থায় দেখতে পেল, তাদেরকে (এক বোঝা) ব্যর্থতা আর অপমান নিয়ে ফিরতে হয়েছে।

১৪১. যদি তারা পায়ের নিচে উঁকি মারতো, শ্রেষ্ঠ রাসূল ﷺ-কে বসা অবস্থায় দেখতে পেতো।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

أُعْمِيَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى مجهول বাবে افعال মাসদার إِعْمَاءٌ মূলবর্ণ (ع - م - ى) জিনসে ناقص يائى অর্থ- অন্ধ করা, أُعْمِيَتْ - অন্ধ হয়ে গেছে।

اَبْصَارٌ : চক্ষু

غَارٌ : অর্থ- গুহা, গর্ত। (প্রাগুক্ত)

شقاء : এটি مصدر বাবে سمع মূলবর্ণ (ش - ق - ى) জিনসে ناقص يائى অর্থ- হতভাগা হওয়া, অশুভ হওয়া।

دَغَلٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে دِغَالٌ اَدْغَالٌ অর্থ- ত্রাস, ধ্বংস।

رَاَوْا : তারা দেখতে পেল।

زَوْجٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَزْوَاجٌ অর্থ- জোড়া স্বামী-স্ত্রী।

اَلْحَمَامُ : অর্থ- কবুতর- নরনারী উভয়টির ক্ষেত্রে প্রযোজ্য।

اَلْعَنْكَبُوْتُ : এটি اسم جامد একবচন, বহুবচনে عَنَاكِبُ, عَنْكَبُوْتَاتٌ অর্থ- মাকড়সা। কুরআনে আছে- اِنَّ اَوْهَنَ الْبُيُوْتِ لَبَيْتُ الْعَنْكَبُوْتِ

نَسْجٌ : এটি مصدر বাবে نصر ضرب অর্থ- বুনন করা।

اِسْتَكَانُوْا : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে استفعال মাসদার اِسْتِكَانَةٌ মূলবর্ণ (ك - و - ن) জিনসে اجوف واوى অর্থ- বিনয়ী করা, অক্ষমতা প্রকাশ করা। اِسْتَكَانُوْا- অপমানিত হয়েছে। কুরআনে আছে- فَمَااسْتَكَانُوْا لِرَبِّهِمْ وَمَا يَتَضَرَّعُوْنَ।

هَوْنٌ : অর্থ- অপমান। কুরআনে আছে- يَمْشُوْنَ عَلَى الْاَرْضِ هَوْنًا।

فَشَلٌ : এটি صيغه صفت অর্থ- দুর্বল, ভীরু, ভীতু।

لَوْ رَاَوْا : যদি উঁকি মারতো।

مَاتَحْتَ اَقْدَامٍ : পায়ের নিচে।

رَاَوْا : দেখতে পেতো।

اَكْرَمُ الْخَلْقِ : সৃষ্টির সেরা, শ্রেষ্ঠ।

نَزِيْلٌ : অর্থ- মেহমান, অতিথী, বরকতময় খাদ্য, (বসে আছেন)।

مَارَحَلْ : অতিক্রম করে নাই।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : أُعْمِيَتْ ফে'ল, اَبْصَارُهُمْ নায়েবে ফায়েল, لَمَّا- ظرف متعلق, اَتَوْ- غَارَ ثُوْرٍ-এর মাফউল, فِىْ شَقَاءٍ وَدَغَلٍ -এর মুতা'আল্লিকের সাথে মিলে لما -এর মাজরুর।

قوله و راوا زوج الخ : راوا ফে'ল তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, زَوْجُ الْحَمَامِ মাফউল, فِىْ زَوْجٍ - قَائِمًا থেকে হাল, الْغَارِ মুতা'আল্লিক, بَعِيْدِ মাফউলে ফীহ্ ان دخل বাতাবীলে মুফরাদ হয়ে بَعِيْد -এর মুযাফ ইলাইহ।

قوله و رَاَوْا لِلْعَنْكَبُوْتِ الخ : رَاَوْا ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, لِلْعَنْكَبُوْتِ মুতা'আল্লিক, نَسْجَهٗ মাফউল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। اِسْتَكَانُوْا ফে'ল, ফায়েল, بِهَوَانٍ মুতা'আল্লিকের মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ, بِهَوَانٍ - فَشَلْ -এর উপর আতফ।

قوله لَوْ رَاَوْا مَا تَحْتَ الخ : لَوْ হরফে শর্ত, যমীর ফায়েল, مَاتَحْتَ اَقْدَام মাফঊল সহ মিলে শর্ত, رَاَوْ জাযা, اَكْرَمَ الْخَلْق মাফঊল, اَكْرَمَ - نَزِيْلًا থেকে হাল, مَارَحَلْ - نزيل -এর সিফাত।

ছাওর গুহায় রাসূল ﷺ -কে মাকড়সা ও কবুতর দ্বারা নিরাপত্তা প্রদান : হিজরতের সফরে রাসূল ﷺ ছাওর গুহায় গমনের পর কাফিররা তাঁর অনুসন্ধানে এসে পড়লে হযরত আবূ বকর (রা.) বললেন, হায় যদি দেখতে পায় ! রাসূল ﷺ তখন তাঁকে সান্ত্বনা প্রদান করে বললেন, لَاتَحْزَنْ اِنَّ اللّٰهَ مَعَنَا 'ঘাবড়ে যেয়ো না, আল্লাহ আমাদের সঙ্গেই রয়েছেন।' ফলে আল্লাহ তা'আলা মাকড়সাকে ছাওর গুহার মুখে জাল বুননের আদেশ করলেন। আর দু'টো বন্য কবুতরকে সেখানে দু'টো বাসা তৈরি করার আদেশ করলেন। তারা অনুরূপ করল। কাফিররা এ ঘটনা দেখে নিশ্চিত বিশ্বাসে ফিরে গেল যে, এখানে তিনি নেই। ফলে রাসূল ﷺ কবুতর দু'টোর জন্য করুণার দোয়া করলেন। ঘটনাটি বড় ধরনের। বুখারী ও মুসলিম গ্রন্থদ্বয় হযরত আনাস (রা.) থেকে ঘটনাটি বর্ণনা করেন। আর ইবনে সা'আদ, মারদুবিয়া, বায়হাকী ও আবূ নাঈম আবী মাসআর আল- মক্কী -এর বর্ণনা দ্বারা এর উল্লেখ করেছেন।

وَالَّذِىْ سَارَ لِفَتْكٍ غَيْلَةً * اَوْ اَسَارَ بِاكْتِيَادٍ وَحِيَلْ

اِذْ رَأٰى خَسْفَ الْجَوَادِ سَاقِطًا * مِنْهُ فَوْقَ الْاَرْضِ دَانَ وَالْفَتَلْ

رَاجِعًا مِنْ حَيْثُ جَاءَ قَائِلًا * قَدْ كَفَاهُمْ مَاهُنَاكَ وَكَفَلْ

অনুবাদ : ১৪২. যে ব্যক্তি রাসূল ﷺ -কে অতর্কিত আক্রমণের জন্য চলেছে কিংবা তাঁকে কূট-কৌশলে বন্দী করবে।

১৪৩. যখন তার অশ্বটি মাটিতে পড়ে ধ্বসে গেল দেখতে পেল, রাসূলের নিকট অপমান চিত্তে ফিরে আসল।

১৪৪. (অনুসন্ধানকারীদেরকে) একথা বলে প্রত্যাবর্তন করল তোমরা ফিরে যাও (আমি দেখে আসছি এ দিকের পথে তিনি নেই)।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (**শব্দসমূহের বিশ্লেষণ**) :

سَارَ : চলেছে। (প্রাগুক্ত)

فَتْكٌ : এটি مصدر বাবে سمع نصر মাসদাস فَتْكًا অর্থ— অসাবধানতায় গ্রেফতার করা কিংবা হত্যা করা।

غَيْلَةً : অতর্কিত গ্রেফতার করা।

اِكْتِيَادٌ : এটি مصدر বাবে افتعال অর্থ— প্রতারণা করা, কৌশল করা।

حِيَلٌ : এটি جمع تكسير একবচনে حِيْلَةٌ অর্থ— দূরদর্শিতা, চতুরতা, কৌশল।

اِذْ رَاٰى : যখন দেখতে পেয়েছে।

خَسْفٌ : এটি مصدر বাবে ضرب জিনসে صحيح অর্থ— ধ্বসে যাওয়া।

اَلْجَوَادُ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَجَاوِيْدُ جِيَادٌ اَجْيَادٌ অর্থ— দানশীল। (اَلْفَرَسُ) দ্রুত ঘোড়া।

سَاقِطًا : সীগাহ واحد مذكر اسم فاعل বহছ বাবে نصر মাসদার سُقُوْطًا অর্থ— পড়ে যাওয়া, নিক্ষেপ করা। سَاقِطًا - পড়ে গেল। কুরআনে আছে— فَاَسْقِطْ عَلَيْنَا كِسَفًا مِنَ السَّمَاءِ

دَانَ : সীগাহ واحد مذكر غائب اثبات فعل ماضى معروف বহছ বাবে ضرب মাসদার دِيْنًا মূলবর্ণ (د ـ ى ـ ن) জিনসে اجوف يائى অর্থ— অপমনিত হওয়া, অনুগত হওয়া। دَانَ - অপমানচিত্তে।

اِنْفَتَلَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে انفعال মাসদার اِنْفِتَالًا মূলবর্ণ (ف ـ ت ـ ل) জিনসে صحيح অর্থ– রশি ইত্যাদি পাক দেওয়া, বটিয়ে যাওয়া, اِنْفَتَلَ - ফিরে আসলো।

رَاجِعًا : প্রত্যাবর্তন করল।

قَائِلًا : একথা বলে।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : اَلَّذِىْ ইসমে মাওসূল, سَارَ ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল لِفَتْكٍ মুতা'আল্লিকের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মুবতাদা, غَيْلَةً - فَتْكٍ -এর তামঈয, فَتْكٍ - اَسَارَ بِاكْتِبَادٍ الخ -এর উপর আতফ। আগত পংক্তিটি হবে তার খবর।

قوله اِذْ رَاٰى خَسْفَ الخ : رَاٰى ফে'ল, যমীর ফায়েল, خَسْفَ الْجَوَادِ মাফউলের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। مِنْهُ فَوْقَ الْاَرْضِ - سَاقِطًا -এর সাথে মুতা'আল্লিক। دَانَ ফে'ল, ফায়েল ও اذظرفيه -এর সাথে মিলে পূর্ববর্তী মুবতাদার খবর। اِنْفَتَلَ - دَانَ -এর উপর আতফ।

قوله رَاجِعًا مِنْ حَيْثُ الخ : رَاجِعًا পূর্ববর্তী শব্দ اِنْفَتَلَ -এর যমীর থেকে হাল, مِنْ حَيْثُ - رَاجِعًا -এর সাথে মুতা'আল্লিক. حَيْثُ - جَاءَ قَائِلًا الخ -এর মুযাফ ইলাইহ।

খোদায়ী নির্দেশে ধাওয়াকারী অশ্বের পায়ুগল ভূমিতে ধ্বসে যাওয়া : ইমাম বুখারী (র.) সুরাকা ইবনে মালিকের বিবরণে বর্ণনা করেন যে, আমিও কাফির অবস্থায় হিজরতের সময় রাসূল ﷺ ও আবূ বকর (রা.) -কে অনুসন্ধানে লেগে গিয়েছিলাম। আমি তাঁর কাছাকাছি হতেই আমার অশ্বটি হোচট খেয়ে পড়ে গেল। আমি উঠে আবার আরোহণ করলাম এবং তাঁর এতটুকু কাছাকাছি পৌছলাম যে, তাঁর কিরাতের আওয়াজ আমার কর্ণ-কুহরে প্রবেশ করতে লাগল। ইতোমধ্যে আমার অশ্বটি হাঁটু পর্যন্ত মাটিতে ধ্বসে গেল। আমি তাকে ছাড়িয়ে আনতে চেষ্টা করলাম; কিন্তু তার পা মাটি থেকে বের করতে পারিনি। পরিশেষে আমি নিরাপত্তা চাইলাম। তাঁরা আমাকে এ শর্তে নিরাপত্তা দান করলেন যে, তুমি অনুসন্ধানকারীদের বলে দিবে যে, তোমরা ফিরে যাও, রাসূল ﷺ এদিকে নেই, আমি এ দিককার পথ দেখে এসেছি। বায়হাকী ইবনে সা'আদ ও আবূ নাঈম আনাস (রা.) -এর বর্ণনায় ঘটনাটি উল্লেখ করেছেন।

اَلْقِسْمُ الْحَادِىْ عَشَرَ

একাদশ পরিচ্ছেদ

مُعْجِزَاتُهٗ ﷺ فِى الْحِفْظِ عَنْ كَيْدِ الْكُفَّارِ بَعْدَ الْهِجْرَةِ–

اَرْبَدًا اَوْمٰى لِقَتْلِ عَامِرٌ ✻ غَيْلَةً اِذْ بِالْكَلَامِ يَشْتَغِلْ

فَحَمَى اللّٰهُ وَحِيْلَ عَامِرٌ ✻ ضَلَّ مَسْعٰى ذَالِكَ النَّذْلِ الْفَسِلْ

وَ دَعَا اللّٰهَ لِيَكْفِىْ شَرَّهٗ ✻ مَاتَ بِالطَّاعُوْنِ عَامِرُ الْعُتُلْ

ثُمَّ صَعْقٌ قَدْ اَبَادَ اَرْبَدًا ✻ اَمَّلَا خَطْبًا جَسِيْمًا لَمْ يُنَلْ

অনুবাদ : হিজরত পরবর্তীকালে কাফিরদের ষড়যন্ত্র হতে নিরাপদ থাকা সংক্রান্ত রাসূল ﷺ -এর মু'জিযাসমূহ।

১৪৫. আমের নামী ব্যক্তি আরবাদ নামী ব্যক্তিকে ইঙ্গিত করল যে, সে যখন রাসূল ﷺ -এর সাথে কথোপকথনে লিপ্ত থাকবে, তখন তাঁকে যেন আকস্মিক হত্যা করে।

১৪৬. আল্লাহ তাঁর সাহায্য করেছেন, আমেরকে (আরবাদ ও রাসূল ﷺ -এর) মধ্যস্থলে রেখে দিয়েছে। নিকৃষ্ট অপদার্থদের সকল চেষ্টা ব্যর্থ হয়ে গেল।

১৪৭. রাসূল ﷺ আল্লাহর কাছে আমিরের ষড়যন্ত্র থেকে নিষ্কৃতির জন্য দোয়া করলেন। উদ্ধত আমির (গৃহে পৌছার পূর্বেই) প্লেগ রোগে (জনৈক রমণীর ঘরে) মারা গেল।

১৪৮. আরবাদকে একটি বজ্র শেষ করে দিয়েছে (পৌছে দিয়েছে জাহান্নামে)। তাদের এক ভয়ানক ষড়যন্ত্রের প্রতিজ্ঞা ছিল, তারা তাতে ব্যর্থ হলো।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَوْمٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِيْمَاءٌ মূলবর্ণ (و ـ م ـ ى) জিনসে لفيف مفروق অর্থ– ইঙ্গিত করা। اَوْمٰى - ইঙ্গিত করল।

لِقَتْلٍ : যেন হত্যা করে।

غَيْلَةً : অতর্কিত, আকস্মিক।

يَشْتَغِلْ : লিপ্ত রবেন।

حَمٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب মাসদার حَمْيًا حَمِيَّةً মূলবর্ণ (ح ـ م ـ ى) জিনসে ناقص يائى অর্থ– বাধা দেওয়া, বাঁচানো, সাহায্য করা। حَمٰى - সাহায্য করেছেন।

حِيْلَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى مجهول বাবে نصر মাসদার حَوْلًا حُوُوْلًا حَيْلُوْلَةً মূলবর্ণ (ح ـ و ـ ل) জিনসে اجوف واوى অর্থ– অন্তরায় হওয়া, মধ্যস্থ হওয়া। حِيْلَ - মধ্যস্থলে হয়েছে।

ضَلَّ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب سمع মাসদার ضَلًّا ضَلَالَةً মূলবর্ণ (ض ـ ل ـ ل) জিনসে مضاعف ثلاثى অর্থ– পথভ্রষ্ট হওয়া। (سَعْيُهُ) ব্যর্থ হওয়া, সফল না হওয়া। ضَلَّ - ব্যর্থ হয়েছে। কুরআনে আছে– اَلَّذِيْنَ ضَلَّ سَعْيُهُمْ فِى الْحَيٰوةِ الدُّنْيَا

مَسْعٰى : এটি مصدر অর্থ– চেষ্টা করা।

اَلنُّذْلُ : এটি صيغه صفت অর্থ– নিকৃষ্ট।

اَلْفَسْلُ : এটি اسم جامد একবচন, বহুবচনে فُسُوْلٌ اَفْسَلُ অর্থ– অসৎ, নীচু, অপদার্থ।

دَعَا اللّٰهَ : আল্লাহর নিকট দোয়া করলেন।

لِيَكْفِىْ : নিষ্কৃতির জন্যে।

شَرٌّ : এটি اسم جامد একবচন, বহুবচনে شُرُوْرٌ অর্থ– মন্দ, ষড়যন্ত্র।

اَلطَّاعُوْنُ : অর্থ– প্লেগ, গলগণ্ড রোগ।

اَلْعُتُلُّ : অবাধ্য, উদ্ধত।

صَعْقٌ : এটি مصدر বাবে سمع অর্থ– বজ্রপাত হওয়া, বজ্রে অজ্ঞান হয়ে যাওয়া।

اَبَادَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِبَادًا মূলবর্ণ (ب ـ ى ـ د) জিনসে اجوف يائى অর্থ– ধ্বংস করা। اَبَادَ - ধ্বংস করে দিয়েছে, শেষ করে দিয়েছে।

أَمَّلَا : সীগাহ اثبات فعل ماضى معروف تثنيه مذكر غائب বহছ বাবে تفعيل মাসদার تَأْمِيْلًا মূলবর্ণ (ء. م. ل) জিনসে مهموز فاء অর্থ– আশা করা, প্রতিজ্ঞা করা। أَمَّلَا - তারা প্রতিজ্ঞা করছিল।

خَطْبًا : এটি اسم جامد একবচন, বহুবচনে خُطُوْبٌ অর্থ– অপছন্দনীয় ব্যাপার, (ষড়যন্ত্র)।

جَسِيْمًا : এটি صيغه مبالغه অর্থ– বিশাল আকৃতি, বড় ভয়ানক।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : أَرَبْدًا মাফঊলে মুকাদ্দাম, أَوْمى ফে'ল, لِيَقْتُلِ মুতা'আল্লিক, عَامِرٌ ফায়েল, قَتْلَ - غَيْلَةً থেকে তামঈয, بِالْكَلَامِ - غَيْلَةً -এর উপর আতফ, يَشْتَغِلُ -এর সাথে মুতা'আল্লিক।

قوله فَحَمَى اللّٰهُ الخ : حَمٰى ফে'ল, اَللّٰهُ ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। حِيْلَ ফে'ল, عَامِرٌ নায়েবে ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। ضَلَّ ফে'ল مَسْعٰى الخ ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

قوله وَ دَعَا اللّٰهَ الخ : دَعَا ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল اللّٰهَ মাফঊল, لِيَكْفِيْ شَرَّهُ মুতা'আল্লিকসহ জুমলায়ে ফে'লিয়্যাহ। مَاتَ ফে'ল بِالطَّاعُوْنِ মুতা'আল্লিক, عَامِرٌ ফায়েল اَلْعُتُلُّ - عَامِرٌ -এর সিফাত।

قوله ثُمَّ صَعْقٌ قَدْ الخ : صَعْقٌ মুবতাদা, قَدْ اَبَادَ اَرْبَدًا জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। أَمَّلَا ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, خطبا جسيما মাফঊল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

একটি কাহিনীতে রাসূল ﷺ -এর তিনটি মু'জিযা : ইমাম বায়হাকী ইবনে ইসহাকের বর্ণনায় উদ্ধৃত করেন যে, রাসূল ﷺ -এর নিকট বনী আমির গোত্রের একটি প্রতিনিধি দল উপস্থিত হলো। তাদের মধ্যে আমির ইবনুত্ তুফাইল, আরবাদ ইবনে কাইস ও খালিদ ইবনে জা'ফর প্রমুখ অন্যতম ছিল। নবীর দরবারে উপস্থিতির পূর্বে আমির আরবাদকে বলল, আমি মুহাম্মদের সাথে কথা বলতে বলতে তাকে অন্যমনস্ক করে ফেলতেই তুমি তাকে হত্যা করে ফেলবে। সুতরাং আমির তাঁর কাছে উপস্থিত হয়ে বলল, আপনি আমাদের সাথে বন্ধুত্ব স্থাপন করেন। রাসূল ﷺ বললেন, বন্ধুত্বের শুধুমাত্র একটি পথ আছে, আর তা হলো তোমরা শিরক ছেড়ে দিয়ে শুধুমাত্র এক আল্লাহরই দাবিদার হয়ে যাও। আমির মুসলমান হওয়া ছাড়া গত্যান্তর না দেখে রাসূল ﷺ -কে রাগে যুদ্ধের ধমকি দিয়ে শক্তি প্রদর্শনার্থে ফিরে গেল। তিনি বদদোয়া দিয়ে বললেন, প্রভু ! আমির ইবনে তুফাইলের প্রতি তোমার অভিশাপ নামাও। নবীর মাজলিস থেকে বেরিয়ে আসার পর আমির আরবাদকে বলল, ওরে হতভাগা আরবাদ ! তুমি কি করেছিলে ? তুমি আমার কথামত কাজ করনি কেন ? সে বলল, আমি অনেকবার হত্যা করার সংকল্প করেছি ; কিন্তু কি করব ? আমি যখনি তরবরি মারার ইচ্ছা করলাম তখনই দেখতে পেলাম যে, তুমি (আমির) আমার এবং রাসূল ﷺ -এর মধ্যস্থলে আছ। এতে আমার বিশ্বাস হয়ে গেল যে, আমি তরবারি মারলে শুধু তুমিই মারা যাবে, মুহাম্মদের কিছুই হবে না। তুমিও বলো, আমি এই রক্তপায়ী তরবারিকে তোমার রক্ত দ্বারা কিরূপে পরিতৃপ্ত করতে পারি ? এরপর সকল লোক নিজ আবাসস্থলে ফিরে গেল। এরা গৃহে পৌছতে না পৌছতেই আল্লাহর হুকুমে আমিরের গলদেশ প্লেগের ফোঁড়া বা গলগণ্ড প্রতিভাত হয়ে উঠল। এ গলগণ্ডের অসহ্য যন্ত্রণার ফলে সে বনী সলূল গোত্রীয় এক রমণীর গৃহে প্রাণ ত্যাগ করল।

অবশিষ্ট সঙ্গীরা আমিরের এলাকায় পৌছলে লোকেরা রাসূল ﷺ -এর অবস্থা জিজ্ঞেস করল। তখন আরবাদ বলল, মুহাম্মদ আমাদেরকে এমন এক সত্তার দিকে ডাকছে যে, যাতে আমার রাগ এসে গেল। আমার মন চায় যে, সে যদি আমার সামনে থাকতো, তাহলে আমি নিজস্ব তীর দ্বারা তাকে নাস্তানাবুদ করে দিতাম। তার এ জাতীয় অসৌজন্যমূলক কথাগুলো বলার পর একটি দিনের বেশি অতিবাহিত হয়নি যে, আরবাদ তার একটি উট বিক্রির জন্য নিজ গোত্রের বাইরে গিয়েছিল, তখন আল্লাহ তা'আলা তার উপর একটি বজ্রকে আপতিত করে দিলেন। ফলে উট ও উটের মালিক আরবাদ উভয়ে বজ্রাঘাতে ধূলিসাৎ হয়ে গেল। আবূ নাঈম বিভিন্ন সূত্রে এভাবেই ঘটনাটি বর্ণনা করেছেন।

وَلَبِيْدُ كَادَ بِالسِّحْرِ يَرٰى * اَنْ يُّصِيْبَهٗ جُنُوْنٌ اَوْ خَبَلْ

لَمْ يَنَلْ مَا رَامَ اِلَّا اَنَّهٗ * اِعْتَرَاهُ مِنْهُ دَاءٌ وَكَسَلْ

فَاَتَاهُ مَلَكَانِ لَيْلَةً * يَكْشِفَانِ مَا عَرَا وَ مَنْ عَمِلْ

فَاَتَى الْعَمَّارُ ذَرْوَانَ الَّتِىْ * مَاؤُهَا مِنْ خُبْثِ مَا فِيْهَا رَهِلْ

অনুবাদ : ১৪৯. লবীদ-ইবনে-আসম রাসূলের উপর যাদু করছে যার ফলে মস্তিষ্ক বিকৃত কিংবা উম্মাদ হওয়ার উপক্রম হয়ে গেল।

১৫০. তাদের উদ্দেশ্য তো সফল হলোই না; কিন্তু এ যাদুতে তিনি অসুস্থ ও অলসমনা হয়ে গেলেন।

১৫১. অতঃপর দুই ফেরেশতার রাত্রিবেলায় আগমন ঘটেছে, তথ্য উদঘাটনে কি হয়েছে ? কে করেছে ?

১৫২. অতঃপর হযরত আম্মার যারওয়ান কূপের নিকট আসলেন, যার পানি ঘৃণ কর্মে (যাদু) বিকৃত ও হ্রাস হয়ে গেল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَلسِّحْرُ : অর্থ– যাদু

يُصِيْبُ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افعال মাসদার اِصَابَةً মূলবর্ণ (ص - و - ب) জিনসে اجوف واوى অর্থ– পৌছা। اَنْ يُّصِيْبَ - পৌঁছে গেল, হয়ে গেল।

جُنُوْنٌ : উম্মাদনা, পাগলামী।

خَبَلْ : এটি مصدر বাবে سمع অর্থ– উম্মাদনা।

لَمْ يَنَلْ : সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাবে فتح মাসদার نَيْلًا মূলবর্ণ (ن - ى - ل) জিনসে اجوف يائى অর্থ– পাওয়া। لَمْ يَنَلْ - পায়নি, সফল হলো না।

رَامَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার مَرَامًا رَوْمًا মূলবর্ণ (ر - و - م) জিনসে اجوف واوى অর্থ– ইচ্ছা করা, বাসনা করা। مَارَامَ - যা উদ্দেশ্য করছিল।

اِعْتَرَا : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِعْتِرَاءً মূলবর্ণ (ع - ر - ى) জিনসে ناقص يائى অর্থ– লাগা, সংযুক্ত হওয়া। اِعْتَرَاهُ - তাঁর সংযুক্ত হলো, (হয়ে গেলেন)।

دَاءٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَدْوَاءٌ অর্থ– রোগ, অসুস্থতা।

كَسَلْ : এটি مصدر বাবে سمع অর্থ– অলস হওয়া, উদাসীন হওয়া।

فَاَتَهٗ : অতঃপর তাঁর নিকট আসল।

مَلَكَانِ : এটি দ্বিবচন, একবচনে مَلَكٌ অর্থ– ফেরেশতা।

يَكْشِفَانِ : সীগাহ تثنيه مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে ضرب মাসদার كَشْفًا - মূলবর্ণ (ك - ش - ف) জিনসে صحيح অর্থ– খোলা, উদঘাটন করা। يَكْشِفَانِ - (তথ্য) উদঘাটনে।

مَاعَرَا : কি হয়েছে ?

مَنْ عَمِلَ : কে করেছে ?

اَتٰى : আসলেন।

ذَرْوَانَ : এটি একটি কূপের নাম।

خُبْثٌ : ঘৃণ্যতা।

رَهَلٌ : পরিবর্তন, হ্রাস।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : لَبِيْدٌ মুবতাদা, كَادَ بِالسِّحْرِ খবর, كَادَ - بِالسِّحْرِ يَرٰى -এর ইসম, أَنْ يُّصِيْبَهُ الخ খবর।

قوله لَمْ يَنَلْ مَا رَامَ الخ : لَمْ يَنَلْ ফে'ল, مَا رَامَ মাফউল, شَيْئٌ বিলুপ্ত ফায়েল মুস্তাছনা মিনহু, انه মুস্তাছনা, ان - اعتراه -এর খবর, دَاءٌ وَكَسَلٌ - اِعْتَرَا -এর ফায়েল।

قوله فَاَتَاهُ مَلَكَانِ الخ : اَتَا ফে'ল, যমীরে মানসূব মাফউল, مَلَكَانِ ফায়েল لَيْلَةً মাফউলে ফীহ মিলে মুবতাদা, يَكْشِفَانِ খবর।

قوله فَاَتَى الْعَمَّارُ الخ : اَتٰى ফে'ল, ذَرْوَانَ মাফউল, اَلْعَمَّارُ ফায়েল التى - ذَرْوَانَ -এর সিফাত, مَاءُهَا - মুবতাদা, رَهَلٌ- খবরসহ اَلَّتِيْ মাওসূলের সেলাহ।

লবীদ ইবনে আসমের যাদুকরণ এবং ফেরেশ্‌তার মাধ্যমে তার তথ্য উদঘাটন : বায়হাকী (র.) কালবীর সনদে আবী সালেহ-এর বর্ণনা দ্বারা হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রা.) থেকে সংকলন করেন যে, একবার রাসূল ﷺ ভীষণ অসুস্থ হয়ে পড়েছিলেন, তাঁর কাছে দু'জন ফেরেশতা এলেন। তাঁদের একজন রাসূলের মাথার কাছে অপরজন পায়ের কাছে বসলেন। এরপর একজন অন্যজনকে বললেন, এটা কি ব্যাপার ? অন্যজন উত্তর করলেন, ওনার অসুখ। তিনি বললেন, কি অসুখ ? আর একজন উত্তরে বললেন, তাঁকে যাদু করা হয়েছে। জিজ্ঞাসা করা হলো যাদু কে করেছে ? বললেন, লবীদ ইবনে আসম। অন্যজন জিজ্ঞাসা করলেন, যাদুর সামগ্রী কোথায় আছে ? বললেন, অমুক গোত্রের কূপের মধ্যে পাথরের নিচে। বললেন, এখন কি করতে হবে ? উত্তর এলো, তুমি সেই কূপের কাছে যাও আর তার সমগ্র পানি বের করে ফেল। পাথরটিকে উঠিয়ে ফেল। যাদুর সামগ্রী গুলোকে বের করে জ্বালিয়ে ফেল। সকালে রাসূল ﷺ আম্মার ইবনে ইয়াসির (রা.) -কে ঐ কূপে পাঠালেন। কূপের পানিগুলো মেহেদীপাতার নিংড়ানো রসের ন্যায় দেখা গেল। লোকেরা সে পানিকে নিষ্কাশন করে ফেলল। পাথর উঠাল। যাদুর সামগ্রীগুলোকে বের করে জ্বালিয়ে ফেলল। এগুলো ছবিসাদৃশ্য ছিল। তাতে দেখা গেল যে, একটি ধনুকের ছিলায় এগারটি গিরা দেওয়া হয়েছে। এরপর রাসূল ﷺ -এর উপর সূরায়ে নাস ও সূরায়ে ফালাক অবতীর্ণ হলো। তিনি একটি করে আয়াত পড়ে যাচ্ছিলেন আর একেকটি গ্রন্থি খুলে যাচ্ছিল। ইমাম বুখারী ও মুসলিম হযরত আয়েশা (রা.) থেকে এভাবেই বর্ণনা করেছেন।

اَخْبَرَتْهُ الشَّاةُ نُطْقًا اَنَّهُ ❊ سَمَّهُ قَوْمٌ وَقَدْ كَانَ اَكَلْ

لَمْ يُؤَثِّرْ فِيْهِ سَمٌّ نَاقِعٌ ❊ خَابَ مَنْ شَاءَ اَذَاهُ وَخَذَلْ

অনুবাদ : ১৫৩. ছাগল মুখ খুলে রাসূল ﷺ -কে সংবাদ দিয়েছে যে, কতিপয় লোক তাতে বিষ মিশিয়েছে। আর রাসূল ﷺ তন্মধ্য হতে কিছু আহার করেছেন।

১৫৪. ধ্বংসাত্মক বিষ তাদের উপর কোনো ক্রিয়া করেনি, যারা কষ্ট দিতে চেয়েছে তারা অপমান ও বঞ্চিত হয়েছে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَخْبَرَ : সংবাদ দিয়েছে।

اَلشَّاةُ : ছাগল। (প্রাগুক্ত)

نُطْقًا : এটি مصدر বাবে ضرب অর্থ– (ناطقا) মুখ খুলে।

سَمَّ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার سَمًّا জিনসে مضاعف অর্থ– বিষ মিশান। سَمَّ - বিষ মিশিয়েছে।

نَاقِعٌ : অর্থ– ধ্বংসাত্মক বিষ।

خَابَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب মাসদার خَيْبَةٌ মূলবর্ণ (خ ـ ى ـ ب) জিনসে اجوف يائى অর্থ– বঞ্চিত হওয়া, নিরাশ হওয়া। خَابَ - তারা বঞ্চিত হয়েছে। কুরআনে আছে– وَقَدْ خَابَ مَنْ دَسّٰهَا

خَذَلَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার خَذْلاً জিনসে صحيح অর্থ– সাহায্যহীন হওয়া। خذل- অপমানিত হলো, বঞ্চিত হলো।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : اَخْبَرَتْ ফে'ল, যামীরে মানসূব মাফউল, الشَّاةُ ফায়েল, نُطْقًا তামঈয, انه الخ মাফউল وَقَدْ كَانَ اكل شَاةٌ – থেকে হাল।

قوله لَمْ يُؤَثِّرْ الخ : لَمْ يُؤَثِّرْ ফে'ল, فِيْهِ মুতা'আল্লিক, سَمٌّ نَاقِعٌ মুরাক্কাবে তাওসীফী হয়ে ফায়েল, خَابَ ফে'ল, من شاء ফায়েল, اَذَاهُ মাফঊল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ, خَذَلَ خَابَ -এর উপর আতফ।

রাসূল ﷺ -এর ভক্ষণকৃত ছাগলের গোশত বিষ মিশ্রিত করার রহস্য ফাঁস : ইমাম বায়হাকী (র.) বিশুদ্ধ সূত্রে আবদুর রহমান ইবনে কা'ব ইবনে মালিক থেকে বর্ণনা করেন যে, এক ইহুদি মহিলা রাসূল ﷺ -এর সমীপে খায়বর নামক স্থানে গোশত পেশ করল। তিনি সেখান থেকে কিছু খেলেন, সাহবীরাও কিছু খেলেন। আহারের পর তিনি বললেন, তুমি এ গোশতের সাথে বিষ মিশ্রিত করে দিয়েছ। সে বলল, আপনাকে কে বলেছে? তিনি তাঁর হাতে পরিবেশিত টুকরোর দিকে ইঙ্গিত করে বললেন, এ হাড্ডিটাই এ কথা বলেছে। বায্যার ও হাকিমের বর্ণনায় আছে যে, মহিলাটি ঘটনা স্বীকার করে বলল, আমার এই ধারণা ছিল যে, আপনি মিথ্যা নবী হলে বিষাক্ততায় মরে যাবেন। আর লোকেরা সে মিথ্যা থেকে পরিত্রাণ পাবে। আর আপনি সত্যবাদী হলে আমার নিশ্চিত বিশ্বাস ছিল যে, আল্লাহ তা'আলা আপনাকে এ সম্বন্ধে অবহিত করে দিবেন। একথা শুনে রাসূল ﷺ সাহবীদেরকে বললেন, আল্লাহ তা'আলর নাম নিয়ে তোমরা আহার করা শুরু করে দাও। সাহাবীরা খেলেন, আর কারো কোনো ক্ষতি হয়নি।

قَامَ صَلْتًا مَنْ اَتَاهُ فَاتِكًا ❋ وَهُوَ مُسْتَلْقٍ بِظِلٍّ مُسْتَظِلْ

قَالَ مَنْ يَّحْمِيْكَ مِنْ بَطْشِىْ اِذَنْ ❋ قَالَ اللّٰهُ عَلَيْهِ اَتَّكِلْ

فَاعْتَرَتْهُ رِعْدَةٌ مَالَتْ بِهٖ ❋ وَ رَمَى السَّيْفَ وَ وَلّٰى مُشْمَعِلْ

অনুবাদ : ১৫৫. জনৈক ব্যাক্তি উন্মুক্ত তরবারি নিয়ে রাসূলের উপর আক্রমণের জন্য দাঁড়াল, তখন তিনি দ্বিপ্রহরে বিশ্রামের জন্য গাছতলায় শুয়েছিলেন।

১৫৬. বলল (হে মুহাম্মদ !) এ মুহূর্তে আমার হাত থেকে তোমাকে কে বাঁচাবে? বললেন, আল্লাহই আমাকে বাঁচাবেন, তাঁর উপরেই আমার ভরসা।

১৫৭. একথা শুনতেই সে কাঁপতে কাঁপতে ঝুঁকে পড়ল। তরবারি নিক্ষেপ করে অতি দ্রুত গতীতে প্রস্থান করল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

قَامَ : দাঁড়াল।

صَلْتًا : এটি মাসদার, বাবে نصر অর্থ– জুতার কাঁটা দিয়ে ঘোড়াকে উত্তেজিত করা, আক্রমণ করা।

فَاتِكًا : এটি اسم فاعل একবচন, فَتْكًا فُتُوْكًا বাবে نصر ضرب জিনসে صحيح অর্থ– নির্ভীক হওয়া, বীর হওয়া। فَاتِكٌ - বাহাদুর, বীর পুরুষ, নির্ভীক।

مُسْتَلْقٍ : সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাবে استفعال মাসদার إِسْتِلْقَاءُ মূলবর্ণ (ل ـ ق ـ ى) জিনসে ناقص يائى অর্থ– চিৎ হয়ে শোয়া। مُسْتَلْقٍ - শুয়ে ছিল।

ظَلٌّ : এটি اسم جامد একবচন, বহুবচনে ظَلَالٌ অর্থ– ছায়া।

مُسْتَظِلٌ : সীগাহ واحد مذكر বহছ اسم فاعل মাসদার إِسْتِظْلَالٌ বাবে استفعال অর্থ– ছায়াতলে বসা।

يَحْمِىْ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে ضرب মাসদার حَمِيَّةً حَمْيًا মূলবর্ণ (ح ـ م ـ ى) জিনসে ناقص يائى অর্থ– বাচান, বাধা প্রদান করা। مَنْ يَحْمِىْ - কে বাচাবে ?

بَطْشٌ : এটি مصدر বাবে نصر ضرب অর্থ– শক্তভাবে ধরা, (হাত) কুরআনে আছে– اِنَّ بَطْشَ رَبِّكَ لَشَدِيْدٌ

اَتَّكِلُ : সীগাহ واحد متكلم বহছ اثبات فعل مضارع معروف বাবে افعال মাসদার اِتِّكَالًا মূলবর্ণ (و ـ ك ـ ل) জিনসে مثال واوى অর্থ– ভরসা করা, নির্ভর করা। اَتَّكِلُ - ভরসা করি। কুরআনে আছে– وَمَنْ يَّتَوَكَّلْ عَلَى اللّٰهِ فَهُوَ حَسْبُهٗ

إِعْتَرَتْ : সীগাহ واحدمونث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افتعال অর্থ– সংযুক্ত হওয়া। إِعْتَرَتْ - লাগল। (প্রাগুক্ত)

رِعْدَةٌ: অর্থ– কম্পন।

مَالَتْ : ঝুঁকে পড়ল (প্রাগুক্ত)

رَمٰى : নিক্ষেপ করেছে।

سَيْفٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে سُيُوْفٌ অর্থ– তরবারি।

وَلّٰى : পশ্চাৎপদ করেছে, প্রস্থান করল।

مُشْمَعِلٌ : সীগাহ واحد مذكر বহছ اسم فاعل মাসদার إِشْمِعْلَالًا এটা اِقْشِعْرَارٌ -এর ওযনে বাবে افعلال অর্থ– দ্রুত প্রস্থান করা।

تَرْكِيْبُ الْجُمَلْ (বাক্যসমূহের বিশ্লেষণ) : قَامَ ফে'ল, صَلْتًا হাল, مَنْ اَتَاهُ যুলহাল, হাল যুলহাল মিলে ফায়েল, اَتٰى - فَاتِكًا -এর যমীর থেকে হাল। وَهُوَ مُسْتَلْقٍ الخ – اَتَاهُ -এর যমীর থেকে হাল।

قوله قَالَ مَنْ يَّحْمِيْكَ الخ : قَالَ ফে'ল ফায়েল মিলে কাওল, مَنْ يَّحْمِيْكَ মাকূলা, قَالَ اللّٰهُ কাওল, اَتَّكِلْ মাকূলা।

قوله فَاعْتَرَتْهُ رِعْدَةٌ الخ : إِعْتَرَتْ ফে'ল, رِعْدَةٌ ফায়েল, مَالَتْ بِهٖ – رِعْدَةٌ -এর সিফাত, رَمٰى ফে'ল ফায়েল, السَّيْفُ মাফঊল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। وَلّٰى -ফে'ল ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। مُشْمَعِلٌ – وَلّٰى -এর ضمير থেকে হাল।

রাসূলুল্লাহ ﷺ -এর প্রভাবে শত্রুর হস্তস্থিত তরবারির পতন : আবূ নাঈম জাবির (রা.) -এর রিওয়ায়াত দ্বারা বর্ণনা করেন যে, সফর মাসে রাসূলুল্লাহ ﷺ কোনো সফরের উদ্দেশ্যে বের হলেন। দ্বিপ্রহরে বিশ্রামের জন্য গাছতলায় গিয়ে শুইলেন। তিনি তাঁর তরবারি খানা গাছের সাথে ঝুলিয়ে রেখেছিলেন। এমন সময় এক বেদুঈন এসে রাসূলের তরবারি খানা খাপ থেকে বের করে তাঁর মাথার কাছে দাঁড়িয়ে বলতে লাগল, হে মুহাম্মদ ! এ মুহূর্তে আমার হাত থেকে তোমাকে কে বাঁচাবে ? একথা শুনে তিনি ঘুম থেকে জেগে উঠলেন। তিনি বললেন, তোমার হাত থেকে আল্লাহই আমাকে বাঁচাবেন। একথা শুনে সে কাঁপতে লাগল, ফলে তার হাত থেকে তরবারি খসে পড়ল। সে তরবারি ফেলে চলে গেল।

اَلْقِسْمُ الثَّانِى عَشَرَ

দ্বাদশ পরিচ্ছেদ

مُعْجِزَاتُهٗ ﷺ فِىْ رُكَانَةَ الَّذِىْ لَمْ يَظْهَرْ اَحَدٌ عَلَيْهِ فِى الْمُصَارَعَةِ–

وَ رُكَانَةُ اَتٰى حَرْبًا لَهٗ * مَا لِمَرْءٍ فِىْ صَرَاعِهٖ قِبَلْ

قَامَ يَرْمِيْهِ ثَلٰثًا وَبَدَتْ * حُجَّةُ اللّٰهِ عَلٰى ذَاكَ الْبَطَلْ

وَاَرَاهُ اٰيَةً لَمَّا دَعَا * سَمُرَةً ذَاتَ فُرُوْعٍ وَعَبَلْ

سَارَ مِنْهَا النِّصْفُ يَعْدُوْ طَائِعًا * ثُمَّ اِلْتَامَ كَانَ لَمْ يَنْفَصِلْ

অনুবাদ : কুস্তিগীর রোকানা, যাকে কুস্তিতে এ পর্যন্ত কেউ পরাজিত করতে পারেনি তার সম্পর্কে রাসূল ﷺ-এর মু'জিযাসমূহ।

১৫৮. (কুস্তিগীর) রোকানা নবী ﷺ -এর নিকট আসল প্রতিযোগিতার উদ্দেশ্যে। কেউ পূর্ব হতে অদ্যবধি তার সাথে কুস্তির জন্যে সাহস করেনি।

১৫৯. তিনি একে একে তিনবার তাকে পাছড়ে দিয়েছেন। এই খ্যাতনামা বীরের উপর আল্লাহর প্রমাণ (নির্দশন) সাব্যস্ত হলো।

১৬০. এবং তাকে একটি নির্দশন দেখালেন। যখন পত্র-পল্লব ও ঢাল বিশিষ্ট বাবলা গাছের দিকে ইঙ্গিত করে ডাকলেন।

১৬১. তার অর্ধাংশ অনুগতশিরে দৌড়ে আসল, পুনরায় (উক্ত ডালখানা অপর অর্ধাংশের সাথে গিয়ে এমনভাবে) মিলিত হলো যেন বিচ্ছিন্ন হয়নি।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ (শব্দসমূহের বিশ্লেষণ) :

رُكَانَةُ : এক সু-প্রসিদ্ধ কুস্তিগীর।

حَرْبًا : এটি مصدر অর্থ– যুদ্ধ, প্রতিযোগিতা।

صَرَاعٌ : مُصَارَعَةٌ এটি مصدر বাবে مفاعلة অর্থ– কুস্তি লড়া।।

قِبَلْ : অর্থ– শক্তি, সাহস।

يَرْمِيْهِ : তাকে নিক্ষেপ করেছেন, পাছড়ে দিয়েছেন।

بَدَتْ : সীগাহ واحد مؤنث বহছ اثبات فعل ماضى معروف অর্থ– সাব্যস্ত হয়েছে, প্রকাশিত হয়েছে। (প্রাগুক্ত)

حُجَّةٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে حُجَجٌ حِجَاجٌ অর্থ– প্রমাণ, দলিল।

بَطَلْ : এটি صيغه صفت একবচন, বহুবচনে اَبْطَالٌ অর্থ– বীর বাহাদুর।

سَمُرَةٌ : অর্থ– কাঁটা বিশিষ্ট বৃক্ষ, বাবলা গাছ।

فُرُوْعٌ : এটি বহুবচন, একবচনে فَرْعٌ অর্থ– শাখা-প্রশাখা, ডালসমূহ।

عَبَلْ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَعْبَالٌ অর্থ– পাতা, ঝরানো পাতা, পত্র-পল্লব।

سَارَ : দৌড়িয়ে আসল। (প্রাগুক্ত)

اَلنِّصْفُ : অর্ধাংশ।

يَعْدُوْ : সীগাহ বহছ واحد مذكر غائب اثبات فعل مضارع معروف বাবে نصر অর্থ– দৌড়ে।

طَائِعًا : এটি صيغه صفت একবচন, বহুবচনে طُوْعٌ অর্থ– অনুগত।

اِلْتَامَ : সীগাহ বহছ واحد مذكر غائب اثبات فعل ماضى معروف বাবে افتعال মাসদার اِلْتِيَامًا মূলবর্ণ (ل ـ ى ـ م) জিনসে اجوف يائى অর্থ– লেগে যাওয়া, জোড়ে যাওয়া। اِلْتَامَ - মিলিত হলো।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : رُكَانَةُ মুবতাদা, اَتَى খবর। حَرْبًا - اَتَى -এর যমীর থেকে হাল। لَيْسَ - مَا -এর অর্থে لِمَرْءٍ খবর, قَبْلَ ইসম।

قَوْلَهٗ وَ اَرَاهُ اٰيَةً الخ : اَرَا ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, ضمير منصوب মাফঊল, اية দ্বিতীয় মাফঊল ও لَمَّا دَعَا - ظرف -এর সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। سمرة - دَعَا ফে'লের মাফঊল, ذَاتَ فُرُوْعٍ - سمرة -এর সিফাত।

قوله سَارَ مِنْهَا النِّصْفُ الخ : سَارَ ফে'ল, مِنْهَا মুতা'আল্লিক, اَلنِّصْفُ ফায়েল, يَعْدُوْ طَائِعًا জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে اَلنِّصْفُ -এর হাল। التام ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, كَاَنْ لَمْ يَنْفَصِلْ - ضمير থেকে হাল।

কুস্তিগীর রোকানাকে চিৎপাত করা এবং একটি গাছের অর্ধাংশ রাসূল ﷺ -এর আহ্বানে সাড়া দিয়ে উপস্থিতি : উল্লিখিত পংক্তি চারটি এ ঘটনার দিকে ইঙ্গিত করে, যা আবূ নাঈম (র.) আবূ উমামাহ-এর রিওয়ায়াতে বর্ণনা করেন যে, বনী হাশেম গোত্রে একজন সুপ্রশিদ্ধ কুস্তিগীর ছিল, যার নাম রোকানা। তার কাছে অনেক বকরি ছিল, সে সেগুলো 'আসাম' উপত্যকায় চরাতো। সেখান দিয়ে একবার রাসূল ﷺ পথ অতিক্রম কালে রোকানার সাথে সাক্ষাৎ ঘটল। সে বলল, তুমি নাকি আমাদের 'লাত' ও 'উয্‌যা' দেবীকে ভালোমন্দ বলে বেড়াচ্ছ ? খোদার উপাসনার দিকে ডাকছ ! তোমার সাথে আত্মীয়তার কোনো সম্পর্ক না থাকলে আমি তোমাকে জানেই মেরে ফেলতাম। অতএব আজ আমার শেষ কথা হলো, তুমি যদি আজকে তোমার খোদার সাহায্যে আমার উপর বিজয়ী হতে পার, তাহলে তোমাকে তোমার বাছাইকৃত দশটি বকরি দিয়ে দিব। রাসূল ﷺ আবেদন মঞ্জুর করলেন। ফলে কুস্তি শুরু হয়ে গেল। আল্লাহ তা'আলার সাহায্যে রাসূল ﷺ রোকানাকে পাছড়ে দিয়ে তার বক্ষোপরি চড়ে বসলেন। রোকানা বলল, আপনি আমার বুকের উপর থেকে নেমে পড়ুন। কেননা, আপনি আপনার শক্তি বলে আমাকে পরাস্ত করেননি, বরং আপনার প্রবল প্রতাপশালী সু-কৌশলী প্রভুই আপনাকে আমার উপর বিজয়ী করে দিলেন। লাত ও উয্‌যা আমরা কোনো সহায়তা করেনি। কেননা, আপনার পূর্বে অদ্যবধি কেউ আমার পিঠ মাটির সাথে লাগাতে পারেনি। মোট কথা, এভাবে সে তিনবার কুস্তি ধরে ব্যর্থ হলো। পূর্বে আরোপিত শর্তানুযায়ী সে ত্রিশটি ছাগল নিয়ে যাওয়ার অনুমতি দিল। রাসূল ﷺ বললেন, তোমার ছাগলগুলোর আমার কোনো প্রয়োজন নেই। তবে ওহে রোকানা ! তুমি মুসলমান হয়ে যাও তাহলে তুমি দোযখের আজাব থেকে নিরাপদ থাকতে পারবে। রোকানা প্রত্যুত্তরে বলল, আমাকে আপনি কোনো মু'জিযা না দেখানো পর্যন্ত আমি মুসলমান হব না। রাসূল ﷺ বললেন, বিশ্ব প্রতিপালক আমার আর তোমার মধ্যকার এ চুক্তি সম্বন্ধে অবগত আছেন। আমি যদি বাস্তবিক আল্লাহ তা'আলার হুকুমে কোনো মু'জিযা প্রদর্শন করি তাহলে কি তুমি সত্যই মুসলমান হবে ? রোকানা বলল, হ্যাঁ, নিঃসন্দেহে। তখন তিনি রোকানার নিকটস্থ একটি ঢাল-পালা বিশিষ্ট গাছের দিকে ইঙ্গিত করে বললেন, আল্লাহর আদেশে আমার কাছে এসে যাও। তৎক্ষণাৎ সে বৃক্ষটি দ্বি-খণ্ডিত হয়ে এক খণ্ড তার ঢালপালা ও পাতাসহ রাসূল ﷺ ও রোকানার মাঝ বরাবর এসে গেল। রোকানা বলল, আপনি তো আমাকে বড় একটি মু'জিযা দেখালেন, এবার এটাকে নির্দেশ দিন যেন সে তার পূর্বস্থানে ফিরে যায়। পরিশেষে নবী করীম ﷺ -এর নির্দেশক্রমে উক্ত ঢালখানা তার অপর অর্ধাংশের সাথে গিয়ে এমনভাবে মিলিত হলো যেন কখনও বিচ্ছিন্ন হয়নি। কিন্তু দুঃখের বিষয় হলো এ সকল আশ্চর্যজনক ঘটনা প্রত্যক্ষ করেও রোকানা মুসলমান হয়নি।

اَلْقِسْمُ الثَّالِثُ عَشَرَ

ত্রয়োদশ পরিচ্ছেদ

مُعْجِزَاتُهُ ﷺ فِيْ مَنْ كَانَ يُؤْذِيْهِ-

وَامْتَلَا رُعْبًا اَبُوْ جَهْلٍ بِهٖ * وَقَضٰى مُسْتَعْجِلاً دَيْنَ الْاِبِلْ

اِذْ رَاٰى فَحْلاً يَصُوْلُ كَاشِرًا * اٰخِذًا بِالرَّأْسِ لَوْ شَيْئًا مَطَلْ

অনুবাদ : রাসূল ﷺ-কে কষ্ট প্রদানকারী লোকদের সাথে সম্পর্কিত তাঁর মু'জিযাসমূহ।

১৬২. (রাসূল ﷺ -কে দেখে) আবূ জাহল ভীতগ্রস্ত হয়ে পড়ল, তড়িঘড়িতে উটের মূল্য পরিশোধ করে দিল।

১৬৩. যখন সে একটি নর উটকে দাঁত বের করে আছে আক্রমণের জন্য উদ্যত দেখতে পেয়েছে। একটু যদি বিলম্ব করতো মাথা গিলে ফেলতো।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اِمْتَلَا : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افتعال মাসদার اِمْتِلَاءٌ মূলবর্ণ (م ـ ل ـ ء) জিনসে مهموزلام অর্থ– পরিপূর্ণ হওয়া, ভরে যাওয়া।

رُعْبًا : এটি اسم جامد একবচন, বহুবচনে رُعْبَةٌ অর্থ– ভয়, ভীতি। اِمْتَلَا رُعْبًا - ভীতগ্রস্ত হয়ে গেল।

قَضٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب মাসদার قَضَاءٌ মূলবর্ণ (ق ـ ض ـ ى) জিনসে ناقص يائى অর্থ– সিদ্ধান্ত করা, আদায় করা। قَضٰى - পরিশোধ করে দিল, আদায় করে দিল।

مُسْتَعْجِلاً : সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাবে استفعال মাসদার اِسْتِعْجَالًا মূলবর্ণ (ع ـ ج ـ ل) জিনসে صحيح অর্থ– তাড়াহুড়া করা। مُسْتَعْجِلًا - তড়িঘড়ি।

دَيْنَ : এটি اسم جامد একবচন, বহুবচনে دُيُوْنٌ অর্থ– কর্জ, ঋণ, পাওনা।

اَلْاِبِلُ : অর্থ– উট। (প্রাগুক্ত)

فَحْلاً : এটি اسم جامد একবচন, বহুবচনে فُحُوْلٌ অর্থ– ষাড়, প্রত্যেক প্রাণীর নরজাত, (উট)।

يَصُوْلُ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে نصر মাসদার صَوْلًا صَيْلًا মূলবর্ণ (ص ـ و ـ ل) জিনসে اجوف واوى অর্থ– আক্রমণ করা। يَصُوْلُ - আক্রমণ করবে। যেমন– كَسِنَّوْرٍ مَغْلُوْبٍ يَصُوْلُ عَلَى الْكَلْبِ

كَاشِرً : সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাবে ضرب মাসদার كَشْرًا মূলবর্ণ (ك ـ ش ـ ر) জিনসে صحيح অর্থ– দাঁত বের করা। كَاشِرًا - দাঁত বের করে।

مَطَلَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার مَطْلًا মূবলর্ণ (م ـ ط ـ ل) জিনসে صحيح অর্থ– গড়িমসি করা, বিলম্ব করা। لَوْ مَطَلَ - যদি বিলম্ব করতো। বলা হয়– مَطْلُ الْغَنِيِّ ظُلْمٌ

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : اِمْتَلَا ফে'ল, رُعْبًا মাফউলে লাহু, اَبُوْجَهْلٍ ফায়েল, بِهٖ মুতা'আল্লিকের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ । قَضٰى ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল مُسْتَعْجِلًا - ضمير থেকে হাল, دَيْنَ الْاِبِلْ মাফউল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

فَحْلاً قوله إذْ رَاى فَحْلاً الخ : إذْ - قَضَى ফে'লের যরফে মুতা'আল্লাক, رَاى ফে'ল , তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল মাফঊল, يَصُوْلُ - فَحْلاً -এর সিফাত, لَوْشَيْئًا مَطَلَ শর্ত, يَصُوْلُ الخ জাযা।

রাসূল ﷺ-এর ভয়ে আবূ জাহলের ভীতসন্ত্রস্ত হওয়া এবং উটের মূল্য পরিশোধে বাধ্য করা : উপরোক্ত পংক্তি দু'টি এ ঘটনার দিকে ইঙ্গিত করছে, যা ইবনে ইসহাক প্রমুখ আবদুল মালিক ইবনে আবী সুফিয়ান সাকাফীর বর্ণনা দ্বারা ব্যক্ত করেন যে, এক ব্যক্তি 'আরশ' নামক স্থান থেকে তার উটসহ মক্কা মুকাররামায় উপস্থিত হয়েছিল। আবূ জাহল সে উটগুলোকে ক্রয় করে নিল কিন্তু মূল্য পরিশোধ করতে টাল-বাহানা শুরু করল। সে ব্যক্তি অপারগ হয়ে কুরাইশের এক সমাবেশে গিয়ে বলতে লাগল, তোমাদের মধ্যে এমন কেউ আছে কি যে, আবূ জাহলের কাছ থেকে আমার পাওনা উসুল করে দিতে পারবে ? কেননা, আমি হলাম একজন মুসাফির। তারা তামাশা দেখার জন্য মসজিদের একপ্রান্তে বসা মুহাম্মদ ﷺ -এর নিকট তাকে এই বলে পাঠিয়ে দিল যে, সে তোমার অধিকার আবূ জাহলের নিকট হতে উসুল করে দিতে পারবে। উট বিক্রেতা তাদের এই তামাশা সম্বন্ধে অবগত ছিল না। তাই সোজা নবী করীম ﷺ -এর কাছে এসে সব বৃত্তান্ত খুলে বলল। তিনি তখনি উক্ত লোকের সাথে আবূ জাহলের বাড়ির দিকে চললেন। ঘরের দরজায় টোকা মারতেই আবূ জাহলের জিজ্ঞাসা কে তুমি ? রাসূল ﷺ তাঁর নাম বললেন, আবূ জাহল তৎক্ষণাৎ বাইরে বের হলো; কিন্তু তার চেহারার বর্ণ পরিবর্তন হয়ে গেল। রাসূল ﷺ তাকে বললেন, এ বেচারার প্রাপ্য পরিশোধ করুন। সে বলল, আসুন একথা বলেই গৃহে গিয়ে সমস্ত দাম পরিশোধ করল। তাঁরা চলে গেলে লোকেরা আবূ জাহলের উপর তিরস্কার করা শুরু করল। তারা বলল, আবূ জাহল শত্রুর আনুগত্য করল। আবূ জাহল বলল, খোদার শপথ ! মুহাম্মদ এসে আমার দরজাতে টোকা মারতেই আমি ভীতগ্রস্ত হয়ে পড়লাম। আমি গৃহের বাইরে এসে দেখতে পেলাম যে, আমার মাথার উপর একটা নর উট দাঁড়িয়ে আছে। আমি আমার জীবনে কখনো এত মোটা মাথার খুপড়ি বিশিষ্ট এবং বড় বড় দাঁত বিশিষ্ট উট দেখিনি। খোদার শপথ ! আমি সে সময় তার প্রাপ্য পরিশোধ না করলে, সে নিশ্চিতভাবে আমাকে খেয়ে ফেলতো। এ ধরনের বর্ণনা আবূ নাঈমের গ্রন্থে আছে । তিনি সালাম ইবনে মিসকীনের সূত্রে এটির বিবরণ দিয়েছেন।

عُتْبَةُ اَذَاهُ شَتْمًا فَغَدَا * عُرْضَةً لِلْكَلْبِ مَآ اَغْنَى الْخَوَلْ

অনুবাদ : ১৬৪. উতবা ইবনে আবী লাহাব রাসূল ﷺ -কে মন্দ বলে কষ্ট দিয়েছে। কুকুরের আহারে পরিণত হয়েছে, তার অর্থসম্পদ তাকে রুখতে পারেনি।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

اَذَاهُ : তাঁকে কষ্ট দিয়েছে।

شَتْمًا : مَشْتَمَةً এটি مصدر বাবে نصر ضرب অর্থ– গালি দেওয়া, মন্দ বলা।

غَدَا : পরিণত হয়েছে।

عُرْضَةً : এটি اسم مصدر অর্থ– নিশানা, খাবার, আহার।

مَا اَغْنَى : সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل ماضى معروف বাবে افعال মাসদার اِغْنَاءٌ মূলবর্ণ (غ ـ ن ـ ى) জিনসে ناقص يائى অর্থ– যথেষ্ট হওয়া, সম্পদশালী হওয়া। مَآ اَغْنَى - তাকে রুখতে পারেনি। কুরআনে আছে– مَآ اَغْنٰى عَنْهُ مَالُهٗ وَمَا كَسَبَ

اَلْخَوَلْ : এটি اسم جامد বহুবচন, একবচনে خَوْلِىٌّ অর্থ– দাস-দাসী (অর্থ সম্পদ)।

تَرْكِيْبُ الْجُمَلِ **(বাক্যসমূহের বিশ্লেষণ) :** عُتْبَةُ মুবতাদা اذاه জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। غَدَا - ফে'লে নাকিস, যমীর তার ইসম, عُرْضَةً لِلْكَلْبِ খবর। مَآ اَغْنَى الْخَوَلْ জুমলায়ে ফে'লিয়্যাহ।

উতবা ইবনে আবূ লাহাবের অশ্রাব্য কথন ও পরিণামে ব্যাঘ্রের গ্রাসে পরিণত হওয়া : ইবনে আসাকির উরওয়ার সূত্রে হুব্বার ইবনুল আসওয়াদ থেকে নকল করে বিবরণ দেন যে, আবূ লাহাব ও তার ছেলে উতবা পণ্যসামগ্রী নিয়ে সিরিয়ায় গিয়েছিল। আমিও তাদের দু'জনের সাথে ব্যবসায়ী পণ্যসামগ্রী নিয়ে সিরিয়া গিয়েছিলাম। যাত্রার প্রারম্ভে আবূ লাহাবের ছেলে আমার কাছে শপথ করে বলল, আমি অবশ্যই মুহাম্মদের কাছে যাব এবং তার প্রভু সম্পর্কে কটুকথা বলব। একথা বলে সে মহানবী ﷺ -এর কাছে এসে বলল, আমি সেই সত্তার অস্বীকৃতি ঘোষণা দিচ্ছি যা তুমি "ছুম্মা দানা ফাতাদাল্লা, ফাকা-না ক্বাবা কাও সাইনি আও আদ্না"-এ বর্ণনা দিয়েছ । একথা শুনে রাসূল ﷺ বললেন, হে আল্লাহ ! এর উপর তোমার কুকুরগুলো থেকে একটি কুকুর লেলিয়ে দাও। সে প্রত্যাবর্তন করলে আবূ লাহাব পূর্ণ ঘটনা শুনে ব্যথিত হলো। সে বলল, তোমার ব্যাপরে মুহাম্মাদ -এর বদদোয়া আমায় অত্যন্ত চিন্তায় ফেলে দিয়েছে। পরিশেষে আমরা সফর করলাম। পথিমধ্যে বাঘ-ভাল্লুকের আস্তানার পার্শ্বে আমাদের ছাউনি ফেলা হলো। আবূ লাহাব বলল, তোমরা আমার বয়সের আধিক্য সম্বন্ধে অবশ্যই অবগত আছ। মুহাম্মদ তো আমার ছেলে সম্পর্কে বদদোয়া করছে, যার দরুন আমি আমার ছেলে সম্পর্কে অত্যন্ত ভীতিগ্রস্ত হয়ে আছি। অতএব তোমরা তোমাদের বেডিংপত্র অত্র গির্জার কাছে লাগিয়ে স্তূপ করে রাখো। এর উপর আমার ছেলের জন্য বিছানা বিছিয়ে দাও। এর আশে পাশে তোমরা তোমাদের আসন পেতে নাও। এ জন্য আমরা আমাদের শয্যা এরূপ করে নিলাম। রাতের কিছু অংশ অতিবাহিত হলে একটি বাঘ এসে আমাদের ঘ্রাণ নিতে লাগল। সে তার বাঞ্ছিত ব্যাক্তিকে না পেয়ে উপরের দিকে লাফিয়ে উঠল। আবূ লাহাবের ছেলের মুখের ঘ্রাণ নিয়েই সে তাকে টুকরো টুকরো করে ফেলল। তার মাথা মুচড়ে দিল। আবূ লাহাব এ দৃশ্য দেখে বলল, খোদার শপথ ! সে মুহাম্মদের অভিসম্পাত থেকে কি করে বেঁচে যেতে পারে ? বায়হাকী আবূ নাঈম নাওফল ইবনে আবী আকবরের সূত্রে পরম্পরা অত্র ঘটনাটি বর্ণনা করেন।

وَبُشَيْرٌ ذٰلِكَ الْخَبُّ الَّذِىْ * لَجَّ فِى الشَّتْمِ وَ زَادَ فِى الدَّغَلْ

مَاتَ اِذْ خَرَّتْ عَلَيْهِ دَارُهٗ * لَمْ يَحُطْهُ طَائِفٌ لَمَّا انْتَقَلْ

অনুবাদ : ১৬৫. আর সে প্রতারক বুশাইর যে নবীজি ﷺ -কে অতিরিক্ত গালি-গালাজ করেছে, অতিমাত্রা সন্ত্রাসে বেড়ে গেছে।

১৬৬. সে তার ঘর চাপা পড়ে মারা গেছে। (যদিও সে বাড়ি ছেড়ে) তায়েফে প্রত্যাবর্তন করেছিল, কিন্তু তায়েফেও তাকে নিরাপত্তা দিতে পারল না।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَلْخَبُّ : এটি اسم جامد একবচন, বহুবচনে خُبُوْبٌ অর্থ– প্রতারক, ধোঁকাবাজ। হাদীসে আছে– اَلْمُنَافِقُ خَبٌّ لَئِيْمٌ

لَجَّ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب سمع মাসদার لَجًّا لَجَجًا لَجَاجَةً মূলবর্ণ (ل ـ ج ـ ج) জিনসে مضاعف ثلاثى অর্থ– অধিক ঝগড়া করা। لَجَّ - অতিরিক্ত করেছে। কুরআনে আছে– لَلَجُّوْا فِىْ طُغْيَانِهِمْ يَعْمَهُوْنَ

اَلشَّتْمُ : অর্থ– গালি-গালাজ, মন্দ বাক্য।

زَادَ : বেড়ে গেছে।

اَلدَّغَلْ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَدْغَالٌ دِغَالٌ অর্থ– ত্রাস, ধ্বংস, সন্ত্রাস।

مَاتَ : সে মারা গেল।

خَرَّتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার خَرًّا خُرُوْرًا মূলবর্ণ (خ ـ ر ـ ر) জিনসে مضاعف ثلاثى অর্থ– উপর হতে নিচে পড়া। خَرَّ - পড়ে গিয়ে।

طَائِفٌ : মক্কার নিকটস্থ একটি উন্নত স্থানের নাম।

لَمْ يُحِطْ : সীগাহ واحد مذكر غائب বহছ معروف مستقبل درفعل نفى حجد بلم বাবে افعال মাসদার إِحَاطَةٌ অর্থ- বেষ্টন করা। لَمْ يُحِطْ - আশ্রয় দেইনি।

لَمَّا انْتَقَلَ : যখন প্রত্যাবর্তন করল, চলে যায়।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : بُشَيْرٌ মুবদাল মিনহু, ذَالِكَ الْخَبُ বদল, বদল ও মুবদাল মিনহু মিলে মুবতাদা, الَّذِيْ খবর, لَجَّ فِي الشَّتْمِ সেলাহ, زاد - لج -এর উপর আতফ।

قوله مَاتَ إِذْ خَرَّتْ الخ : مات ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, إِذْ خَرَّتْ دَارُهُ - متعلق -এর সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। لَمْ يُحِطْ ফে'ল, ضمير منصوب মাফঊল, طَائِفٌ ফায়েল ও لَمَّا انْتَقَلَ - ظرف (শর্তের অর্থে) -এর সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

রাসূল ﷺ -এর নিন্দাকারী বশীর ইহুদির ঘর চাপা পড়ে মৃত্যু : উপরোক্ত পংক্তি দু'টিতে এ ঘটনার দিকে ইঙ্গিত রয়েছে যে, ইবনে ইসহাক প্রমুখ কাতাদাহ ইবনে নু'মানের রিওয়ায়াত বর্ণনা করেন যে, বশীর ইবনে উবাইরাক নামী এক মুনাফিক ছিল। যার উপাধি আবূ তু'মাহ ছিল। সে উলাইয়্যা ইবনে রিফায়া ইবনে যায়েদের কিছু পণ্য ও হাতিয়ার চুরি করে আনল। তখন তার সম্বন্ধে অবতীর্ণ হলো- "ইন্না আনযালনা ইলাইকা কিতা-বান বিল হাক্কি লিতাহ্কুমা বাইনান নাস" অর্থাৎ "হে রাসূল ﷺ ! আমি আপনার প্রতি এগ্রন্থটি অবতীর্ণ করেছি যাতে আপনি মানুষের মাঝে সঠিকভাব ফয়সালা করতে পারেন"। এ লোকটি আয়াতটি শ্রবণ করে পবিত্র মক্কায় পালিয়ে গেল। সেখানে সে সালামাহ বিনতে সা'দের ঘরে অতিথি হলো। সে সেখানে গিয়ে রাসূলুল্লাহ ﷺ ও তাঁর সাথীসঙ্গী সকলকে গালি-গালাজ করতে লাগল। হযরত হাস্‌সান ইবনে ছাবিত (রা.) এর প্রত্যুত্তরে নিন্দায় কিছু কবিতা বললেন। হযরত হাস্‌সান ইবনে ছাবিত (রা.)-এর এ কবিতাগুলো সালামা শুনতে পেয়ে স্বীয় দুর্নামের ভয়ে বশীরকে নিজ গৃহ থেকে বের করে দিল। সে এখান থেকে তায়েফে গেল। একটি অনাবাদী স্থানে সে একটি গৃহে প্রবেশ করতেই গৃহটি তার উপর ভেঙ্গে পড়ল। এভাবে সে জাহান্নামে গিয়ে পৌঁছল। কুরাইশরা এঘটনা শুনতে পেয়ে সবাই একযোগে বলতে লাগল যে, খোদার শপথ ! মুহাম্মদ ﷺ -এর সাথী থেকে একমাত্র সেই ব্যক্তিই পৃথক হয়ে থাকে যার মধ্যে অণু পরিমাণও কল্যাণ নেই। পক্ষান্তরে এমন কোনো ব্যক্তি তাঁর কাছ থেকে বিচ্ছিন্ন হয়নি, যার মধ্যে অণু পরিমাণও কল্যাণ আছে। মুহাদ্দিস হাকিম (র.) ঘটনাটি এভাবেই বর্ণনা করেছেন এবং এটাকে বিশুদ্ধ বলে আখ্যায়িত করেছেন।

اَلْقِسْمُ الرَّابِعُ عَشَرَ

চতুর্দশ পরিচ্ছেদ

مُعْجِزَاتُهُ ﷺ فِيْ إِبْرَاءِ الْمَرْضٰى وَذُو الْعَاهَاتِ-

وَ ذُوُو الْعَاهَاتِ اَبْرَأَ جَمْعَهُمْ * اِذْ دَعَا اَوْ مَسَّ عَضْوًا قَدْ بَطَلْ

অনুবাদ : রুগ্ণ ও বিপদগ্রস্তদেরকে আরোগ্য দান সম্পর্কিত রাসূল ﷺ-এর মু'জিযাসমূহ।

১৬৭. রাসূল ﷺ অনেক বিপদগ্রস্তদের জমাতকে দোয়ার মাধ্যমে কিংবা বিকলাঙ্গকে হাতের স্পর্শে নিরাময় করে দিয়েছেন।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَلْعَاهَاتِ : এটি বহুবচন, একবচনে عَاهَةٌ অর্থ- বিপদ। ذُو الْعَاهَاتِ - বিপদগ্রস্ত, দুর্ভাগ্য তাড়িত।

أَبْرَأَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার إِبْرَاءً মূলবর্ণ (ب ـ ر ـ ء) জিনসে مهموزلام অর্থ - উপশম করা, নিরাময় করা। أَبْرَأَ - নিরাময় করে দিয়েছেন।

جَمْعٌ : অর্থ– দল, জমাত, সম্প্রদায়।

إِذْ دَعَا : যখন দোয়া করেছেন।

مَسَّ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر ضرب মাসদার مَسًّا مَسِيْسًا মূলবর্ণ (م ـ س ـ س) জিনসে مضاعف ثلاثى অর্থ– পৌঁছা, স্পর্শ করা। مَسَّ - স্পর্শ করেছেন। কুরআনে আছে–
وَإِذَا مَسَّهُ الشَّرُّ كَانَ يَئُوْسًا

عَضْوًا : এটি اسم جامد একবচন, বহুবচনে أَعْضَاءٌ অর্থ– অঙ্গ।

قَدْ بَطَلَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى قريب معروف বাবে نصر মাসদার بُطْلَانًا মূলবর্ণ (ب ـ ط ـ ل) জিনসে صَحِيْح অর্থ– নষ্ট হওয়া, বিকল হওয়া। قَدْ بَطَلَ - বিকল হয়ে গেছে।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : ذُوو الْعَاهَاتِ মুবতাদা, أَبْرَأَ ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, جَمْعُهُمْ মাফউল ও اذ الخ – ظرف -এর সাথে মিলে খবর।

أُرْمِدَتْ عَيْنُ عَلِيٍّ فَانْثَنَتْ * لَمْ يُصِبْهَا قَطُّ دَاءٌ أَوْ سَبَلْ

অনুবাদ : ১৬৮. হযরত আলী (রা:) -এর চক্ষে যন্ত্রণা করলে (রাসূল ﷺ -এর দোয়ার বরকতে) এমন সুস্থ হয়ে গেল যে, তারপর হতে তার (চোখে) কখনো রোগও হয়নি এবং পর্দাও পড়েনি।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ (শব্দসমূহের বিশ্লেষণ) :

أُرْمِدَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى مجهول বাবে افعال মাসদার إِرْمَادًا মূলবর্ণ (ر ـ م ـ د) জিনসে صحيح অর্থ– (العين) চোখে যন্ত্রনা করা। أُرْمِدَتْ - যন্ত্রণা করলে।

عَيْنٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে عُيُوْنٌ অর্থ– চক্ষু, চোখ।

قَطُّ : এটি ظرف زمان অর্থ– কখনো।

دَاءٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে أَدْوَاءٌ অর্থ– রোগ। হাদীসে আছে– سُوْرَةُ الْفَاتِحَةِ دَوَاءٌ لِكُلِّ دَاءٍ

سَبَلْ : চোখের রোগ যাতে চক্ষে পর্দা পড়ে যায়।

تَرْكِيْبُ الْجُمَلْ (বাক্যসমূহের বিশ্লেষণ) : أُرْمِدَتْ ফে'ল, عَيْنُ عَلِيٍّ ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। فَانْثَنَتْ জুমলায়ে ফে'লিয়্যাহ। لَمْ يُصِبْ ফে'ল, ضمير منصوب মাফঊল, دَاءٌ ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

রাসূল ﷺ -এর লালা দ্বারা হযরত আলী (রা.) -এর চোখের আরোগ্য লাভ : মুহাদ্দিস বায়হাকী ও আবূ নাঈম বারীরাহ (রা.) -এর বিবৃতি থেকে রিওয়ায়াত করেন যে, রাসূলুল্লাহ ﷺ খাইবর যুদ্ধে বলেছেন, আমি আগামীকাল যুদ্ধের ঝাণ্ডা এমন এক ব্যক্তির হাতে দেব যিনি আল্লাহ তা'আলা ও তাঁর রাসূল ﷺ -কে ভালবাসেন। হযরত আলী (রা.) তখন সেখানে উপস্থিত ছিলেন। কুরাইশদের দৃষ্টি এ গুণটি নিজেদের করায়ত্তে পাবার আকর্ষিত ছিল। ইতোমধ্যে হযরত আলী (রা.) স্বীয় উষ্ট্রে আরোহণ করে আগমন করলেন। তাঁর চোখে তখন যন্ত্রণা করছিল। রাসূল ﷺ বললেন, ওহে আলী ! আমার নিকটে আসো। হযরত আলী (রা.) রাসূল ﷺ -এর নিকটে এলে তিনি তাঁর মুখের লালা হযরত আলীর চোখে লাগিয়ে দিলেন। এত হযরত আলী (রা.) -এর চোখে আমৃত্যু যন্ত্রণা করেনি। অতঃপর তিনি তাঁকেই যুদ্ধের পতাকা প্রদান করলেন। আর খাইবার হযরত আলী (রা.) -এর হাতে বিজয় হলো।

وَ دَعَا اَنْ لَّا يَنَالَهُ الْاَذٰى * فِىْ شِتَاءٍ اَوْ مَصِيْفٍ مُشْتَعِلْ

فَلِبَاسَ الصَّيْفِ يَرْضٰى شَاتِيًا * وَالْجِبَابَ حِيْنَ قَيْظٍ يَأْتَكِلْ

অনুবাদ : ১৬৯. রাসূল ﷺ হযরত আলী (রা.) -এর জন্য শীত ও প্রচণ্ড গরমের কষ্ট অনুভব না হওয়ার দোয়া করলেন।

১৭০. (এই দোয়ার ফলে) তিনি শীতকালীন গ্রীষ্মের পোশাক পরতেন, তীব্র গ্রীষ্মে জুব্বা ইত্যাদি পরতেন।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ (শব্দসমূহের বিশ্লেষণ) :

دَعَا : তিনি (রাসূলুল্লাহ ﷺ) দোয়া করলেন।

لَايَنَالُ : সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাবে سمع অর্থ– সে না পায়।

اَلْاَذٰى : অর্থ– কষ্ট। কুরআনে আছে– قُلْ هِىَ اَذًى

شِتَاءٍ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَشْتِيَةٌ অর্থ– শীত মৌসুম। কুরআনে আছে– اِيْلٰفِهِمْ رِحْلَةَ الشِّتَاءِ وَالصَّيْفِ

مَصِيْفٍ : এটি اسم ظرف অর্থ– গ্রীষ্মকালে যাপন করার স্থান, এখানে গ্রীষ্মকাল উদ্দেশ্য।

مُشْتَعِلْ : অতি উত্তপ্ত, অধিক গরম।

لِبَاسَ : এটি اسم جامد একবচন, বহুবচনে لُبُوْسٌ اَلْبَاسٌ অর্থ : পোশাক। কুরআনে আছে– وَلِبَاسُهُمْ فِيْهَا حَرِيْرٌ

اَلصَّيْفُ : অর্থ– গ্রীষ্মকাল। কুরআনে আছে– رِحْلَةَ الشِّتَاءِ وَالصَّيْفِ

يَرْضٰى : যথেষ্ট হয়।

شَاتِيًا : এটি اسم فاعل বাবে نصر মাসদার شَتْوًا মূলবর্ণ (ش ـ ت ـ و) জিনসে ناقص واوى অর্থ– শীতকালে প্রকাশ করা। شَاتِيًا - শীত।

اَلْجِبَابُ : এটি جمع تكسير একবচনে جُبَّةٌ অর্থ– জুব্বা, লম্বা পোশাক। বহুবচনে جُبَبٌও আসে।

قَيْظٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে قُيُوْظٌ اَقْيَاظٌ অর্থ– গ্রীষ্মের তীব্রতা।

يَأْتَكِلُ : অর্থ– একে অপরকে বলা, নেওয়া, গ্রহণ করা।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : دَعَا ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, اَنْ لَايَنَالَهُ - بتاويل مفرد الخ মাফউল। مُشْتَعِلْ - مَصِيْفٍ -এর সিফাত।

قوله فَلِبَاسُ الصَّيْفِ الخ : لِبَاسُ الصَّيْفِ মুবতাদা, يَرْضٰى খবর, شَاتِيًا - يَرْضٰى -এর মাফউলে ফীহ। اَلْجِبَابُ মুবতাদা يَرْضٰى বিলুপ্ত ফে'ল তার খবর, حِيْنَ قَيْظٍ - يَرْضٰى -এর যরফে মুতা'আল্লিক, يَأْتَكِلْ - قَيْظٌ -এর সিফাত।

রাসূল ﷺ-এর দোয়ায় হযরত আলী (রা:) -এর শীত ও উত্তাপ থেকে নিরাপদ থাকা : উল্লিখিত পংক্তি দু'টি ঐ ঘটনার দিকে ইঙ্গিত করে যা আবূ নাঈম আবদুর রহমান ইবনে আবী লাইলার ঘটনা দ্বারা বর্ণনা করেন যে, খাইবারে রাসূলুল্লাহ ﷺ হযরত আলী (রা.) -কে ডেকে যুদ্ধের পতাকা প্রদান করে এ প্রার্থনা করলেন, "ইয়া আল্লাহ ! আলীকে শীত ও উত্তাপ থেকে বাঁচাও"। এ দোয়ার বরকতে পরবর্তীতে হযরত আলী (রা.) কখনো প্রচণ্ড শীত ও উত্তাপের কষ্ট অনুভব করেননি। আর তাঁকে শীত ও গ্রীষ্মের পৃথক পৃথক পোশাকও পরতে হয়নি। বায়হাকী এবং তাবরানী তাঁর আওসাত গ্রন্থে এরূপে ঘটনাটির বর্ণনা দান করেছেন।

صَارَ عَيْنُ لِقَتَادَةَ اِذَنْ * اَكْمَلَ الْعَيْنَيْنِ حُسْنًا وَكَحَلْ

অনুবাদ : ১৭১. (রাসূল ﷺ-এর পবিত্র হাতের স্পর্শে) কাতাদা (রা.) -এর চোখটি অন্য চোখের চাইতে অতীব সুন্দর ও আকর্ষণীয় হয়ে গেছে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

عَيْنُ : একবচন, বহুবচনে اَعْيُنْ عُيُوْنٌ اَعْيَانٌ অর্থ– চোখ।

اَكْمَلُ : এটি واحد مذكر বহছ اسم تفضيل অর্থ– অতীব, অধিক পরিপূর্ণ।

كَحَلْ : مَكْحُوْلَةٌ এটি مصدر বাবে فَتَحَ نَصَرَ জিনসে صحيح অর্থ– চোখে সুরমা লাগানো। এখানে مصدر - مفعول -এর অর্থে– সুরমা মিশ্রিত (আকর্ষণীয়)।

কাতাদা (রা:) -এর বেরিয়ে আসা চোখ এবং রাসূল ﷺ-এর পবিত্র হাতে যথাস্থানে স্থাপন : ঐতিহাসিক ইবনে সা'আদ (রা.) যায়েদ ইবনে আসলামের কাহিনী সূত্রে উল্লেখ করেছেন যে, কাতাদা ইবনে নু'মান (রা.) -এর চোখ এক যুদ্ধে বের হয়ে মুখায়বরের উপর ঝুলে পড়ল। রাসূল ﷺ তাঁর পবিত্র হাত দ্বারা চোখটাকে তার আসল জায়গায় রেখে দিলেন। এর ফলে সেই চোখটি অন্য চোখটির চাইতে অতীব সুন্দর ও আকর্ষণীয় দেখা যেতো। মাহাদ্দিস আবূ ইয়া'লা ও বায়হাকী ওমার ইবনে কাতাদার সূত্রে এবং আবূ নাঈম আবদুল্লাহ ইবনে আবী নাঈমের সূত্রে ঘটনাটি এভাবেই বর্ণনা করেছেন।

وَالْيَمَانِىْ يَوْمَ مِيْلَادٍ اَتٰى * شَاهِدًا بِالْحَقِّ نُطْقًا مُنْفَصِلْ

ثُمَّ لَمْ يَنْطِقْ بِحَرْفٍ وَاحِدٍ * بَعْدَهُ حَتّٰى تَرَبّٰى وَشَبَلْ

অনুবাদ : ১৭২. এক ইয়ামেনী শিশু জন্মদিনেই রাসূল ﷺ-এর সম্মুখে উপস্থিত হয়ে স্পষ্ট ভাষায় রাসূল ﷺ সত্য নবী হওয়ার সাক্ষ্য দিল।

১৭৩. এরপর শিশুটি বুদ্ধিমান হওয়া পর্যন্ত একটি শব্দও উচ্চারণ করেনি।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

اَلْيَمَانِىْ : ইয়ামন নগরীর দিকে সম্বন্ধকৃত। হাদীসে আছে– اَلْيَمَانُ يَمَانِيٌّ

مِيْلَادٌ : এটি اسم ظرف অর্থ– জন্মতারিখ, জন্মদিন।

اَلْحَقُّ : নবীর সত্যতা।

مُنْفَصِلْ : পৃথক, স্পষ্ট।

لَمْ يَنْطِقْ : সে বলেনি, উচ্চারণ করেনি।

حَرْفٌ : অব্যয়, অক্ষর, (শব্দ)।

تَرَبّٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে تفعل মাসদার تربا মূলবর্ণ (ر . ب . ى) জিনসে ناقص يائى অর্থ– সন্তানের লালন-পালন করা, খাদ্য দেওয়া, চরিত্রবান করা। تَرَبّٰى - বুদ্ধিমান হওয়া।

شَبَلْ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার شُبُوْلًا জিনসে صحيح অর্থ– যুবক হওয়া, এখানে صَارَ -এর অর্থে।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : اَلْيَمَانِيْ- মুবতাদা, اَتٰى খবর। اَتٰى - يَوْمَ مِيْلَادٍ -এর মাফউল, شَاهِدًا - اَتٰى -এর যমীর থেকে হাল, نُطْقًا مُنْفَصِلًا দ্বিতীয় হাল।

قوله ثُمَّ لَمْ يَنْطِقْ الخ : ثُمَّ হরফে আতফ, لَمْ يَنْطِقْ ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, بِحَرْفٍ وَاحِدٍ মুতা'আল্লিক, بَعْدَهُ যরফ, حَتّٰى تَرَبِّى দ্বিতীয় মুতা'আল্লিকসহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

একটি নবজাত শিশু সন্তানের জন্ম দিনেই রিসালাতের সাক্ষ্যদান : ইবনে আসাকির মুয়াইকিবের রিওয়ায়াতে বর্ণনা করেন যে, তিনি বিদায় হজে অংশগ্রহণ করেছিলেন। ইতোমধ্যে মক্কার গৃহে পৌছলেন। তিনি দেখলেন বিশ্বনবী পর্দাপণ করেছেন। তিনি বলেন, আমি একটি আশ্চর্য ব্যাপার লক্ষ্য করলাম, ইয়ামামা নগরী থেকে আগত এক ব্যাক্তি তার একটা সদ্যজাত শিশু সন্তানকে নিয়ে নবীর সম্মুখে উপস্থিত, যে শিশুটি ঐ দিনই জন্মগ্রহণ করে। তাকে দেখে রাসূল ﷺ বললেন, ওহে ছেলে ! বলতো দেখি আমি কে ? সে বলল, আপনি আল্লাহর সত্যনবী। তিনি বললেন, তুমি সত্য কথাই বলেছ, আল্লাহ তোমার জীবনে অশেষ কল্যাণ দান করুন। এরপর শিশুটি বুদ্ধিমান হওয়া পর্যন্ত আর কখনও কথা বলেনি। লোকেরা এজন্য তাকে উপাধি দিয়েছিল "মুবারকুল ইয়ামামা" ইয়ামামা নগরীর কল্যাণময় পুরুষ। এভাবে ঘটনাটি বায়হাকী (র.)ও বর্ণনা করেছেন।

اَخْرَسُ شَبَّ عَلَى الْخَرَسِ اَتٰى * فَجَرٰى مِنْهُ لِسَانٌ وَ ارْتَجَلْ

অনুবাদ : ১৭৪. এক আশৈশব বোবা রাসূল ﷺ-এর সম্মুখে উপস্থিত হলে তার মুখ চালু হয়ে যায়। বলতে থাকে সে অর্নগল স্পষ্ট ভাষায়।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَخْرَسُ : এটি صيغه صفت একবচন, বহুবচনে خُرْسَانٌ خُرْسٌ অর্থ– বোবা।

شَبَّ : যুবক হয়েছে। (প্রাগুক্ত)

اَلْخَرَسُ : বোবা।

اَتٰى : উপস্থিত হলো।

جَرٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب মাসদার جَرْيًا মূলবর্ণ (ج . ر . ى) জিনসে ناقص يائى অর্থ– জারি হওয়া, চালু হওয়া। جَرٰى - চালু হয়ে গেছে।

لِسَانٌ : একবচন, বহুবচনে اَلْسِنَةٌ لُسُنٌ অর্থ– মুখ, ভাষা।

اِرْتَجَلَ : (الكلام) স্পষ্ট বলেছে।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : اَخْرَسُ মুবতাদা, شَبَّ عَلَى الْخَرَسِ - اَخْرَسُ-এর সিফাত, اَتٰى- খবর। جَرٰى ফে'ল مِنْهُ মুতা'আল্লিক, لِسَانٌ- ফায়েলের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। اِرْتَجَلَ - جَرٰى -এর উপর আতফ।

তাঁর রিসালাতের প্রতি আশৈশব বোবার সাক্ষ্যদান : উপরোক্ত পংক্তি দু'টি এ ঘটনার দিকে ইঙ্গিত করছে, যা ইমাম বায়হাকী (র.) ছামারাহ ইবনে আতিয়্যা-এর সূত্রে তাঁর কোনো এক শিক্ষক থেকে শুনে বর্ণনা করেন যে, রাসূল ﷺ -এর কাছে এক মহিলা তার এক যুবক ছেলেকে নিয়ে উপস্থিত হলো। সে নিবেদন করল যে, ওহে আল্লাহর রাসূল ﷺ ! আমার এ ছেলেটি যে দিন ভূমিষ্ঠ হয়েছে সেদিন থেকে অদ্যবধি কোনো কথাই বলছে না। রাসূল ﷺ বললেন, ওহে ছেলে ! বলতো আমি কে ? ছেলেটি তৎক্ষণাৎ বলে উঠল আপনি আল্লাহর সত্যবাদী নবী।

وَ زَنِيْرَةٌ اَضَرَّتْ بِالْعَمٰى * قَالَتِ الْكُفَّارُ زُوْرًا وَخَتَلْ

ضَرَّهَا لَاتٌ وَعُزّٰى اِذْ رَمَتْ * اِمْتِعَاضًا مِنْهُمَا حَبْلَ الْوُسُلْ

فَشَفَاهَا اللّٰهُ لَمَّا اَنْ دَعَا * وَالْتَوَتْ اَعْنَاقُهُمْ خِزْيًا وَ ذَلْ

অনুবাদ : ১৭৫. যনীরা (নামক সাহবীয়া) অন্ধতায় কষ্ট করতে লাগছে। কাফির বেদীনরা মিথ্যা ও প্রতারণায় বলতে লাগছে।

১৭৬. লাত ও উয্যা দেবীর অসিলা পরিত্যাগ করছে বিধায় তারা তার উপর অন্ধত্বের বিপদ ঢেলে দিয়েছে।

১৭৭. রাসূল ﷺ-এর দোয়ায় আল্লাহ তাকে আরোগ্যতা দান করেছেন। লজ্জা ও অবমাননায় কাফিরদের মাথা হেট হয়ে গেল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَضَرَّتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِضْرَارٌ মূলবর্ণ (ض ـ ر ـ ر) জিনসে مضاعف ثلاثى অর্থ– কষ্ট পৌছা। اَضَرَّتْ اَعْمٰى - অন্ধতায় কষ্ট করতে লাগছে।

زُوْرًا : অর্থ– মিথ্যা, ভ্রান্ত, আল্লাহর সাথে শরিক করা। কুরআনে আছে– وَالَّذِيْنَ لَا يَشْهَدُوْنَ الزُّوْرَ

خَتَلْ : خَتْلًا خَتَلَانًا -এটি مصدر ، বাবে نصر ضرب অর্থ– ধোঁকা দেওয়া, প্রতারণা করা।

ضَرَّ : বিপদ ঢেলে দিয়েছে।

رَمَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب মাসদার رَمْىٌ মূলবর্ণ (ر ـ م ـ ى) জিনসে ناقص يائى অর্থ– নিক্ষেপ করা। رَمَتْ - নিক্ষেপ করেছে, (পরিত্যাগ করেছে)।

اِمْتِعَاضًا : রাগান্বিত হওয়া, কঠিন হওয়া।

حَبَلْ : অর্থ– রশি। কুরআনে আছে– وَاعْتَصِمُوْا بِحَبْلِ اللّٰهِ جَمِيْعًا

اَلْوُسُلْ : এটি جمع تكسير একবচনে وَسِيْلَةٌ অর্থ– মাধ্যম, অসিলা। কুরআনে আছে–

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا ابْتَغُوْٓا اِلَيْهِ الْوَسِيْلَةَ

فَشَفَا : আরোগ্যতা দান করেছেন।

اَنْ دَعَا : দোয়ায়।

اِلْتَوَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افتعال মাসদার اِلْتِوَاءٌ মূলবর্ণ (ل ـ و ـ ى) জিনসে لفيف مقرون অর্থ– বোকা হওয়া। التوت - বোকা হয়ে গেছে, হেট হয়ে গেছে।

اَعْنَاقْ : এটি جمع تكسير একবচনে عنق অর্থ– গাঁড় (মাথা)। কুরআনে আছে– فَظَلَّتْ اَعْنَاقُهُمْ لَهَا خَاضِعِيْنَ.

خِزْيًا : এটি مصدر বাবে سمع অর্থ– অপমান হওয়া, অবমাননা হওয়া। কুরআনে আছে– لَهُمْ خِزْىٌ فِى الْحَيٰوةِ الدُّنْيَا।

ذَلْ : ذَلًّا ذَلَّةً এটি مصدر বাবে ضرب অর্থ– অপমান হওয়া, লজ্জিত হওয়া। কুরআনে আছে–

ضُرِبَتْ عَلَيْهِمُ الذِّلَّةُ وَالْمَسْكَنَةُ

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : زَنِيْرَةٌ মুবতাদা أَضَرَّتْ بِالْعَمٰى খবর। قَالَتْ ফে'ল, اَلْكُفَّارُ ফায়েল, زُوْرًا وَخَتْلْ মাফউল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে কাওল। আগত পংক্তি তার মাফউল।

قوله ضَرَّهَا لَاتٌ الخ : ضَرَّ ফে'ল هَا মাফউল, لَاتٌ وَعُزّٰى ফায়েল اِذْرَمَتْ যরফে মুতা'আল্লিকের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সাবেক جملہ -এর মাকূলা। اِمْتِعَاضًا -رَمَتْ -এর মাফউলে বিহী।

قوله فَشَفَاهَا اللّٰهُ الخ : شَفَاهَا اللّٰهُ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে জাযা, اِنْدَعَتْ শর্ত। اِلْتَوَتْ ফে'ল, اَعْنَاقُهُمْ ফায়েল, خَزْيًا وَذَل মাফউল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

রাসূল ﷺ-এর দোয়ার বরকতে অন্ধের অন্ধত্ব মোচন : উল্লিখিত তিনটি পংক্তি এঘটনার দিকে ইঙ্গিত করছে যে, যানীরাহ্ নামক এক মহিলা সাহাবীয়া লাত ও উয্যা দেবীকে ছেড়ে ইসলাম গ্রহণ করল। এ সময় তার দৃষ্টি শক্তি ধীরে ধীরে হ্রাস পেতে চলছিল। মুশরিকরা তাকে এ বলে যাতনা দিতে লাগল, তুমি লাত ও উয্যা দেবীর অসিলা (মধ্যস্থতা) পরিত্যাগ করেছ বিধায় তারা তোমার উপর অন্ধত্বের বিপদ ঢেলে দিয়েছে। তখন রাসূল ﷺ তাঁর দৃষ্টিহীনতা আরোগ্যের প্রার্থনা করলেন। আল্লাহ তা'আল তাকে আরোগ্য দান করেন এবং দৃষ্টি শক্তি পুনরায় ফিরিয়ে দেন। এতে কাফিরদের লজ্জা ও অবমাননায় মাথা হেট হয়ে গেল।

وَالَّتِيْ جَاءَتْ لِتُعْطٰى لُقْمَةً ✻ لَاكَهَا تَبْغِيْ حَيَاءً قَدْ عُزِلْ

زَالَ عَنْهَا مَابِهَا وَ اَصْبَحَتْ ✻ فِيْ حَيَاءِ الْوَجْهِ ضَرْبًا لِلْمَثَلْ

অনুবাদ : ১৭৮. যে মহিলাটি রাসূলের খেদমতে এসে একটি গ্রাসের জন্য আবেদন করল যেন তাকে চিবিয়ে হারানো লজ্জা ফিরে পায়।

১৭৯. (গ্রাসটির ভক্ষণে) তার নির্লজ্জতা দূরীভূত হয়ে গেছে, (তার প্রভাবে) লজ্জাশীলতার প্রবাদে পরিণত হয়েছে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

لِتُعْطٰى : যেন দান করা হয়।

لُقْمَةً : এটি اسم جامد একবচন, বহুবচনে لُقَمٌ অর্থ– গ্রাস, অল্প পরিমাণ খাদ্য।

لَاكَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার لَوْكًا মূলবর্ণ (ل ـ و ـ ك) জিনসে اجوف واوى অর্থ– ধীরে ধীরে গ্রাস চাবানো, মুখে নড়াচড়া করা। لاكها- যেন চাবিয়ে দেই।

تَبْغِيْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে ضرب মাসদার بَغْيًا بُغَاءً মূলবর্ণ (ب ـ غ ـ ى) জিনসে ناقص يائى অর্থ– অন্বেষণ করা, আলাপ করা। تَبْغِيْ - সে অন্বেষণ করে, ফিরে পায়।

حَيَاءً : অর্থ– লজ্জা।

قَدْ عُزِلْ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى قريب مجهول বাবে ضرب মাসদার عَزْلاً জিনসে صحيح অর্থ– বিচ্ছিন্ন হওয়া। قَدْ عُزِلْ - বিচ্ছিন্ন হয়েছে, হারিয়েছে।

زَالَ : দূরীভূত হয়ে গেছে।

فِيْ حَيَاءِ الْوَجْهِ : লজ্জাশীলতা।

ضَرْبُ الْمَثَلِ : প্রবাদ।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : اَلَّتِىْ ইসমে মাওসূল, جَاءَتْ ফে'ল, যমীর ফায়েল, لِتُعْطٰى মুতা'আল্লিকের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে সেলাহ। لُقْمَةً - تُعْطٰى -এর মাফউল, لَاكَهَا - لُقْمَةً -এর সিফাত, تَبْغِيْ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে جَاءَتْ -এর যমীর থেকে হাল, قَدْ عُزِلْ - حَيَاءً -এর সিফাত।

قوله زَالَ عَنْهَا مَا بِهَا الخ : زَالَ ফে'ল, مَابِهَا ফায়েল عَنْهَا মুতা'আল্লিক মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। اصبحت ফে'লে নাকিস, যমীর তার ইসম, فِيْ حَيَاءِ الْوَجْهِ মুতা'আল্লিক ও ضَرْبًا لِلْمَثَلِ খবরের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

রাসূল ﷺ-এর এক গ্রাস আহার দ্বারা বদভ্যাসের চিকিৎসা: তাবরানী আবী উমামাহ্ (রা.) -এর রিওয়ায়াতে বর্ণনা করেন যে, এক মহিলা নির্লজ্জ ও বাচাল ছিল। সে পুরুষ লোকদের সাথে ঝগড়া করে ফিরতো। একদা সে রাসূল ﷺ-এর নিকট দিয়ে যাচ্ছিল, তখন তিনি 'সারীদ' নামক সুস্বাদু খাদ্য আহার করছিলেন। সে এ থেকে কিছু আহার করতে আগ্রহ প্রকাশ করল। রাসূল ﷺ তখন তাকে কিছু সারীদ দান করলেন। মহিলাটি নিবেদন করে বলল, আমাকে সে গ্রাসটিও দিন যা আপনার পবিত্র মুখ গহবরে শোভা পাচ্ছে। তিনি তাকে সে গ্রাসটিই দিলেন সে অমনি ভক্ষণ করে ফেলল। যার প্রভাব এভাবে পড়ল যে, তার উপর লজ্জাশীলতা এতই সঞ্চার হলো যে, সে লজ্জাশীলতার প্রবাদে পরিণত হলো। সে আমরণ কারো সাথে বিবাদ ও বিতণ্ডায় লিপ্ত হয়নি।

وَشُرَحْبِيْلُ انْمَحَتْ عَنْ كَفِّهِ * سِلْعَةٌ صَدَّتْهُ عَنْ مِسْكِ الْجَدَلْ

অনুবাদ : ১৮০. হযরত শুরাহ্বীলের হাতের তালু হতে উপমাংস মিটে গিয়েছে। তিনি শক্তভাবে ঘোড়ার লাগাম ধরতে পারতেন না।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اِنْمَحَتْ : মিটে গেছে।

كَفٌّ : হাতের তালু। (প্রাগুক্ত)।

سِلْعَةٌ : অর্থ– ফোঁড়া, উপমাংস, মাংস গ্রন্থির।

صَدَّتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার صَدًّا মূলবর্ণ (ص . د . د) জিনসে مضاعف ثلاثى অর্থ– বাধা প্রদান করা। صَدَّتْ - বাধা প্রদান করতো, (ধরতে পারতো না)। কুরআনে আছে– وَصَدَّهَا مَاكَانَتْ تَعْبُدُ مِنْ دُوْنِ اللّٰهِ

مِسْكٌ : এটি মাসদার, বাবে نصر ضرب অর্থ– ধরা।

اَلْجَدَلْ : এটি جمع تكسير , একবচনে جَدِيْلٌ অর্থ– পাকানো রশি। (লাগাম)।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : شُرَحْبِيْلُ মুবতাদা, اِنْمَحَتْ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। اِنْمَحَتْ - سِلْعَةٌ -এর ফায়েল, صَدَّتْهُ - سِلْعَةٌ -এর সিফাত।

রাসূল ﷺ -এর সাহাবী হযরত শুরাহ্বীলের হাতের তালু থেকে উপমাংসের বিলুপ্তি সাধন : ইমাম মুহাম্মদ বুখারী তাঁর রচিত "আত-তারীখুল কবীর" গ্রন্থে শুরাহ্বীল জা'ফর (রা.) -এর ভাষ্যে বর্ণনা করেন যে, আমি হুযূরে আকরাম ﷺ-এর সমীপে উপস্থিত হলাম। আমার হাতের তালুতে উপমাংশ সাদৃশ্য একটা কিছু বের হয়েছিল। এতে আমি ঘোড়ার লাগাম ও তরবারি ভাল করে ধরতে পারতাম না। এ ব্যাপারে রাসূল ﷺ-এর কাছে অভিযোগ করলে তিনি আমার হাতের তালুতে থু-থু মারলেন। তাঁর হাতের তালু আমার উপমাংসের উপর রেখে মর্দন করতে লাগলেন। তিনি আমার উপমাংস থেকে হাত উঠাতেই দেখা গেল যে, আমার হাতের তালুতে কোনো উপমাংসের নিশানা বা চিহ্ন নেই। ইব্নুস সাকান ইব্নুল মানযার ও বায়হাকী এভাবে ঘটনাটির বর্ণনা দিয়েছিলেন।

اَلْقِسْمُ الْخَامِسُ عَشَر

পঞ্চদশ পরিচ্ছেদ

مُعْجِزَاتُهٗ ﷺ فِيْ بِرْكَةِ الطَّعَامِ وَالشَّرَابِ-

وَدَعَا جَمْعًا مِنْ اَهْلِ صُفَّةٍ ✻ كَابَدُوْا وَاتَّخَذُوْا اللَّيْلَ جَمَلْ

لِطَعَامٍ قَدْرَ مُدٍّ قَدْ كَفٰى ✻ لِلثَّمَانِيْنَ وَقَدْ زَادَ الْاُكُلْ

অনুবাদ : খাবার ও পানীয় দ্রব্যাদির মধ্যে বরকত সম্পর্কিত রাসূল ﷺ-এর মু'জিযাসমূহ।

১৮১. সুফফার অধিবাসী একটি জমাতকে রাসূল ﷺ আহবান করলেন, যারা সমগ্র রজনী বিনিদ্র ও ইবাদতে কাটিয়ে দিতেন।

১৮২. এক মুদ পরিমাণ খাবার ৮০ জন লোকের জন্য যথেষ্ট হয়েছে। যতটুকু খেয়েছে তার চেয়ে অধিক বেঁচেই গেল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

جَمْعًا : জমাত, দল।

صُفَّةٌ : মসজিদ সংলগ্ন ছায়া বিশিষ্ট চবুতরা, দুস্থ মুহাজির যাদের কোনো ঘরবাড়ি ছিল না,যারা মসজিদে নববী সংলগ্ন অবস্থান করতো।

كَابَدُوْا : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে مفاعلة মাসদার مُكَابَدَةٌ মূলবর্ণ (ك ـ ب ـ د) জিনসে صحيح অর্থ– দুঃখ-কষ্ট সহ্য করা। كابدوا - দুঃখ কষ্ট সহ্য করতো, (ইবাদত করত)।

اِتَّخَذُوْا اللَّيْلَ جَمَلْ : এটি একটি প্রবাদ বাক্য যার আভিধানিক অর্থ– রজনীকে উট বানিয়ে ফেলেছে। রাতভর কর্মে লিপ্ত থাকলে এই বাক্যটি বলা হয়। অর্থ– সমগ্র রজনী ইবাদতে বিনিদ্র কাটিয়ে দিতেন।

قَدْرٌ : একবচন, বহুবচনে اَقْدَارٌ অর্থ– পরিমাণ, মূল্য।

مُدٌّ : এমন পারিমাপক, যা এক রতল ও এক-তৃতীয়াংশ রতল সমপরিমাণ হয়।

تَرْكِيْبُ الْجُمَلِ **(বাক্যসমূহের বিশ্লেষণ) :** دَعَا ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, جَمْعًا মাফঊল مِنْ اَهْلِ صُفَّةٍ মুতা'আল্লিকের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। كَابَدُوْا الخ - جَمْعًا -এর সিফাত।

قوله لِطَعَامٍ قَدْرَ الخ : لطعام উপরোক্ত دعا -এর সাথে মুতা'আল্লিক। قَدْ كَفٰى জুমলায়ে ফে'লিয়্যাহ, - كَفٰى قَدْرَمُدٍّ -এর মাফঊল।

রাসূল ﷺ -এর স্পর্শে এক মুদ পরিমাণ খাদ্য ৮০ জন লোকের তৃপ্তি সহকারে ভক্ষণ : উল্লিখিত পংক্তি দু'টি এদিকে ইঙ্গিত করছে, যা মসান্নফে ইবনে আবী শাইবাতে হযরত আবূ হুরায়রা (রা.) -এর রিওয়ায়াতে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ এক রজনীতে গৃহের বাহিরে গমন করলেন। তিনি বললেন, সুফফার অধিবাসীরা কোথায় ? তাদের ডেকে নিয়ে এসো। আমি তাদেরকে ডেকে আনলাম। তখন তাঁর সামনে যবের তৈরি কিছু খাদ্যভর্তি একটি পেয়ালা ছিল। যার পরিমাণ আমার ধারণা মতে এক মুদের বেশি ছিল না। রাসূল ﷺ তাঁর নিজ হাত তার উপর রেখে বললেন, বিসমিল্লাহ্ বলে খাও। আমরা যতজন ছিলাম সবাই ভাল করে খেলাম। আমরা আনুমানিক আশিজন লোক ছিলাম। এরপর আমরা সবাই আমাদের হাতখানি গুটিয়ে নিলাম; কিন্তু পেয়ালাটি প্রথমে যেমন ছিল, পরেও তেমনি রয়েছে, এর মাঝে কোনো তফাৎ অনুভব হয়নি। তন্মধ্যে শুধু আঙ্গুলের ছাপ আছে বলে বুঝা যাচ্ছিল। ঐতিহাসিক ইবনে সা'আদ, মু'জামে তাবরানীতে ঘটনাটি উল্লেখ করেছেন।

وَابْنُ اَسْقَعَ اِشْتَكٰى مِنْ فَاقَةٍ * مُذْ ثَلٰثٍ لَمْ يَذُقْ طَعْمَ الْاَكُلْ

فَدَعَا خُبْزًا بِسَمَنٍ فَتَّهُ * وَ دَعَا قَوْمًا لِيَنْتَابُوا النُّزُلْ

فَالثَّلَاثُوْنَ اَتَوْهُ وَانْتَهٰى * كُلُّهُمْ شَبْعًا وَبَعْدَهُمْ اَكَلْ

وَهُوَ بَاقٍ لَمْ يَزِدْهُ اَكْلُهُمْ * غَيْرَ تَكْثِيْرٍ وَمَا كَانَ اَقَلْ

অনুবাদ : ১৮৩. ওয়াছিলা ইবনে আসক্বা ক্ষুধার অভিযোগ করল। তিনি তিনদিন পর্যন্ত কোনো খাবার আস্বাদন করেননি।

১৮৪. অতঃপর রাসূল ﷺ একটা রুটি চেয়ে তা ঘিয়ের মধ্যে টুকরো টুকরো করে দিয়েছেন এবং এক এক জমাত করে ডাকলেন যেন তারা পালাক্রমে খেয়ে যায়।

১৮৫. অতঃপর ত্রিশজন এসে পেট ভরে খেয়ে গেল এবং সর্বশেষে রাসূল ﷺ খেয়েছেন।

১৮৬. এতদসত্ত্বেও খাদ্য-ভাণ্ডারে পরিবর্ধিত ছাড়া কোনো রূপ ঘাটতি হয়নি।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظُ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اِشْتَكٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افتعال মাসদার اِشْتِكَاءٌ মূলবর্ণ (ش ـ ك ـ ى) জিনসে ناقص يائى অর্থ– অভিযোগ করল।

فَاقَ :অর্থ–অভাব, প্রয়োজন।

مُذْثَلٰثٍ : তিনদিন থেকে।

لَمْ يَذُقْ : সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم درفعل مستقبل বাবে نصر মাসদার ذَوْقًا মূলবর্ণ (ذ ـ و ـ ق) জিনসে اجوف واوى অর্থ– আস্বাদন করা। لم يذق - আস্বাদন করেনি। কুরআনে আছে–
فَذُوْقُوْا عَذَابَ النَّارِ بِمَا كُنْتُمْ تَعْلَمُوْنَ

طَعْمٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে طُعُوْمٌ অর্থ– স্বাদ।

اَلْاَكْلُ : এটি مصدر অর্থ– খাবার।

دَعَا : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার دَعْوًا মূলবর্ণ (د ـ ع ـ و) জিনসে ناقص واوى অর্থ– ডাকা, আহ্বান করা, চাওয়া। دعا - চেয়েছেন।

خُبْزًا : এটি اسم جامد একবচন, বহুবচনে اَخْبَازٌ অর্থ– রুটি, চাপাতি।

سَمَنٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে سُمْنًا سُمُوْنٌ اَسْمُنٌ অর্থ– ঘি।

فَتَّ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার فَتًّا মূলবর্ণ (ف ـ ت ـ ت) জিনসে مضاعف ثلاثى অর্থ– আঙ্গুল দিয়ে ক্ষুদ্র ক্ষুদ্র টুকরো করা। فَتَّ -টুকরো করলেন।

لِيَنْتَابُوْا : সীগাহ جمع مذكر غائب বহছ امر غائب معروف বাবে افتعال মাসদার اِنْتِيَابًا মূলবর্ণ (ن ـ و ـ ب) জিনসে اجوف واوى অর্থ– পালাক্রমে আসা। لِيَنْتَابُوْا - যেন তারা পালাক্রমে আসে।

اَلنُّزُلُ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَنْزَالٌ অর্থ– যে খাবার মেহমানের সম্মুখে উপস্থিত করা হয়। কুরআনে আছে–
نُزُلًا مِنْ غَفُوْرٍ رَّحِيْمٍ

اَلثَّلَاثُوْنَ : এটি اسم عدد অর্থ– ত্রিশ।

اِنْتَهٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افتعال মাসদার اِنْتِهَاءٌ মূলবর্ণ (ن ـ ه ـ ى) জিনসে ناقص يائى অর্থ– দিগন্তে পৌঁছা। اِنْتَهٰى - দিগন্তে পৌঁছেছে, (খেয়ে গেল)।

شَبْعًا : এটি مصدر বাবে سمع অর্থ– পেট ভরে খাওয়া। পরিতৃপ্তি লাভ করা।

بَاقٍ : এটি اسم فاعل একবচন, বাবে سمع মাসদার بَقَاءٌ মূলবর্ণ (ب ـ ق ـ ى) অর্থ - অবশিষ্ট থাকা। بَاقٍ- অবশিষ্ট, কুরআনে আছে– وَمَا عِنْدَ اللّٰهِ بَاقٍ

تَكْثِيْر : বর্ধিত।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : اِبْنُ اَسْقَعْ মুবতাদা اِشْتَكٰى খবর। اِشْتَكٰى – مِنْ فَاقَةٍ -এর সাথে মুতা'আল্লিক, مُذْ ثَلْثٍ দ্বিতীয় মুতা'আল্লিক। لَمْ يَذُقْ الخ – ثلث -এর তাময়ীয।

قوله فَدَعَا خُبْزًا الخ : دَعَا ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, خُبْزًا মাফউল بِسَمْنٍ মুতা'আল্লিক, فتـه জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে خُبْزًا -এর সিফাত। دعَا -ফে'ল ফায়েল, النَّزْلَ يَنْتَابُوْا মুতা'আল্লিকের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

قوله فَالثَّلَاثُوْنَ اَتَوْهُ الخ : الثلاثون মুবতাদা, اَتَوْهُ -খবর। اِنْتَهٰى ফে'ল, كُلُّهُمْ ফায়েল , كُلُّهُمْ – شَبْعًا থেকে হাল।

قوله وَ هُوَ بَاقٍ الخ : هُوَ মুবতাদা بَاقٍ খবর। لَمْ يَزِدْهُ الخ – بَاقٍ থেকে হাল পতিত হয়েছে।

রাসূল ﷺ -এর স্পর্শে একটি রুটি তিরিশজন লোকের উদরপূর্তির জন্য যথেষ্ট হওয়া : উক্ত ঘটনা ঐ হাদীস হতে চয়ন করা হয়েছে যা মুহাদ্দিস হাকিম (র.) ইয়াযীদ ইবনে আবী মালিক সূত্রে হযরত ওয়াছিলা ইবনে আসক্বা-(রা.) -এর রিওয়ায়েত দ্বারা বর্ণনা করেন যে, একদা আমাদের তিনদিন পর্যন্ত না খেয়ে থাকতে হয়েছে। আমি নবী করীম ﷺ -এর সমীপে উপস্থিত হয়ে এহেন অবস্থায় কথা অবহিত করলাম। তিনি জিজ্ঞেস করলেন, দেখো আমাদের বাড়িতে খাওয়ার মতো কিছু আছে কি ? যে দাসীকে উদ্দেশ্য করে এ প্রশ্নটি করা হয়েছে সে বলল, একটা রুটি ও সামান্য ঘি আছে। তিনি সেগুলোকে তাঁর কাছে নিয়ে আসতে বললেন। তাঁর কাছে রুটি আনা হলে তিনি তাঁর পবিত্র হাতখানি দ্বারা সে রুটিটি টুকরো টুকরো করলেন। তারপর বললেন, তুমি গিয়ে দশজনকে ডেকে আনো। আমি ডেকে আনলাম। তারপর আমরা সবাই মিলে খেলাম। শুধু তাই নয়, খুব উদরপূর্তি করেই খেলাম। এতদসত্ত্বেও সেই খাদ্য-ভাণ্ডারে আমাদের আঙ্গুলগুলোর আবছা ছাপ পড়েছে বলেই মনে হলো, কোনোরূপ ঘাটতি মনে হয়নি। আবারো রাসূল ﷺ বললেন, আরো দশজন ডেকে পাঠাও। আমি এমনিভাবে ডেকেই আনছিলাম; কিন্তু সে খাদ্য-ভাণ্ডারে পরিবর্ধিত হওয়া ছাড়া কিছুই মনে হলো না। এভাবে ত্রিশজন পর্যন্ত খেলেন।

كَانَ فِيْ قَدْحٍ حَلِيْبٌ فَاتِرٌ * وَابْنُ دَوْسٍ طَاوِىَ الْكَشْحِ دَخَلْ

فَاَشَارَ اَنْ يُّضِيْفَ صَحْبَهٗ * يَشْرَبُوْا نَهْلًا وَمَنْ شَاءَ عَلْ

فَادَارُوْا الْقَدْحَ يَنْتَابُوْنَهٗ * وَارْتَوَى الْكُلُّ وَمَاغَاضَ السَّمَلْ

অনুবাদ : ১৮৭. একটি বাটিতে স্বল্প দুধ ছিল। (ঘটনাক্রমে) ক্ষুধার্ত সাহাবী ইবনে দাওস (আবূ হুরায়রা) প্রবেশ করল।

১৮৮. তাঁর (অবশিষ্ট) সাথীদেরকে আপ্যায়নের জন্য ইঙ্গিত করলেন। যার মন চায় একবার পান করবে, যার ইচ্ছা করবে বারবার।

১৮৯. দুধের বাটি পালাক্রমে সকলের সম্মুখে নেওয়া হলো। সকলেই তৃপ্তির সাথে পান করল, অথচ একটু দুধ ঘাটতি হয়নি।

تَحْقِيقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

قَدَحٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَقْدَاحٌ অর্থ– পান করার বাটি, পেয়ালা, পাত্র।

حَلِيْبٌ : অর্থ– দোহনকৃত দুধ। বাবে ضرب نصر মাসদার حلبا– حَلْبًا অর্থ– দোহন করা।

فَاتِرٌ : সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাবে ضرب نصر মাসদার فُتُوْرًا মূলবর্ণ (ف . ت . ر) জিনসে صحيح অর্থ– শীতল হওয়া, নমনীয় হওয়া। فَاتِرٌ - দুর্বল, (স্বল্প, ঘাটতি)।

اِبْنُ دَوْسٍ : এটা দ্বারা হযরত আবূ হুরায়রা (রা.) উদ্দেশ্য।

طَاوِىْ : অর্থ– পাতলা, দুর্বল, শীর্ণ, সরু।

كَشْحٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে كُشُوْحٌ অর্থ– পার্শ্ব, বগল। طَاوِى الْكَشْحِ- সরু কোমর– এখানে ক্ষুধার্ত উদ্দেশ্য।

اَشَارَ : সীগাহ واحد مذكر বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِشَارَةً অর্থ– ইঙ্গিত করা। اَشَارَ - ইঙ্গিত করলেন।

يُضِيْفُ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افعال মাসদার اِضَافَةً মূলবর্ণ (ض . ى . ف) জিনসে اجوف يائى অর্থ– মিশ্রিত করা, মিলানো, আপ্যায়ন করা। ان يضيف - আপ্যায়ন করা।

صَحْبٌ : এটা صَاحِبٌ -এর বহুবচন। অর্থ– সাথী। এর বহুবচন اَصْحَابٌ বহুবচনের বহুবচন اَصَاحِيْبُ اَصَاحِبُ আসে।

يَشْرَبُوْا : পান করবে।

نَهْلاً : مَنْهَلاً এটি مصدر বাবে سمع অর্থ– প্রথমবার পান করা, একবার পান করা, পিপাসিত হওয়া।

عَلَّ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب نصر মাসদার অর্থ– দ্বিতীয়বার পান করা, বারবার পান করা। عَلَّ - বারবার পান করবে।

اَدَارُوْا : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِدَارَةً মূলবর্ণ (د . و . ر) জিনসে اجوف واوى অর্থ– চক্কর লাগানো। اَدَارُوْا - চক্কর লাগিয়েছে।

اَلْقَدَحُ : একবচন, বহুবচনে اَقْدَاحٌ অর্থ– বাটি।

يَنْتَابُوْنَ : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افتعال মাসদার اِنْتِيَابًا মূলবর্ণ (ن . و . ب) জিনসে اجوف واوى অর্থ– পালা-ক্রমে পান করা। يَنْتَابُوْنَ - পালাক্রমে পান করেছে।

اِرْتَوٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افتعال মাসদার اِرْتِوَاءً মূলবর্ণ (ر . و . ى) জিনসে لفيف مقرون অর্থ– তৃপ্ত হওয়া ارتوى - তৃপ্ত হয়েছে।

غَاضَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب মাসদার مَغَاضًا غَيْضًا মূলবর্ণ (غ . ى . ض) জিনসে اجوف يائى অর্থ– পানি স্বল্প হওয়া, নীচে নেমে যাওয়া। غَاضَ- কমেনি, ঘাটতি হয়নি।

اَلسَّمَلُ : এটি جمع تكسير একবচনে سملة অর্থ– স্বল্প পানি। (দুধ)।

تَرْكِيْبُ الْجُمَلِ (বাক্যসমূহের বিশ্লেষণ) : كَانَ ফে'লে নাকিস, فِىْ قَدَحٍ খবরে কানা, حَلِيْبٌ فَاتِرٌ ইসমে কানা। اِبْنُ دَوْسٍ - মুবতাদা طَاوِى الْكَشْحِ - ابن -এর হাল, دَخَلَ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর।

قوله فَاَشَارَ ان الخ : اَشَارَ ফে'ল ضمير ফায়েল اَنْ يُضِيْفَ الخ - بتاويل مفرد মাফঊল হয়ে জুমলায়ে ফে'লিয়্যাহ। يَشْرَبُوْا نَهْلاً জুমলায়ে ফে'লিয়্যাহ, وَمن قد - يَشْرَبُوْا -এর উপর আতফ।

قوله فَادَارُوا الْقَدَحَ الخ : اَدَارُوْا ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, اَلْقَدَحُ মাফঊল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ, يَنْتَابُوْنَهُ - اَدَارُوْا -এর যমীর থেকে হাল। اِرْتَوَى الْكُلُّ জুমলায়ে ফে'লিয়্যাহ। مَاغَاضَ - اِرْتَوٰى -এর উপর আতফ।

এক বাটি দুধ একটি দলের জন্যে যথেষ্ট হওয়া : উপরোক্ত তিন পংক্তি ঐ ঘটনার দিকে ইঙ্গিত করছে, যাকে চয়ন করা হয়েছে সেই হাদীস থেকে যা ইমাম বুখারী (র.) হযরত আবূ হুরায়রা (রা.) -এর রিওয়ায়াত থেকে বর্ণনা করছেন যে, একবার হুযূর ﷺ আমাকে একবাটি দুধ সুফফার অধিবাসী সাহাবীদের পান করাতে নির্দেশ দিলেন। আমি বাটি হাতে করে

সবার কাছে নিয়ে যেতাম। সে খুব তৃপ্তি সহকারে পান করতো। তারপর আমাকে ফেরত দিতো। তারপর আমি বাটির দুধ অন্য একজনকে দিয়ে দিতাম। সেও এরূপ করতো। এমনকি সবাই পান করে পরিতৃপ্ত হলো, একমাত্র আমি ছাড়া। রাসূল ﷺ সেই বাটিটা আমার হাত থেকে নিলেন। তাঁর হাতে নিয়ে তিনি মুচকি হাসলেন। আর বললেন, ওহে আবূ হুরায়রা! আমি বললাম, লাব্বাইকা ইয়া রাসূলাল্লাহ ﷺ। বললেন, এখন তো কেবল তুমি আর আমি অবশিষ্ট রয়ে গেলাম তাইনা? সুতরাং তুমি বসে পান করে নাও। আমি উত্তমরূপে পান করলাম। তিনি বললেন, আরো পান করো। আমি আবারো পান করলাম। তিনি অনবরত বলেই যাচ্ছিলেন যে, আবারো পান করো। আমি বাধ্য হয়ে আরজ করলাম যে, আমি সেই সত্তার শপথ করে বলছি যিনি আপনাকে সত্য নবী হিসেবে পাঠিয়েছেন, আমার উদরে আর বিন্দুমাত্র স্থান শূন্য নেই। একথা বলে বাটিটা তাঁকে ফেরত দিলাম। তিনি আল্লাহর প্রশংসা করে বিসমিল্লাহ বলে অবশিষ্ট দুধগুলো পান করে নিলেন।

وَاغْتَذَوْا يَوْمًا ثَرِيْدَ قَصْعَةٍ * مِنْ لَدُنْ صُبْحٍ اِلٰى ظُهْرٍ وَصَلْ

وَهِيَ مَلْاٰى قَدْ رَبَتْ مِنْ فَوْقِهَا * وَاسْتَدَارَتْ تُجْتَلٰى مِثْلَ الْقُلَلْ

অনুবাদ : ১৯০. একটি বাটি সরীদভর্তি (খাদ্য) ছিল। আগন্তুকগণ সেখান থেকে ভোর থেকে দ্বিপ্রহর পর্যন্ত খেয়ে যেতে লাগল।

১৯১. বাটিটি খাবারে পরিপূর্ণ ছিল। তার মধ্যস্থলে পর্বতের চূড়ার ন্যায় উঁচু দেখা যায়।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اِغْتَذَوْا : সীগাহ جمع مذكر غايب বহছ اثبات فعل ماضى معروف বাবে افتعال মাসদার اِغْتِذَاءٌ মূলবর্ণ (غ ـ ذ ـ ى) জিনসে ناقص يائى অর্থ– ভক্ষণ করা, খাদ্য খাওয়া। اِغْتَذَوْا - খেতে লাগলো।

ثَرِيْدَ : এটি اسم جامد একবচন, বহুবচনে ثَرَائِدُ, ثُرُوْدٌ অর্থ - এক প্রকার সুস্বাদু খাদ্য যা গোশতের মধ্যে রুটির টুকরো ঢেলে বানানো হয়। হাদীসে আছে– وَفَضْلُ عَائِشَةَ عَلٰى سَائِرِ النِّسَاءِ كَفَضْلِ الثَّرِيْدِ عَلٰى سَائِرِ الطَّعَامِ

قَصْعَةً : এটি اسم جامد একবচন, বহুবচনে قِصَعٌ– قِصَاعٌ অর্থ– পেয়ালা, বাটি।

لَدُنْ : এটি ظرف, مان ، مكان ، عند (পর্যন্ত) -এর অর্থে ব্যবহার হয়।

صُبْحٌ : অর্থ– ভোর, কুরআনে আছে– وَالصُّبْحِ اِذَا تَنَفَّسْ

ظُهْرٌ : অর্থ– দ্বি-প্রহর।

مَلْاٰى : এটি فتح سمع বাবে مصدر অর্থ– পরিপূর্ণ হওয়া, ভর্তি হওয়া।

قَدْ رَبَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى قريب معروف বাবে نصر মাসদার رِبَاءً رَبْوًا মূলবর্ণ (ر ـ ب ـ و) জিনসে ناقص واوى অর্থ– বর্ধিত হওয়া, বেশি হওয়া, قَدْ رَبَتْ - পরিপূর্ণ।

اِسْتَدَارَتْ : গোল হয়ে আছে। (মধ্যস্থল)।

تَجْتَلِىْ : সীগাহ واحد مونث غائب বহছ اثبات فعل مضارع مجهول বাবে افتعال মাসদার اِجْتِلَاءٌ মূলবর্ণ (ج ـ ل ـ ى) জিনসে ناقص يائى অর্থ– দেখা تَجْتَلِىْ – দেখা যায়।

اَلْقُلَلْ : এটি جمع تكسير একবচনে قُلَّةٌ অর্থ– পর্বতের চূড়া, মটকা। হাদীসে আছে– اِذَاكَانَ الْمَاءُ قُلَّتَيْنِ لَمْ يَحْمِلِ الْخُبْثُ

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : اغتذوا ফে'ল, ضمير ফায়েল, يَوْمًا মাফউলে ফীহ্ ثَرِيْدَ قَصْعَةٍ মাফউল, مِنْ لَدُنْ ও اِلٰى ظُهْرٍ দুই متعلق -এর সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

قوله وَهِيَ مَلْاٰى قَدْ الخ : هِيَ মুবতাদা, مَلَاى খবর, قَدْرَبَتْ – مَلْاٰى -এর সিফাত। মুবতাদা খবর মিলে জুমলায়ে ইসমিয়্যাহ কিংবা ثَرِيْدُ قَصْعَةٍ থেকে হাল। اِسْتَدَارَتْ ফে'ল, ضمير ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। – اِسْتَدَارَتْ তজতলী -এর ضمير থেকে হাল।

রাসূল ﷺ -এর বরকতে একটি খাদ্যভর্তি বাটি ভোর থেকে দ্বি-প্রহর পর্যন্ত আগতদের আহারের জন্য যথেষ্ট হওয়া : এ ঘটনাটি ঐ হাদীস থেকে চয়ন করা হয়েছে, যা আবূ নাঈম (র.) হযরত সামুরা ইবনে জুন্দুব (রা.) -এর বর্ণনা দ্বারা উল্লেখ করেন যে, রাসূলুল্লাহ ﷺ -এর কাছে খাদ্যভর্তি একটা বাটি আনা হয়েছিল। লোকেরা সেখান থেকে সকাল হতে শুরু করে দ্বিপ্রহর পর্যন্ত খেয়ে যেতে লাগল। এক মজলিসের লোকজনের খাওয়া শেষ হলে দ্বিতীয় মজলিস বসানো হতো। তখন এক লোক সামুরাহ (রা.) -কে জিজ্ঞাসা করল যে, বাটিতে কি বারংবার আরো খাদ্য ঢালা হতো ? তিনি বললেন, মোটেও না। তবে মু'জিযা হিসেবে অবশ্যই ফেলা হচ্ছে সুদূর আকাশ হতে। ইমাম দারেমী, ইবনে আবী শাইবা, ইমাম তিরমিযী, হাকিম ও বায়হাকী (রা:) এরূপই বর্ণনা করেছেন আর এই হাদীসটিকে বিশুদ্ধ বলেও আখ্যায়িত করেছেন।

اَلُ مَسْعُوْدٍ يَفِيْهِمْ اَعْنُزٌ * فَكَفَاهُمْ نِصْفُ شَاةٍ وفَضَلْ

অনুবাদ : ১৯২. হযরত মাসউদ সাহাবীর গোষ্ঠির জন্য অনেকগুলো ছাগল প্রয়োজন হতো। (কিন্তু রাসূল ﷺ -এর দোয়ার বরকতে) গোশতের অর্ধাংশ যথেষ্ট হয়ে গেল বরং তার অংশ-বিশেষ বেঁচেই গেল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

يَفِيْ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে ضرب মাসদার وَفَاءٌ মূলবর্ণ (و . ف . ى) জিনসে لفيف مفروق অর্থ– পূর্ণ করা, সম হওয়া, يَفِيْ - পরিপূর্ণ হয় (প্রয়োজন হলো)।

اَعْنُزٌ : এটি جمع تكسير একবচনে عَنْزٌ অর্থ– ছাগল

تَرْكِيْبُ الْجُمَلِ **(বাক্যসমূহের বিশ্লেষণ) :** اٰلُ مَسْعُوْدٍ মুবতাদা, يَفِيْهِمْ اَعْنُزٌ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর, كَفَا ফে'ল, هم মাফউল, نصف شاة ফায়েল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। فَضَلَ – كَفَا -এর উপর আতফ।

একটি ছাগীর গোশতের অর্ধাংশ একটি বৃহৎ পরিবারের যথেষ্ট হওয়া : তাবরানী (র.) মাসউদ ইবনে খালেদের বর্ণনা সূত্রে উল্লেখ করেন যে, আমি রাসূল ﷺ -এর কাছে একটি ছাগী উপঢৌকন রূপে পাঠিয়ে কোনো কাজে চলে গেলাম। রাসূল ﷺ ছাগীটির অর্ধেক গোশত আমার বাসায় ফেরত পাঠালেন। আমি বাসায় গিয়ে গোশত দেখে জিজ্ঞাসা করলাম যে, এগুলো কোত্থেকে এসেছে ? আমার বাসার লোকেরা বলল যে, এগুলো হচ্ছে সেগুলোই যা রাসূল ﷺ আমাদের ঘরে পাঠিয়ে দিলেন। আমি স্ত্রীকে বললাম, এগুলো এভাবে রেখে দিলে কেন ? এগুলো সন্তানসন্ততিদের খাওয়ায়ে দিলেই তো হতো ? সে বলল, আরে এগুলো হচ্ছে রাসূল ﷺ -এর অবশিষ্ট খাদ্য। অতএব এগুলো আমাদের গোষ্ঠির সবাইকে আহার করানো হবে। সুতরাং অনুরূপেই করা হয়েছে। এ বৃহৎ পরিবারটি এত বড় ছিল যে, তাদের জন্য দু'-দু'টো এবং তিন তিনটি ছাগল একসাথে জবাই করা হতো। অনেক সময় তাদের জন্য এ পরিমাণটাও যথেষ্ট ছিল না; কিন্তু আল্লাহ তা'আলার অসীম ক্ষমতা বলে রাসূল ﷺ -এর মু'জিযা স্বরূপ পুরো গোষ্ঠি শুধুমাত্র অর্ধ ছাগীর গোশত দ্বারা পরিতৃপ্ত হয়ে গেল।

وَقَضٰى عَنْ جَابِرٍ مِنْ صُبْرَةٍ * مَاعَلَيْهِ مِنْ دُيُوْنٍ لَاتَقِلْ

لَمْ تَكُنْ تَكْفِيْ اِذَا اَحْصَيْتَهَا * بَعْضَ مَا اَدَانَ فَقُمْ وَاذْهَبْ وَكُلْ

وَقَضَاهَا مُوْفِيًا اِذْ اَنْكَرُوْا * حَطَّهَا شَيْئًا وَتَاخِيْرَ الْاَجَلْ

অনুবাদ : ১৯৩. হযরত জাবির (রা.) -এর অনেক ঋণ মাত্র একটি স্তূপ হতে পরিশোধ করে দিয়েছেন।

১৯৪. যদি তার হিসাব নিতে তুমি (তাহলে প্রতীয়মান হতো তোমার) যে, ঋণের অংশ বিশেষ আদায় করাও ছিল দুরূহ ব্যাপার। অতঃপর উঠ তুমি যাও মাফ দাও।

১৯৫. যখন তারা একটি অংশ মাফ করতে কিংবা ঋণ আদায়ে বিলম্বতাকে প্রত্যাখান করেছেন। তখন রাসূল ﷺ (ঐ স্তূপ হতে) পূর্ণভাবে পরিশোধ করে দিয়েছেন।

تَحْقِيْقَاتُ الْأَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

قَضٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب মাসদার قَضَاءٌ মূলবর্ণ (ق ـ ض ـ ى) জিনসে ناقص يائى অর্থ– (اَلدَّيْنَ) ঋণ পরিশোধ করা, পূর্ণ করা, অবসর হওয়া। قَضٰى - পরিশোধ করে দিয়েছেন।

صُبْرَةٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে صَبَّارٌ অর্থ– শস্যের স্তূপ।

دُيُوْنٌ : এটি جمع تكسير, একবচনে دَيْنٌ অর্থ– ঋণ, কর্জ।

لَاتَقِلُّ : সীগাহ واحد مؤنث غائب বহছ نفى فعل مضارع معروف বাবে ضرب অর্থ– কম হওয়া, সল্প হওয়া। لَاتَقِلُّ - সল্প নয়, (অনেক)।

اَحْصَيْتَ : সীগাহ واحد مذكر حاضر বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِحْصَاءٌ মূলবর্ণ (ح ـ ص ـ ى) জিনসে ناقص يائى অর্থ– গণনা করা, হিসাব করা। اَحْصَيْتَ - তুমি হিসাব নিতে।

اَدَانَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِدْيَانًا মূলবর্ণ (د ـ ى ـ ن) জিনসে اجوف يائى অর্থ– ঋণ গ্রহণ করা, কর্জ নেওয়া। ادان- ঋণ গ্রহণ করেছে।

قَضٰى : তিনি পরিশোধ করে দিয়েছেন।

مُوْفِيًا : এটি واحد বহছ اسم فاعل বাবে ضرب মাসদার وَفَاءٌ মূলবর্ণ (و ـ ف ـ ى) জিনসে لفيف مفروق অর্থ– পূর্ণ করা, পুরা করা, مُوْفِيًا - পূর্ণভাবে।

اَنْكَرُوْا : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِنْكَرًا মূলবর্ণ (ن ـ ك ـ ر) জিনসে صحيح অর্থ– অস্বীকার করা। انكروا- অস্বীকার করেছে, প্রত্যাখান করেছে।

حَطٌّ : এটি مصدر বাবে نصر জিনসে مضاعف ثلاثى অর্থ– তিরোহিত করা, রাখা, অবতীর্ণ করা, ঘাটতি করা।

تَاخِيْرٌ : এটি مصدر বাবে تفعيل অর্থ– বিলম্ব করা।

اَلْاَجَلُ : এটি اسم جامد একবচন, বহুবচনে اٰجَالٌ অর্থ– সময়, মেয়াদ, মৃত্যু, কুরআনে আছে– اِنَّ اَجَلَ اللّٰهِ لَاٰتٍ

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : قَضٰى ফে'ল, ضمير ফায়েল, عَنْ جَابِرٍ প্রথম متعلق, مِنْ صُبْرَةٍ দ্বিতীয় متعلق, مَاعَلَيْهِ مِنْ دُيُوْنٍ মাফউলসহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

قوله لَمْ تَكُنْ تَكْفِىْ الخ : لَمْ تَكُنْ ফে'লে নাকিস, تَكْفِىْ الخ তার ইসম, بَعْضُ مَا دَانَ তার খবর।

قوله وَقَضَاهَا مُوْفِيًا الخ : قَضٰى ফে'ল, ضمير ফায়েল, مُوْفِيًا – ضمير থেকে হাল, اذ – ظرف متعلق اَنْكَرُوْا -এর সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

রাসূল ﷺ -এর বরকতে অল্প কিছু খেজুর দ্বারা হযরত জাবির (রা.) -এর ঋণ পরিশোধ : উল্লিখিত তিনটি পংক্তি ঐ ঘটনার দিকে ঈঙ্গিত যা হযরত ইমাম বুখারী (র.) শা'বী (র.) -এর সূত্রে হযরত জাবির (রা:) থেকে বর্ণনা করেন যে, উহুদ যুদ্ধে আমার পিতা শহীদ হয়েছিল। তিনি মৃত্যুকালে অনেক ঋণ আর ছয়টি কন্যা সন্তান রেখে গিয়েছিলেন। খেজুর পাকার মুহূর্তে এলে আমি রাসূল ﷺ -এর সমীপে আবেদন করলাম যে, ইয়া রাসূলুল্লাহ ! আপনি অবশ্যই অবগত আছেন যে, আমার পিতা শহীদ হয়েছেন। তাঁর অনেক ঋণ আছে। আমার আগ্রহ এই যে, যদি ঋণদাতাদের দৃষ্টি আপনার উপর পড়তো তাহলে ভাল হতো। তিনি বললেন, তোমার খেজুর গাছে যতগুলো খেজুর আছে, সবগুলো পেড়ে এক জায়গায় একত্রিত করে নাও। হযরত জাবির (রা.) বলেন, আমি মহানবী ﷺ -এর কথা মতো কাজ করলাম এবং তাঁর উপস্থিতির কামনায় হাজির হলাম। তিনি সেথায় আগমন করলেন। বড় স্তূপের কাছে তিনবার পায়চারি করে স্তূপের উপরেই বসে পড়লেন। এরপর তিনি বললেন, যাও, ঋণদাতাদের ডেকে পাঠাও। তারা সবাই এসে পড়লে রাসূল ﷺ মেপে মেপে তাদেরকে দিতে শুরু করলেন। এমনকি আল্লাহ তা'আলা সে খেজুরগুলো থেকে আমার পিতার সব ঋণ পরিশোধ করে দিলেন। অথচ আমি এতেই সন্তুষ্টি ছিলাম যে,

ঋণ পরিশোধের পর আমার বোনদের জন্য একটি মাত্র খেজুরও না থাকুক। কিন্তু আল্লাহর শপথ! পুরো স্তূপটি যেটির উপর রাসূল ﷺ উপবেশন করছিলেন প্রথমে যেভাবে ছিল সেরূপেই অক্ষত রইল। আমার মনে হলো যেন খেজুর থেকে একটি খেজুরও বিয়োগ হয়নি।

أَرْبَعِيْنَ مِنْ عَشِيْرٍ قَدْ دَعَا * إِذْ وَأَنْذِرْ فِي الْعَشِيْرَةِ نَزَلْ

كَانَ كُلٌّ مِنْهُمْ مِنْ بَسْطِهِ * أَكِلًا جِذْعًا وَشِرِّيْبَ الْقُلَلْ

فَانْتَهَوْا شَبْعًا وَ رِيًّا كُلُّهُمْ * مِنْ طَعَامِ الرِّجْلِ أَوْ قَعْبِ الرَّسَلْ

قَالَ إِذْ ذَاعَبْدُ عُزِّى جَاحِدًا * عَمَّكُمْ سِحْرٌ وَفَاجَاكُمْ هَبَلْ

অনুবাদ : ১৯৬. রাসূল ﷺ -এর উপর انذر عشيرتك الاقربين (আয়াতখানি) অবতীর্ণ হলে তার পরিবারের চল্লিশজন ছাত্রকে দাওয়াত করলেন।

১৯৭. দৈহিক হৃষ্টপুষ্ট হওয়ায় প্রত্যেক ব্যক্তি একটি ছাগলের ভক্ষক ও এক মটকা পানকারী ছিল।

১৯৮. তারা বকরির একটি হাত ও এক বাটি দুধে দ্বারা পেটভরে পরিতৃপ্ত হয়েছে ।

১৯৯. উয্যার গোলাম (আবূ লাহাব) অস্বীকার করত বলে উঠল, মুহাম্মদ ﷺ তোমাদের উপর যাদু করে দিয়েছে এবং তোমাদেরকে বিপদে ফেলে দিয়েছে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

عَشِيْرٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে عُشَرَاءُ অর্থ– গোত্র (পরিবার)।

إِذْ وَأَنْذِرْ : দ্বারা কুরআনের আয়াতের এই দিকে ইঙ্গিত– وَاَنْذِرْعَشِيْرَتَكَ الْاَقْرَبِيْنَ (আপনার নিকটবর্তী পরিবার কে ভীতি প্রদর্শন করুন)।

بَسْطٌ : এটি مصدر বাবে نصر অর্থ– প্রসারিত হওয়া, প্রশস্ত হওয়া, (হৃষ্টপুষ্ট হওয়া)। কুরআনে আছে– بَسْطَةً فِي الْعِلْمِ وَالْجِسْمِ

أَكِلًا : এটি اسم فاعل একবচন, বাবে نصر মাসদার اَكْلًا মূলবর্ণ (ء ـ ك ـ ل) জিনসে مهموزلام অর্থ– ভক্ষণ করা। اكلا- ভক্ষক।

جِذْعًا : এটি اسم جامد একবচন, বহুবচনে جُذَاعٌ -جِذْعَانٌ অর্থ– ছোট ছাগল।

شِرِّيْبٌ : এটি اسم مبالغه অর্থ - অধিক পানকারী।

اَلْقُلَلُ : এটি اسم جامد বহুবচনে, একবচনে قُلَّةٌ- অর্থ– মটকা। হাদিসে আছে–اِذَاكَانَ الْمَاءُ قُلَّتَيْنِ لَمْ يَحْمِلِ الْخَبْثَ

اِنْتَهَوْا : সমাপ্ত করেছে তারা।

رِيًّا: এটি مصدر বাবে سمع অর্থ– তৃপ্ত হওয়া।

شَبْعًا : পেট ভরে, পরিতৃপ্ত হওয়া।

اَلرِّجْلُ : অর্থ– ছাগলের হাত বা পা।

قَعْبٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَقْعُبٌ قِعَابٌ অর্থ– বড় বাটি।

اَلرَّسَلُ : এটি اسم جامد একবচন, বহুবচনে رِسَالٌ অর্থ– দুধ, তৃপ্তি।

جَاحِدًا : এটি اسم فاعل বাবে فتح মাসদার جَحْدًا جُحُوْدًا মূলবর্ণ (ج ـ ح ـ د) জিনসে صحيح অর্থ– জানা শর্তেও অস্বীকার করা। جَاحِدًا– অস্বীকার কারী।

عَمَّ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার عَمًّا عُمُوْمًا মূলবর্ণ (ع ـ م ـ م) জিনসে مضاعف ثلاثى অর্থ– ব্যাপক হওয়া। عَمَّ - ব্যাপক করে দিয়েছে।

فَاجَا : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে مفاعله মাসদার مُفَاجَاةً মূলবর্ণ (ف ـ ج ـ ء) জিনসে مهموزلام অর্থ– হঠাৎ আসা, অতর্কিত আক্রমণ করা।

هَبَلْ : অর্থ– প্রতারক, বাঘ। فَاجَاهَبَلْ - বিপদে পড়া।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : دَعَا ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, اَرْبَعِيْنَ مِنْ عَشِيْرِ–مفعول مقدم, اذ وانذر الخ – ظرف متعلق -এর সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

قوله كَانَ كُلٌّ مِّنْهُمْ الخ : كان ফে'লে নাকিস, كُلٌّ مِنْهُمْ - اسم كان, اَكِلًاجَزْعًا الخ –خبر كان।

قوله فَانْتَهُوْا شَعْبًا الخ : اِنْتَهُوْا ফে'ল, كلهم ফায়েল, شَبْعًا وَ رِيًّا –كل থেকে হাল, مِنْ طَعَامِ الرَّجُلِ মুতা'আল্লিক, تعب – طعام -এর উপর আতফ।

قوله قَالَ اِذْ ذَا عَبْدِ الخ : قَالَ ফে'ল, از যরফ, ذَا عَبْدِ عَزْى ফায়েল, মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে কাওল, عبد عزى থেকে হাল। عَمَّكُمْ سِحْرًا জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মাকূলা, فاجا – عم -এর উপর আতফ। جَاحِدًا –

রাসূল ﷺ -এর স্পর্শে এক প্রস্থ ছাগীর হস্ত আবদুল মুত্তালিব পরিবারের পরিতৃপ্ত সহকারে ভক্ষণ : উপরোক্ত পংক্তিসমূহে উল্লিখিত ঘটনাটি ঐ হাদিস থেকে চয়ন করা হয়েছে, যা ইবনে ইসহাক প্রমুখ হযরত আলী (রা.) থেকে বর্ণনা করেন যে, রাসূল ﷺ-এর উপর 'ওয়া আনযির 'আশীরাতাকাল আক্বরাবীন' আয়াতখানি অবর্তীণ হলে তিনি আব্দুল মুত্তালিব পারিবারকে দাওয়াত করলেন। তিনি তাদের জন্য একটি ছাগীর একটি হাত আর এক পালি আটা পাক করে তাদের সামনে পরিবেশন করলেন। আর সেই রন্ধনকৃত গোশত থেকে এক টকরো গোশত তাঁর মুক্তা সাদৃশ্য স্বচ্ছ দন্ত দ্বারা কেটে 'বিসমিল্লাহ' বলে আহার করতে নির্দেশ দিলেন। ফলে সকলে মিলে খেয়ে পরিতৃপ্ত হয়ে গেল। এদিকে পানাহার শেষ হলো, কিন্তু গোশতগুলো এত খাওয়ার পরও শেষ তো হলোনা তদুপরি মোটেও কমল না। অথচ আগত অতিথিদের খাদ্যের পরিমাণ একেকটা ভুনা বকরির চেয়েও বেশি পরিমাণ ছিল। ঘটনা এ পর্যন্ত শেষ নয়। তিনি সকলকে পুনঃ দুধ পান করতে আদেশ করলেন। তারা খুব তৃপ্তি সহকারে পান করল। এক গ্লাস দুধ সকলে পান করেও সেই গ্লাস টির দুধ নিঃশেষ হয়নি। অথচ তারা সবাই এক লিটার দুধের চেয়েও বেশি পান করতে সক্ষম ছিল।

অতঃপর আমাদের প্রাণ প্রিয় রাসূল ﷺ কিছু বলতে ইচ্ছে করলেন, কিন্তু কপটমতি আবূ লাহাব একথা বলে সমাবেশ ভেঙ্গে দিল যে, সমবেত অতিথিদের উদ্দেশ্য করে বলছি, "মুহাম্মদ ﷺ তোমাদের উপর যাদু করে দিয়েছে"। সুতরাং আমাদের নবীজি কিছুই বলার সুযোগ পাননি। পরের দিনও এরূপ ঘটনাই ঘটছে। অর্থাৎ আবূ লাহাব সকল ঘটনায় বাধা প্রদান করেছে। মুহাদ্দিস বায়হাকী ও আবূ নাঈম এরূপই বর্ণনা করেছেন।

مَجَّ فِىْ مَاءِ السَّطِيْحِ فَارْتَوٰى ❋ ذَالِكَ الْجَمْعُ الْكَثِيْرُ وَانْتَهَلْ

وَهِىَ مَلْاٰى لَمْ يَغِضْ مِنْ مَائِهَا ❋ بَلْ وَ زَادَتْ اِمْتِلَاءً وَكَمَلْ

অনুবাদ : ২০০. রাসূল ﷺ এক মশ্‌ক পানিতে কুলি করে দিয়েছেন, এ বিরাট দলটি স্বল্প পানিতে তৃষ্ণা নিবারণ করল।

২০১. মশ্‌কটি পরিপূর্ণ ছিল তার পানি মোটেও কমেনি; বরং আরো বর্ধিত ও পরিপূর্ণ হনে হয়েছে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

مَجَّ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার مَجًّا মূলবর্ণ (م ـ ج ـ ج) জিনসে مضاعف ثلاثى অর্থ– কুলি করা। مَجَّ - কুলি করেছে।

اَلسَّطِيْحُ : অর্থ– মশ্‌ক।

اِرْتَوٰى : তৃপ্তি লাভ করেছে। (প্রাগুক্ত)

اِنْتَهَلَ : বারংবার পান করেছে। (প্রাগুক্ত)

لَمْ يَغِضْ : সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل বাবে ضرب মাসদার غَيْضًا مَغَاضًا মূলবর্ণ (غ ـ ى ـ ض) জিনসে اجوف يائى অর্থ– পানি কম হওয়া, নিচে অবতরণ করা। لَمْ يَغِضْ - কমেনি (বর্ধিত)।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : مَجَّ - ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, فِيْ مَاءِ السَّطِيْحِ মুতা'আল্লিকের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। اِرْتَوٰى ফে'ল, ذَالِكَ الْجَمْعُ ফায়েল।

قوله وَهِىَ مَلْأٰى لَمْ الخ : هِىَ মুবতাদা, مَلْأٰى খবর, لَمْ يَغِضْ - ملاء -এর সিফাত।

রাসূল ﷺ -এর কুলির বরকতে স্বল্প পানি দ্বারা একটি বিরাট দলের তৃষ্ণা নিবারণ : পংক্তি দু'টি ঐ ঘটনার দিকে ইঙ্গিত করছে, যা ইমাম মুহাম্মদ ইবনে ইসমাঈল বুখারী (র.) ও মুসলিম ইব্‌নুল হাজ্জাজ আল-কুশাইরী নিশাপুরী (র.) হযরত ইমরান ইবনে হুসাইন (রা.) -এর ঘটনার বর্ণনা সূত্রে উল্লেখ করেছেন যে, আমরা পিপাসার অভিযোগ করলে রাসূলুল্লাহ ﷺ আমাদেরকে পানির খোঁজে বের হতে আদেশ করেন। পরিশেষে তাঁর কাছে পানি নিয়ে পথ অতিক্রম করছিল এমন এক মহিলাকে উপস্থিত করা হলো। রাসূল ﷺ মহিলাটির মশ্‌কটির ভেতর থেকে সামান্য পানি পেয়ালায় নিয়ে তাতে কুলি করলেন। আবার এগুলোকে মশ্‌কে ঢেলে মুখটি বন্ধ করে সমগ্র সৈন্যদলকে পান করতে এবং সংরক্ষণ করতে নির্দেশ দেন। তাই কেউ কেউ পান করল এবং সংরক্ষণ করে রেখে দিল। মহিলাটি শুরু থেকে ঘটনাটি শুধু দেখে যাচ্ছিল; কিন্তু পানি তো বিন্দুমাত্রও কমল না। এরপর রাসূল ﷺ মহিলাটিকে উদ্দেশ্য করে বললেন, দেখো, আমি তো তোমার পানি থেকে কিছুই ব্যয় করিনি; বরং আল্লাহ তা'আলাই আমাদেরকে পানি পান করিয়েছেন। এরপর মহিলাটিকে কিছু উপঢৌকন দিয়ে বিদায় দেওয়া হলো।

اِذْ اَتَوْا بِيْرًا قَلِيْلًا مَاؤُهَا * لَا يُرٰى مِنْ نَزْحِهَا فِيْهَا سَمَلْ

فَرَمٰى سَهْمًا بِاَدْنٰى قَعْرِهَا * جَاشَ فِيْهَا الْمَاءُ وَانْسَحَّ السُّبُلْ

অনুবাদ : ২০২. যখন সাহাবায়ে কেরামের বাহিনী এমন এক কূপের নিকট পৌঁছল যার পানি খুব সামান্য ছিল। আর তার সামান্য পানিও উত্তোলন হেতু তাতে কিঞ্চিৎ পানিও দেখা যায় না।

২০৩. অতঃপর তার গভীরতায় একটি তীর গেঁড়ে দিয়েছেন, (পরক্ষণেই) পানি উথলে উঠল, স্রোতধারা জারি হয়ে গেল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

بِيْرٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে اٰبَارٌ অর্থ– কূপ।

نَزَحَ : نَزْحًا نُزُوْحًا এটি مصدر বাবে فتح জিনসে صحيح অর্থ– পানি উত্তোলন করা।

سَمَلٌ : এটি اسم جامد বহুবচন, একবচনে سَمْلَةٌ سُمْلَةٌ অর্থ– স্বল্প পানি, কিঞ্চিৎ পানি।

رَمٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب অর্থ– নিক্ষেপকরা, رَمٰى - তিনি নিক্ষেপ

করেছেন, গেঁড়ে দিয়েছেন।

سَهْمًا : এটি اسم جامد একবচন, বহুবচনে سِهَامٌ অর্থ– তীর।

اَدْنٰى : অর্থ– প্রান্ত, দিগন্ত, শেষ, সল্প। কুরআনে আছে– فِيْٓ اَدْنَى الْاَرْضِ

قَعْرٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে قُعُوْرٌ অর্থ– গভীরতা, নীচুভূমি।

جَاشَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب মাসদার جَيْشًا جَيَشَانًا মূলবর্ণ (ج . ى . ش) জিনসে اجوف يائى অর্থ– জোশ মারা, উথলে উঠা। جَاشَ - উথলে উঠেছে।

اِنْسَحَّ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে انفعال মাসদার اِنْسِحَاحٌ মূলবর্ণ (س . ح . ح) জিনসে مضاعف ثلاثى অর্থ– প্রবাহিত হওয়া, জারী হওয়া। اِنْسَحَّ - জারি হয়ে গেল, প্রবাহিত হয়ে গেছে।

اَلسُّبُلُ : এটি جمع تكسير একবচনে سَبِيْلٌ অর্থ– পথ, সড়ক, (স্রোতধারা)। কুরআনে আছে– فَاسْلُكِيْ سُبُلَ رَبِّكِ ذُلُلًا

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : اذ - ظرفيه, اَتَوْ ফে'ল ضمير ফায়েল, بِئْرًا মাফউল قَلِيْلًا مَاءُهَا তার সিফাত। لَايُرٰى ফে'ল, مِنْ نَزْحِهَا মুতা'আল্লিক, سَمَلٌ ফায়েল।

قوله فَرَمٰى سَهْمًا الخ: رَمٰى -ফে'ল ফায়েল, سَهْمًا মাফউল بِاَدْنٰى মুতা'আল্লিকের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। جَاشَ فِيْهَا الْمَاءُ জুমলায়ে ফে'লিয়্যাহ, اِنْسَحَّ - جَاشَ -এর উপর আতফ।

রাসূল ﷺ -এর কুলির বরকতে কূপের পানি ফেঁপে উঠা : এ ঘটনাটি ঐ হাদীস থেকে চয়ন করা হয়েছে, যা আবূ নাঈম ওয়াকিদীর সূত্রে উল্লেখ করেন যে, নাবিয়াহ ইব্নুল আয়াম (রা.) বলেন যে, একদা সফরকালীন অবস্থায় সৈন্যরা পানির স্বল্পতার অভিযোগ করল। রাসূল ﷺ তুনীর থেকে একটি তীর বের করে আমাকে দিলেন এরপর কূপ থেকে এক বালতি পানি এনে অজু করত কুলির পানি বালতিতে ফেলে দিলেন। অতঃপর আমাকে বললেন, এ বালতিটি নিয়ে কূপে অবতরণ করো এবং তাকে কূপে ফেলে দাও অতঃপর তীরটা গেঁড়ে দাও। আমি তাঁর কল্যাণময় সে নির্দেশটি পালন করলাম। আল্লাহর শপথ ! আমি খুব তাড়াতাড়ি কূপ থেকে বের হতে পারেনি। কেননা, কূপের জলধারা উথলে উঠল উত্তপ্ত ডেগচির পানির ন্যায়। এমনকি কূপটি পানিতে টইটুম্বুর হয়ে উঠল। সফরের অভিযাত্রীদল এর চারিধার থেকে পানি সংগ্রহে লিপ্ত হয়ে গেল। সবাই পানি পান করে একযোগে পরিতৃপ্ত হয়ে গেল।

كَانَ لِلْمِيْضَاةِ شَانٌ مَارَاٰى * مِثْلَهُ الرَّاؤُوْنَ فِيْ كُتُبِ النَّحْلِ

ضَمَّهٗ فِيْ ضِبْنِهٖ ثُمَّ دَعَا * فَاسْتَقَى السَّبْعُوْنَ مَا فِيْهِ خَلَلْ

অনুবাদ : ২০৪. নবীজি ﷺ-এর অজুর বদনায় এক বিস্ময়কর ঘটনা ছিল, (অতীত) ধর্মীয় গ্রন্থে কেউ তার সাদৃশ্য দেখেনি।

২০৫. পাত্রটিকে বগলের নিচে রেখে দিয়ে অতঃপর দোয়া করলেন। (তার ফলে) তৃপ্তি মিটিয়ে বাহাত্তর জন সৈনিক পান করল। কোনো পাত্র খালি পড়েনি।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

مِيْضَاةٌ : এটি اسم الة অর্থ– অজু করার পাত্র, বদনা।

شَانٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে شُئُوْنٌ অর্থ– অবস্থা, বিরল ঘটনাবলি, (বিস্ময়কর) ঘটনা। কুরআনে আছে– كُلَّ يَوْمٍ هُوَ فِيْ شَاْنٍ

اَلرَّاؤُوْنَ : এটি جمع مذكر اسم فاعل বহছ বাবে فتح মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা اَلرَّاؤُوْنَ - দর্শকগণ।

كُتُبٌ : এটি جمع تكسير একবচনে كِتَابٌ অর্থ— গ্রন্থ সমূহ।

اَلنَّحْلُ : এটি বহুবচন, একবচনে نَحْلَةٌ অর্থ— ধর্ম, মাযহাব।

ضَمَّ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার ضَمًّا মূলবর্ণ (ض - م - م) জিনসে مضاعف ثلاثى অর্থ- মিলানো, আলিঙ্গন করা। ضم - মিলালেন, (রেখে দিলেন)।

ضِبْنٌ : অর্থ— পাঁজর ও বগলের মধ্যস্থল।

اِسْتَقٰى : (তৃপ্তি মিটিয়ে) পান করল।

خَلَلٌ : বাদ, খালি।

تركيب الجمل (**বাক্যসমূহের বিশ্লেষণ**) : كَانَ ফে'লে নাকিস, لِلْمِيْضَاةِ খবর, شَانٌ ইসম। مِثْلَهُ مَارَاٰى ফে'ল, মাফউল, الرَّاؤُوْنَ ফায়েল فِىْ كُتُبِ النَّحْلِ মুতা'আল্লিকের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

قوله ضَمَّهُ فِىْ ضِبْنِهِ الخ : ضَمَّ ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল فِىْ ضِبْنِهِ মুতা'আল্লিকের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। اِسْتَقٰى ফে'ল, اَلسَّبْعُوْنَ ফায়েল, مَافِيْهِ خَلَلٌ -اَلسَّبْعُوْنَ থেকে হাল।

রাসূল ﷺ -এর স্পর্শে এক বাটি পানি দ্বারা বাহাত্তর জন লোকের তৃপ্তি লাভ : মুহাদ্দিস বায়হাকী (র.) হযরত কাতাদা (রা.) সূত্রে উদ্ধৃতি করে বলেন যে, এক সফরে সৈন্যরা হুযুর ﷺ -এর কাছে তৃষ্ণার অভিযোগ করলে তিনি তাকে নির্দেশ করলেন একটা বদনা আনতে। কাতাদাহ (রা.) বলেন, আমি বদনা নিয়ে হাজির হলাম। রাসূল ﷺ কিছুক্ষণ সেটাকে তাঁর বগলের নিচে রেখে বদনার পানিটুকু উপস্থিত লোক জনদের দিতে শুরু করলেন। তারা সবাই একসঙ্গে তৃপ্তি মিটিয়ে পান করল, আর অজুও করল। সকলে নিজ নিজ পাত্র ভরে পানি পুরিয়ে নিল। তিনি বললেন, আর কোনো বাটি খালি পড়ে নেই তো ? তখন আমার কাছে এরূপ মনে হয়েছিল যে, বদনার পানি ঠিক ততটুকুই থেকে গেছে, যতটুকু ছিল এর পূর্বক্ষণে। সৈন্যদের সংখ্যা বাহাত্তরজন ছিল।

بَاهِلِيُّوْنَ رَاَوْا فَاَسْلَمُوْا ❊ زَالَ جُوْعُ الْبَاهِلِيِّ وَانْتَهَلْ

অনুবাদ : ২০৬. বাহেলী গোত্র (যখন) দেখল যে, এক বাহেলী (মুসলমান) -এর ক্ষুধা (খাদ্য ভক্ষণ ব্যতীত) দূরীভূত হয়ে গেছে এবং সে তৃপ্ত হয়ে গেছে, তখন তারা সকলেই মুসলমান হয়ে গেছে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (**শব্দসমূহের বিশ্লেষণ**) :

زَالَ : দূরীভূত হয়ে গেছে।

اَلْبَاهِلِيُّوْنَ : বাহেলী গোত্রের দিকে সম্পর্কিত।

اِنْتَهَلْ : সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাবে افتعال মাসদার اِنْتِهَالًا মূলবর্ণ (ن - ه - ل) জিনসে صحيح অর্থ— তৃপ্তি লাভ করা। اِنْتَهَلْ - তৃপ্তি হয়ে গেল।

تركيب الجمل (**বাক্যসমূহের বিশ্লেষণ**) : بَاهِلِيُّوْنَ মুবতাদা, رَاَوْا খবর। اَسْلَمُوْا -رَاَوْا -এর উপর আতফ।

বাহেলী গোত্রের ইসলাম গ্রহণ : আলোচিত ঘটনাটি ঐ হাদীস থেকে চয়ন করা হয়েছে, যা ইবনে আসাকির (র.) আবূ গালিবের বর্ণনা সূত্রে হযরত আবী উমামাহ্ বাহেলী (রা:) থেকে উদ্ধৃত করে লেখেন যে, রাসূলুল্লাহ একবার আমাকে আমার স্বজাতির কাছে প্রেরণ করলেন। আমি নিতান্ত ক্ষুর্ধাত ছিলাম। লোকেরা রক্ত পান করে যাচ্ছিল, তারা আমাকেও রক্ত পান করতে ডাকল। আমি তাদের বললাম, আরে আমি তো এলাম তোমাদের নিষেধ করতে। তারা তখন আমাকে নিয়ে উপহাস করল। তারা আমাকে মিথ্যুক সাব্যস্ত করতে লাগল। আমি ক্ষুর্ধাত যাতনা নিয়ে ফিরে এলাম। হঠাৎ আমায় নিদ্রায় আমি স্বপ্নে দেখলাম এক ব্যক্তি আমার নিকটে এসে দুধেভর্তি একটা বাটি দিল। আমি সেটা হাতে নিয়ে তৃপ্তি ভরে পান করলাম এমনকি

আমার পেটটা ফুলে উঠল। এরপর আমার সমাজের লোকজন বলল, তোমাদের কাছে একলোক এসেছিল অথচ তোমরা তার সাথে দুর্ব্যবহার করে তাকে ফিরিয়ে দিলে ! তার কাছে গিয়ে তাকে কিছু পানাহার করাবে এই তো সমীচীন ছিলো। অতএব তারা কিছু আহার্য ও পানীয় নিয়ে আমার কাছে এল। আমি বললাম, এখন তো পানাহারের প্রয়োজন নেই। তারা বলল, এইমাত্র কিছুক্ষণ পূর্বে তুমি পিপাসা ও ক্ষুধায় অস্থির ছিলে। আমি বললাম, আল্লাহ তা'আলা আমাকে আহার করালেন, পানও করালেন। এই বলে আমি আমার ভরা পেটটা দেখালাম। এটা দেখে তারা সবাই একত্রে মুসলমান হয়ে গেল। আবূ ইয়া'লা ও বায়হাকী বিভিন্ন সূত্রে পরম্পরা এই হাদীসটি এরূপই উল্লেখ করেছেন।

اَسْلَمَتْ دَوْسٌ جَمِيْعًا اِذْ رَأَوْا * اُرْوِيَتْ اُمُّ شَرِيْكٍ بِالْعَلَلْ

অনুবাদ : ২০৭. দাউস গোত্রের সকলেই মুসলমান হয়ে গেল, যখন দেখতে পেল উম্মে শুরাইককে তৃপ্তিভরে পানি পান করানো হয়েছে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

دَوْسٌ : এটি একটি গোত্রের নাম।

اِذْ رَأَوْا : যখন দেখতে পেল।

اُرْوِيَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى مجهول বাবে افعال মাসদার اِرْوَاءٌ মূলবর্ণ (ر ـ و ـ ى) জিনসে لفيف مقرون অর্থ - তৃপ্তি লাভ করা। اُرْوِيَتْ - তৃপ্তি ভরে (পান) করেছে।

اَلْعَلَلْ : অর্থ– দ্বিতীয়বার পান করা।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : اَسْلَمَتْ ফে'ল, دَوْسٌ ফায়েল, جَمِيْعًا তাকীদ اِذْ رَأَوْا যারফে মুতা'আল্লিকসহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। اُرْوِيَتْ ফে'ল, اُمُّ شَرِيْكٍ নায়েবে ফায়েল, بِالْعَلَلْ মুতা'আল্লিকের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

উম্মে শুরাইক ও দাউস গোত্রের ইসলাম গ্রহণ : ঐতিহাসিক ইবনে সা'আদ (র.) ওয়াকেদী সূত্রে, তিনি ওলীদ ইবনে মুসলিম থেকে, তিনি মুনীর ইবনে উবাইদুল্লাহ থেকে পরম্পরা বর্ণনা করেন যে, দাউস গোত্রের এক রমণীর স্বামী যার নাম আবুল আশকার মুসলমান হয়ে হযরত আবূ হুরায়রা (রা.) -এর সঙ্গে রাসূলুল্লাহ ﷺ -এর সমীপে উপনীত হলে আবুল আশকারের পরিবারের লোকজন তার স্ত্রী উম্মে শুরাইকের কাছে আসল। তারা বলল, সম্ভবত তুমিও মুসলমান হয়ে গেছ। তিনি মুসলমান হওয়া কথা স্বীকার করলেন। তারা তাঁকে দীন ছেড়ে দেওয়ার জন্য পীড়াপীড়ি করল আর কষ্ট দিতে লাগল। এমনকি কিছুদিন পর্যন্ত পানি সরবরাহও বন্ধ করে দিল। যদ্দরুন তিনি সংজ্ঞাহীন ও অচেতন হয়ে পড়তেন; কিন্তু এতকিছুর পরও তিনি সত্যদীনের উপর প্রতিষ্ঠিত রইলেন। তিনি পিপাসায় অস্থির হয়ে যাওয়ার পর সুদূর আকাশ থেকে এক বালতি পানি তাঁর বক্ষোপরি নেমে এলো। ফলে সেখান থেকে কয়েকবার পানি পান করলেন আর সমগ্র মুখমণ্ডলে ও শরীরে পানি ছিটিয়ে দিলেন। সমাজের লোকেরা সুধাল, তুমি পানি কোথায় পেলে ? তিনি উত্তর দিলেন, আমাকে আল্লাহ তা'আলাই পানি পান করিয়েছেন। তারা এতে সন্দেহ পোষণ করল এবং নিজ নিজ মশ্‌ক দেখে নিল। অতঃপর নিশ্চিত বিশ্বাস হলো যে, বাস্তবিক আল্লাহ তা'আলাই পান করিয়েছেন। এরপর তারা সবাই মুসলমান হয়ে গেল। তারা উম্মে শুরাইককে খুবই সম্মান ও শ্রদ্ধা জানাতে লাগল। এ কাহিনীটি খুবই বিস্তৃত।

اَوْقَدَتْ اِمْرَأَةٌ تَنُّوْرَهَا * ذَاتَ يَوْمٍ وَهِىَ فِىْ جُهْدٍ ثَقُلْ

وَ رَحَاهَا حَرَّكَتْ كَىْ يَعْلَمُوْا * مَابِهِمْ جُوْعٌ وَلَافَقْرٌ مُذِلْ

فَامْتَلَا التَّنُّوْرُ خُبْزًا يَانِعًا * وَالرُّحٰى صَبَّتْ دَقِيْقًاوَارْمَعَلْ

অনুবাদ : ২০৮. একদা জনৈক মহিলা চুলোতে আগুন ধরিয়েছে। অথচ সে অতি কষ্টে কালাতিপাত করছে।

২০৯. সে চাক্কী ঘোরাতে লাগছে যেন কেউ তাদের অপমানজনক অভাবের কথা বুঝতে না পারে।

২১০. পাকানো রুটিতে চুল্লি ভরে গেল, চাক্কি থেকে অনর্গল চূর্ণ আটা বেরিয়ে আসছে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَوْقَدَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِيْقَادًا মূলবর্ণ (و ـ ق ـ د) জিনসে مثال واوى অর্থ– অগ্নি প্রজ্বলিত করা। اوقدت - আগুন ধরিয়েছে, অগ্নি প্রজ্বলিত করেছে। কুরআনে আছে– يَا هَامَنُ اَوْقِدْ لِىْ نَارًا لَعَلِّىْ اَطَّلِعُ اِلٰى اِلٰهِ مُوْسٰى

تَنُّوْرٌ : অর্থ– রুটি তৈরির চুল্লি, চুলো। কুরআনে আছে–وَفَارَ التَّنُّوْرُ

ذَاتَ يَوْمٍ : একদা।

جُهْدٌ : অর্থ– কষ্ট। جُهْدٌ ثَقُلْ - অতিকষ্ট।

رُحَا : এটি اسم جامد একবচন, বহুবচনে رَحَايَا অর্থ– চাক্কী।

حَرَّكَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে تفعيل মাসদার تَحْرِيْكًا মূলবর্ণ (ح ـ ر ـ ك) জিনসে صحيح অর্থ– নড়াচড়া করা, ঘোরানো। حَرَّكَتْ - ঘোরাতে লাগছে।

جُوْعٌ :- অর্থ– ক্ষুধা, কুরআনে আছে– اَلَّذِىْ اَطْعَمَهُمْ مِّنْ جُوْعٍ

مُذِلْ : অপমান জনক।

اِمْتِلَاءً : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افتعال মাসদার اِمْتِلَاءً মূলবর্ণ (م ـ ل ـ ى) জিনসে ناقص يائى অর্থ– ভরে যাওয়া, পরিপূর্ণ হয়ে যাওয়া। اِمْتَلَا - ভরে গেল।

اَلتَّنُّوْرُ : চুল্লি, চুলো।

يَانِعًا : এটি صيغه صفت একবচন, বহুবচনে يَنْعٌ অর্থ– প্রত্যেক বস্তুর লাল অংশ। ضرب হতে يَنْعًا يَنُوْعًا অর্থ– ফল পাকা, (পাকানো)।

صَبَّتْ : সীগাহ احد مونث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার صَبًّا মূলবর্ণ (ص ـ ب ـ ب) জিনসে مضاعف ثلاثى অর্থ– পানি ঢালা। অবতীর্ণ হওয়া। صَبَّتْ - ঢালছে, বেরিয়ে আসছে।

دَقِيْقٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে ادقة অর্থ– আটা, চিকন আটা।

اِرْمَعَلْ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِرْمِعَالًا অর্থ– দৌড়া, বাচ্চার লালা পড়া, اِرْمَعَلْ- দ্রুত, অর্নগল।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : اَوْقَدَتْ ফে'ল, اِمْرَأَةٌ মাফউলে বিহী ذَاتَ يَوْمٍ মাফউলে ফীহ।

قوله و رُحَاهَا حَرَّكَتْ الخ : رُحَاهَا - مفعول مقدم, حَرَّكَتْ ফে'ল ضمير ফায়েল كَىْ يَعْلَمُوْا الخ - بتاويل مفرد মাফউলে লাহু।

قوله فَامْتَلَا التَّنُّوْرُ الخ : امتلا ফে'ল, اَلتَّنُّوْرُ ফায়েল, خُبْزًا يَانِعًا মাফউল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। اَلرُّحٰى মুবতাদা صبت الخ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর।

চাক্কি থেকে আটা বের হওয়া এবং চুল্লি রুটিতে ভরাট হয়ে যাওয়া : উপরোক্ত পংক্তি তিনটিতে উল্লিখিত ঘটনাটি ঐ হাদীস থেকে চয়ন করা হয়েছে, যা ইমাম বায়হাকী আবী সাঈদ সূত্রে হযরত আবূ হুরায়রা (রা.) -এর রিওয়ায়াত দ্বারা বর্ণনা করেন যে, এক আনসারী দরিদ্র ব্যক্তি একবার ঘরে কোনো খাদ্য না থাকার কারণে ঘরের বাইরে গেলেন। তাঁর স্ত্রী মনে মনে ভাবল যে, আমি যদি চাক্কি চালিয়ে রাখি এবং চুল্লিতে কিছু খেজুরের ঢালপালা ফেলে রাখি, তাহলে চাক্কির আওয়াজ আর চুলোর ধোঁয়া দেখে মানুষ বুঝতে পারবে যে, আমাদের গৃহে রান্নার কাজ চলছে, আমরা অভাবী নই। এই ভেবে চুলোতে আগুন ধরাল আর তার চাক্কি ঘোরাতে লাগল। গৃহস্বামী চাক্কির ধ্বনি শুনে ফিরে এল। সে জিজ্ঞেস করল তুমি কি পিষে যাচ্ছ ? সে তার মনের সংকল্প খুলে বলল। হঠাৎ দেখা গেল যে, চাক্কিটা শুধু ঘুরছে আর ঘুরছে আর সেখান থেকে অনর্গল আটা বেরিয়ে আসছে। সুতরাং ঘরে যতটা পাত্র ছিল, সবগুলো চূর্ণ আটায় ভরাট করে ফেলল। চুলোর কাছে সে রুটি পাকাতে গেল। তখন দেখা গেল যে, চুলোর উপর রুটি আর রুটি। তার স্বামী সেই সম্মানিত সাহাবী এ দৃশ্য দেখে সোজা প্রিয় রাসূল ﷺ-এর কাছে চলে গেলেন। পুরো ঘটনা বর্ণনার পর তিনি বললেন, তুমি চাক্কিটি কি করেছ ? তিনি বললেন, তার একটা পাটা ঝেড়ে মুছে সযত্নে রেখে এসেছি। রাসূল ﷺ বললেন, তুমি যদি এটা না উঠাতে তাহলে তোমাদের গোটা জীবন এরূপই চলে যেতো, চাক্কির আটা কখনো শেষ হতো না। এটাও হুযূর ﷺ-এর মু'জিযা।

وَ رَأٰى شَاةً لِاُمِّ مَعْبَدٍ * لَا تَدِرُّ مِنْ حَلِيْبٍ بِالْبُلَلْ

مَسَّ ضَرْعَيْهَا وَجَسَّ ظَهْرَهَا * فَاسْتَحَالَتْ وَهِىَ فِىْ اَوْفَى الْكَفَلْ

ضَرْعُهَا بِالدَّرِّ مَلْاٰنُ اِذَا * تَحْتَلِبْهَا زَادَ دَرٌّ وَاحْتَفَلْ

অনুবাদ : ২১১. রাসূল ﷺ (পথিমধ্যে) উম্মে মা'বাদের একটি ছাগল দেখতে পেলেন। তাতে দুধের একটি ফোঁটাও (চিহ্ন) ছিল না।

২১২. (তাঁর পবিত্র হাতখানি) ছাগীটির দুই স্তনের উপর ফিরালেন, বুলিয়ে দিলেন পৃষ্ঠদেশে। পূর্বাবস্থার পরিবর্তন ঘটে তা হৃষ্টপুষ্ট হয়ে গেল।

২১৩. ছাগলটির ওলান দুধে টইটুম্বুর হয়ে গেল, তার দুগ্ধ দোহনে অতিরিক্ত বৃদ্ধি পায়।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

لَاتَدِرُّ : সীগাহ واحد مؤنث غائب বহছ نفى فعل مضارع معروف বাবে ضرب نصر মাসদার دَرًّا মূলবর্ণ (د. ر. ر) জিনসে مضاعف ثلاثى অর্থ– দুধ দেওয়া। لَاتَدِرُّ - দুধ দেয় না।

حَلِيْبٌ : مَحْلُوْبٌ -এর অর্থে– দোহনকৃত দুধ।

اَلْبَلَلُ : অর্থ– ভিজে (ফোঁটা)।

مَسَّ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার مَسًّا مَسِيْسًا জিনসে مضاعف ثلاثى অর্থ– ফিরানো, স্পর্শ করা। مَسَّ - তিনি ফিরালেন।

ضَرْعَىْ : এটি اسم حامد দ্বিবচন, একবচনে ضَرْعٌ বহুবচনে ضُرُوْعٌ অর্থ– স্তন, ওলান।

جَسَّى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার جَسًّا মূলবর্ণ (ج ـ س ـ س) জিনসে مضاعف ثلاثى অর্থ– অবগতির জন্য হস্ত স্পর্শ করা। جَسَّ : স্পর্শ করলেন, বুলিয়ে দিলেন।

ظَهْرٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে ظُهُوْرٌ অর্থ– পৃষ্ঠ।

اِسْتَحَالَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে استفعال মাসদার اِسْتِحَالَةً মূলবর্ণ (ح ـ و ـ ل) জিনসে اجوف واوى অর্থ– এক অবস্থা হতে ভিন্ন অবস্থায় প্রত্যাবর্তন করা। اِسْتَحَالَتْ - পূর্বাবস্থায় পরিবর্তন ঘটেছে।

اَوْفٰى : এটি اسم تفضيل অর্থ– অতি পরিপূর্ণ।

اَلْكَفَلْ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَكْفَالٌ অর্থ– চতুষ্পদ জন্তুর পাছা। اَوْفَى الْكَفَلْ - হৃষ্টপুষ্ট।

ضَرْعٌ : একবচন, বহুবচনে ضُرُوْعٌ অর্থ– ওলান, স্তন।

اَلدَّرُّ : দুধ, দুগ্ধ।

مَلَانٌ : অর্থ– টইটুম্বুর, পরিপূর্ণ।

تَحْتَلِبُ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افتعال মাসদার اِحْتِلَابًا মূলবর্ণ (ح ـ ل ـ ب) জিনসে صحيح অর্থ– দুধ বাহির করা, দোহন করা। تَحْتَلِبُ - দোহন করলে।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : رَاٰى ফে'ল, ضمير ফায়েল شَاةً মাফঊল لِاُمِّ مَعْبَدٍ - متعلق, - شاة صفت -এর- لَاتَدُرُّ الخ।

مَسَّ : قوله مَسَّ ضَرْعَيْهَا الخ মাফঊলের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। مَسَّ ফে'ল, ضمير ফায়েল, ضَرْعَيْهَا জুমলায়ে ফে'লিয়্যাহ। جَسَّ ظَهْرِهَا --এর উপর আতফ। اِسْتَحَالَتْ ফে'ল, وَهِىَ فِىْ الخ - اِسْتَحَالَتْ -এর ضمير থেকে হাল।

قوله ضَرْعَيْهَا بِالدَّرِّ الخ : ضَرْعَهَا - মুবতাদা, بالدر ملان খবর। تَحْتَلِبُ -بمنزله شرط, زَادَ وَاَحْتَفَلْ জাযা, شرط ও جزاء মিলে مَلَانٌ-এর যরফে মুতা'আল্লিক।

রাসূল ﷺ-এর পবিত্র হাতে ছোঁয়ায় দুর্বল ছাগীর ওলান থেকে দুধ বেরিয়ে আসা : উপরোক্ত পংক্তি তিনটি ঐ ঘটনার দিকে ইঙ্গিত করছে, যাকে চয়ন করা হয়েছে ঐ হাদীস থেকে যা ইবনে সাকান প্রমুখ বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ ﷺ ও হযরত আবূ বকর (রা.) হিজরতের সময় পথিমধ্যে দেখলেন যে, উম্মে মা'বাদের একটি ছাগী তাঁবুর পার্শ্বে পড়ে আছে। সেটি স্বীয় পালের সাথে দুর্বলতার কারণে যেতে পারছিল না। রাসূল ﷺ বললেন, উম্মে মা'বাদ ! এ ছাগীটা কিরূপ ? সে বলল, অত্যন্ত দুর্বল। তিনি বললেন, আমাকে এর দুধ পান করাও। সে বলল, এর কাছ থেকে দুধ আসবে কি করে ? তিনি বললেন, আচ্ছা, তাহলে আমাকে অনুমতি দাও তো দেখি। আমি এর দুধ দোহন করব। সে বলল, আপনি যদি মনে করেন যে, এর দুধ দোহন করা যাবে তাহলে এর দুধ দোহন করে নিন। তিনি ছাগলটিকে ডেকে আনলেন আর তাঁর পবিত্র হাতখানি ছাগীটার ওলানের উপর ফেরালেন। তিনি বিসমিল্লাহ্ পাঠ করত দোয়া করতেই ছাগীটা তার হাঁটু প্রসারিত করে দাঁড়িয়ে গেল। দুধ বেরিয়ে এল। তিনি একটি বৃহৎ পাত্র আনলেন। দুধ দোহন করিয়ে পাত্রটি ভর্তি করে ফেললেন। তিনি নিজে পান করলেন এবং তাঁর সকল সঙ্গী-সাথীদেরকে পান করালেন। পুনঃ অনুরূপ আরেকটা পাত্র আনিয়ে ভর্তি করে তাদের গৃহাভ্যন্তরে পাঠিয়ে আপন গন্তব্যস্থানে প্রত্যাবর্তন করলেন। কাহিনীটা আরো দীর্ঘ। ইমাম বাগ্‌বী, ইবনে মানযার, তাবরানী ও হাকিম (র.) প্রমুখ এরূপই বর্ণনা করেছেন।

وَعَنَاقُ لَمْ تَلِدْ اِذْ مَسَّهَا * فِىْ مَكَانِ الضَّرْعِ اَدْلَتْ تَحْتَفِلْ

অনুবাদ : ২১৪. একটি ছোট ছাগী যে এখনো কোনো বাচ্চা জন্ম দেয়নি। রাসূল ﷺ তার ওলানে মুবারক হাত লাগালেন। তৎক্ষণাৎ ছাগীটির স্তন দুধে ভর্তি হয়ে ঝুলে পড়ল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

عَنَاقُ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَعْنُقٌ عُنُوْقٌ অর্থ– ছাগলের বাচ্চা যার এখন বছর পূর্ণ হয়নি।

لَمْ تَلِدْ : সীগাহ واحد مؤنث غائب বহছ نفى جحد بلم درفعل مستقبل معروف বাবে ضرب মাসদার وِلَادَةً মূলবর্ণ (و ـ ل ـ د) জিনসে مثال واوى অর্থ– জন্ম দেওয়া। لَمْ تَلِدْ - জন্ম দেয়নি। কুরআনে আছে لَمْ يَلِدْ وَلَمْ يُوْلَدْ।

تَحْتَفِلُ : পরিপূর্ণ হয়ে যায়, ভর্তি হয়ে যায়।

اَدْلَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِدْلَاءٌ মূলবর্ণ (د ـ ل ـ و) জিনসে ناقص واوى অর্থ– কূপের মধ্যে বালতি লটকানো। اَدْلَتْ - লটকিয়ে আছে, ঝুলে আছে।

تركيب الجمل (**বাক্যসমূহের বিশ্লেষণ**) : عَنَاقٌ - মুবতাদা لَمْ تَلِدْ - عَنَاقٌ -এর সিফাত, اِذْمَسَّهَاالخ খবর।

রাসূল ﷺ-এর মুবারক স্পর্শে ছাগীর ওলান থেকে দুগ্ধ বেরিয়ে আসা : ঘটনাটি ঐ হাদীস থেকে সংকলন করা হয়েছে, যা ইমাম বায়হাকী (র.) আবূ আলিয়্যার রিওয়ায়াত দ্বারা বর্ণনা করেছেন যে, একবার রাসূলুল্লাহ ﷺ-এর নিকট কতিপয় সাহাবী সমবেত ছিলেন। তিনি তাঁর বিবিগণের নিকট খাদেম পাঠালেন। উদ্দেশ্য কোনো খাবার থাকলে যেন নিয়ে আসে। কিন্তু ঘরে তালাশ করে কিছুই পাওয়া গেল না। তখন তাঁর দৃষ্টি আকর্ষিত হলো একটি ছাগীর প্রতি, যা এখনো কোনো বাচ্চা জন্ম দেয়নি। রাসূল ﷺ তার ওলানের উপর মুবারক হাত ফিরালেন। তৎক্ষণাৎ ছাগীটির ওলান দুধে টইটুম্বুর হয়ে ঝুলে পড়ল। তিনি তার দুধ দোহন করলেন। অতঃপর তিনি একটি বাটি চেয়ে আনলেন। তারপর আরো একাধিক বাটি আনালেন। এগুলোর মধ্য থেকে তাঁর স্ত্রীদের কাছে একটি করে বাটি পাঠালেন। এরপর পুনরায় দুধ দোহন করে সকলে তৃপ্তি মিটিয়ে পান করলেন।

اَلْقِسْمُ السَّادِسُ عَشَرَ
ষষ্টদশ পরিচ্ছেদ

مُعْجِزَاتُهُ ﷺ فِىْ اِجَابَةِ دُعَائِهِ–

وَشَكَوْا بَرْدًا شَدِيْدًا عَاقَهُمْ ※ عَنْ صَلٰوةِ الصُّبْحِ وَاسْتَوَى الْكَسَلُ

فَاسْتَعَاضُوا مِرْوَحًا مِنْ بَعْدِهِ ※ وَكُلُوحُ الْبَرْدِ زَالَ وَانْتَقَلْ

অনুবাদ : রাসূল ﷺ-এর দোয়া কবুল হওয়া সম্পর্কিত মু'জিযাসমূহ।

২১৫. (সাহাবায়ে কেরাম) রাসূল ﷺ-এর নিকট অভিযোগ করলেন যে, শৈত্যের তীব্রতায় মসজিদে আসতে সৃষ্টি করে বিঘ্নতা। এসে যায় অলসতা।

২১৬. অতঃপর (নবীজি ﷺ-এর দোয়ার বরকতে শীতলতার স্থলে উষ্ণতায়) পাখা নিতে বাধ্য হতো। শৈত্যের তীব্রতা হয়ে গেল তাদের থেকে দূরীভূত ও প্রত্যাবর্তন।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ (**শব্দসমূহের বিশ্লেষণ**) :

شَكَوْا : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার شِكَايَةٌ মূলবর্ণ (ش ـ ك ـ و) জিনসে ناقص واوى অর্থ– অভিযোগ করা। شَكَوْا - অভিযোগ করেছে।

بَرْدًا : এটি مصدر অর্থ– শীত, শৈত্য। কুরআনে আছে– يَا نَارُ كُوْنِىْ بَرْدًا وَّسَلَامًا عَلٰٓى اِبْرَاهِيْمَ

عَاقَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার عُوْقًا জিনসে اجوف واوى অর্থ– বাধা দেওয়া, বিঘ্নতা সৃষ্টি করা। عَاقَ - বিঘ্নতা সৃষ্টি করে।

اِسْتَوٰى : সম হওয়া, পূর্ণ যৌবনে পৌঁছা।

اَلْكَسَلُ : অর্থ– অলসতা। اِسْتَوَى الْكَسَلُ - অলসতা নিমজ্জিত হয়েছে।

اِسْتَعَاضُوْا : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে استفعال মাসদার اِسْتِعَاضًا মূলবর্ণ (ع.و.ض) জিনসে اجوف واوى অর্থ– বদলা, বিনিময়, চাওয়া। اِسْتَعَاضُوا - তারা চাইতো, (বাধ্য হতো)।

مِرْوَحًا : এটি একবচন, বহছ اسم آله অর্থ– পাখা।

كَلَّحَ : অর্থ– ভ্রু কুঞ্চিত করা (তীব্রতা)।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : شكو ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর ফায়েল, بَرْدًا شَدِيْدًا মাফউল عاقهم -এর দ্বিতীয় সিফাত। استوى - عَاقَ -এর উপর আতফ।

متعلق - مِنْ بَعْدِهِ - مِرْوَحًا - মাফউল, ضمير ফায়েল اِسْتَعَاضُوْا ফে'ল, قوله فَاسْتَعَاضُوْا مِرْوَحًا الخ -এর সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। كُلُوْحُ الْبَرْدِ- মুবতাদা. زال- খবর। انتقل - زال -এর উপর আতফ।

রাসূল ﷺ -এর দোয়ায় শৈত্যের বিলুপ্তি সাধন : এ ঘটনাটি ঐ হাদীস থেকে চয়ন করা হয়েছে, যা মুহাম্মদ ইব্নুল মানয়ার (র.) বিলাল (রা.) -এর মাধ্যমে বর্ণনা করেন যে, আমি একবার প্রচণ্ড শীতের মধ্যে মসজিদে আযান দিলাম। রাসূল ﷺ মসজিদে এসে কাউকে নামাজে পেলেন না। তিনি জিজ্ঞেস করলেন, আজকে মানুষ নামাজ পড়তে আসেনি কেন ? আমি আরজ করলাম, তারা শৈত্যের তীব্রতার কারণে আসেনি। তিনি তৎক্ষণাৎ প্রার্থনা করলেন। বললেন, হে আল্লাহ ! তুমি তাদের থেকে শীত কষ্ট দূর করে দাও। হযরত বিলাল (রা.) বললেন, এর পর হতে লোকেরা ফরজ নামাজের জন্য আসতো অথচ তখন শীতলতার স্থলে উষ্ণতার কারণে তারা হাতে পাখা নিয়ে আসতো। ইবনে আলী, বায়হাকী ও আবূ নাঈম এরূপই বর্ণনা করেছেন।

وَعُبَادَةُ لَمْ يَشِبْ مِنْ رَأْسِهِ * وَهُوَ فِيْ عَشْرِ الثَّمَانِيْنَ دَخَلْ

অনুবাদ : ২১৭. উবাদাহ (রা.) -এর একটি চুলও সাদা হয়নি, অথচ তাঁর বয়স আশিতে প্রবেশ হয়েছে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

لَمْ يَشِبْ : সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم درفعل مستقبل معروف বাবে ضرب মাসদার شَيْبَةً মূলবর্ণ (ش.ى.ب) জিনসে اجوف يائى অর্থ– বৃদ্ধ হওয়া, চুল সাদা হওয়া। لَمْ يَشِبْ - চুল সাদা হয়নি।

رَأْسٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে رُؤُوْسٌ অর্থ– মাথা।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : عبادة মুবতাদা, لَمْ يَشِبْ الخ খবর। وهو - لَمْ يَشِبْ -এর ضمير থেকে হাল।

রাসূল ﷺ -এর মুবারক স্পর্শে হযরত উবাদাহ্ (রা.) -এর চুল পরিপক্ক না হওয়া : যুবাইর ইবনে বুকার (রা.) মুহাম্মদ ইবনে আবদুর রহমান ইবনে সা'আদের বর্ণনা থেকে রিওয়ায়াত করে বলেন যে, রাসূলুল্লাহ ﷺ একবার উবাদাহ্ ইবনে সা'আদ যারকী (রা.) -এর মাথায় হাত বুলিয়ে তার জন্য দোয়া করলেন। এর ফলাফল এই দাঁড়িয়েছে যে, মৃত্যুকালেও তাঁর মাথার একটি চুলেও পাক ধরেনি। অথচ তাঁর বয়স তখন আশি বৎসরের অধিক হয়েছিল।

وَبُشَيْرٌ لَمْ يَشِبْ مِنْ رَأْسِهِ * مَوْضِعُ الْكَفِّ وَسَائِرُهُ اشْتَعَلْ

ثُمَّ زَالَتْ مَا بِهِ مِنْ رَتَّةٍ * فِيْ لِسَانٍ وَانْجَلَتْ حِيْنَ تَفَلْ

অনুবাদ : ২১৮. বুশাইর (রা.) -এর মাথায় রাসূল ﷺ -এর হস্তস্থলে চুলের পক্কতা হয়নি । অথচ অবশিষ্টাংশ সাদা হয়ে গেল।

২১৯. অতঃপর তার মুখের তুতলামি দুরীভূত হয়ে গেছে। রাসূল ﷺ-এর পবিত্র লালার বরকতে তা অপসারিত হয়ে গেল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

سَائِرَ : অবশিষ্ট, সকল।

اِشْتَعَلَ (اَلرَّأْسُ) : মাথার চুল সাদা হয়ে গেল।

زَالَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাবে نصر মাসদার زوالا মূলবর্ণ (ز ـ و ـ ل) জিনসে اجوف واوى অর্থ– দূরীভূত হয়ে যাওয়া। زَالَتْ - দূরীভূত হয়ে গেল।

رَتَّةَ : তোতলামি।

اِنْجَلَتْ : খুলে গেল, অপসারিত হয়ে গেল।

تَفَلَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার تَفَلاً মূলবর্ণ (ت ـ ف ـ ل) জিনসে صحيح অর্থ– থুথু করা, থোক। تفل - থুথু করলেন, লালা লাগালেন। যেমন পংক্তিতে আছে–

وَلَوْ تَفَلْتَ فِى الْبَحْرِ وَالْبَحْرُ مَالِحٌ * لَاَصْبَحَ مَاءُ الْبَحْرِ مِنْ رِيْقِهَا عَذْبًا

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : بُشَيْرٌ মুবতাদা, لَمْ يَشِبْ খবর مَوْضِعَ الْكَفِّ - لَمْ يَشِبْ-এর ফায়েল। سَائِرُهُ - মুবতাদা, اِشْتَعَلَ খবর।

ثم : قوله ثُمَّ زَالَتْ مَا بِهِ الخ - ثم حرف عطف, زَالَتْ ফে'ল مَابِهِ الخ ফায়েল। اِنْجَلَتْ ফে'ল, ضمير ফায়েল। حِيْنَ تَفَلَ যরফে মুতা'আল্লিক।

রাসূল ﷺ-এর মুখের মুবারক লালা দ্বারা হযরত বুশাইর (রা.) -এর তোতলামি দূরীভূত হওয়া : ইবনে আসাকির ও ইবনে ইসহাক রমলী (র.) বুশাইর ইবনে আক্বাবাহ্ আল-জুহনী (রা.) -এর রিওয়ায়াত দ্বারা বর্ণনা করে যে, আমার পিতা উহুদ যুদ্ধে শহীদ হলে আমি রাসূল ﷺ-এর খিদমতে কেঁদে কেঁদে উপস্থিত হলাম। তিনি বললেন, কাঁদছ কেন ? তুমি কি এতে খুশি নাও যে, আমি হব তোমার পিতা আর আয়েশা হবে তোমার মাতা। এতটুকু বলেই তিনি তাঁর পবিত্র হাতখানি আমার মাথার উপর বুলিয়ে দিলেন। এর প্রভাব এই প্রতিফলিত হয়েছিল যে, আমার শেষ বয়সে বার্ধক্যের ফলে মাথার সব চুল পেঁকে গিয়েছিল, কিন্তু যে জায়গায় তিনি হাত বুলিয়ে দিয়েছিলেন, সে অংশের চুল মোটেও পাকেনি; বরং কালোই থেকে গেল। আমার মুখে যে তোতলামি ছিল রাসূল ﷺ স্বীয় মুখের মুবারক লালা তাতে লাগিয়ে দিলে সেটাও অপসৃত হয়েছিল। অতঃপর তিনি আমাকে জিজ্ঞাসা করলেন, তোমার নাম কি ? আমি আরজ করলাম 'বুজাইর'। তিনি আমার নাম পরিবর্তন করে বুশাইর রাখলেন।

وَالْيَهُوْدِىْ اِذْ دَعَا تَجْمِيْلَهٗ * صِيْنَ كَلْحًا وَجْهُهٗ وَهُوَ هَمِلْ .

অনুবাদ : ২২০. রাসূল ﷺ জনৈক ইহুদির সৌন্দর্যের জন্য দোয়া করলেন, তার চেহারা ফাটল হতে নিরাপদ হয়ে গেল, অথচ সে বার্ধক্যে পৌঁছে গেল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ (শব্দসমূহের বিশ্লেষণ) :

تَجْمِيْلُ : এটি مصدر বাবে تفعيل অর্থ– সৌন্দর্য হওয়া।

صِيْنَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى مجهول বাবে نصر মাসদার صَوْنًا صِيَانَةً মূলবর্ণ (ص ـ و ـ ن) জিনসে اجوف واوى অর্থ– সংরক্ষণ করা, নিরাপদ থাকা। صِيْنَ - নিরাপদ হয়ে গেল।

كَلْحًا : ভ্রু কুঞ্চিত হওয়া।

هَمِلْ : لام তে তাশদীদ, অর্থ– বৃদ্ধ।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : يَهُوْدِىْ মুবতাদা, اِذْ دَعَا الخ খবর। صِيْنَ كَلْحًا জাযা, وَجْهُهٗ - وَهُوَ هَمِلْ থেকে হাল।

এক ইহুদির সৌন্দর্যে জন্য রাসূল ﷺ-এর দোয়া : মুহিউদ্দীন আবদুর রায্যাক (র.) মা'মারের রিওয়ায়াত দ্বারা হযরত কাতাদাহ্ (রা.) থেকে বর্ণনা করেন যে, একদা এক ইহুদি তার উষ্ট্রীর দুধ দোহন করত রাসূলুল্লাহ ﷺ-এর সম্মুখে পেশ করলেন। রাসূল ﷺ তার দৈহিক সৌন্দর্যের জন্য দোয়া করলেন। রাসূল ﷺ-এর এ দোয়ার বরকতে তার সবগুলো চুল কালো বর্ণ ধারণ করল। আর তার চেহারা সুন্দর রূপ ধারণ করল। তার চুলের ন্যায় এত কালো চুল তার সমকালে অনেকেরই ছিল না। অথচ তখন তার বয়স নব্বই বছর হয়েছিল।

أُعْطِيَ سَعْدٌ قُبُوْلَ دَعْوَةٍ * مَا دَعَا اِلَّا اُجِيْبَ لاَ مَهَلْ

অনুবাদ : ২২১. নবীজি ﷺ-এর দোয়ার বরকতে হযরত সা'আদ (রা.) -এর দোয়া কবুল হওয়ার (কারামত) প্রদান করা হয়েছে। তিনি কোনো বিষয়ে দোয়া করতেন অনতি বিলম্বে তা কবুল হয়ে যেতো।

হযরত সা'আদ (রা.) -এর জন্য রাসূল ﷺ-এর দোয়া : এ ঘটনাটি ঐ হাদীস থেকে চয়ন করা হয়েছে যা হাকিম (র.) কাইসের সূত্রে সা'আদ (রা.) -এর রিওয়ায়াত দ্বারা বর্ণনা করেন যে, নবী কারীম ﷺ একবার হযরত সা'আদ (রা.) -এর জন্য দোয়া করলেন, হে প্রভু ! তোমার কাছে সা'আদ যখনি দোয়া করবে, তখনই তা কবুল করে নিও। এর ক্রিয়া এরূপে প্রতিফলিত হয়েছিল যে, কখনো এমন হয়নি যে, সা'আদ দোয়া করছিলেন আর সেটা কবুল হয়নি। হযরত সাআদ (রা.) -এর কারামতটি রাসূল ﷺ-এরই মু'জিযা স্বরূপ। ইমাম তিরমিযী এরূপ বর্ণনা করেছেন এবং সহীহ বলেছেন।

وَابْنَ عَوْفٍ بُوْرِكَتْ صَفْقَاتُهُ * يَسْتَفِيْدُ التُّرْبَ لَوْ تُرْبًا اَقَلْ

অনুবাদ : ২২২. হযরত আব্দুর রহমান ইবনে আউফের বেচাকেনার মধ্যে বরকত দেওয়া হয়েছে। সামান্য মাটিও তুলে নিলে তাতো উপকার হতে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

بُوْرِكَتْ : সীগাহ বহছ واحد مؤنث غائب اثبات فعل ماضى مجهول বাবে مفاعله মাসদার اَلْمُبَارَكَةُ মূলবর্ণ (ب ـ ر ـ ك) জিনসে صحيح অর্থ– বরকত গ্রহণ করা। بُوْرِكَتْ - বরকত দেওয়া হয়েছে।

صَفْقَاتٌ : এটি اسم جامد বহুবচনে, একবচনে صَفْقَةٌ অর্থ– বেচাকেনা, লেনদেন।

اَلتُّرْبُ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَتْرَابٌ - অর্থ– মাটি।

اَقَلُّ : অতিঅল্প, সামান্য।

تركيب الجمل **(বাক্যসমূহের বিশ্লেষণ) :** اِبْنُ عَوْفٍ মুবতাদা, بُوْرِكَتْ صَفْقَاتُهُ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। لَوْ تُرْبًا اَقَلُّ শর্ত, يَسْتَفِيْدُ التُّرْبُ জাযা।

হযরত আবদুর রহমান ইবনে আউফ (রা.) -এর জন্য রাসূল ﷺ-এর দোয়া : বুখারী ও মুসলিম (র.) হযরত আনাস (রা.) -এর রিওয়ায়াত হতে বর্ণনা করেন যে, একবার রাসূলুল্লাহ ﷺ হযরত আবদুর রহমান ইবনে আউফের ব্যবসা-বাণিজ্যের কল্যাণে ও সমৃদ্ধির জন্য দোয়া করেছিলেন। বায়হাকী (র.) ঘটনার বর্ণনা আরো বাড়িয়ে বলেন যে, হযরত আবদুর রহমান ইবনে আউফ নিজ জবানবন্দীতে বলেন, এরপর আমার অবস্থা এই দাঁড়ালো যে, আমার হাতে কখনো পাথর এলেও আমার আস্থা এসে যেতো যে, এ পাথর খানির তলদেশে আমি সোনা রুপার সন্ধান পাব। আমি আমার হাতে সামান্য মাটি তুলে নিলেও তাতে অপরিহার্য রূপে উপকারই হতো।

اَمَّنَتْ اُسْكُفَّةٌ لَمَّا حَوٰى * اَهْلَ بَيْتٍ فِىْ رِدَاءٍ وَشَمَلْ

وَ دَعَا بِالسِّتْرِ عَنْ نَارٍ لَهُمْ * وَبِتَطْهِيْرٍ عَنِ الْخُلْقِ الرَّذِلْ

رَافَقَتْهَا اِذْ رَاَتْ جُدْرَانُهُ * اَعْلَنَتْ اٰمِيْنَ فِىْ صَوْتٍ زَجِلْ

অনুবাদ : ২২৩. (রাসূল ﷺ) আহলে বাইত (পরিবার) -এর সকল সদস্যকে একটি চাদরে আবৃত করে দোয়া করলে দরজার আলিন্দও আমীন বলে (তাকে সমর্থন করল)।

২২৪. দোয়া করলেন তারা যেন দোজখের অগ্নি থেকে নিরাপদ থাকে এবং পূত-পবিত্র থাকে হীন চরিত্র হতে।

২২৫. আলিন্দের সমর্থন করত: দেওয়াল গুলো ও বলেছে। আমীন উচ্চৈঃস্বরে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

اَمَّنَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাবে تفعيل মাসদার تَامِيْنًا মূলবর্ণ (ء.م.ن) জিনসে مهموز فاء অর্থ– আমীন বলা।

اَمَّنَتْ - আমীন বলেছে। হাদিসে আছে– وَاِذَا اَمَّنَ الْاِمَامُ فَاَمِّنُوْا

اُسْكُفَّةٌ : অর্থ– আলিন্দ।

حَوٰى : সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف اثبات فعل বাবে ضرب মাসদার حَوِيًّا - حَوَايَةً মূলবর্ণ (ح.و.ى) জিনসে لفيف مفروق অর্থ– একত্রিত করা। حَوٰى - একত্রিত করেছে।

رِدَاءٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَرْدِيَةٌ অর্থ– চাদর। হাদীসে কুদসীতে আছে– اَلْكِبْرِيَاءُ رِدَائِىْ

شَمَلَ : সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف অর্থ - আবৃত করা, অন্তর্ভুক্ত করা। شَمَلَ - আবৃত করে।

دَعَا : দোয়া করলেন।

اَلسِّتْرُ : এটি اسم جامد একবচন, বহুবচনে سُتُوْرٌ অর্থ– পর্দা, ভয়, লজ্জা (নিরাপদ)।

اَلْخُلُقُ : একবচন, বহুবচনে اَخْلَاقٌ অর্থ– চরিত্র। কুরআনে আছে– اِنَّكَ لَعَلٰى خُلُقٍ عَظِيْمٍ

اَلرَّذِلْ : এটি صيغه صفت একবচন, বহুবচনে رُذُوْلٌ اَرْذَالٌ رَذْلُوْنَ অর্থ– হীন, নীচু, নিকৃষ্ট।

رَافَقَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف اثبات فعل বাবে مفاعله মাসদার مُرَافَقَةٌ মূলবর্ণ (ر.ف.ق) জিনসে صحيح অর্থ– সঙ্গী হওয়া, বন্ধু হওয়া। رَافَقَتْ - সঙ্গী হয়েছে, সমর্থন করছে।

جُدْرَانٌ : এটি جمع تكسير একবচনে جِدَارٌ অর্থ– দেয়াল।

اَعْلَنَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف اثبات فعل বাবে افعال মাসদার اِعْلَانًا মূলবর্ণ (ع.ل.ن) অর্থ– ঘোষণা দেওয়া। اَعْلَنَتْ - ঘোষণা দিয়েছে।

صَوْتٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَصْوَاتٌ অর্থ–শব্দ, আওয়াজ, স্বর। কুরআনে আছে-اِنَّ اَنْكَرَ الْاَصْوَاتِ لَصَوْتُ الْحَمِيْرِ

زَجِلْ : উচ্চ।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : اَمَّنَتْ ফে'ল, اُسْكُفَّةٌ ফায়েল لَمَّا حَوٰى الخ যরফে মুতা'আল্লিক।

قَوْلُهُ و دَعَا بِالسِّتْرِ الخ : دعا ফে'ল, ضمير ফায়েল, بالستر - متعلق -এর সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। بتطهير الخ- الستر -এর উপর আতফ।

قوله رَافَقَتْهَا اِذْ رَاَتْ الخ : رَافَقَتْ ফে'ল, ضمير ফায়েল মাফউল ও اِذْرَاَتْ - ظرف متعلق -এর সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। اَعْلَنَتْ ফে'ল ফায়েল امين মাফউল فِىْ صَوْتٍ زَجِلْ - متعلق সহ জুমলায়ে ফে'লিয়্যাহ।

রাসূল ﷺ -এর দোয়ায় ঘরের দেয়াল ও আলিন্দের আমীন বলা : বায়হাকী ও আবূ নাঈম (র.) আবী সায়েদ সাঈদীর বৃত্তান্ত থেকে বর্ণনা করেন যে, একবার রাসূলুল্লাহ হযরত আব্বাস (রা.) -এর কাছে বিবৃতি দিলেন যে, আগামীকাল আমি না আসার পূর্বে তোমার বাড়ি থেকে তুমি কোথাও যেতে পারবে না। কেননা, তোমার কাছে আমার একটা কাজ আছে। সুতরাং রাসূল ﷺ যথা প্রতিশ্রুতি পরদিন তার বাড়িতে গিয়ে উপস্থিত হলেন। ঘরের সকলকে বললেন, তোমরা সকলে মিলেমিশে বসে পড়ো। সবাই একসাথে বসে পড়লে তাদের সবাইকে একটি চাদর দিয়ে ঢেকে নিয়ে এই দোয়া করলের যে, প্রভু ! ইনি আমার চাচা আর পিতৃ সাদৃশ্য। অপর দিকে এরা আমার পরিবার। তুমি তাদেরকে দোযখের আগুন থেকে এমনিভাবে রক্ষা করো যেমনিভাবে আমি তাদেরকে চাদর দিয়ে ঢেকে নিয়েছি। এ দোয়ার সাথে সাথে গৃহের আলিন্দ ও দেয়ালগুলো তিন তিন বার 'আমীন' অর্থাৎ হে আল্লাহ ! তুমি কবুল করে নাও– বলল।

بَلَّغَ الْاَمْلَاكَ ذِكْرَى رَبِّهِ * اَرْسَلَ الْكُتُبَ عَلٰى اَيْدِى الرُّسُلْ

فَتَصَدّٰى كُلُّهُمْ اِذْ بَلَّغُوْا * بِلِسَانِ كُلِّ قَوْمٍ وَارْتَجَلْ

অনুবাদ : ২২৬. তিনি খোদায়ী বিধানকে রাষ্ট্রপ্রধানদের নিকট এমনি পৌঁছালেন যে, রাষ্ট্রদূতদের হস্তে প্রেরণ করলেন বার্তা বহর।

২২৭. প্রচারের কাজে দূতগণ প্রত্যেক জাতির ভাষা বলতে স্পষ্টভাবে সক্ষম হয়েছে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

بَلَّغَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে تفعيل মাসদার تَبْلِيْغًا অর্থ– পৌঁছানো। بَلَّغَ - পৌঁছালেন। যেমন কুরআনে আছে– وَاِنْ لَمْ تَفْعَلْ فَمَا بَلَّغْتَ رِسَالَتَهٗ

اَلْاَمْلَاكُ : এটি جمع تكسير একবচনে مَلِكٌ অর্থ– রাষ্ট্রপ্রধান, রাজা।

ذِكْرٰى : অর্থ– স্মরণ, (বিধান) কুরআনে আছে– ذَالِكَ ذِكْرٰى لِلذَّاكِرِيْنَ।

اَلْكُتُبُ : এটি جمع تكسير একবচনে كِتَابٌ অর্থ– গ্রন্থ, বই, চিঠি, বার্তা। কুরআনে আছে– ذَالِكَ الْكِتٰبُ لَارَيْبَ فِيْهِ।

اَيْدِىْ : এটি جمع تكسير একবচনে يَدٌ অর্থ– হাত, হস্ত। কুরআনে আছে– فَاغْسِلُوْا وُجُوْهَكُمْ وَاَيْدِيَكُمْ اِلَى الْمَرَافِقِ

اَلرُّسُلُ : এটি جمع تكسير একবচনে رَسُوْلٌ অর্থ– বার্তাবাহক, রাষ্ট্রদূত।

تَصَدّٰى : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে تفعل মাসদার تَصَدِّيًا মূলবর্ণ (ص . د . ى) অর্থ– পিছু পড়া, ধাবিত হওয়া। تَصَدّٰى - ধাবিত হয়েছে, (সক্ষম হয়েছে)।

اِرْتَجَلْ : স্পষ্টভাবে বলেছে।

تركيب الجمل **(বাক্যসমূহের বিশ্লেষণ) :** بَلَّغَ ফে'ল, ضمير ফায়েল, اَلْاَمْلَاكَ مفعول, ذِكْرَ رَبِّهِ দ্বিতীয় مفعول। اَرْسَلَ ফে'ল, اَلْكُتُبُ মাফঊল عَلٰى اَيْدِىْ -মুতা'আল্লিকের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

قَوْلُهٗ فَتَصَدّٰى كُلُّهُمْ : تصدى ফে'ল, كُلُّهُمْ ফায়েল, اِذْ بَلَّغُوْا الخ যরফে মুতা'আল্লিকের সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ।

রাসূল ﷺ -এর দূতগণের বিভিন্ন ভাষায় কথাবার্তা বলতে সক্ষম হওয়া : উপরোক্ত পংক্তি দু'টি ঐ ঘটনার দিকে ইঙ্গিত করছে, যা ঐতিহাসিক ইবনে সা'আদ (র.) বুরাইদাহ, যুহরী এবং ইয়াযীদ ইবনে রূমান ও শা'বীর রিওয়ায়াত থেকে বর্ণনা করে বলেন যে, রাসূল ﷺ ঐশীধর্ম প্রচারার্থে বিভিন্ন রাষ্ট্রে কতিপয় দূত পাঠালেন। তিনি তাদেরকে বলে দিয়েছিলেন যে, আল্লাহর কল্যাণের দিকে দৃষ্টি নিবদ্ধ রাখবে। সে দূতবর্গ যখনই যে জাতির কাছে গিয়েছিলেন তখন তাদেরই ভাষায় তাঁরা কথাবার্তা চালিয়ে যেতেন। নবীজির কাছে এরূপ ঘটনার উল্লেখ করা হলে তিনি বললেন, আল্লাহ তা'আলা তাঁর বান্দাদের সাথে এরূপ ব্যবহার করে থাকেন।

وَعَسِيْبُ النَّخْلِ لَمَّا اَنْ حَبَا * اِبْنُ جَحْشٍ صَارَ سَيْفًا لَايُفَلّْ

অনুবাদ : ২২৮. ইবনে জাহাশকে খেজুরের ঢাল প্রদান করলে তা দন্তহীন তরবারিতে রূপান্তরিত হয়ে যায়।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

عَسِيْبٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে عُسْبَانٌ عُسُبٌ অর্থ– খেজুরের ঢালা। লেজের হাঁড়।

حَبَا : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে نصر মাসদার حَبْوًا মূলবর্ণ (ح ـ ب ـ و) জিনসে ناقص واوى অর্থ– নিকটবর্তী হওয়া। حَبَا - নিকটবর্তী হয়েছে, (প্রদান করেছে)।

سَيْفًا : এটি اسم جامد একবচন, বহুবচনে سُيُوْفٌ অর্থ– তরবারী।

لَايُفَلّْ : সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم درفعل مستقبل معروف বাবে نصر মাসদার فَلاًّ মূলবর্ণ (ف ـ ل ـ ل) জিনসে مضاعف ثلاثى অর্থ– দন্ত বিশিষ্ট হওয়া। لَايُفَلُّ - দন্তহীন।

تركيب الجمل **(বাক্যসমূহের বিশ্লেষণ)** : মূল ইবারত এভাবে–

لَمَّا اَنْ حَبَا ابْنُ جَحْشٍ عَسِيْبَ النَّخْلِ صَارَ سَيْفًا لَايُفَلُّ

রাসূল ﷺ-এর প্রদানকৃত খেজুরের শাখা তরবারিতে পরিণত হওয়া : মুহাদ্দিস আবদুর রায্যাক বর্ণনা করেছেন যে, উহুদ যুদ্ধের দিন হযরত আবদুল্লাহ ইবনে জাহাশ (রা.) রাসূলুল্লাহ ﷺ-এর কাছে এসে নিবেদন করলেন যে, ইয়া রাসূলাল্লাহ ! আমার তরবারি তো ক্ষয়ে যাচ্ছে ! একথা শোনার সাথে সাথেই রাসূল ﷺ তাকে খেজুর গাছের একটি লাকড়ি এনে দিলেন। এটি তার হাতে আসার পরই অলৌকিকভাবে তরবারিতে পরিণত হলো।

اَلْقِسْمُ السَّابِعُ عَشَرَ

সপ্তদশ পরিচ্ছেদ

مُعْجِزَاتُه ﷺ فِىْ اَخْبَارِ الْغُيُوْبِ وَالْكَوَائِنِ بَعْدَهٗ ﷺ–

كَمْ غُيُوْبًا بَعْدَهٗ اَنْبَا بِهَا * تَحْتَوِى الْبُشْرٰى وَاِنْبَاءَ الْوَهَلْ

وَالنَّجَاشِىْ يَوْمَ مَاتَ مُؤْمِنًا * اَخْبَرَ الْقَوْمَ عِيَانًا مَا اعْتَكَلْ

অনুবাদ : রাসূল ﷺ-এর ভবিষ্যদ্বাণী ও তাঁর ইন্তেকালের পরবর্তীকালে সংঘটিত ঘটনাবলি সম্পর্কিত মু'জিযাসমূহ।

২২৯. তিনি সুসংবাদ ও দুঃসংবাদ সম্পর্কে অনেক অদৃশ্যের খবর দিয়েছেন।

২৩০. (যেমন) নাজ্জাশী যেদিন ঈমান নিয়ে মৃত্যুবরণ করেন ঠিক সেদিনই কোনো প্রকার সংশয় ও সন্দেহ ছাড়া লোকদেরকে তাঁর মৃত্যু সংবাদ জানান।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

غُيُوْبًا : এটি বহুবচন, একবচনে غَيْبَةٌ অর্থ– অদৃশ্য।

اَنْبَا : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افعال মাসদার اِنْبَاءٌ মূলবর্ণ (ن ـ ب ـ ء) অর্থ– সংবাদ দেওয়া। اَنْبَا - তিনি সংবাদ দিয়েছেন।

تَحْتَوِىْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افتعال মাসদার اِحْتِوَاءً মূলবর্ণ (ح ـ و ـ ى) জিনসে لفيف مقرون অর্থ– অন্তর্ভুক্ত করা, একত্রিত করা। تَحْتَوِىْ - অন্তর্ভুক্ত করেছে।

اَلْبُشْرٰى : সু-সংবাদ। কুরআনে আছে– يَا بُشْرٰى هٰذَا غُلَامٌ

اَلْوَجَلُ : ভয় (দুঃসংবাদ)।

عِيَانًا : এটি مصدر বাবে مفاعله অর্থ– প্রত্যক্ষ দেখা, পরিদর্শন করা, সংশয় ছাড়া।

اِعْتَكَلَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে افتعال মাসদার اِعْتِكَالًا মূলবর্ণ (ع ـ ك ـ ل) জিনসে صحيح অর্থ– সংশয় হওয়া, সন্দেহ হওয়া। مَا اعْتَكَلَ - সন্দেহ ছাড়া।

تركيب الجمل **(বাক্যসমূহের বিশ্লেষণ) :** كَمْ غُيُوْبًا তামঈয ও মুমাইয়্যায মিলে মুবতাদা, اِنْبَاءٌ لَهَا - খবর, غُيُوْبًا -এর সিফাত। تَحْتَوِىْ الخ – غُيُوْبًا

قوله وَالنَّجَاشِىْ يَوْمَ الخ : النَّجَاشِىْ মুবতাদা, يَوْمَ مَاتَ খবর। مُؤْمِنًا – مَاتَ -এর ضمير থেকে হাল।

নাজ্জাশীর মৃত্যু সম্বন্ধে সংবাদ প্রদান : এ ঘটনাটি ঐ হাদীস থেকে চয়ন করা হয়েছে, যা ইমাম বুখারী ও ইমাম মুসলিম (র.) হযরত আবূ হুরায়রা (রা.) থেকে উল্লেখ করেন যে, নাজ্জাশী যেদিন মৃত্যুবরণ করল ঠিক সেদিনই রাসূলুল্লাহ ﷺ কোনো প্রকার সংশয় ও সন্দেহ ছাড়াই নাজ্জাশীর মৃত্যুসংবাদ ঘোষণা করলেন। তিনি লোকজন নিয়ে ঈদগাহ ময়দানের দিকে নামাজের জন্য বেরিয়ে পড়লেন। তিনি কাতার সাজিয়ে চার তাকবীরের সাথে তাঁর জানাযার নামাজ আদায় করেন।

كَنْزُ كِسْرٰى بَشَّرَ الْقَوْمَ بِهَا * يَنْثُلُوْنَ ذُخْرَهٗ نَثْلَ الْعَسَلْ

অনুবাদ : ২৩১. তিনি লোকদেরকে পারস্য রাজ্যের ধনভাণ্ডার প্রাপ্তির সংবাদ প্রদান করেন যে, তার উপর এমনিভাবে অধিকার স্থাপন করবে যেমনিভাবে মক্ষিকার বাসা থেকে মুধু সংগ্রহ করা হয়ে থাকে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظِ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

كَنْزٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে كُنُوْزٌ অর্থ– ধন-ভাণ্ডার। কুরআনে এসেছে– اِذَا هَلَكَ كِسْرٰى فَلَا كِسْرٰى بَعْدَهٗ

يَنْثُلُوْنَ : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে نصر ضرب মাসদার نَثْلًا জিনসে صحيح অর্থ : কূপ হতে মাটি বের করা। يَنْثُلُوْنَ - নির্গত করবে, সংগ্রহ করবে।

ذُخْرٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে اَذْخَارٌ অর্থ– গুদামজাত করা।

اَلْعَسَلُ : এটি একবচন, বহুবচনে اَعْسَالٌ অর্থ– মধু।

تركيب الجمل **(বাক্যসমূহের বিশ্লেষণ) :** كَنْزُ كِسْرٰى মুবতাদা, بَشَّرَ الْقَوْمَ بِهَا জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। يَنْثُلُوْنَ ফে'ল, তন্মধ্যকার উহ্য যমীর তার ফায়েল, ذُخْرَهٗ মাফঊল, نَثْلَ الْعَسَلِ দ্বিতীয় মাফঊল।

মুসলমানদেরকে পারস্য রাজের ধনভাণ্ডার প্রাপ্তির সু-সংবাদ প্রদান : ইমাম মুসলিম ও বায়হাকী (র.) হযরত জাবির ইবনে সামুরাহ থেকে উল্লেখ করেন যে, রাসূলুল্লাহ ﷺ বলেন, এমন একদিন আসবে, যখন মুসলমানদের একটি দল পারস্যরাজ কিসরার ধনভাণ্ডারের উপর এমনিভাবে অধিকার স্থাপন করবে, যেমনিভাবে মক্ষিকার বাসা থেকে মধু সংগ্রহ করা হয়ে থাকে। ফলে অনুরূপই হয়েছিল। হযরত জাবির (রা.) বলেন, আমি আর আমার আব্বাও সেই দলভুক্ত ছিলাম, যে দল সে বিজয়ে অংশ গ্রহণ করেছিল। কিসরার রাজভাণ্ডার থেকে আমরাও সহস্র দিরহাম পেলাম।

وَالْعِرَاقَانِ كَذَا وَمِصْرُهَا * يَفْتَحُوْنَ بِالسُّيُوْفِ وَالْاَسَلِ

অনুবাদ : ২৩২. তেমনিভাবে ইরাকে আরব অনারব ও মিশর সম্পর্কে সু-সংবাদ দিয়েছেন যে, মুসলমানরা বল্লম ও তরবারি নিয়ে বিজয় করবে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

اَلْعِرَقَانْ : ইরাকে আরব অনারব।

يَفْتَحُوْنَ : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে فَتَحَ অর্থ— খোলা, বিজয় লাভ করা। يَفْتَحُوْنَ - তারা বিজয় লাভ করবে। কুরআনে আছে— اِذَا جَاءَ نَصْرُ اللّٰهِ وَالْفَتْحُ

اَلسُّيُوْفُ : এটি جمع تكسير একবচনে سَيْفٌ অর্থ— তরবারি।

اَلْاَسَلُ : বল্লম, বর্শা।

تركيب الجمل **(বাক্যসমূহের বিশ্লেষণ) :** اَلْعِرَاقَانِ وَكَذَا مِصْرُهَا মুবতাদা, يَفْتَحُوْنَ الخ খবর।

মিশর দেশ বিজিত হওয়ার সু-সংবাদ প্রদান : মুহাদ্দিস আবূ নাঈম কা'আব ইবনে মালিকের রিওয়ায়াত থেকে বর্ণনা করেন যে, আমি রাসূল ﷺ -কে এ কথা বলতে শুনেছি যে, তোমরা যখন মিশর রাজ্য জয় করবে, তখন "কিবতী" সম্প্রদায়ের সাথে সদ্ব্যবহার করবে। কেননা, তাদের সাথে নবীগণের জিম্মাদারী ও আত্মীয়তা রয়েছে। পরিশেষে রাসূলের ইন্তেকালের পর মিশর দেশ বিজিত হলো। ইমাম বায়হাকী এরূপই তদীয় গ্রন্থে ঘটনাটি উল্লেখ করেছেন।

وَغُزَاةُ الْبَحْرِ اَنْبَاهُمْ بِهَا * يَرْكَبُوْنَ كَالْمُلُوْكِ فِى الْحُجَلْ

অনুবাদ : ২৩৩. রাসূল ﷺ সংবাদ দিলেন যে, মুসলমানগণ শুরনদীর মধ্য দিয়ে এরূপ যুদ্ধ যাত্রা করবে তাদের মনে হবে যেন রাজা বাদশা অধিষ্ঠিত থাকবে রাজকীয় সিংহাসনে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

غُزَاةٌ : এটি مصدر অর্থ - যুদ্ধ।

اَلْبَحْرُ : এটি اسم جامد একবচন, বহুবচনে بِحَارٌ অর্থ— সমুদ্র, শুরনদী।

يَرْكَبُوْنَ : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف অর্থ— আরোহণ করবে, অধিষ্ঠিত থাকবে।

اَلْحُجَلْ : অর্থ— সিংহাসন।

শুরনদী পথে মুসলমানদের যুদ্ধ যাত্রার সংবাদ প্রদান : এ ঘটনাটি ঐ হাদীস থেকে চয়ন করা হয়েছে, যা ইমাম বুখারী (র.) ও মুসলিম (র.) আনাস ইবনে মালিক (রা.) -এর রিওয়ায়াত হতে বর্ণনা করেন যে, একবার নবীয়ে করীম ﷺ উম্মে হারামের কাছে গেলেন। কিছুক্ষণ সেখানে তিনি শয়ন করলেন। অল্পক্ষণ পরেই তিনি হাসতে হাসতে জাগ্রত হলেন। উম্মে হারাম (রা.) হাসার কারণ জিজ্ঞাসা করলে তিনি বলেন, আমি স্বপ্নে দেখলাম যে, আমার উম্মতের কিছু লোক আল্লাহর পথে জিহাদ করবে। তারা যুদ্ধ যাত্রা করবে শুরনদীর মধ্য দিয়ে। এরূপ মনে হবে তাদের যে, তারা যেন রাজা বাদশাহ্। তারা অধিষ্ঠিত থাকবে রাজকীয় সিংহাসনে। উম্মে হারাম বলেন : আমি নিবেদন করলাম ইয়া রাসূলাল্লাহ ! আল্লাহ যেন আমাকে তাদের অন্তর্ভুক্ত করে দেন আপনি আমার জন্য এ দোয়াটি করুন। তিনি দোয়া করলেন। সুতরাং হযরত মুআবিয়ার (রা.) -এর আমলে এ যুদ্ধটি হয়েছিল। আর উম্মে হারাম সে যুদ্ধে শহীদ হয়েছিলেন।

مُلْكُ كِسْرٰى مُزِّقَتْ اَوْصَالُهٗ * لَمْ يَقُمْ مِنْهَا نِظَامٌ وَانْخَزَلْ

অনুবাদ : ২৩৪. (রাসূল ﷺ - এর ভবিষ্যদ্বাণী (মুতাবেক) পারস্য রাজ্য হয়ে গেছে খণ্ড-বিখণ্ড, অতঃপর তার রাষ্ট্রীয় শৃঙ্খলা থাকেনি আর প্রতিষ্ঠিত।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ (শব্দসমূহের বিশ্লেষণ) :

مُزِّقَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى مجهول বাবে تفعيل মাসদার تَمْزِيْقًا মূলবর্ণ (م ـ ز ـ ق) জিনসে صحيح অর্থ– খণ্ড-বিখণ্ড হওয়া, বিচ্ছিন্ন হওয়া। مُزِّقَتْ -খণ্ড-বিখণ্ড হয়ে গেছে, কুরআনে আছে– وَاِذَا مُزِّقْتُمْ كُلَّ مُمَزَّقٍ

اَوْصَالٌ : এটি جمع تكسير , একবচনে وَصْلٌ অর্থ– জোড়।

نِظَامٌ : শৃঙ্খলা।

اِنْخَزَلَ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে انفعال মাসদার اِنْخِزَالًا মূলবর্ণ (خ ـ ز ـ ل) জিনসে صحيح অর্থ– বিনষ্ট হওয়া, اِنْخَزَلَ - বিনষ্ট হয়ে গেছে।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : ملك كسرى মুবতাদা, مُزِّقَتْ الخ - খবর। لَمْ يَقُمْ ফে'ল نِظَامٌ ফায়েল, مِنْهَا মুতা'আল্লিক ।

পারস্য রাজ্য ও রোম রাজ্যের অধঃপতনের সংবাদ প্রদান : এ ঘটনাটি ঐ হাদীস থেকে চয়ন করা হয়েছে, যা ইমাম বুখারী ও মুসলিম (র.)'হযরত আবূ হুরায়রা (রা.) -এর ঘটনা থেকে বর্ণনা দেন, রাসূল ﷺ বলেছেন, পারস্য সাম্রাজ্য ধ্বংস হয়ে গেলে পুনঃ পারস্য রাজ্য আর থাকবে না। এরূপে রোমান রাজ্যের ধ্বংস সাধনের পর রোমান রাজ আর অবশিষ্ট থাকবে না। আমি আল্লাহর শপথ করে বলছি যে, তোমরা ঐ দু' সাম্রাজ্যের রাজভাণ্ডারকে আল্লাহর পথে ব্যয় করে থাকবে। সুতরাং তাঁর এ ভবিষ্যদ্বাণী অনুযায়ী পারস্য সাম্রাজ্য রোমান সাম্রাজ্যকে খণ্ড-বিখণ্ড করে দিল। এরপর রাষ্ট্রীয় শৃঙ্খলা আর প্রতিষ্ঠিত থাকেনি।

وَغَدَا لِلْمُسْلِمِيْنَ مَغْرِبٌ * ذَاتَ اَمْنٍ وَارْتِقَاءٍ وَنَبَلْ

অনুবাদ : ২৩৫. পশ্চিমা এলাকা মুসলমানদের জন্য হয়ে গেল নিরাপদ, উন্নত ও সম্মানিত।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ (শব্দসমূহের বিশ্লেষণ) :

غَدَا : এখানে صَارَ অর্থে ফে'লে নাকিস।

مَغْرِبٌ : একবচন, বহুবচনে مَغَارِبُ অর্থ– পাশ্চাত্য দেশসমূহ।

اَمْنٌ : سمع বাবে مصدر অর্থ– নির্ভয় হওয়া, নিরাপদ হওয়া।

اِرْتِقَاءٌ : এটি افتعال বাবে مصدر অর্থ– উন্নতি।

نَبَلٌ : সম্মানিত।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : غَدَا ফে'লে নাকিস, مَغْرِبٌ – اسم , لِلْمُسْلِمِيْنَ الخ খবর।

পশ্চিমাদের জন্য সু-সংবাদ প্রদান : অর্থাৎ রাসূল ﷺ বলেছেন, পশ্চিম এলাকার অধিবাসীদের মধ্য থেকে একদল সদা-সর্বদা আল্লাহ তা'আলার পক্ষ থেকেই বিজয়ী ও সাহায্যপ্রাপ্ত হয়ে থাকবে। অতএব অদ্যবধি সেখানে ন্যায়-নিষ্ঠ দলের উপস্থিতি রয়েছে।

وَجَرَتْ لِلرُّوْمِ نَطْحَاتُ الْوَغٰى * مِنْ مُلُوْكِ الْمُسْلِمِيْنَ لَمْ تَزَلْ

قَامَ قَرْنٌ بَعْدَ قَرْنٍ بَائِدٍ * وَالتَّجَارِىْ بَيْنَهُمْ سَجْلُ الدُّوَلْ

অনুবাদ : ২৩৬. (রাসূল ﷺ-এর ভবিষ্যদ্বাণী মোতাবেক) রোম রাজ্যের সঙ্গে সদা-সর্বদা সংঘাত চলতে থাকবে।

২৩৭. তাদের একটি দল ধ্বংস হলে দ্বিতীয় দল তার প্রতিনিধিত্ব করতো। যুদ্ধ তাদের মধ্যে পানি তোলার ঢোলের মতো ছিল।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

جَرَتْ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل ماضى معروف বাবে ضرب মাসদার جَرْيًا জিনসে ناقص يائى অর্থ– জারি থাকা, চলা جَرَتْ - চলতে থাকবে।

نَطْحَاتٌ : এটি বহুবচন, একবচনে نَطْحَةٌ অর্থ– যুদ্ধ, সংঘাত।

اَلْوَغٰى : চিৎকার, যুদ্ধ।

قَرْنٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে قُرُوْنٌ অর্থ– যুগ, দীর্ঘ দিন, (দল)। কুরআনে আছে– وَقُرُوْنًا بَيْنَ ذٰلِكَ كَثِيْرًا

بَائِدٌ : এটি صيغه صفت বাবে ضرب মাসদার بَيْدًا - بُيُوْدًا - بَيَادًا মূলবর্ণ (ب ـ ى ـ د) জিনসে اجوف يائى অর্থ– ধ্বংস হওয়া। بَائِدٌ - ধ্বংস।

اَلتَّجَارِىْ : অর্থ– এক সঙ্গে চলা, (যুদ্ধ)।

سَجْلٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে سِجَالٌ অর্থ– ঢোল, বালতি। হাদীসে আছে– اَلْحَرْبُ سِجَالٌ

اَلدُّوَلُ : এটি جمع تكسير , একবচনে دَلْوٌ অর্থ– ঢোল, বালতি।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : جَرَتْ ফে'ল, نَطْحَاتُ الْوَغٰى ফায়েল, لِلرُّوْمِ - متعلق, مِنْ مُلُوْكِ, متعلق দ্বিতীয় اَلْمُسْلِمِيْنَ।

قوله قَامَ قَرْنٌ بَعْدَ الخ : قَامَ ফে'ল, قَرْنٌ ফায়েল, بَعْدَ قَرْنٍ মাফউলে ফীহ্।

রোম ও পারস্য সাম্রাজ্যের মাঝে যুদ্ধ সংক্রান্ত সংবাদ প্রদান : উপরোক্ত পংক্তি দু'টি ঐ ঘটনার দিকে ইঙ্গিত করছে, যা হযরত হারিস ইবনে আবী উসামা (র.) ইবনে মাহরীয (রা.) -এর রিওয়ায়াত দ্বারা বর্ণনা করে বলেন যে, রাসূল ﷺ বলেছেন, পারস্য সাম্রাজ্যের সাথে মুসলমানদের একটি বা দু'টি যুদ্ধ হবে; কিন্তু রোমান সাম্রাজ্যের সাথে অনেক যুদ্ধ হবে । তাদের একটি দল ধ্বংস হয়ে গেলে দ্বিতীয় দল তার প্রতিনিধিত্ব করবে। সুতরাং ঘটন এরূপই ঘটেছিল।

وَتَسِيْرُ الظُّعْنِ لَيْلًا مَا بِهَا ❋ مِنْ سُرٰى اَرْضِ الْفَلَا خَوْفَ يَحُلُّ

অনুবাদ : ২৩৮. (রাসূল ﷺ-এর ভবিষ্যদ্বাণী যে, সমগ্র বিশ্বে জনগণ এমন নিরাপত্তা ভোগ করবে যে, পর্দানশীন মহিলাগণও রাত্রিকালীন সফর করবে অথচ তাদের কোনো ভয়ভীতি থাকবে না।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ (শব্দসমূহের বিশ্লেষণ) :

تَسِيْرُ : সীগাহ واحد مؤنث غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে ضرب মাসদার سَيْرًا مَسِيْرًا জিনসে ناقص يائى অর্থ– সফর করা, ভ্রমণ করা। تَسِيْرُ - সফর করবে।

اَلظُّعُنُ : এটি اسم جامد বহুবচন, একবচনে ظَعِيْنَةٌ অর্থ– পর্দারত স্ত্রী কিংবা মহিলা।

سُرٰى : রাত্রিকালীন সফর।

اَلْفَلَا : এটি اسم جامد একবচন, বহুবচনে فَلَوَاتٌ অর্থ– প্রশস্থ মাঠ, মরুভূমি।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : تَسِيْرُ ফে'ল, اَلظُّعْنُ ফায়েল, لَيْلًا মাফউল মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ । ما - ليس -এর অর্থে خوف يحل তার ইসম, مَنْ سُرٰى اَرْضِ তার খবর।

জনগণকে শান্তি ও নিরাপত্তা প্রসঙ্গে সংবাদ প্রদান : বুখারী ও মুসলিম (র.) আদী ইবনে হাতিম (রা.) -এর রিওয়ায়াত থেকে বর্ণনা করেন যে, একদা আমি নবী করীম ﷺ -এর সমীপে উপস্থিত ছিলাম। এক লোক তাঁর সমীপে এসে ক্ষুধা দারিদ্র্যের অভিযোগ করল। অনতিবিলম্বে আরেক লোক এসে ডাকাতদের কারণে পথ বিপজ্জনক হওয়ার অভিযোগ করতে লাগল। তখন রাসূল ﷺ বললেন, ওহে আদী ইবনে হাতিম ! যদি তুমি দীর্ঘজীবী হও, তাহলে তুমি দেখতে পাবে যে, পুরুষ লোকেরা তো স্বাভাবিক, নারীসমাজও হীরাহ এলাকা থেকে সফর করে পবিত্র কা'বা ঘর পর্যন্ত এসে পৌঁছবে। আর তারা

একমাত্র এক আল্লাহ ছাড়া আর কাউকে ভয় করবে না। আদী ইবনে হাতিম বলেন, আমি আমার জীবদ্দশায় পরবর্তীতে এরূপই দেখেছি। ইমাম বায়হাকী (র.) বলেন, হযরত ওমর ইবনে আবদুল আযীয (র.) -এর শাসনামলে ঘটনা এরূপই প্রকাশ পেল। তাঁর মৃত্যুর পূর্বে বিত্ত-বৈভব এরূপই বেড়ে গেল।

وَيُفِيْضُ الْمَالُ فَيْضًا لاَ تَرٰى * يَحْتَدِىْ مِنْهُمْ عَدِيْمٌ اَوْمُقِلْ

অনুবাদ : ২৩৯. (তিনি বলেছেন,) অর্থ-সম্পদের এমন প্রাচুর্য হবে যে, গরিব অভাবীকে তুমি ভিক্ষা করতে দেখতে পাবে না।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ (শব্দসমূহের বিশ্লেষণ) :

يُفِيْضُ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افعال মাসদার اِفَاضَةً মূলবর্ণ (ف . ى . ض) জিনসে اجوف يائى অর্থ– প্রবাহিত হওয়া, অধিক হওয়া। يُفِيْضُ - অধিক হবে, প্রাচুর্য হবে।

يَحْتَدِىْ : সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে افتعال মাসদার اِحْتِدَاءً মূলবর্ণ (ح . د . ى) জিনসে ناقص يائى অর্থ– ভিক্ষা করা। يَحْتَدِىْ – ভিক্ষা করতে।

عَدِيْمٌ : একবচন, বহুবচনে عُدَمَاءُ অর্থ– যার কিছু নেই, গরিব, অভাবী।

مُقِلْ : সীগাহ واحد, বহছ اسم فاعل বাবে افعال অর্থ– স্বল্পমানের অধিকারী।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : يُفِيْضُ ফে'ল, اَلْمَالُ ফায়েল, فَيْضًا - مفعول مطلق সহ মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। لاَ تَرٰى ফে'ল, ضمير ফায়েল, يَحْتَدِىْ الخ জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে মাফউল।

সম্পদের প্রাচুর্য সংক্রান্ত সংবাদ প্রদান : আবূ নাঈম (র.) আউফ ইবনে মালিক (রা.) -এর রিওয়ায়াত থেকে বর্ণনা করেন যে, একবার রাসূল ﷺ সাহাবীগণের দলের মধ্যে দাঁড়িয়ে বলেন যে, তোমরা কি দারিদ্র্যকে ভয় পাও ? সৃষ্টিকর্তা তোমাদের জন্য পারস্য ও রোম সাম্রাজ্যকে বিজয়ী করে দেবেন। যদি তোমাদের মধ্যে কোনো ত্রুটি দেখা দেয়, তাহলে তা দেখা দেবে একমাত্র এ দুনিয়া তথা পার্থিব সম্পদের কারণেই।

وَبِقَوْمٍ يَمْرُقُوْنَ لاَ لَهُمْ * غَيْرُ وَسْمِ الْوَجْهِ دِيْنٌ اَوْ عَمَلْ

অনুবাদ : ২৪০. (হুযূর ﷺ এমন গোত্রের সংবাদ দিলেন) যারা দীন থেকে এরূপ দূরে সরে যাবে যে, চেহারায় চিহ্নাদি ব্যতীত তাদের মধ্যে দীন ও আমল থাকবে না।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظْ (শব্দসমূহের বিশ্লেষণ) :

يَمْرُقُوْنَ : সীগাহ جمع مذكر غائب বহছ اثبات فعل مضارع معروف বাবে نصر মাসদার مُرُوْقًا মূলবর্ণ (م . ر . ق) জিনসে صحيح অর্থ– (الدين) পথভ্রষ্টতা কিংবা বেদআতের বশীভূত হয়ে দীন থেকে বের হয়ে যাওয়া। يمرقون বের হয়ে যাবে, দূরে সরে যাবে।

وَسْمٌ : অর্থ– চিহ্ন, নিশানা।

تركيب الجمل (বাক্যসমূহের বিশ্লেষণ) : يَمْرُقُوْنَ ফে'ল, ضمير ফায়েল, بِقَوْمٍ - متعلق -এর সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ। لا - لَيْسَ -এর অর্থে لم তার খবর, دِيْنٌ وَعَمَلْ তার ইসম।

একটি সম্প্রদায়ের ধর্ম থেকে বের হয়ে যাবার সংবাদ জ্ঞাপন : এ ঘটনাটি ঐ হাদীস থেকে চয়ন করা হয়েছে, যা ইমাম বুখারী ও মুসলিম (র.) হযরত আবূ সাঈদ খুদরী (রা.) -এর রিওয়ায়াত থেকে বর্ণনা করেন যে, একবার আমরা রাসূল ﷺ-এর সম্মুখে উপস্থিত ছিলাম। তিনি তখন মালামাল বণ্টন করছিলেন। ঘটনাক্রমে যুল খুয়াইসারা এসে পড়ল। সে বলতে লাগল, হে আল্লাহর রাসূল ! একটু ইনসাফের সাথে বণ্টন করুন। রাসূল ﷺ বললেন, আরে হতভাগা, আমি যদি ইনসাফের সাথে বণ্টন না করি, তাহলে কে বণ্টন করবে ? হযরত ফারূকে আ'যম (রা.) আরজ করলেন, ইয়া রাসূলাল্লাহ ! আমাকে

অনুমতি দিন, আমি এর গর্দান উড়িয়ে দেই। তিনি বললেন, তাকে যেতে দাও। কেননা, তার সাথীদের মধ্যে এমন লোক সৃষ্টি হবে যাদের নামাজ রোজা দেখে তোমাদের মধ্যে কেউ কেউ নিজ নিজ নামাজকে তুচ্ছ মনে করতে লাগবে। তাদের রোজার তুলনায় তোমাদের কাছে তোমাদের রোজা তুচ্ছ মনে হবে। তারা এমন সুন্দর ভঙ্গিতে কুরআন তেলাওয়াত করবে যে, তার প্রভাব তাদের কণ্ঠনালী ছাড়িয়ে তাদের অন্তর পর্যন্ত পৌঁছবে না। তারা ইসলাম থেকে এরূপ দূরে সরে যাবে যেরূপ ধনুক থেকে তীর বেরিয়ে যায়। দৈহিক গঠন প্রণালীতে তারা কালো বর্ণের হবে। তাদের একটি বাহু রমণীদের স্তনের ন্যায় হবে। তারা এমন একটি গোষ্ঠীর উপর আক্রমণ করে বসবে যারা হবে সর্বোত্তম ফেরকা বা গোষ্ঠী।

হযরত আবূ সাঈদ খুদুরী (রা.) বলেন, আমি সাক্ষ্য দিচ্ছি যে, আমি রাসূল ﷺ -এর কাছ থেকে এ কথা নিজে শুনেছি আর আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, হযরত আলী ইবনে আবী তালেব (রা.) উপরে উল্লিখিত শ্রেণীর লোকের সাথে যুদ্ধ করেছিলেন। আমি ছিলাম তাঁরই সঙ্গে। অতএব উপরোল্লিখিত ধরনের খোঁজ নেওয়া হলো, তাদেরকে পাওয়া গেল। এরপর তাদের আনয়ন করা হলে আমি গভীর মনোযোগ দিয়ে দেখলাম যে, তারা হুবহু সেরূপেই বিদ্যমান, যেরূপ বৃত্তান্ত স্বয়ং রাসূল ﷺ দিয়েছিলেন।

وَ بِنَارٍ فِى الْحِجَازِ اِذْ يَرٰى * مِنْهُ بِالْبُصْرٰى يُوَافِيْخُ الْاِبِلْ

অনুবাদ : ২৪১. তিনি অগ্নি বের হওয়ার সংবাদ দিলেন যার আলোতে বসরা নগরীতে উটের গর্দানগুলো চমকে উঠবে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

نَارٌ : এটি اسم جامد একবচন, বহুবচনে نِيْرَانٌ অর্থ– অগ্নি, আগুন। কুরআনে আছে– يَا نَارُ كُوْنِىْ بَرْدًا وَّسَلَامًا عَلٰى اِبْرَاهِيْمَ
يُوَافِيْخُ : এটি جمع تكسير একবচন يَافُوْخٌ অর্থ– সদ্যজাত বাচ্চার মাথা যা নড়াচড়া করে। উদ্দেশ্য এখানে গর্দান।

تركيب الجمل **(বাক্যসমূহের বিশ্লেষণ) :** মূল ইবারত এভাবে– اِنْبَاءُ بِنَارٍ الخ - بِنَارٌ ফে'লে মাহযূফের সাথে متعلق, فِى الْحِجَازِ দ্বিতীয় متعلق। اذ الخ যরফে মুতা'আল্লিক।

হিজাযের মাটি থেকে অগ্নি বের হওয়ার সংবাদ প্রদান : হাকিম (র.) হযরত আবূ হুরায়রা (রা.) -এর রিওয়ায়াত হতে বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ ﷺ বলেছেন, যে পর্যন্ত না হিজায থেকে একটি আগুন বের হবে, যার ফলে বসরা নগরীতে উটের গর্দানগুলো চমকে উঠবে, সে পর্যন্ত মহা প্রলয় সংঘটিত হবে না।

টীকা : এসব ঘটনাবলির ভবিষ্যদ্বাণীর ফলে অদৃশ্য জ্ঞান সম্বন্ধে রাসূল ﷺ অবগত ছিলেন এরূপ ধারণা করা ঠিক হবে না। কেননা, আল্লাহ তা'আলা মু'জিযা রূপে রাসূল ﷺ -কে এগুলো সম্বন্ধে অবগত করিয়ে ছিলেন মাত্র।

كُلُّ ذَاكَ قَدْ اَتٰى لَمْ يَنْتَقِصْ * اَوْ سَيَأْتِىْ فِىْ قُرُوْنٍ تَتَّصِلْ

অনুবাদ : ২৪২. রাসূল ﷺ -এর আগাম বার্তা সবগুলো সম্পূর্ণ হয়ে গেছে, (আর যা এখনো বাস্তবায়িত হয়নি) অচীরেই হবে।

تَحْقِيْقَاتُ الْاَلْفَاظ **(শব্দসমূহের বিশ্লেষণ) :**

لَمْ يَنْتَقِصْ : সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم درفعل مستقبل معروف বাবে افتعال মাসদার اِنْتِقَاصًا মূলবর্ণ (ن ـ ق ـ ص) জিনসে صحيح অর্থ– অসম্পূর্ণ হওয়া। لَمْ يَنْتَقِصْ - সম্পূর্ণ হয়ে গেছে।
سَيَأْتِىْ : অচীরেই হবে।

تركيب الجمل **(বাক্যসমূহের বিশ্লেষণ) :** كل ذاك - مركب اضافى হয়ে মুবতাদা। قَدْ اَتٰى জুমলায়ে ফে'লিয়্যাহ হয়ে খবর। لَمْ يَنْتَقِصْ - اَتٰى -এর ضمير হতে হাল। سَيَأْتِىْ ফেল ضمير ফায়েল فِىْ قُرُوْنٍ - متعلق -এর সাথে মিলে জুমলায়ে ফে'লিয়্যাহ, تَتَّصِلْ - قُرُوْنٍ -এর সিফাত।